
# শিক্ষক সহায়িকা

# আমার বাংলা বই

## দ্বিতীয় শ্রেণি




জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# শিক্ষক সহায়িকা

# আমার বাংলা বই

## দ্বিতীয় শ্রেণি

(পরীক্ষামূলক সংস্করণ)


**রচনা ও সম্পাদনা**

কামরুন নাহার
মোঃ হারুন অর রশিদ
শুভাশিস চক্রবর্ত্তী
মোঃ মাহদুদুল হাসান
খায়রুন নাহার লিপি
সাইফা সুলতানা

**শিল্প নির্দেশনা**

হাশেম খান



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
কর্তৃক প্রকাশিত

---

**(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)**

প্রথম মুদ্রণ :

গ্রাফিক ডিজাইন
**মোহাম্মদ ফজলুল কবির**

ডিজাইন
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

---

মুদ্রণে :

# প্রসঙ্গ কথা

শিক্ষাক্রম উন্নয়ন ও পরিমার্জন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর একটি নিয়মিত ও ধারাবাহিক কার্যক্রম। জাতীয় শিক্ষানীতি ২০১০ প্রণীত হওয়ার পর সর্বশেষ ২০১২ সালে প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন করা হয়। পরিবর্তনশীল পৃথিবীর সঙ্গে তাল মিলিয়ে চলতে ও সামগ্রিক বৈশ্বিক আর্থ সামাজিক প্রেক্ষাপটে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পদার্পনের লক্ষ্যমাত্রা অর্জন এবং চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা করে বাংলাদেশকে একটি নিরাপদ, উন্নত ও উদ্ভাবনী দেশের মর্যাদায় পৌছে দিতে সক্ষম একটি প্রজন্ম গড়ে তোলার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে একটি অভিন্ন কাঠামোতে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ (প্রাথমিকস্তর)-এর আলোকে শিখন-শেখানো কার্যক্রম সক্রিয় শিখন ও অভিজ্ঞতাভিত্তিক করার লক্ষ্যে শিক্ষক সহায়িকা প্রণয়ন করা হয়েছে।

আমার বাংলা বই একটি আবশ্যকীয় বিষয়। প্রাথমিকস্তরের প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত এ বিষয়ের শিক্ষক সহায়িকা প্রণয়ন করা হয়েছে। এ বিষয়বস্তুগুলোর উপস্থাপন সহজ করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা ও করণীয় উল্লেখ করা হয়েছে। অংশগ্রহণমূলক শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শিক্ষার্থীদের আগ্রহ সৃষ্টি ও পাঠ গ্রহণ সহজ করার জন্য দলগত ও জোড়ায় কাজের ব্যবস্থা রাখা হয়েছে। বিষয়বস্তু সহজ থেকে কঠিন রীতি অনুসরণ করে সাজানো হয়েছে। শিক্ষার্থীদের শিখন সুসংহত করার লক্ষ্যে একই দক্ষতা বিভিন্ন পাঠে অর্ন্তভুক্ত করা হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর প্রাথমিক শিক্ষাক্রম উইং এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে শিক্ষক সহায়িকাটি প্রণয়ন করা হয়েছে। উল্লেখ্য শিক্ষক সহায়িকাটি প্রণয়ন, যৌক্তিক মূল্যায়ন ও চূড়ান্তকরণের কাজে বিভিন্নপর্যায়ে শ্রেণি শিক্ষক, শিক্ষক প্রশিক্ষক, শিখন বিশেষজ্ঞ, শিক্ষাক্রম বিশেষজ্ঞ ও বিষয় বিশেষজ্ঞগণ অংশগ্রহণ করেছেন। এটি রচনা যৌক্তিক মূল্যায়ন, চূড়ান্ত পরিমার্জন ও সমন্বয় থেকে মুদ্রণ পর্যন্ত যারা মেধা ও শ্রম দিয়েছেন, তাদেও সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। শিক্ষক সহায়িকার পরীক্ষামূলক সংস্করণে অনাকাঙ্খিত ও মুদ্রণজনিত ত্রুটি-বিচ্যুতিমুক্ত রাখার সর্বোচ্চ প্রয়াস সত্ত্বেও কিছু অনিচ্ছাকৃত ভুল-ত্রুটি থাকতে পারে। শিক্ষক সহায়িকা ত্রুটি মুক্তকরণে সম্মানিত শিক্ষকগণের সুচিন্তিত মতামত ও পরামর্শ আমরা সব সময় ই প্রত্যাশা করি।

যেসব কোমলমতি শিক্ষার্থীর জন্য শিক্ষক সহায়িকা রচিত হয়েছে তারা উপকৃত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করছি।

প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ।

# শিক্ষকের জন্য নির্দেশনা

প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীর পড়া ও লেখার দক্ষতা অর্জনের জন্য শোনা ও বলার দক্ষতা অর্জন বিশেষভাবে গুরুত্বপূর্ণ। আর শোনা ও বলার মাধ্যম হিসেবে ধ্বনি চর্চা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ধ্বনি চর্চার পাশাপাশি বাংলা ভাষার জন্য নির্ধারিত ধ্বনির প্রতীক সংশ্লিষ্ট বর্ণ চিনতে পারা প্রয়োজন। তাই পড়া ও লেখার মাধ্যমে শিক্ষার্থীর ধ্বনি সচেতনতা ও বর্ণ শনাক্ত করার সক্ষমতা অর্জন করতে হয়।

দ্বিতীয় শ্রেণিতে এটা প্রত্যাশিত যে, শিক্ষার্থী বাংলা ভাষার জন্য নির্ধারিত স্বরধ্বনি ও স্বরবর্ণ এবং ব্যঞ্জনধ্বনি ও ব্যঞ্জনবর্ণ শনাক্ত করে তা সঠিক ধ্বনিতে উচ্চারণ করতে ও সঠিক আকৃতিতে এবং সঠিক নির্দেশনায় লিখতে সমর্থ হবে। এছাড়া দ্বিতীয় শ্রেণিতে শিক্ষার্থীরা কারচিহ্নযোগে শব্দ পড়তে ও লিখতে সমর্থ হবে। ছোটো ছোটো বাক্য পড়তে ও লিখতে সক্ষম হবে। দ্বিতীয় শ্রেণিতে শিক্ষার্থীরা কিছু যুক্তবর্ণও অনুশীলন করবে। ধ্বনির সঠিক উচ্চারণ, স্বাধীনভাবে বর্ণের পাঠ ও সঠিক আকৃতিতে লেখার দক্ষতা অর্জনের জন্য শিক্ষক পর্যাপ্ত চর্চার সুযোগ সৃষ্টি করবেন। এই চর্চা কার্যকর ও সঠিকভাবে করানোর জন্য শিক্ষকের সহায়ক হিসেবে এই শিক্ষক সহায়িকা প্রণীত হয়েছে।
এবারের দ্বিতীয় শ্রেণির পাঠ্যপুস্তক প্রণয়নের সময় শিক্ষার্থীর ভাষা শিখন প্রক্রিয়াকে তাদের জীবন-ঘনিষ্ঠ করার জন্য ভাষাসমগ্র পদ্ধতিকে (Whole language approach) ভাষা শিখনের ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়েছে। সে লক্ষ্যে বর্ণ, শব্দ ও বাক্যসমূহ শিখনের ক্ষেত্রে একটি অর্থপূর্ণ ভাষিক পরিমণ্ডল বিবেচনা করা হয়েছে। পাঠ্যপুস্তকে যেমন নতুন উপস্থাপন রীতি অনুসরণ করা হয়েছে তেমনি শিক্ষক সহায়িকাতে শিখন-শেখানো কার্যাবলিতে যথোপযুক্ত কৌশল ও কার্যাবলি সংযোজনের ক্ষেত্রে নতুনত্ব এসেছে।

শিক্ষক সংস্করণে প্রতিটি পাঠের সঙ্গে পাঠের জন্য নির্ধারিত অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও নির্ধারিত শিখন-শেখানো কার্যাবলিসহ প্রয়োজনীয় উপকরণের তালিকা, পাঠের আলোচ্য বিষয় ইত্যাদি দেওয়া হয়েছে। তবে সবার আগে শিক্ষক প্রত্যেক পিরিয়ডের প্রয়োজনীয় উপকরণের তালিকাটিও দেখবেন। তাহলে শিক্ষক সহায়িকা শিক্ষকের সহায়ক হিসেবে ভূমিকা রাখতে সক্ষম হবে। শিক্ষক সহায়িকায় সংযোজিত উল্লেখযোগ্য শিখন-শেখানো কৌশল ও কার্যাবলি সম্পর্কে নিচে আলোকপাত করা হলো:

## প্রাসঙ্গিক আলোচনা

প্রতিদিন শিখন-শেখানো কার্যাবলির শুরুতে শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় ও পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন। পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য প্রাসঙ্গিক আলোচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ, যার মাধ্যমে শিক্ষার্থীরা মানসিকভাবে প্রস্তুত হয়। নির্দিষ্ট পাঠের প্রতি শিক্ষার্থীরা আগ্রহী হয়ে ওঠে ও মনোযোগী হয়। প্রতিদিনের পাঠ শুরুর আগে শিক্ষক পাঠের সঙ্গে মিল রেখে প্রশ্নোত্তরের মাধ্যমে প্রাসঙ্গিক আলোচনা করবেন। প্রাসঙ্গিক আলোচনা নানাভাবে করা যেতে পারে। যেমন শিক্ষক পাঠ/বিষয়ের সঙ্গে শিক্ষার্থীদের জীবন-ঘনিষ্ঠ বাস্তব অভিজ্ঞতা, সংশ্লিষ্ট বাস্তব উপকরণ, ছবি বিশ্লেষণ করার মাধ্যমে করতে পারেন। তিনি প্রাসঙ্গিক আলোচনা মৌখিকভাবে করতে পারেন। তবে এতে শিক্ষার্থীদের সক্রিয় ও অধিক অংশগ্রহণের প্রতি খেয়াল রাখতে হবে।

**ছবি বিশ্লেষণ:** কোনো পাঠ বা বিষয় বোঝার ক্ষেত্রে ছবি বিশ্লেষণ খুবই গুরুত্বপূর্ণ। ছবি বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার্থীরা কী বিষয়ে পড়তে যাচ্ছে তা অনুমান করতে পারে। পাঠের বিষয়ে শিক্ষার্থীদের আগ্রহ জাগিয়ে তোলে। শিক্ষার্থীরা ছবির মাধ্যমে সহজেই যেকোনো বিষয় বুঝতে পারে। এতে করে পাঠটি পড়ার সময় সহজ মনে হয়। তাছাড়া ছবি বিশ্লেষণ ভাষাদক্ষতা উন্নয়নের জন্য এবং প্রাসঙ্গিক আলোচনার একটি অন্যতম অংশ। পাঠের ছবি বিশ্লেষণের সময় যা মনে রাখতে হবে:

- শিক্ষক বড়ো করে আঁকা পাঠসংশ্লিষ্ট ছবি দেখাবেন বা আমার বাংলা বইয়ের নির্ধারিত পৃষ্ঠা খুলবেন এবং শিক্ষার্থীদের খুলতে বলবেন। শিক্ষার্থীরা ঠিকমতো খুলতে পারল কি না তা দেখবেন।
- শিক্ষক প্রথমে ছবি/ছবিগুলো দেখতে বলবেন।
- এরপর একটি একটি ছবি দেখিয়ে জানতে চাইবেন, ছবিতে কী দেখা যাচ্ছে? কে কী করছেন? ছবিতে আর কী দেখা যায়? এভাবে প্রশ্নোত্তর পদ্ধতিতে আলোচনা করার মাধ্যমে ছবির পুঙ্খানুপুঙ্খ দেখা ও বিশ্লেষণ নিশ্চিত করবেন।
- শিক্ষার্থীরা প্রত্যেকে আলোচনায় অংশগ্রহণ করছে কি না এবং আনন্দলাভ করছে কি না তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন ও তাদের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

## পূর্ববর্তী পিরিয়ডের পর্যালোচনা:

শিক্ষক পূর্ববর্তী পিরিয়ড/পাঠের পর্যালোচনা ও যাচাই করবেন। যেমন: শিক্ষক পূর্ববর্তী পিরিয়ডে/পাঠে করানো কিছু শিখন-শেখানো কাজ শিক্ষার্থীদের করতে দেবেন। তবে এই কাজগুলো খুবই সংক্ষিপ্ত সময়ের জন্য হওয়া উচিত। যাতে পূর্ববর্তী পিরিয়ডে/পাঠের সঙ্গে চলমান পাঠের সংযোগ ঘটে। এ ধরনের সংক্ষিপ্ত সংযোগমূলক পূর্ববর্তী পিরিয়ড/পাঠ পর্যালোচনা ও যাচাই এর কাজ শিখন-শেখানো কার্যাবলির প্রথম দিকে করাবেন। পূর্ববর্তী পিরিয়ড/পাঠ পর্যালোচনা ও যাচাই এর সংক্ষিপ্ত সংযোগমূলক কাজের মাধ্যমে যেন ধারাবাহিক পিরিয়ড/পাঠ পরিচালনা করা হয় সেদিকে শিক্ষককে বিশেষ খেয়াল রাখতে হবে।

## গদ্য/গল্পের পাঠ পরিচালনা

সংক্ষেপে প্রাসঙ্গিক আলোচনা, ছবি বিশ্লেষণ, বিষয়বস্তু সম্পর্কে ধারণা প্রদানের মাধ্যমে শিক্ষক গদ্যধর্মী পাঠের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করবেন। শিক্ষক নিজে শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়বেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে পড়াবেন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। পড়াশেষে শিক্ষার্থীদের নির্দিষ্ট অনুশীলন করাবেন। শিক্ষার্থীদের পড়ার দক্ষতা বিকাশের জন্য নির্ধারিত কোনো পাঠ পরিচালনার ক্ষেত্রে শিক্ষক সাধারণভাবে নিচে উল্লিখিত তিনটি ধাপ অনুসরণ করবেন:

## পড়ার আগে

- শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন।
- শিক্ষক গল্পের সঙ্গে মিল রেখে প্রশ্নোত্তরের মাধ্যমে প্রাসঙ্গিক আলোচনা করবেন।
- শিক্ষার্থীদের মাধ্যমে সংশ্লিষ্ট পাঠের ছবি বিশ্লেষণ করাবেন।
- পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।

## পড়ার সময়

- শিক্ষক শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে স্বরভঙ্গির ওঠানামা বজায় রেখে সম্পূর্ণ গল্প বা পাঠের অংশটুকু সরবে পড়বেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে ও শব্দে শব্দে আঙুল নির্দেশ করে সরবে/নীরবে পড়বে।
- পাঠের বিষয়বস্তু বোঝার জন্য আবার পাঠ্যাংশটুকু পড়বেন। পড়ার ফাঁকে ফাঁকে যেখানে প্রয়োজন সহজ বর্ণনা বা ব্যাখ্যা করবেন। শিক্ষার্থীদের প্রশ্ন করার মাধ্যমে তাদের পাঠের সঙ্গে সংশ্লিষ্ট করে পড়া চালিয়ে যেতে হবে। যেমন পাঠের সঙ্গে মিল রেখে /পাঠের সূত্র ধরে প্রয়োজনে প্রশ্ন করতে পারেন- এরপর কী হবে? এ অবস্থায় তুমি হলে কী করতে? পাঠ্যাংশে প্রতিটি ধাপে যাচাই করে সামনে এগিয়ে যেতে ও শিক্ষার্থীকে পাঠের সঙ্গে মিল রেখে উচ্চমানের চিন্তা করার উপযোগী প্রশ্ন (বিশ্লেষণাত্মক, সংশ্লেষণাত্মক ও প্রায়োগিক প্রশ্ন) করা যেতে পারে। যেমন- কেন এটা/ এসব হলো? বা কীভাবে হলো?
- তারপর শিক্ষার্থীরা শিক্ষকের সঙ্গে সমস্বরে পড়বে। শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে ঐ দিনের পাঠের জন্য গল্পের নির্ধারিত অংশটুকু কয়েকবার (৪/৫ বার) পড়বেন। এ সময় শিক্ষক খেয়াল রাখবেন, শিক্ষার্থীরা শব্দের নিচে আঙুল নির্দেশ করে সঠিক উচ্চারণে পড়ছে কিনা।
- শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া ২/৩ জন শিক্ষার্থীকে সঙ্গে নিয়ে আবার পড়বেন, অন্যরা শুনবে ও বইয়ে আঙুল নির্দেশপূর্বক পড়া মেলাবে।
- এরপর শিক্ষক পারগ শিক্ষার্থীদের মধ্য থেকে ২/৩ জনকে দিয়ে পড়াবেন, অন্যরা তা শুনবে এবং বইয়ে আঙুল নির্দেশপূর্বক পড়া মেলাবে।
- এবার শিক্ষক সবাইকে নিয়ে গল্পটি আবার পড়বেন।
- এরপর শিক্ষক দল গঠন করে পারগ শিক্ষার্থীর সহযোগিতায় দলগতভাবে শিক্ষার্থীরা বই খুলে শব্দের নিচে আঙুল নির্দেশ করে কয়েকবার সরবে পড়বে।
- শ্রবণযোগ্য স্বরে ও প্রমিত উচ্চারণে এককভাবে পাঠের অংশবিশেষ পর্যায়ক্রমে সবাইকে পড়তে বলবেন। অন্য শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে ও শব্দে আঙুল দিয়ে নির্দেশ করে পড়া অনুসরণ করবে।

## পড়ার পরে

- শিক্ষক সংশ্লিষ্ট ভাষিক কাজের অনুশীলন করাবেন। সবশেষে আজকের পাঠের সার-সংক্ষেপ শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলবেন।

## ছড়া/কবিতা শিখন-শেখানো

ছড়া/কবিতা শিখন-শেখানোর ক্ষেত্রে শিক্ষক শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে ছন্দ তাল ঠিক রেখে শিক্ষার্থীদের ছড়া/কবিতা শোনাবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে ও বলবে। শিক্ষার্থীরা অঙ্গভঙ্গি সহকারে আনন্দের সঙ্গে ছড়া/কবিতা বলবে। প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষক কবিতা পড়ার ক্ষেত্রে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ করাবেন। শিক্ষক কবিতা পড়ে শোনাবেন ও শিক্ষার্থীদের দিয়ে পড়াবেন।

অংশগ্রহণমূলক পদ্ধতিতে কবিতা পঠন সুনির্দিষ্টভাবে পাঁচটি ধাপে সম্পন্ন হয়ে থাকে। নিচে পাঁচটি ধাপ দেওয়া হলো:

ধাপ ১: শিক্ষক যতি ও ছন্দ বজায় রেখে প্রমিত উচ্চারণে কবিতাটি একবার (প্রয়োজনে একাধিকবার) প্রত্যেকটি শব্দ নির্দেশ করে পড়বেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে।

ধাপ ২: শিক্ষক প্রত্যেকটি শব্দ আঙুল নির্দেশ করে পড়বেন। সঙ্গে সঙ্গে শিক্ষার্থীরাও সরবে পড়বে। এই ধাপে শিক্ষক প্রয়োজনে ২/৩ বার শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে এভাবে পড়বেন। এ সময় তিনি লক্ষ রাখবেন, সকল শিক্ষার্থী অংশগ্রহণ করছে কিনা। কোনো শব্দ বা বাক্যের ক্ষেত্রে শিক্ষার্থীরা সঙ্গে সঙ্গে পড়তে না পারলে শিক্ষক ঐ শব্দ বা বাক্যটি আবার পড়বেন।

ধাপ ৩: শিক্ষক নির্দিষ্ট একজন শিক্ষার্থীকে তার সঙ্গে নিয়ে পড়বেন। শিক্ষক এই ধাপে বেশি করে তুলনামূলকভাবে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সঙ্গে পড়বেন। এভাবে এক এক করে ২/৩ জন শিক্ষার্থীকে সঙ্গে নিয়ে পড়বেন।

ধাপ ৪: উৎসাহী শিক্ষার্থীকে দিয়ে একা পড়াবেন। কিন্তু কেউ একা পড়তে উৎসাহী না হলে জোর করার দরকার নেই। এক্ষেত্রে শিক্ষক একজন শিক্ষার্থীকে দিয়ে পুরো কবিতাটি পড়াবেন। এভাবে কয়েকজনকে দিয়ে এককভাবে পড়াবেন।

ধাপ ৫: একজন শিক্ষার্থীকে পড়তে বলবেন। তার সঙ্গে সব শিক্ষার্থীদেরকে সরবে পড়তে বলবেন।

## শিখন মূল্যায়ন নীতিমালা

শিখন-শেখানো কাজ পরিচালনার ক্ষেত্রে শিক্ষক শিক্ষার্থীর অবস্থা ও শিখন-শেখানো কৌশলের কার্যকারিতা নিরূপণের জন্য নিয়মিত শিখন মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে যে নীতিমালা অনুসরণ করা হয়েছে তা হলো, চলমান বা ধারাবাহিক মূল্যায়নকে আলাদাভাবে বিবেচনা না করে শিখন-শেখানো কৌশলের অবিচ্ছেদ্য অংশ হিসেবে পরিকল্পিতভাবে সংযোজন করা হয়েছে।

শিক্ষার্থীর সক্রিয় অংশগ্রহণ ও সৃজনশীলতাকে উৎসাহিত ও উদ্দীপ্ত করে এমন শিখন-শেখানো কৌশল ও কার্যাবলি এই শিক্ষক সহায়িকায় পরিকল্পিতভাবে সংযোজনের চেষ্টা করা হয়েছে। শিখন-শেখানো কৌশল ও কার্যাবলি প্রণয়নে পাঠের শিখনফল অর্জনকে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে। তাই পাঠ্যপুস্তকের বাইরেও অনেক সম্পূরক ও নতুন শিখন-শেখানো কৌশল কার্যাবলিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। সুতরাং কার্যকর পাঠ পরিচালনার জন্য শুধু পাঠ্যপুস্তক ও এতে প্রদত্ত সংক্ষিপ্ত নির্দেশনা অনুসরণ শিক্ষকের জন্য যথেষ্ট নয়। শিক্ষক নিয়মিত শিক্ষক সহায়িকা অনুসরণে ও নিজের অভিজ্ঞতার নিরিখে পরবর্তী পিরিয়ডের/ পাঠের প্রস্তুতি নেবেন।

বাংলা বিষয়ের শ্রেণিকক্ষে শিক্ষক শিক্ষার্থীকে ক্রমাগত মূল্যায়নের মাধ্যমে বাংলা ভাষার চারটি দক্ষতায় (শোনা, বলা, পড়া এবং লেখা) শিক্ষাক্রমে বর্ণিত যোগ্যতাসমূহ অর্জনে সহায়তা করবেন। দক্ষতাগুলোর সঙ্গে সঙ্গতি রেখে শিক্ষক শিক্ষার্থীদের শুনতে ও বলতে দিয়ে, কোনো বিষয় বর্ণনা করতে দিয়ে, প্রশ্নোত্তর করতে দিয়ে, পড়তে ও লিখতে দিয়ে ধারাবাহিক মূল্যায়নের কাজ সম্পাদন করবেন। এক্ষেত্রে শিক্ষক শিক্ষার্থীকে নিয়মিত মূল্যায়ন ও তদানুযায়ী নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

## সাধারণ নির্দেশনা

- পাঠ শেষে শিক্ষক সাহায়িকার শেষ অংশে মূল্যায়নের উদ্দেশ্যে পারদর্শিতার সূচক ও মাত্রা এর ছক দেওয়া আছে। শিক্ষক প্রতি পাঠের শেষে উল্লেখিত পারদর্শিতার নির্দেশকের নম্বর অনুযায়ী পাঠচলাকালীন বা পাঠের শেষে শিক্ষার্থীকে মুল্যায়ন করবেন।
- শিক্ষক শিখন-শেখানো কাজ পরিচালনার সময় শিক্ষার্থীর ধারাবাহিক মূল্যায়ন করবেন।
- পাঠ চলাকালেই শিক্ষার্থীর শিখন দুর্বলতা চিহ্নিত করে নিরাময়মূলক ব্যবস্থা নেবেন।
- শ্রেণি কাজ শেষে শিক্ষকের সুবিধাজনক সময়ে ঐসকল শিক্ষার্থীর মূল্যায়ন ফলাফল রেকর্ডে সংরক্ষণ করবেন।
- একই পিরিয়ডে সকল শিক্ষার্থীর ফলাফল রেকর্ড করতে হবে না, তবে এক মাসে সকল শিক্ষার্থী যেন আবশ্যিকভাবে এ মূল্যায়নের আওতায় আসে তার ব্যবস্থা শিক্ষককে করতে হবে।
- নম্বর প্রদানই এ মূল্যায়নের মূল উদ্দেশ্য নয়। সহায়তা প্রদানের মাধ্যমে শিক্ষার্থী উন্নয়ন না হওয়া পর্যন্ত এ মূল্যায়ন অব্যাহত থাকবে।
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের মূল্যায়নের সময় শিক্ষার্থীর বিশেষ চাহিদার আলোকে ভাষাদক্ষতাগুলো অর্জনে সহায়তা করবেন।
- একই সঙ্গে একজন শিক্ষার্থীর বলা এবং অবশিষ্ট শিক্ষার্থীদের শোনা মূল্যায়ন করা যাবে; এতে সময় সাশ্রয় হবে।

# সূচিপত্র


| ক্রম | পাঠের নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | আমার পরিচয় | ১ |
| ২ | স্কুল কেমন লাগছে | ৫ |
| ৩ | আমার বাড়ি আমার কাজ | ১০ |
| ৪ | ডালিমকুমার ও কঙ্কাবতী | ১৫ |
| ৫ | আবার পড়ি বর্ণমালা | ২২ |
| ৬ | আয় দেখে যা নাচ | ২৫ |
| ৭ | কারচিহ্ন দিয়ে শব্দ বানাই | ৩০ |
| ৮ | দেখে বুঝে কাজ করি | ৩৩ |
| ৯ | যুক্তবর্ণ শিখি | ৩৯ |
| ১০ | একুশের গান | ৪৮ |
| ১১ | ফলাচিহ্ন শিখি | ৫৭ |
| ১২ | রেফ চিনি | ৭০ |
| ১৩ | নানা রকম লেখা | ৭৬ |
| ১৪ | কাজের আনন্দ | ৮১ |
| ১৫ | বাক্য লিখি | ৯০ |
| ১৬ | রাজুর আঁকা ছবি | ৯৫ |
| ১৭ | গ্রাম ও শহর | ৯৯ |
| ১৮ | প্রজাপতি | ১০৭ |
| ১৯ | বিড়াল ছানা | ১১৮ |
| ২০ | ছয় ঋতু | ১২৬ |
| ২১ | পয়লা বৈশাখ | ১৩৬ |
| ২২ | আমাদের ছোট নদী | ১৪৪ |
| ২৩ | নিজের মতো লিখি | ১৫২ |
| ২৪ | সবাই মিলে কাজ করি | ১৫৮ |
| ২৫ | মুক্তিসেনা | ১৬৭ |
| ২৬ | সোনার ছেলে | ১৭৬ |
| ২৭ | স্কুলের মাঠে | ১৮৭ |
| ২৮ | বাক্যের খেলা | ১৯১ |
| ২৯ | পারদর্শিতার সূচক ও মাত্রা | ১৯৭ |

# পাঠ - ১

# আমার পরিচয়

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা।
২.২ প্রমিত বাংলায় বলা কথোপকথন, আলোচনা শুনে বুঝতে পারা।
৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন) বাক্য স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।
৬.১ পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।

**পিরিয়ড সংখ্যা: ০৩**

**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | স্কুল খুলেছে ................ স্কুলের নাম। |
| পিরিয়ড-২ | বন্ধুরা মিলে ............. দেখতে কেমন? |
| পিরিয়ড-৩ | পুনরালোচনা |

## পিরিয়ড – ১

**বিষয়বস্তু: স্কুল খুলেছে ................................. স্কুলের নাম।**

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- সহপাঠীদের সাথে কথোপকথন করতে পারবে।
- স্পষ্ট স্বরে পরিচিতিমূলক প্রাসঙ্গিক বাক্য বলতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, আলোচনা, প্রশ্ন-উত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীদের সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন আজ আমাদের নতুন ক্লাস শুরু। নতুন বন্ধুদের সাথে আজ দেখা ও কথা হবে। আজকে আমরা সবার সাথে পরিচিত হবো এবং যার যার পরিচয় বলব।

শিক্ষক প্রথমে ছাত্রের অভিনয় করে নিজের পরিচয় দিবেন ........................
আমার নাম : ......................................................................
আমার বয়স : ................ (শিক্ষক স্পষ্ট উচ্চারণে বলে দিবেন)
আমি কোন শ্রেণিতে পড়ি : ..............................................................
আমার স্কুলের নাম : .....................................................................

- শিক্ষক শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে বলবেন। আমি এখন যা করব, যা বলব, তা তোমাদের সকলকে করতে হবে এবং বলতে হবে। আমি তোমাদের সহায়তা করব।
- শিক্ষক শ্রেণিকক্ষের এমন জায়গায় দাঁড়াবেন যাতে সকল শিক্ষার্থী তাকে দেখতে পায়। শিক্ষক বলবেন, মনে করো আমিও তোমাদের মতো দ্বিতীয় শ্রেণিতে পড়ি। এবার শিক্ষক নিম্নে প্রদত্ত কাজ পর্যায়ক্রমে বলবেন।

> আমার নাম : (নিজের নাম বলবেন)
> আমার বয়স : ....................
> আমি দ্বিতীয় শ্রেণিতে পড়ি।
> আমার স্কুলের নাম : ..................................................

- প্রয়োজনে শিক্ষক শিক্ষার্থীদের ধারণা স্পষ্ট করার জন্য কার্যক্রমের পুনরাবৃত্তি করবেন। পর্যায়গুলো মনে রাখার জন্য শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন প্রথমে নিজের নাম, তারপর বয়স, এরপর কোন শ্রেণিতে পড়ি ও সবশেষে বিদ্যালয়ের নাম বলতে হবে।
- শিক্ষক একজন পারগ শিক্ষার্থীকে শ্রেণির সামনে এনে পরিচয় প্রদানের কাজটি উপস্থাপন করতে সহায়তা করবেন।
- শ্রেণির প্রতি বেঞ্চের শিক্ষার্থীদের নিয়ে একটি দল গঠন করবেন। পূর্বে উপস্থাপিত উদাহরণ অনুসারে প্রত্যেক দলকে পরিচয় প্রদান করতে বলবেন। দলের একজন শিক্ষার্থী পরিচয় প্রদান করবে। তখন দলের অন্যদের ভালো করে শুনতে বলবেন। কারণ কাজটি সকলকেই করতে হবে। শিক্ষক কার্যক্রমটি পর্যবেক্ষণ করবেন ও প্রয়োজনে সহায়তা দিবেন।
- প্রত্যেকের পরিচয় প্রদান কাজটি শেষ হলে কোনো সমস্যা আছে কিনা তা জেনে কার্যকর সহায়তা দিবেন।
- পরিচয় প্রদানের সময় নাম, বিদ্যালয়ের নাম উচ্চারণের ক্ষেত্রে অস্পষ্টতা থাকলে সাথে সাথে ফলাবর্তন প্রদান করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন, আগামী দিনের ক্লাসে বল দিয়ে মজার খেলা খেলব।

# পিরিয়ড - ২

## বিষয়বস্তু: বন্ধুরা মিলে .....................বইটি দেখতে কেমন?

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- প্রশ্নবোধক বাক্যের উত্তর দিতে পারবে।
- স্পষ্ট স্বরে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্নোত্তর, দলগত কাজ

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীদের সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, গত ক্লাসে আমরা নিজেদের পরিচয় জেনেছি। আজ আমরা নিজেদের সম্পর্কে আরও কিছু জানব একটি খেলার মধ্যে দিয়ে। খেলাটি হবে মজার। শিক্ষার্থীদের বৃত্তাকারে দাঁড়াতে শিক্ষক সহায়তা করবেন। এবার খেলার নিয়মটি শিক্ষার্থীদের বুঝিয়ে দিবেন। বৃত্তাকারে দাঁড়ানো শিক্ষার্থীদের একজনের কাছে বলটি দিয়ে বলবেন, তোমার নাম বলো। এরপর তোমার এক বন্ধুর নাম বলে তার দিকেই বলটি ছুঁড়ে দাও। যে বলটি পেল, সেও নিজের নাম বলবে এবং অন্য বন্ধুর নাম বলে তার দিকে ছুঁড়ে দেবে। এভাবে প্রত্যেককে বলটি দেওয়ার নির্দেশনা দিবেন। শিক্ষার্থীরা সকলে অংশগ্রহণ করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন।
- পর্যাপ্ত সময় থাকলে শিক্ষক শিক্ষার্থীদের নামের সাথে বাড়ি কোথায় তাও বলতে বলবেন।

# পিরিয়ড - ৩

## বিষয়বস্তু: আমার পরিচয় (পুনরালোচনা)

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- প্রশ্নবোধক বাক্যের উত্তর দিতে পারবে।
- সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্নোত্তর, দলগত কাজ

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীদের সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের একটি খেলার মাধ্যমে যেমন : একটি বল থাকবে এবং বলটি যার কাছে নিক্ষেপ করা হবে সে প্রমিত উচ্চারণে তার নিজের পরিচয় দিবে এভাবে বৃত্তাকারে সবার পরিচয় জানবে। শিক্ষক শিক্ষার্থীদের নির্দেশনা দিবেন এবং সহায়তা প্রদান করবেন।
- এভাবে এক বন্ধু আরেক বন্ধুর পরিচয় দিবে এবং বন্ধু বাড়িতে কী করতে পছন্দ করে তা জানবে।
- শিক্ষক শিক্ষার্থীদের ধারণা স্পষ্ট করার জন্য কার্যক্রমের পুনরাবৃত্তি করবেন। পর্যায়গুলো মনে রাখার জন্য শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন- প্রথমে নিজের নাম, পছন্দের কাজ, কোন শ্রেণিতে পড়ে এবং সবশেষে বিদ্যালয়ের নাম ও ঠিকানা বলতে সহায়তা করবেন।

এবার শিক্ষক দুইজন পারগ শিক্ষার্থীকে সামনে ডেকে এনে একজনের হাতে আমার বাংলা বইটি নিয়ে আরেকজন শিক্ষার্থীকে বইটি দিয়ে বই সম্পর্কে প্রশ্ন করতে বলবেন। প্রয়োজনে প্রশ্ন করতে সহায়তা করবেন। অন্যদের মনোযোগ সহকারে প্রশ্ন-উত্তরগুলো শুনতে বলবেন।

- তোমার হাতে কী বই?
- বইয়ের উপর কী লেখা?
- বইটি দেখতে কেমন?
- বইয়ের প্রচ্ছদে কি কি রং আছে?

- এবার শিক্ষক শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন যে, এরা দুজন কী বিষয় নিয়ে কথা বলেছে? যারা জবাব দিতে পারে তাদেরকে হাত তুলতে বলবেন। কয়েকজনকে উত্তর বলতে বলবেন। প্রয়োজনে উত্তর দিতে সহায়তা করবেন।

### মূল্যায়ন:

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৩.০১, ০১.০২.০৪.০১, ০১.০২.০৮.০১ ও ০১.০২.০৯.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ২

# স্কুল কেমন লাগছে

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা
২.২ প্রমিত বাংলায় বলা কথোপকথন, আলোচনা শুনে বুঝতে পারা
৬.১ পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।

**পিরিয়ড সংখ্যা: ০৩**
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | স্কুলে এসে .............................. খুশি লাগছে। |
| পিরিয়ড-২ | কে কী করতে .......................... পছন্দ করে। |
| পিরিয়ড-৩ | তিথি: আমি তিথি....................... ক্লাসে যাই। |

## পিরিয়ড - ৪

### বিষয়বস্তু: স্কুলে এসে ............খুশি লাগছে।

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- প্রশ্নবোধক বাক্যের উত্তর দিতে পারবে।
- সহপাঠীদের সাথে কথোপকথন করতে পারবে।
- স্পষ্ট স্বরে পরিচিতিমূলক প্রাসঙ্গিক বাক্য বলতে পারবে।

**উপকরণ:** ছবি, পাঠ্যপুস্তক ইত্যাদি
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা একাকী চিন্তা, দলে আলোচনা

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠে অনুকূল পরিবেশ তৈরির জন্য শিক্ষক আনন্দদায়ক ছড়া গান পরিবেশন করতে পারেন বা শিক্ষার্থীদের দ্বারা পরিবেশন করাতে পারেন।
- গান পরিবেশন করার পর শিক্ষক শিক্ষার্থীদের নিম্নরূপ প্রশ্ন করবেন-

  আমরা কী নিয়ে গান করলাম?

- যে সকল শিক্ষার্থী উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন এবং তাদের মধ্য থেকে দুই এক জনকে উত্তর বলতে বলবেন। শিক্ষক বুঝিয়ে বলবেন, স্কুল শব্দের বাংলা হচ্ছে বিদ্যালয়। তাহলে আজ আমরা 'স্কুল কেমন লাগছে' তা নিয়ে আলোচনা করব। এই বলে পাঠের শিরোনাম বোর্ডে লিখে দিবেন।
- পূর্বের পাঠের বিষয়বস্তু শিক্ষার্থীরা কতটুকু মনে রাখতে পেরেছে তা পরিমাপের জন্য কয়েকজন শিক্ষার্থীকে পরিচয় দিতে বলবেন। শিক্ষার্থীরা নিজেদের নাম, বয়স, শ্রেণি ও বিদ্যালয়ের নাম বলবে।
- শিক্ষক আজকের পাঠের শুরুতে শিক্ষার্থীদের বলবেন– ছুটি শেষে স্কুলে এসে আমার খুব ভালো লাগছে। অতঃপর শিক্ষক কোনো নির্দিষ্ট শিক্ষার্থীর নাম ধরে বলবেন– ছুটি শেষে স্কুলে এসে তোমার কেমন লাগছে? স্কুল কেমন লাগছে?
- শিক্ষক প্রতি বেঞ্চে বসে থাকা শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করে দিবেন। দলগতভাবে আলোচনার সুযোগ দিয়ে শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীকে তাদের অনুভূতি ব্যক্ত করতে দিবেন এবং শিক্ষার্থীদের খুশি, ভয়, আনন্দ, দুঃখ ইত্যাদি সম্পর্কে জানতে চাইবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন, তাদের কাছে বিদ্যালয় নাকি বাড়ি ভালো লাগে? কেন ভাল লাগে? তার কারণ বলতে বলবেন। যদি কোনো শিক্ষার্থী বাড়ি ভাল লাগে বলে, তবে শিক্ষক বিদ্যালয়ে আনন্দময় পরিবেশ সৃষ্টির মাধ্যমে বিদ্যালয়ের প্রতি শিক্ষার্থীদের আকর্ষণ বাড়াতে চেষ্টা করবেন।
- বিদ্যালয় ভাল লাগার বিষয়টি সুন্দরভাবে তুলে ধরবেন যাতে শিক্ষার্থীরা বুঝতে পারে বিদ্যালয় একটি স্থান যেখানে আনন্দঘন পরিবেশ বিদ্যমান থাকে। এখানে নিয়মিত এলে অনেক কিছু জানা যায় এবং ভালো মানুষ হওয়া যায়।
- আজকের পাঠ শিক্ষার্থীরা কতটুকু আয়ত্ত করতে পেরেছে তা পরিমাপের জন্য রুব্রিক্সভিত্তিক প্রত্যেক শিক্ষার্থীকে পরিমাপ করবেন এবং রেকর্ড সংরক্ষণ করবেন। সকলকে ধন্যবাদ দিয়ে পাঠ শেষ করবেন।

# পিরিয়ড - ৫

## বিষয়বস্তুঃ কে কী করতে ..........পছন্দ করে।।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা–

- সহপাঠীদের সাথে কথোপকথন করতে পারবে।
- স্পষ্ট স্বরে পরিচিতিমূলক প্রাসঙ্গিক বাক্য বলতে পারবে।
- স্পষ্ট স্বরে পরিচিত বিষয় সম্পর্কিত আলোচনার বিষয়বস্তু বুঝে অংশগ্রহণ করতে পারবে।

**উপকরণ:** ছবি, পাঠ্যপুস্তক ইত্যাদি
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা, দলে আলোচনা, ভূমিকাভিনয়

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরির জন্য শিক্ষক নিম্নের গানটি পরিবেশন করবেন বা অডিও এর মাধ্যমে শোনাবেন:

  আমরা করবো জয়,

  আমরা করবো জয়!

  আমরা করবো জয় নিশ্চয়ই

  আহা বুকের গভীরে আছে প্রত্যয়
- গান শোনার পর শিক্ষার্থীর অনুভূতি ব্যক্ত করতে দিবেন। লক্ষ করবেন যাতে শিক্ষার্থীরা বলার দক্ষতা অর্জনের ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতার সম্মুখীন না হয়। যদি হয় তা চিহ্নিত করে ব্যবস্থা নিবেন।
- শিক্ষক নিজে তার পরিচয় দিবেন। পরিচয় দেওয়ার ক্ষেত্রে পাঠ-২ এর দ্বিতীয় পৃষ্ঠায় বাবোলে বর্ণিত কৌশল ও তথ্য ব্যবহার করবেন। শিক্ষক এভাবে বলবেন যেমন- আমি প্রাচি। আমি ছবি আঁকতে পারি।
- সকল শিক্ষার্থী যেন শিক্ষকের পরিচয় প্রদানের কৌশল মনোযোগ দিয়ে দেখে ও শুনতে সে ব্যবস্থা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন আমি যেভাবে আমার পরিচয় দিয়েছি, তোমাদের মধ্য থেকে কে কে আমার মতো এভাবে পরিচয় দিতে পারবে। যারা আমার মতো পরিচয় দিতে পারবে, তারা হাত তোল।
- যে সকল শিক্ষার্থী হাত তুলবে তাদের মধ্য থেকে এক এক জন করে কয়েকজনকে পরিচয় দিতে বলবেন। যে পরিচয় দিবে তার বলার দক্ষতা এবং যারা শুনবে তাদের শোনার দক্ষতা পরিমাপ করবেন। প্রয়োজনে সহায়তা করবেন। যারা এ পর্যায়ে বলার ক্ষেত্রে পিছিয়ে আছে, তাদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের ৫/৬ জন করে দল গঠন করে দিবেন। দলের একজনকে শিক্ষকের ভূমিকায় অভিনয় করতে বলবেন। দলের অন্য সদস্যরাও বর্ণিত কৌশলে পরস্পরের পরিচয় দিবে।
- শিক্ষক লক্ষ রাখবেন যাতে শ্রেণি শৃঙ্খলায় সমস্যা না হয় এবং সকল শিক্ষার্থী পাঠে অংশগ্রহণ করে। ঘুরে ঘুরে সকল দলের শোনা ও বলার দক্ষতা পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনে সহায়তা দিবেন।
- দলগত কাজ শেষ হলে শিক্ষার্থীদের যার যার আসনে বসতে বলবেন। এবার শ্রেণিকক্ষের যে কোনো দিক থেকে একজন শিক্ষার্থী দাঁড়িয়ে তার নাম ও সে কী করতে পারে তা বলতে বলবেন। এভাবে পর্যায়ক্রমে সকল শিক্ষার্থীকে তার পরিচয় দিতে উৎসাহিত করবেন এবং প্রয়োজনে সহায়তা দিবেন।
- পরিচয় প্রদানকালীন শিক্ষার্থীরা যে যা করতে পারে তার দুই একটি প্রদর্শন করতে বলবেন এবং তাদের প্রশংসা করবেন।
- সকলকে ধন্যবাদ দিয়ে পাঠ শেষ করবেন।

# পিরিয়ড - ৬

## বিষয়বস্তু: তিথি: আমি তিথি.........................ক্লাসে যাই।

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে।
- সহপাঠীদের সাথে কথোপকথন করতে পারবে।
- স্পষ্ট স্বরে পরিচিত বিষয় সম্পর্কিত আলোচনার বিষয়বস্তু বুঝে অংশগ্রহণ করতে পারবে।

**উপকরণ:** ছবি, পাঠ্যপুস্তক ইত্যাদি
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা একাকী চিন্তা, দলে আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পূর্বের পাঠের জ্ঞান যাচাই এবং পাঠের অনুকূল পরিবেশ তৈরির জন্য শিক্ষার্থীদের কয়েকজনকে তাদের নাম ও তারা কী কী পারে তা বলতে বলবেন। শিক্ষার্থীরা যা পারে তার মধ্য থেকে আকর্ষণীয় দুই চারটি বিষয় উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে চেইন ড্রিল এর মাধ্যমে তাদের পরিচয় দিতে বলবেন। পরিচয় দেওয়া ও অন্যের পরিচয় জানার জন্য পাঠ্যবই এ প্রদত্ত প্রক্রিয়া অনুসরণ করতে নির্দেশনা প্রদান করবেন। প্রয়োজনে শিক্ষক প্রক্রিয়া দেখিয়ে দিবেন।
- দলীয় কাজ শেষ হলে সকল শিক্ষার্থীকে যার যার সিটে বসতে বলবেন। এবার শ্রেণিকক্ষের যে কোনো দিক থেকে শিক্ষক একজন শিক্ষার্থী দাঁড়িয়ে তার নাম বলতে বলবেন এবং তার পাশে বসা সহপাঠীকে উদ্দেশ্য করে তার নামও বলতে বলবেন। এভাবে পর্যায়ক্রমে সকল শিক্ষার্থীকে তার পরিচয় দিতে উৎসাহিত করবেন এবং প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের জোড়া তৈরি করে দিবেন। শিক্ষার্থীরা পাশাপাশি বসে একজন আর একজনের নাম ও সে গান, গল্প, খেলাধুলা, কবিতা আবৃত্তি ইত্যাদির মধ্যে কী করতে পারে তা এবং সামনের প্রতিযোগিতায় সে কোন বিষয়ে অংশগ্রহণ করতে চায় তা জেনে নিতে বলবেন। যাতে সে তার বন্ধুকে পরিচয় করিয়ে দিতে পারে। এবার যে কোনো এক জোড়াকে শ্রেণিকক্ষের সামনে ডাকবেন এবং তার বন্ধুকে পরিচয় করিয়ে দিতে বলবেন। পরিচয় করিয়ে দেওয়ার ক্ষেত্রে বন্ধুর নাম এবং তার পছন্দ ও ভালোলাগার বিষয়টি বলতে বলবেন এবং সামনের প্রতিযোগিতায় সে কী করতে চায় তাও বলতে বলবেন। প্রয়োজনে সহায়তা দিবেন। এই সময় শিক্ষক অন্যদের কথা মনোযোগের সাথে শুনতে বলবেন।
- এবার শিক্ষক ক্লাসের সবাইকে জিজ্ঞেস করবেন, এই দুইজন কী বিষয়ে কথা বলেছে? যারা উত্তর দিতে চায়, তাদেরকে হাত তুলতে বলবেন এবং দুই একজনের কাছ থেকে মতামত শুনবেন। শিক্ষক শিক্ষার্থীদেরকে কথোপকথনের বিষয়বস্তু উদ্ধারের কৌশল শেখাবেন।
- পাঠ্যবইয়ে প্রদত্ত কথাপোকথনে অংশগ্রহণ করানো জন্য শিক্ষার্থীদের ভূমিকা অভিনয় করতে নির্দেশনা প্রদান

করবেন। ভূমিকা অভিনয়ের জন্য শিক্ষার্থীদের পূর্বে প্রস্তুত করে নিবেন। যে সকল শিক্ষার্থী ভূমিকা অভিনয় করবে, তাদের বলার দক্ষতা পরিমাপ করবেন এবং যারা শুনবে তাদের শোনার দক্ষতাও পরিমাপ করবেন।

- অপারগ শিক্ষার্থী শনাক্ত করে তাদের নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।
- সকলকে ধন্যবাদ দিয়ে পাঠ শেষ করবেন।

**মূল্যায়ন:**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৩.০১, ০১.০২.০৪.০১ ও ০১.০২.০৯.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ৩

# আমার বাড়ি আমার কাজ

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

২.২ প্রমিত বাংলায় বলা কথোপকথন, আলোচনা শুনে বুঝতে পারা।
৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন) বাক্য স্পষ্ট করে বলতে পারা।
৬.১ পরিচিত পরিবেশ প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।

**পিরিয়ড সংখ্যা: ০৪**
**পিরিয়ড বিভাজন:**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | মা: তুলি, এদিকে ........................ কাপড় গোছাতে হবে। |
| পিরিয়ড-২ | তপু: আমিও কাজ.................... কাজ সহজ হয়। |
| পিরিয়ড-৩ | মা কী কী ................কী শিখলাম? |
| পিরিয়ড- ৪ | পুনরালোচনা |

## পিরিয়ড - ৭

### বিষয়বস্তু: মা: তুলি, এদিকে ............ কাপড় গোছাতে হবে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- পরিচিত পরিবেশ নির্ভর কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- প্রশ্নবোধক বাক্য বলতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** ভূমিকাভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীদের সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন আজ আমরা আমাদের বাড়িতে কী কী কাজ করি সে সম্পর্কে আলোচনা করব।
- শিক্ষার্থীদের শিক্ষক প্রশ্ন করবেন এবং উত্তর বলতে সহায়তা করবেন।
  - আমাদের বাড়িতে কে কে থাকে?

- বাড়িতে আমরা কী কী কাজ করি?
- মাকে আমরা কে কে কাজে সহায়তা করি?

- এরপর শিক্ষক পাঠ্যবইয়ের ছবিটি দেখাবেন এবং ছবিতে কী কী দেখতে পাচ্ছে সেই সম্পর্কে বলতে সহায়তা করবেন।
- শিক্ষক দুজন ছেলে বা দুজন মেয়ে শিক্ষার্থীকে অভিনয়ের জন্য সামনে নিয়ে আসবেন। একজন মায়ের ভূমিকায় থাকবে আরেকজন মেয়ের ভূমিকায় অভিনয় করবে। প্রয়োজনে শিক্ষক পাঠ্য বইয়ের সংলাপ বলে দিবেন এবং সে অনুযায়ী শিক্ষার্থীদের অভিনয় করতে সহায়তা করবেন।
- এরপর শিক্ষার্থীদের দলে ভাগ করবেন। দুজনের অভিনয়ের মধ্যে থেকে কী কী আলাপচারিতা হয়েছে, সে সম্পর্কে সবাইকে প্রশ্ন করবেন। শিক্ষার্থীরা দলে আলোচনা করে উত্তর দিবে। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- এরপর পাঠ্যবইয়ের সাথে অভিনয় ও কথোপকথনের মিল করাবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের জোড়া করে দিবেন। শিক্ষার্থীরা একজন অন্যজনকে পাঠের ছবিটি দেখিয়ে বিভিন্ন প্রশ্ন করবে। যেমন: ছবিতে কয়টি গাছ দেখা যাচ্ছে? শিক্ষক শিক্ষার্থীদের সঠিকভাবে প্রশ্ন করতে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কাছে প্রশ্ন করবেন, তুলি মাকে কী কী কাজ করতে সহায়তা করেছে? শিক্ষার্থীরা উত্তর প্রদান করবে। প্রয়োজনে শিক্ষক সহায়তা প্রদান করবেন।

## পিরিয়ড - ৮

### বিষয়বস্তু: তপু: আমিও কাজ.................... কাজ সহজ হয়।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- পরিচিত পরিবেশ নির্ভর কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- প্রশ্নবোধক বাক্য বলতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** ভূমিকাভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীদের সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব জ্ঞান যাচাই করবেন ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে, যেমন: আমরা মায়ের সাথে বাড়িতে কি কি কাজ করি ইত্যাদি।
- এরপর শিক্ষার্থীদের মায়ের পাশাপাশি গৃহের বাহিরে বাবা সাধারণত কী কী কাজ করেন সে সম্পর্কে প্রশ্ন

করবেন এবং শিক্ষার্থীদের প্রয়োজনে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাবা এবং মায়ের সাথে সকল কাজে সহযোগিতা করার মানসিকতা সম্পর্কে ধারণা প্রদান করবেন।

- চারজন শিক্ষার্থীকে সামনে এনে একটি পরিবারের ভূমিকাভিনয় করতে বলবেন। প্রথমে চারজনকে মা, তপু, বাবা, তুলি এই চারটি চরিত্র বুঝিয়ে দিবেন। এই চারজন বই দেখে বা না দেখে ভূমিকাভিনয়টি করবে। শ্রেণির বাকি সবাইকে মনোযোগের সাথে শুনতে বলবেন।
- ভূমিকাভিনয় দেখার পর সবার কাছে জানতে চান–এই চারজন কী বিষয়ে কথা বলেছে? যারা যারা বলতে পারবে তাদেরকে হাত তুলতে বলবেন। এবার যারা হাত তুলেছে তাদের মধ্য থেকে কয়েকজনকে বিষয়বস্তু বলতে বলবেন। শিক্ষার্থীদের বলার ক্ষেত্রে উৎসাহিত করবেন এবং প্রয়োজনীয় সহায়তা করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের জোড়া করে দিবেন। শিক্ষার্থীরা জোড়ায় বসে একে অন্যকে বাজারে যাওয়া প্রসঙ্গে প্রশ্ন করবে। শিক্ষক প্রশ্ন করার ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা করবেন।

# পিরিয়ড - ৯

## বিষয়বস্তু: মা কী কী ................কী শিখলাম ?

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- পরিচিত পরিবেশ নির্ভর কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- প্রশ্নবোধক বাক্য বলতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** ভূমিকাভিনয়

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীদের সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব জ্ঞান যাচাই করবেন ছোটো ছোট প্রশ্নের মাধ্যমে, যেমন: মাকে কী কী কাজে সাহায্য কর। শিক্ষার্থীরা উত্তর দিবে, ঘর বাড়ি পরিষ্কার, কাপড় গোছানো ইত্যাদি। বাবা বাইরে কী কী কাজ করেন, বাবা বাজারে যান এবং ঘরে ও বিভিন্ন কাজে সহযোগিতা করেন।
- এবার গত ক্লাসের মতো চারজন পারগ শিক্ষার্থীকে সামনে এনে বই থেকে দেখে বা না দেখে আগের মতো পুরো অংশটি ভূমিকাভিনয় করতে বলবেন। বাকিদের বলুন, এই অভিনয় দেখার পর আমরা চরিত্রগুলো নিয়ে আলোচনা করব। এবার সবাইকে মনোযোগের সাথে অভিনয় দেখতে বলবেন।

- এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে তিনটি দলে ভাগ করে দিবেন। ১ম দল মা কী কী কাজের কথা বললেন সে সম্পর্কে আলোচনা করবে এবং উপস্থাপন করবে। ২য় দল তুলি কী কাজ করে সে সম্পর্কে আলোচনা করবে এবং উপস্থাপন করবে । ৩য় দল তপু কী কাজ করতে চাইলো সে সম্পর্কে আলোচনা করবে এবং উপস্থাপন করবে। শিক্ষক ঘুরে ঘুরে দলীয় কাজ পর্যবেক্ষণ করবেন।
- এবার শিক্ষার্থীরা দলীয় কাজ উপস্থাপন করবে। উপস্থাপনার ক্ষেত্রে শিক্ষক এক দল কর্তৃক অন্য দলকে তাদের কাজ সম্পর্কে জানতে চেয়ে প্রশ্ন করবেন। প্রশ্নের পরিপ্রেক্ষিতে সব দল তাদের দলের কাজ উপস্থাপন করবে।
- এবার শিক্ষক এ পাঠ থেকে শিক্ষার্থীরা কী শিখল সে সম্পর্কে জানতে চাইবেন। শিক্ষার্থীরা উত্তর প্রদান করবে। প্রয়োজনে শিক্ষক সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড - ১০

## পুনরালোচনা

**শিখনফল :** এই পিরিয়ড শেষে শিক্ষার্থী-

- পরিচিত পরিবেশ নির্ভর কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে।
- প্রশ্নবোধক বাক্য বলতে পারবে।
- স্পষ্ট স্বরে পরিচিতিমূলক প্রাসঙ্গিক বাক্য বলতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** ভূমিকাভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীদের সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব জ্ঞান যাচাই করবেন ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে, যেমন: মাকে কী কী কাজে সাহায্য কর। শিক্ষার্থীরা উত্তর দিবে, ঘর বাড়ি পরিষ্কার, কাপড় গোছানো ইত্যাদি।
- শিক্ষক পাঠটি নিজে পড়ে শোনাবেন। শিক্ষার্থীরা মনোযোগের সাথে শুনবে। এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে তার সংঙ্গে পড়তে বলবেন।
- এবার শিক্ষক দুজন শিক্ষার্থীকে সামনে আনবেন। এই দুজনকে প্রথমে পরিচিত হতে বলবেন। এবার তাদের বাজারে যাওয়ার অভিজ্ঞতা বলতে বলবেন। বাকিরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষক সকল শিক্ষার্থীকে এই দুজনের আলোচনার বিষয়বস্তু বলতে বলবেন। সবাইকে বলতে উৎসাহ দিবেন এবং প্রয়োজনীয় সহায়তা

দিবেন।

- এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে জোড়ায় ভাগ করে নিজেদের মধ্যে পরিচিত হয়ে তাদের বাজারে যাওয়ার অভিজ্ঞতা আলোচনা করতে বলবেন। শিক্ষক খেয়াল রাখবেন একজন অন্যজনকে প্রশ্ন-উত্তর করতে পারছে কিনা? প্রয়োজনে শিক্ষার্থীদের সহায়তা প্রদান করবেন।
- এ পাঠ থেকে শিক্ষার্থীরা কী শিখল শিক্ষক সে সম্পর্কে জানতে চাইবেন। শিক্ষার্থীরা উত্তর প্রদান করবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা প্রদান করবেন।
- সবাই মিলে একসাথে কাজ করলে যে কোনো কাজই সহজ হয়, সেটি বুঝাতে শিক্ষক সহায়তা প্রদান করবেন।

**মূল্যায়নঃ**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৪.০১, ০১.০২.০৮.০১ ও ০১.০২.০৯.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ৪

# ডালিমকুমার ও কঙ্কাবতী

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা।

৮.১ চিত্র/ছবি সম্বলিত ও চিত্র/ছবি বিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।

**পিরিয়ড সংখ্যা :** ০৫

**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড –১ | প্রথম ছবি থেকে ষষ্ঠ ছবি। |
| পিরিয়ড –২ | পুনরালোচনাসহ সপ্তম ছবি থেকে দ্বাদশ ছবি। |
| পিরিয়ড –৩ | পুনরালোচনাসহ ত্রয়োদশ ছবি থেকে অষ্টাদশ ছবি। |
| পিরিয়ড –৪ | ধারাবাহিক গল্প বলা। |
| পিরিয়ড –৫ | ছবি নিয়ে ধারাবাহিক গল্প বলা, ইচ্ছেমতো আঁকা। |

## পিরিয়ড – ১১

### বিষয়বস্তু: প্রথম ছবি থেকে ষষ্ঠ ছবি

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- রূপকথা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে বাচনভঙ্গি ঠিক রেখে গল্প ও রূপকথা বলতে পারবে।

**উপকরণ:** আলাদা করে আঁকা ছবির চার্ট/বিগ বুক, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্নোত্তর, দলগত কাজ, ছবির ধারাক্রমে গল্প বলা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন 'আজকে আমরা একটা মজার গল্প শুনব।' শিক্ষার্থীদের কেউ গল্প শুনতে চায় কিনা শিক্ষক তা জানতে চাইবেন। কয়েকজন শিক্ষার্থীকে বলতে বলবেন। শিক্ষক **ডালিমকুমার ও কঙ্কাবতী** গল্পটি

খুব সংক্ষেপে বাচনভঙ্গি ও যথাযথ অভিব্যক্তি সহকারে শিক্ষার্থীদের বলবেন।

- এরপর আজকের পাঠে শিক্ষার্থীদের কৌতূহল সৃষ্টির জন্য নিম্নরূপ কয়েকটি প্রশ্ন করবেন –
  - রাজার ছেলেকে কী বলে?
  - রাজপুত্র কিসে চড়ে ঘুরে বেড়ায়?
  - তার হাতে কী থাকে?
- শিক্ষক এ পর্যায়ে বলবেন 'আমরা আজ **ডালিমকুমার ও কঙ্কাবতী** কে নিয়ে একটা মজার গল্প শুনব।' শিক্ষক শ্রেণিকক্ষের এমন জায়গায় দাঁড়াবেন যেখান থেকে সকল শিক্ষার্থীকে দেখতে পান। শিক্ষক শিক্ষার্থীদের পাঠটি দেখিয়ে বই থেকে নির্দিষ্ট পাঠটি খুঁজে পেতে সহায়তা করবেন। (শিক্ষক এই গল্পটিকে বিগবুক এর মতো করে একটি গল্পের বই তৈরি করে নিতে পারেন। এক্ষেত্রে শিক্ষার্থীদের পাঠ্যবই ব্যবহার করতে নাও বলতে পারেন।)
- প্রথম ছবিটিতে শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে দেখতে বলবেন। একই বেঞ্চে/পাশাপাশি বসে থাকা শিক্ষার্থীদের ছবিতে কে কী দেখছে/দেখেছে তা নিয়ে পরস্পর আলোচনা করতে বলবেন। ছবির নিচে লেখা বাক্যের সাথে মিল রেখে নিচের প্রশ্নগুলো করবেন–
  - ছবিতে কী আছে?
  - রাজপুত্রের নাম কী?
- প্রশ্নগুলোর উত্তর পাওয়ার পর শিক্ষার্থীদের দ্বিতীয় ছবিটি একইভাবে দেখতে বলবেন এবং ছবির বিষয়বস্তু নিয়ে শিক্ষার্থীদের কৌতূহল সৃষ্টি হয় এমন প্রশ্ন করবেন।
- ছবি নিয়ে আলোচনার জন্য শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করবেন। পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ (দেখা/শোনা/বলার ক্ষেত্রে) করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। এভাবে পর্যায়ক্রমে প্রথম ছয়টি ছবির বিষয়বস্তু শিক্ষার্থীদের সাথে আলোচনা করবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে প্রশ্নোত্তরের মাধ্যমে প্রথম ছয়টি ছবির বিষয়বস্তু পর্যায়ক্রমে বলতে সহায়তা করবেন। শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে দল গঠন করবেন (প্রয়োজনে একই বেঞ্চের শিক্ষার্থীদের দিয়ে একটি করে দল গঠন করবেন)। দলে প্রত্যেক শিক্ষার্থীকে অভিব্যক্তিসহ গল্পাকারে বিষয়বস্তু বলার অনুশীলন করার সুযোগ প্রদান করবেন। সকলে শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে বাচনভঙ্গি ঠিক রেখে বলার অনুশীলন করাবেন।
- শিক্ষার্থীদের ধারাবাহিকভাবে গল্প বলতে দিয়ে বলার মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ১২

## বিষয়বস্তু: পুনরালোচনাসহ সপ্তম ছবি থেকে দ্বাদশ ছবি

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- রূপকথা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে বাচনভঙ্গি ঠিক রেখে গল্প ও রূপকথা বলতে পারবে।

**উপকরণ:** আলাদা আলাদা করে আঁকা ছবির চার্ট, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ
**পদ্ধতি/কৌশল:** প্রশ্নোত্তর, দলগত কাজ, ছবির ধারাক্রমে গল্প বলা

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের গল্পটির আগের দিনের অংশ সকলকে মনে করতে বলবেন। গত ক্লাসে গল্প শোনায়নি এমন শিক্ষার্থীদের কেউ গল্প শোনাতে চায় কি না শিক্ষক তা জানতে চাইবেন। কয়েকজন শিক্ষার্থীকে বলতে বলবেন। অতঃপর আগের ক্লাসে বলা গল্পের অংশটুকু (ছবির ধারাবাহিকতা বজায় রেখে) কয়েকজনকে বলতে বলবেন।
- আজকের পাঠে যাওয়ার আগে পূর্ব পাঠের ওপর কিছু কৌতূহলী প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করবেন। শিক্ষার্থীদের কৌতূহল সৃষ্টির জন্য নিম্নরূপ কয়েকটি প্রশ্ন করবেন –
    - তোমার হাতে কী বই?
    - রাজকুমার কিসে চড়ে ঘুরে বেড়াতেন?
    - রাজকুমার ঘুমিয়ে পড়লেন কেন?
    - ডালিমকুমারের ঘুম ভেঙে গেল কেন? ইত্যাদি।
- শিক্ষক এরপর আগের পাঠের সংক্ষিপ্ত বিবরণ দিয়ে সপ্তম ছবির বিষয়বস্তু থেকে পর্যায়ক্রমে পূর্বের পাঠের মতো দ্বাদশ ছবি পর্যন্ত প্রশ্নোত্তরে বর্ণনা করবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে প্রশ্নোত্তরের মাধ্যমে (এরপর কী হতে পারে?) প্রথমে আজকের পাঠের অংশটুকু ও পরে সম্পূর্ণ গল্পটি ছবির ধারাবাহিকতায় বিষয়বস্তু প্রথমে নিজে বলবেন ও পরে শিক্ষার্থীদের সাথে নিয়ে বলতে সহায়তা করবেন। এ পর্যায়ে শিক্ষার্থীদের নিম্নরূপ প্রশ্ন করতে পারেন–
    - কাকে বাঁচাতে হবে?
    - ডালিমকুমার কোথায় পৌঁছাল?
    - রাক্ষসপুরী কোথায়?
    - কঙ্কাবতী কোথায় ঘুমিয়ে আছে?
    - কঙ্কাবতীর ঘুম ভাঙে না কেন? ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে দল গঠন করবেন (প্রয়োজনে একই বেঞ্চের শিক্ষার্থীদের দিয়ে একটি করে দল গঠন করবেন)। দলে প্রত্যেক শিক্ষার্থীকে সঠিক উচ্চারণ ও অভিব্যক্তিসহ গল্পাকারে আগের পাঠের ন্যায় বিষয়বস্তু বলার অনুশীলন করার সুযোগ প্রদান করবেন।
- শিক্ষার্থীদের দলভিত্তিক ধারাবাহিকভাবে গল্প বলতে দিয়ে বলার দক্ষতা পরিমাপ/মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ১৩

## বিষয়বস্তু: পুনরালোচনাসহ ত্রয়োদশ ছবি থেকে অষ্টাদশ ছবি

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- রূপকথা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে বাচনভঙ্গি ঠিক রেখে গল্প ও রূপকথা বলতে পারবে।

**উপকরণ:** আলাদা আলাদা করে আঁকা ছবির চার্ট, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্নোত্তর, দলগত কাজ, ছবির ধারাক্রমে গল্প বলা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের গল্পটির আগের দিনের অংশ সকলকে মনে করতে বলবেন। এখনও পর্যন্ত গল্প শোনায়নি এমন শিক্ষার্থীদের কেউ গল্প শোনাতে চায় কি না শিক্ষক তা জানতে চাইবেন। এক/দুইজন শিক্ষার্থীকে বলতে বলবেন। অতঃপর আগের ক্লাসে বলা গল্পের অংশটুকু (ছবির ধারাবাহিকতা বজায় রেখে) কয়েকজনকে বলতে বলবেন।
- আজকের পাঠে যাওয়ার আগে পূর্ব পাঠের ওপর কিছু কৌতূহলী প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করবেন। শিক্ষার্থীদের কৌতূহল সৃষ্টির জন্য কয়েকটি প্রশ্ন করবেন।
- শিক্ষক এরপর আগের পাঠের সংক্ষিপ্ত বিবরণ দিয়ে ত্রয়োদশ ছবির বিষয়বস্তু থেকে পর্যায়ক্রমে পূর্বের পাঠের মতো অষ্টাদশ ছবি পর্যন্ত প্রশ্নোত্তরে বর্ণনা করবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে প্রশ্নোত্তরের মাধ্যমে প্রথমে আজকের পাঠের অংশটুকু ও পরে সম্পূর্ণ গল্পটি ছবির ধারাবাহিকতায় বিষয়বস্তু প্রথমে নিজে বলবেন ও পরে শিক্ষার্থীদের সাথে নিয়ে বলতে সহায়তা করবেন। এ পর্যায়ে শিক্ষার্থীদের নিম্নরূপ প্রশ্ন করতে পারেন –
  - রাক্ষস কী বলতে বলতে ঘরে ঢুকল?
  - রাক্ষসের প্রাণ কীসের মধ্যে আছে?
  - কে রূপার কৌটা খুঁজে বের করল?
  - তারপর কী হলো? ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে দল গঠন করবেন। প্রয়োজনে একই বেঞ্চের শিক্ষার্থীদের দিয়ে একটি করে দল গঠন করবেন। দলে প্রত্যেক শিক্ষার্থীকে অভিব্যক্তিসহ গল্পাকারে আগের পাঠের ন্যায় বিষয়বস্তু বলার অনুশীলন করার সুযোগ প্রদান করবেন।
- শিক্ষার্থীদের দলভিত্তিক ধারাবাহিকভাবে সম্পূর্ণ গল্প বলতে দিয়ে বলার মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ১৪

## বিষয়বস্তু: ধারাবাহিকভাবে গল্প বলা।

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- রূপকথা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে বাচনভঙ্গি ঠিক রেখে গল্প ও রূপকথা বলতে পারবে।

**উপকরণ:** গল্পের ছবি
**পদ্ধতি/কৌশল:** দলগত কাজ, উপস্থাপন

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- ছবির ধারাবাহিকতায় সম্পূর্ণ গল্পটি প্রথমে শিক্ষক বাচনভঙ্গি ও যথাযথ অভিব্যক্তি সহকারে শিক্ষার্থীদের বলবেন। পরে শিক্ষার্থীদের সাথে প্রশ্নোত্তরে গল্পটি পুনরায় আলোচনা করে বলতে সহায়তা করবেন।
- শিক্ষক প্রত্যেক বেঞ্চের শিক্ষার্থীদের এক একটি দল গঠন করতে বলবেন। যদি শ্রেণি ব্যবস্থাপনা দলে বসানোর পক্ষে সহায়ক হয় তবে শিক্ষক সেভাবে দল গঠন করবেন ও দলের একটি করে নাম দিবেন।
- প্রত্যেক দলে একজন করে শিক্ষার্থীকে দলের অন্যদের গল্প শোনাতে বলবেন। তার বলা শেষ হলে আরেকজন বলবে – এইভাবে প্রত্যেক দলের সকলকে গল্প বলতে ও অন্যদের তা মনোযোগ দিয়ে শুনতে বলবেন। সকল দলকে একই সাথে গল্প বলা ও শোনার কাজ করতে বলবেন। নিজে সকল দলের গল্প বলার অনুশীলনে প্রয়োজনীয় সহায়তা দিবেন। শিক্ষক এক্ষেত্রে নিম্নে প্রদত্ত বিষয়গুলো ঠিকভাবে হচ্ছে কিনা তা দেখবেন:
  - ছবির ক্রম অনুযায়ী গল্প অগ্রসর হচ্ছে কিনা
  - বলার ক্ষেত্রে উচ্চারণ ঠিক আছে কিনা
  - বলার ভঙ্গি ঠিকভাবে অনুসরণ করা হচ্ছে কিনা
  - সকলে মনোযোগ দিয়ে শুনছে কিনা
  - শিখনে বিশেষ চাহিদা রয়েছে এমন শিক্ষার্থী বলার সুযোগ পাচ্ছে কিনা, ইত্যাদি।
- প্রত্যেক দলের শিক্ষার্থীদের দলগত কাজ শেষ হলে দৈবচয়নে তিন/চারজন শিক্ষার্থীকে সকলের উদ্দেশ্য গল্প বলতে বলবেন। এ পর্যায়ে শিক্ষক নিচে প্রদত্ত প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের চিন্তা করার সুযোগ দিবেন।
- ডালিমকুমার দেশ-বিদেশে ঘুরে বেড়াত কেন?
- রাজকুমার ঘুম ভেঙে গেলে কী শুনতে পেল?
- রাক্ষসপুরী কোথায়?
- রাজকন্যা কোথায় ঘুমিয়ে ছিল?
- রাক্ষসের প্রাণ কোথায় লুকিয়ে ছিল?
- শিক্ষক এরপর গল্পটির সংক্ষিপ্ত বর্ণনা দিবেন ও শিক্ষার্থীদের আগের পাঠগুলোতে নিজেদের বলা গল্পের রেশ ধরে সেসব গল্পের মর্মার্থ অনুধাবনের সুযোগ দিবেন।

- আগামী ক্লাসে সকলকে ছবি আঁকার জন্য পেনসিল, ইরেজার (ছবি আঁকার সামগ্রী) ইত্যাদি আনতে বলবেন।

# পিরিয়ড – ১৫

## বিষয়বস্তু: ছবি নিয়ে ধারাবাহিকভাবে গল্প বলা, ইচ্ছেমতো আঁকা

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- গল্প শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- পাঠের গল্প বলতে পারবে।

**উপকরণ:** অভিনয়ের মুকুট, ছবি আঁকার সরঞ্জাম
**পদ্ধতি/কৌশল:** অভিনয়, দলগত কাজ, উপস্থাপন

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং প্রাসঙ্গিক গল্প/ধাঁধাঁ/অভিনয়ের মাধ্যমে আবেগ সৃষ্টি করবেন।
- শিক্ষক নিজে/শিক্ষার্থীর সহায়তায় **ডালিমকুমার ও কঙ্কাবতী** গল্পটি বলবেন। বলার সময় গল্পের চরিত্রের সাথে মিল রেখে শারীরিক-ভাষা ব্যবহার করবেন।
- শিক্ষার্থীদের এমনভাবে দলে ভাগ করবেন যেন প্রত্যেক দলে ৭/৮ জন করে শিক্ষার্থী থাকে। দলের একটি করে নাম দিবেন। প্রত্যেক দলে গল্পের সাথে মিল করে একজনকে ডালিমকুমার, একজনকে কঙ্কাবতী, একজনকে ঘোড়া, একজনকে ব্যাঙ্গমা, আরেকজনকে ব্যাঙ্গমি, একজনকে রাক্ষস ও কয়েকজনকে সৈন্যের ভূমিকায় নির্বাচন করে দিবেন। এই কাজটিকে আরও আকর্ষণীয় করার জন্য প্রয়োজনে কাগজ দিয়ে চরিত্রের মুকুট আগে থেকে তৈরি করে মাথায় পরার ব্যবস্থা করবেন। কোন দল সবচেয়ে ভালো অভিনয় করতে পারে তার প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টিতে সহায়তা করবেন।
- প্রত্যেক দলকে অনুশীলন করার জন্য সহায়তা করবেন। পরে পর্যায়ক্রমে সকল দলকে অভিনয় করতে দিয়ে অভিনয়ের মাধ্যমে গল্পটি সকলের নিকট স্পষ্ট করবেন।
- শিক্ষার্থীদের নিজ নিজ জায়গায় বসতে বলবেন এবং ছবি আঁকার সামগ্রীসহ সকলকে ছবি আঁকার প্রস্তুতি নিতে বলবেন।
- শিক্ষার্থীদের প্রত্যেককে খাতার একটি সাদা পাতায় ইচ্ছে মতো ছবি আঁকতে বলবেন। শিক্ষার্থীদের বলবেন যে তারা পাখি/ফুল/ফল/গাছ/সূর্য/চাঁদ/নৌকা/ বা যেকোনো ছবি আঁকতে পারে এবং এ ছবি আঁকতে তারা পেনসিল বা রং পেনসিলও ব্যবহার করতে পারে।
- ছবি আঁকা শেষে প্রত্যেককে পাশের সাথীর সাথে কী ছবি এঁকেছে তা নিয়ে গল্প বলতে বলবেন। প্রত্যেক শিক্ষার্থী ছবি নিয়ে কথা/গল্প বলছে কিনা তা পর্যবেক্ষণ করবেন এবং সবাইকে বলতে উৎসাহ প্রদান করবেন।

- একজন শিক্ষার্থীকে শ্রেণিকে উদ্দেশ্য করে গল্প শোনাতে বলবেন। একজনের বলা শেষ হলে আরেকজন বলবে এইভাবে সময় বিবেচনা করে কয়েকজনকে গল্প বলতে ও অন্যদের তা মনোযোগ দিয়ে শুনতে বলবেন। নিজে গল্প বলায় প্রয়োজনীয় সহায়তা দিবেন।

**মূল্যায়ন:**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৬.০১, ০১.০২.০৬.০২ ও ০১.০২.১২.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ৫

# আবার পড়ি বর্ণমালা

এ পাঠটি মূলত প্রথম শ্রেণির বর্ণ পড়া ও লেখার পুনরালোচনা পাঠ। এ পাঠে শিক্ষার্থীরা সঠিক উচ্চারণে বর্ণ পড়তে ও সঠিক আকৃতিতে বর্ণ লিখতে পারবে। এ উদ্দেশ্যে পাঠটি সংযোজন করা হয়েছে। এ পাঠের জন্য শিক্ষাক্রমে সুনির্দিষ্ট কোনো অর্জন উপযোগী যোগ্যতা নাই।

**পিরিয়ড সংখ্যা : ০৩**
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | স্বরবর্ণ |
| পিরিয়ড-২ | ব্যঞ্জনবর্ণ |
| পিরিয়ড-৩ | পুনরালোচনা |

## পিরিয়ড - ১৬

### বিষয়বস্তু: স্বরবর্ণ পড়া ও লেখা

**উপকরণ:** পাঠ্যপুস্তক, বর্ণমালার চার্ট
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, আলোচনা, প্রশ্ন-উত্তর

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- শিক্ষক স্বরবর্ণের চার্টটি প্রদর্শন করে শিক্ষার্থীদের দেখতে বলবেন। কয়েকজন শিক্ষার্থীকে বর্ণ নির্দেশ করে পড়তে বলবেন এবং অন্য শিক্ষার্থীদের শুনতে বলবেন এবং সঠিকভাবে পড়তে পারছে কিনা তা লক্ষ করতে বলবেন। এভাবে কয়েকজন শিক্ষার্থীর মাধ্যমে সঠিক উচ্চারণে বর্ণ পড়া অনুশীলন করাবেন।
- শিক্ষার্থীদের দল গঠন করে প্রতি দলে একটি করে স্বরবর্ণের কার্ডসেট বিতরণ করবেন। প্রত্যেক দলকে আলোচনা করে ধারাবাহিকভাবে বর্ণগুলো সাজাতে বলবেন। প্রত্যেক দলের কাজ যাচাই করবেন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- এরপর চার্ট সরবরহ করে চার্টের খালি ঘরে বর্ণ লিখে পূরণ করতে বলবেন। শিক্ষার্থীদের দল গঠন করে প্রতি দলে একটি করে চার্ট সরবরহ করে চার্টের খালি ঘর পূরণ করতে বলবেন এবং ঘুরে ঘুরে দেখবেন শিক্ষার্থীরা সঠিকভাবে বর্ণ খালি ঘরে বসাতে পারছে কিনা।
- এবার শিক্ষার্থীদের তাদের দলীয় কাজ উপস্থাপন করতে বলবেন। একদল তাদের দলীয় কাজ উপস্থাপন করবে এবং  অন্যদল দেখবে। প্রয়োজনে সহয়তা করবেন।
- শিক্ষার্থীরা কাজগুলো যথাযথভাবে করতে পেরেছে কিনা তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড - ১৭

## বিষয়বস্তু: ব্যঞ্জনবর্ণ পড়া ও লেখা

**উপকরণ:** পাঠ্যবই, বর্ণমালার চার্ট
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, আলোচনা, প্রশ্ন-উত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- শিক্ষক ব্যঞ্জনবর্ণের চার্টটি প্রদর্শন করে শিক্ষার্থীদের দেখতে বলবেন। কয়েকজন শিক্ষার্থীকে বর্ণ নির্দেশ করে পড়তে বলবেন এবং অন্য শিক্ষার্থীদের শুনতে বলবেন এবং সঠিকভাবে পড়তে পারছে কিনা তা লক্ষ করতে বলবেন। এভাবে কয়েকজন শিক্ষার্থীর মাধ্যমে সঠিক উচ্চারণে বর্ণ পড়া অনুশীলন করাবেন।
- শিক্ষার্থীদের দল গঠন করে প্রতি দলে একটি করে ব্যঞ্জনবর্ণের কার্ডসেট বিতরণ করবেন। প্রত্যেক দলকে আলোচনা করে ধারাবাহিকভাবে বর্ণগুলো সাজাতে বলবেন। প্রত্যেক দলের কাজ যাচাই করবেন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- এরপর চার্ট সরবরহ করে চার্টের খালি ঘরে বর্ণ লিখে পূরণ করতে বলবেন। শিক্ষার্থীদের দল গঠন করে প্রতি দলে একটি করে চার্ট সরবরহ করে চার্টের খালি ঘর পূরণ করতে বলবেন এবং ঘুরে ঘুরে দেখবেন শিক্ষার্থীরা সঠিকভাবে বর্ণ খালি ঘরে বসাতে পারছে কিনা।
- শিক্ষার্থীদের দল গঠন করে প্রতি দলে একটি করে চার্ট সরবরহ করে চার্টের খালি ঘর পূরণ করতে বলবেন এবং ঘুরে ঘুরে দেখবেন শিক্ষার্থীরা সঠিকভাবে বর্ণ খালি ঘরে বসাতে পারছে কিনা।
- এবার শিক্ষার্থীদের তাদের দলীয় কাজ উপস্থাপন করতে বলবেন। এক দল তাদের দলীয় কাজ উপস্থাপন করবে অন্য দলগুলো দেখবে। প্রয়োজনে সহয়তা করবেন।
- শিক্ষার্থীরা কাজগুলি যথাযথভাবে করতে পেরেছে কিনা তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড - ১৮

## পুনরালোচনা

**উপকরণ:** পাঠ্যবই, বর্ণকার্ড, বর্ণমালার চার্ট
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, আলোচনা, প্রশ্ন-উত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পূর্ব পাঠের আলোচনার জন্য শিক্ষক শিক্ষার্থীদের মধ্য থেকে দুই তিন জন শিক্ষার্থীকে সামনে এনে ব্যঞ্জনবর্ণের চার্ট দেখিয়ে পড়তে বলবেন।
- শিক্ষার্থীদের আটটি দলে ভাগ করে প্রতি দলে বর্ণের কার্ড সরবরাহ করবেন। এবার প্রতি দুই দলে প্রতিযে-াগিতার ব্যবস্থা করবেন। একদল একটি বর্ণকার্ড দেখাবেন অন্যদল সঠিক বর্ণ ও বর্ণের উচ্চারণ করবেন। এভাবে আটটি দল পরস্পর পরস্পরের মধ্যে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- শিক্ষার্থীদের চারটি দলে ভাগ করে প্রতিদলে স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের একটি করে সেট সরবরাহ করবেন। শিক্ষার্থীদের বর্ণগুলোর পর্যায়ক্রমে সাজিয়ে নিতে বলবেন ও পড়তে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের জোড়া গঠন করে প্রতি জোড়ায় একটি করে বর্ণের চার্ট সরবরাহ করবেন। বর্ণের চার্টে খালি ঘরের সঠিক বর্ণগুলো খুঁজে বের করতে বলবেন
- শিক্ষার্থীরা কাজগুলি যথাযথভাবে করতে পেরেছে কিনা তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।

# পাঠ - ৬

# আয় দেখে যা নাচ

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ চিত্র অথবা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয়বস্তু বুঝতে পারা এবং আনন্দ লাভ করতে পারা।

৮.১ চিত্র/ছবি সম্বলিত বা চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৪
**পিরিয়ড বিভাজন:**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | আয় দেখে যা নাচ (পুরো ছড়া) |
| পিরিয়ড-২ | গাঙের পানি থেকে কলকলায় |
| পিরিয়ড-৩ | গাঙের ইলিশ থেকে যা নাচ |
| পিরিয়ড-৪ | পুনরালোচনা |

## পিরিয়ড - ১৯

### বিষয়বস্তু: আয় দেখে যা নাচ (পুরো ছড়া)

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছড়া শুনে আনন্দের সাথে নিজেদের মতো করে বলতে পারবে।
- ছড়া কবিতা, গল্প ও রূপকথা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- স্পষ্ট ও প্রমিত উচ্চারণে ছড়া বলতে পারবে।

**উপকরণ:** পাঠ্যবই / পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল :** প্রদর্শন, উপস্থাপন, জোড়ায় কাজ, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন। শিক্ষক শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন গাঙ তারা চিনে কিনা? গাঙে তারা কখনো গিয়েছে কিনা? ২/৩ জন থেকে অভিজ্ঞতা শুনবেন।
- এরপর জানতে চাইবেন গাঙে কী থাকে? শিক্ষার্থীরা না পারলে শিক্ষক বলবেন গাঙে পানি থাকে। শিক্ষক বলবেন, গাঙের পানি কেমন থাকে।

- এরপর শিক্ষক আমার বাংলা বইয়ের শিক্ষার্থীদের নির্ধারিত পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের ছবি ভালোভাবে দেখতে বলবেন। এরপর জানতে চাইবেন ছবিতে কী কী দেখা যাচ্ছে? শিক্ষার্থীরা না পারলে শিক্ষক বলে দিবেন।
- শিক্ষক এবার ছন্দের তালে তালে ছড়াটি কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে ছড়াটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক ছন্দের তালে তালে ছড়াটি কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীদের শিক্ষকের সাথে সাথে আবৃত্তি করতে বলবেন। শিক্ষার্থী ছড়াটি বলতে পারবে কিনা জানতে চাইবেন।
- কয়েকজন শিক্ষার্থীকে সামনে ডেকে ছড়া ছন্দের তালে তালে আবৃত্তি করতে বলবেন। অন্য শিক্ষার্থীরাও সাথে সাথে আবৃত্তি করবেন। সবাই ঠিকমতো অংশগ্রহণ করছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- সবশেষে শিক্ষক আজকের পাঠের সারসংক্ষেপ শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন। সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে শিক্ষক পাঠ সমাপ্তি ঘোষণা করবেন।

# পিরিয়ড - ২০

## বিষয়বস্তু: গাঙের পানি থেকে কলকলায়

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছড়া শুনে আনন্দের সাথে নিজেদের মতো করে বলতে পারবে।
- স্পষ্ট ও প্রমিত উচ্চারণে ছড়া বলতে পারবে।

**উপকরণ:** পাঠ্যবই / পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, উপস্থাপন, জোড়ায় কাজ, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক আমার বাংলা বইয়ের ১৬ পৃষ্ঠা খুলবেন এবং শিক্ষার্থীদের খুলতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের সাথে ১৬ পৃষ্ঠার ছবি নিয়ে আলোচনা করবেন।
- এরপর শিক্ষক ছড়াটি অভিনয় সহ ছন্দের তালে তালে আবৃত্তি করবেন। শিক্ষার্থীদের তার সাথে আবৃত্তি করতে বলবেন। সবাই ঠিকমতো অংশগ্রহণ করছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক কয়েকজন শিক্ষার্থীকে সামনে ডেকে এনে অভিনয় সহকারে ছড়াটির প্রথম দুই লাইন আবৃত্তি করতে বলবেন। শিক্ষার্থীরা পারলে তাদের প্রশংসা করবেন। শিক্ষার্থীরা অভিনয় সহকারে ছড়ার প্রথম দুই লাইন আবৃত্তি করতে পারে কিনা তা কয়েকজনকে যাচাই করবেন।

- শিক্ষক ১৬পৃষ্ঠার ছড়াটি দেখিয়ে ছবিতে কী কী রয়েছে তা বলতে বলবেন। এরপর শিক্ষক শিক্ষার্থীদের জোড়ায় বসিয়ে দিবেন এবং ছন্দ মিলিয়ে ছড়াটি বলতে বলবেন। যেমন: প্রথমজন ছন্দ মিলিয়ে প্রথম লাইন দ্বিতীয় জন ছন্দ মিলিয়ে পরের লাইন বলবে।
- প্রতি জোড়ায় হাত তালি দিয়ে ছন্দের সাথে ছড়া বলতে উৎসাহিত করবেন এবং শিক্ষার্থীদের প্রশংসা সূচক বাক্য বলবেন। প্রতি জোড়া থেকে ছড়াটি উপস্থাপন করতে বলবেন।
- সবশেষে শিক্ষক আজকের পাঠের সারসংক্ষেপ শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন।

# পিরিয়ড - ২১

## বিষয়বস্তু: গাঙের ইলিশ .................. যা নাচ

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ৪.১.১ ছড়া শুনে আনন্দের সাথে নিজেদের মতো করে বলতে পারবে।
- ৮.১.১ স্পষ্ট ও প্রমিত উচ্চারনে ছড়া বলতে পারবে।

**উপকরণ:** পাঠ্যবই / পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, উপস্থাপন, জোড়ায় কাজ, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন। শিক্ষক আমার বাংলা বইয়ের ১৬ পৃষ্ঠা খুলবেন এবং শিক্ষার্থীদের খুলতে বলবেন।
- এরপর শিক্ষক ছড়াটি অভিনয়সহ ছন্দে ছন্দে তালে তালে আবৃত্তি করবেন। শিক্ষার্থীদের তার সাথে সাথে আবৃত্তি করতে বলবেন। সবাই ঠিকমতো অংশগ্রহণ করছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন। শিক্ষার্থীরা সবাই পারবে কিনা জানতে চাইবেন। না পারলে সহায়তা প্রদান করবেন।
- শিক্ষক নির্ধারিত ছড়ার সাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্যস্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দেরর লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিক্ষক পড়বেন শিশুরা সাতে সাথে পড়বে।
- শিক্ষক শিক্ষার্থীদের ৬-৮ জনের দল মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে ছড়াটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন। যেমন: প্রথমে একজন শিক্ষার্থী নির্ধারিত অংশের ১ম লাইন, পরেরজন ২য় লাইন এরপর ৩য় জন ৩য় লাইন। এভাবে কয়েকবার তাদের ছড়ার অংশটি পড়তে বলবেন।
- অপারগ শিক্ষার্থীদের শিক্ষক সহায়তা করবেন। এরপর সবাইকে আগের মতো পড়তে বলবেন এবং ছড়াটির বিষয়বস্তু বুঝিয়ে দিবেন।

- শিক্ষক সবশেষে শিক্ষার্থীদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন এবং ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন।

# পিরিয়ড - ২২

## বিষয়বস্তু: পুনরালোচনা (সম্পূর্ণ ছড়া)

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছড়া শুনে আনন্দের সাথে নিজেদের মতো করে বলতে পারবে।
- ছড়া বা কবিতা শুনে অন্তমিল শনাক্ত করতে পারবে।
- ছড়া কবিতা, গল্প ও রূপকথা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- স্পষ্ট ও প্রমিত উচ্চারনে ছড়া বলতে পারবে।

**উপকরণ:** পাঠ্যবই / পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, উপস্থাপন, জোড়ায় কাজ, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ যাচাইয়ের কৌশল হিসেবে কিছু বিষয় যাচাই করবেন। যেমন: শিক্ষক ছড়ার প্রথম লাইন থেকে যাবেন শিক্ষার্থীরা পরের চরণ বলবেন। এভাবে পুরো ছড়াটি শিক্ষক আবৃত্তি করবেন সাথে সাথে শিক্ষার্থীর সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে এবং আনন্দ করবে।
- শিক্ষক একটি শব্দ ‘খাতা’ বোর্ডে লিখবেন। এরপর এই শব্দের সাথে মিল আছে এমন একটি শব্দ (যেমন- ছাতা) বলবেন। মিল হলে হাত তুলবে এবং মিল না হলে হাত তুলবে না, এমন নির্দেশনা দিয়ে কয়েকটি শব্দ নিয়ে  মিল-অমিলের খেলা অনুশীলন করাবেন।
- এখন শিক্ষার্থীদের বই থেকে ছড়ার পৃষ্ঠাটি খুলতে বলবেন। শিক্ষার্থীদের এই ছড়ার মধ্যে কোন শব্দের সাথে কোন শব্দের মিল আছে তা খুঁজে বের করতে বলবেন। শিক্ষক কয়েকজনকে শব্দগুলো বলতে বলবেন।
- এরপর শিক্ষক পুরো ছড়াটি শিক্ষার্থীদের দলে আবৃত্তি করতে বলবেন। প্রয়োজনে অপারগ শিক্ষার্থীদের সহ-য়তা প্রদান করবেন।
- এককভাবে ছড়াটি সবাইকে পড়তে দিবেন শিক্ষক ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের ছোটো ছোটো প্রশ্ন করবে। যেমন:
  - ছড়াটিতে কোন মাছের কথা বলা হয়েছে?
  - গাঙ মানে কী?
- শিক্ষার্থীরা সঠিকভাবে প্রশ্নের উত্তর দিতে পারছে কিনা তা যাচাই করবেন।
- শিক্ষক সর্বশেষে শিশুদের উদ্দেশে পাঠের সারসংক্ষেপ বলবেন এবং ধন্যবাদ দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## মূল্যায়নঃ

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৬.০১, ০১.০২.০৬.০২ ও ০১.০২.১২.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ৭

# কারচিহ্ন দিয়ে শব্দ বানাই

এ পাঠটি মূলত প্রথম শ্রেণির বর্ণ পড়া ও লেখার পুনরালোচনা পাঠ। এ পাঠে শিক্ষার্থীরা সঠিক উচ্চারণে বর্ণ পড়তে ও সঠিক আকৃতিতে বর্ণ লিখতে পারবে। এ উদ্দেশ্যে পাঠটি সংযোজন করা হয়েছে। এ পাঠের জন্য শিক্ষাক্রমে সুনির্দিষ্ট কোনো অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল নাই।

**পিরিয়ড সংখ্যা: ০৩**

**পিরিয়ড বিভাজন :**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | কার যোগ করি |
| পিরিয়ড-২ | কার যোগ করে শব্দ বানাই |
| পিরিয়ড-৩ | পুনরালোচনা |

## পিরিয়ড - ২৩

### বিষয়বস্তু: া (কার) যোগ করি

**উপকরণ:** পাঠ্যবই. বর্ণমালা ও কার চিহ্নের চার্ট।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, আলোচনা, প্রশ্ন-উত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- কার চিহ্ন সম্পর্কে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন এবং উত্তর দিতে উৎসাহিত করবেন।
- শিক্ষক বোর্ডে ক লিখবেন এবং তার পাশে কারচিহ্নের চার্টটি টাঙাবেন। নির্দেশক লাঠি দিয়ে ক এর সাথে কারচিহ্নগুলো যুক্ত করে পড়বেন। শিক্ষার্থীদের মনে করিয়ে দিবেন এই কারচিহ্নগুলো আমরা পূর্বে পড়েছি। এই চিহ্ন বসিয়ে আমরা শব্দ পড়তে ও লিখতে শিখেছি।
- শিক্ষক একজন একজন করে শিক্ষার্থীকে ডাকবেন এবং যে কোনো একটি কারচিহ্ন ও একটি বর্ণ দিয়ে বর্ণের সাথে কারচিহ্ন যোগ করে বলতে ও পড়তে বলবেন। প্লাস্টিকের কারচিহ্নের মডেল এক এক করে দেখিয়ে এক একজন শিক্ষার্থীদের কাছে কারচিহ্নটির নাম জানতে চাইবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বাংলা বইয়ের ১৭ পৃষ্ঠা খুলতে বলবেন। সবাই ঠিকমতো খুলতে পারল কিনা দেখবেন।
- শিক্ষক ১৭ পৃষ্ঠার অনুশীলনের কাজটি কীভাবে করতে হবে তা শিক্ষার্থীদের বুঝিয়ে বলবেন। শিক্ষার্থীরা বুঝল কিনা তা কয়েকজন শিক্ষার্থীকে প্রশ্ন করে জেনে নিবেন। এরপর বইয়ের বর্ণের পাশে নির্দিষ্ট কারচিহ্ন যেমন- ক এর সাথে া কার বসিয়ে লিখতে বলবেন। একইভাবে অনুরূপ কারচিহ্নের সাথে অপরাপর বর্ণ যুক্ত করে

কীভাবে উচ্চাররিত হবে তা বলতে ও লিখতে বলবেন।

- শিক্ষার্থীরা ঠিকমতো পারছে কিনা শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন প্রয়োজনে সহায়তা করবেন। শিক্ষার্থীদের জোড়ায় বিভিন্ন বর্ণের পাশে কার চিহ্ন বসিয়ে শব্দ তৈরিতে সহায়তা করবেন।
- এরপর শিক্ষক খ বর্ণটি বোর্ডে লিখবেন এবং খ এর পাশে ৈ কার চিহ্ন বসালে কি হয় শিক্ষার্থীদের জানতে চাইবেন। শিক্ষার্থীরা উত্তর দিবেন খৈ, এভাবে নতুন নতুন বর্ণের সাথে কার চিহ্ন বসিয়ে শিক্ষার্থীদের নতুন নতুন শব্দ তৈরিতে সহায়তা করবেন।
- এভাবে আরও দুই একটি শব্দ বোর্ডে লিখে কারচিহ্ন বসাতে দিবেন। যেমন শত শব্দের শ এর সাথে ঈ কার দিলে; হয় শীত শম শব্দের শ এর সাথে ই কার দিলে হয় শিখ।
- যেসব শিক্ষার্থী পারবেন শিক্ষক তাদের প্রশংসাসূচক বাক্য বলবেন। অপারগদের সহায়তা প্রদান করবেন। সবশেষে শিক্ষক শিক্ষার্থীদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন।
- সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে শিক্ষক পাঠ সমাপ্তি ঘোষণা করবেন।

# পিরিয়ড - ২৪

## বিষয়বস্তু: কার যোগ করে শব্দ বানাই

**উপকরণ:** কার চিহ্নের চার্ট ও শব্দ কার্ড।
**পদ্ধতি/কৌশল :** প্রদর্শন, আলোচনা, প্রশ্ন-উত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- পূর্ব পাঠের আলোচনার জন্য শিক্ষক শিক্ষার্থীদের মধ্যে থেকে দুই তিন জন শিক্ষার্থীকে সামনে এনে ো (কার) চিহ্নের চার্ট দেখিয়ে পড়তে বলবেন।
- শিক্ষক কিছু বর্ণকার্ডের চার্ট প্রদর্শন করে শিক্ষার্থীদের দেখতে বলবেন। পারগ শিক্ষার্থীদের বর্ণের পাশে ো (কার) চিহ্ন বসিয়ে পড়তে বলবেন। যেমন: ক এর পাশে ো কার এবং অন্য শিক্ষার্থীর শুনতে বলবেন। এভাবে কয়েকজন শিক্ষার্থীদের অন্য বর্ণের পাশে নতুন করে কার চিহ্ন বসিয়ে তা উচ্চারণ করে ো (কার) যোগে শব্দ তৈরি করার অনুশীলন করাবে।
- পাঠ্য বইয়ে প্রদত্ত খালি ঘরের বর্ণের চার্টটি প্রদর্শন করে সকল শিক্ষার্থীদের দেখতে বলবেন।
- শিক্ষার্থীদের দল গঠন করে প্রতি দলে একটি করে চার্ট সরবরাহ করে চার্টের খালি ঘর পূরণ করতে বলবেন এবং ঘুরে ঘুরে দেখবেন। শিক্ষার্থীরা সঠিকভাবে বর্ণের পাশে ৌ (কার) চিহ্ন বসিয়ে শব্দ তৈরি করে খালি ঘরে বসাতে পারছে কি না। না পারলে শিক্ষক সহায়তা প্রদান করবেন।
- এবার শিক্ষার্থীদের তাদের দলীয় কাজ উপস্থাপন করতে বলবেন। শিক্ষার্থীরা কাজগুলো যথাযথ করতে পারছে কিনা তা পর্যবেক্ষণ করবেন প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড - ২৫

## পুনরালোচনা

**উপকরণ:** কারচিহ্নের চার্ট ও শব্দকার্ড ও পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল :** প্রদর্শন, আলোচনা, প্রশ্ন-উত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- পূর্ব পাঠের আলোচনার জন্য শিক্ষক শিক্ষার্থীদের মধ্যে থেকে দুই তিন জন শিক্ষার্থীকে সামনে এনে ি (কার) চিহ্নের চার্ট দেখিয়ে পড়তে বলবেন।
- শিক্ষার্থীদের চারটি দলে ভাগ করে প্রতি দলে া, ি, ী, ু (কার) সরবরাহ করবেন। এবার প্রতিটি দলে বর্ণের পাশে কারচিহ্নগুলো বসিয়ে শব্দ তৈরির প্রতিযোগিতার ব্যবস্থা করবেন। এভাবেই পরস্পর পরস্পরের মধ্যেই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন।
- শিক্ষার্থীদের নতুন করে চারটি দলে ভাগ করে প্রতি দলে বর্ণ ও কারচিহ্নের সেট সরবরাহ করবেন। এরপরে বর্ণের পাশে কারচিহ্নগুলো বসিয়ে অর্থবহ শব্দ তৈরি করতে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে পর্যবেক্ষন করবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের জোড়া গঠন করে প্রতি জোড়ায় পাঠ্য পুস্তকের প্রদর্শিত বর্ণের ছকটি সরবরাহ করবেন। বর্ণের চার্টে বর্ণের পাশে কারচিহ্ন বসিয়ে খালি ঘরে সঠিক শব্দগুলো লিখতে বলবেন।
- শিক্ষার্থীরা কাজগুলো যথাযথভাবে পারছে কিনা তা পর্যবেক্ষণ করবেন প্রয়োজনে সহায়তা করবেন।

# পাঠ - ৮

# দেখে বুঝে কাজ করি

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

১০.১ পরিচিত পরিবেশে ছাপা, হাতের লেখা বা ডিজিটাল ডিজাইনে উপস্থাপিত প্রশ্ন, অনুজ্ঞা (আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ) ও পাঠের অন্তর্ভুক্ত সহজ কথোপকথন ও নির্দেশনা পড়ে বুঝতে পারা।
১৪.২ সম্বোধন ও অনুরোধবাচক শব্দ ও বাক্য লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৪
**পিরিয়ড বিভাজন:**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | ঝুড়িতে ময়লা ফেলি। |
| পিরিয়ড-২ | টয়লেট ব্যবহার করি। |
| পিরিয়ড-৩ | হাত ধুই। পরিচ্ছন্ন থাকি। |
| পিরিয়ড-৪ | জেব্রা ক্রসিং দিয়ে রাস্তা পার হই। মিলেমিশে থাকি। |

## পিরিয়ড - ২৬

### বিষয়বস্তু: ঝুড়িতে ময়লা ফেলি

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে।
- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা নির্দেশক পড়ে অনুসর করতে পারবে।
- সহজ অনুরোধমূলক বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, শক্ত কাগজ, আঠা, মার্কার, সাদা কাগজ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, আলোচনা, প্রশ্ন উত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।

- শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন।
  - বাড়িতে কিংবা বিদ্যালয়ে তোমরা কোথায় ময়লা ফেলো?

  শিক্ষার্থীদের উত্তর শুনবেন। সঠিক উত্তর দিতে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ছবিটি বা একই ধরনের অন্য ছবি প্রজেক্টরে বা পোস্টারে দেখাবেন। এবার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, এটি কী? শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা করে সঠিক উত্তর দিতে সাহায্য করবেন। এবার শিক্ষক নিজেই বলবেন এটি একটি সংকেত।
- শিক্ষক জিজ্ঞাসা করবেন, এই সংকেত দিয়ে কী বুঝানো হচ্ছে? শিক্ষার্থীরা উত্তর দেওয়ার চেষ্টা করবে। কেউ বলতে পারলে তার প্রশংসা করবেন। এবার শিক্ষক পোস্টারে বা প্রজেক্টরে সংকেতের নিচে **ঝুড়িতে ময়লা ফেলি** কথাটি লিখে প্রদর্শন করবেন। এবার শিক্ষক আবার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, এটি কীসের সংকেত? প্রত্যেক শিক্ষার্থীকে সংকেত ও নির্দেশনা একত্র করে সংকেতের উদ্দেশ্য শনাক্ত করতে সহায়তা করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, আচ্ছা! এই সংকেতটি কেউ কোথাও দেখেছ? শিক্ষার্থীদের কিছু সময় ভাবতে সময় দিয়ে বলতে বলুন। শিক্ষার্থীদের উত্তর শুনুন।
- এবার শিক্ষক, পোস্টারে বা প্রজেক্টরে এই সংকেত সম্বলিত কিছু ছবি প্রদর্শন করবেন। যেমন: পার্কে, স্কুলে, স্টেশনে, শহরের সড়কের পাশে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের কয়েকজন মিলে একেকটি দল গঠন করে দিবেন। এবার প্রতি দলে শক্ত কাগজ, আঠা, সাদা কাগজ ও মার্কার সরবরাহ করবেন। শিক্ষার্থীদের একটি ময়লার বাক্স তৈরি ও ময়লার বাক্স ব্যবহারের একটি সংকেত আঁকতে বলবেন। শিক্ষার্থীরা বাক্স বানিয়ে ক্লাসের এক পাশে রাখবে এবং পাশে সংকেতটি লাগিয়ে দিবে।
- এবার শিক্ষক সংকেত অনুসরণ করে বাক্সে ময়লা ফেলার অনুশীলন করাবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের **"ঝুড়িতে ময়লা ফেলি"** অংশটুকু পড়তে দিবেন। কয়েকজনের কাছ থেকে পাঠ শুনবেন।
- শিক্ষক আজকের পাঠের বিষয়বস্তু ও সারসংক্ষেপ শিক্ষার্থীদের বলবেন এবং ধন্যবাদ জানিয়ে পাঠ সমাপ্ত করবেন।

# পিরিয়ড - ২৭

## বিষয়বস্তু: টয়লেট ব্যবহার করি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে।
- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা নির্দেশক পড়ে অনুসর করতে পারবে।
- সহজ অনুরোধমূলক বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, সাদা শক্ত কাগজ, মার্কার।

**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, আলোচনা, প্রশ্নউত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের সামনে **টয়লেট ব্যবহার করি** সংকেতটি পোস্টারে বা প্রজেক্টরে প্রদর্শন করবেন। এবার শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, তোমরা কে কে এই সংকেতটি দেখেছো? শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতার আলোকে উত্তর দিবে। শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা করে সঠিক উত্তর দিতে সাহায্য করবেন।
- শিক্ষক জিজ্ঞাসা করবেন, এই সংকেত দিয়ে কী বুঝানো হচ্ছে? শিক্ষার্থীরা উত্তর দেওয়ার চেষ্টা করবে। কেউ বলতে পারলে তার প্রশংসা করবেন। এবার শিক্ষক পোস্টারে বা প্রজেক্টরে সংকেতের নিচে **টয়লেট ব্যবহার করি** কথাটি লিখে প্রদর্শন করবেন। এবার শিক্ষক আবার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, এটি কীসের সংকেত? প্রত্যেক শিক্ষার্থীকে সংকেত ও নির্দেশনা একত্র করে সংকেতের উদ্দেশ্য শনাক্ত করতে সহায়তা করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, আচ্ছা! এই সংকেতটি কেউ কোথাও দেখেছ? শিক্ষার্থীদের কিছু সময় ভাবতে সময় দিয়ে বলতে বলুন। শিক্ষার্থীদের উত্তর শুনুন।
- এবার শিক্ষক, পোস্টারে বা প্রজেক্টরে এই সংকেত সম্বলিত কিছু ছবি প্রদর্শন করবেন। যেমন: পার্কে, স্কুলে, স্টেশনে, শহরের সড়কের পাশে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের কয়েকজন মিলে একেকটি দল গঠন করে দিবেন। এবার প্রতি দলে শক্ত কাগজ, আঠা, সাদা কাগজ ও মার্কার সরবরাহ করবেন। শিক্ষার্থীদের **টয়লেট ব্যবহার করি** একটি সংকেত আঁকতে বলবেন। শিক্ষার্থীরা সংকেতটি এঁকে প্রদর্শন করবে।
- এবার শিক্ষক ছেলে চিহ্নিত একটি সংকেত একপাশে ঝুলিয়ে বা সেঁটে দিবেন। অন্যপাশে মেয়ে চিহ্নিত একটি সংকেত ঝুলিয়ে বা সেঁটে দিবেন। এবার শিক্ষক ছেলে ও মেয়েদের একত্রে সামনে আসতে বলবেন। এবার সংকেত দেখে ছেলে এবং মেয়েকে নির্দিষ্ট টয়লেট সাইনের পাশে এসে দাঁড়াতে বলবেন।
- সবার দাঁড়ানো দেখে শিক্ষক প্রদর্শিত ছবি থেকে কী বোঝা যায় সে সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান করবেন (যেমন: ছবিতে দৃশ্যমান একজন পুরুষ ও একজন মহিলার ছবি দেখা যায়)। এক্ষেত্রে টয়লেটের দরজায় পুরুষের ছবি থাকলে বুঝতে হবে এটা পুরুষ ব্যবহার করবেন। এবং টয়লেটের দরজায় মহিলার ছবি থাকলে বুঝতে হবে এটা মহিলা ব্যবহার করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের **টয়লেট ব্যবহার করি** অংশটুকু পড়তে দিবেন। কয়েকজনের কাছ থেকে পাঠ শুনবেন।
- শিক্ষক আজকের পাঠের বিষয়বস্তু ও সারসংক্ষেপ শিক্ষার্থীদের বলবেন এবং ধন্যবাদ জানিয়ে পাঠ সমাপ্ত করবেন।

# পিরিয়ড - ২৮

## বিষয়বস্তু: হাত ধুই। পরিচ্ছন্ন থাকি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে।
- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা নির্দেশক পড়ে অনুসর করতে পারবে।
- সহজ অনুরোধমূলক বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, শক্ত কাগজ, আঠা, মার্কার, সাদা কাগজ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, আলোচনা, প্রশ্নউত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন-
    - তোমরা কখন কখন এবং কীভাবে হাত ধোও? শিক্ষার্থীদের উত্তর শুনবেন। উত্তর বলতে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ছবিটি বা একই ধরনের অন্য ছবি প্রজেক্টরে বা পোস্টারে দেখাবেন। এবার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, এটি কী? শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা করে সঠিক উত্তর দিতে সাহায্য করবেন। এবার শিক্ষক নিজেই বলবেন এটি একটি সংকেত।
- শিক্ষক জিজ্ঞাসা করবেন, এই সংকেত দিয়ে কী বুঝানো হচ্ছে? শিক্ষার্থীরা উত্তর দেওয়ার চেষ্টা করবে। কেউ বলতে পারলে তার প্রশংসা করবেন। এবার শিক্ষক পোস্টারে বা প্রজেক্টরে সংকেতের নিচে **হাত ধুই। পরিচ্ছন্ন থাকি।** কথাটি লিখে প্রদর্শন করবেন। এবার শিক্ষক আবার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, এটি কীসের সংকেত? প্রত্যেক শিক্ষার্থীকে সংকেত ও নির্দেশনা একত্র করে সংকেতের উদ্দেশ্য শনাক্ত করতে সহায়তা করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, আচ্ছা! এই সংকেতটি কেউ কোথাও দেখেছ? শিক্ষার্থীদের কিছু সময় ভাবতে সময় দিয়ে বলতে বলুন। শিক্ষার্থীদের উত্তর শুনুন।
- এবার শিক্ষক, পোস্টারে বা প্রজেক্টরে এই সংকেত সম্বলিত কিছু ছবি প্রদর্শন করবেন। যেমন: টয়লেটের সামনে, বেসিনের সামনে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের কয়েকজন মিলে একেকটি দল গঠন করে দিবেন। এবার প্রতি দলে শক্ত কাগজ, আঠা, সাদা কাগজ ও মার্কার সরবরাহ করবেন। শিক্ষার্থীদের **হাত ধুই। পরিচ্ছন্ন থাকি।** একটি সংকেত আঁকতে বলবেন। শিক্ষার্থীরা **হাত ধুই। পরিচ্ছন্ন থাকি।** সংকেতটি এঁকে স্কুলের বেসিনের পাশে লাগিয়ে দিবে।
- এবার শিক্ষক সংকেত অনুসরণ করে হাত ধোয়ার অনুশীলন করাবেন।

- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের **"হাত ধুই। পরিচ্ছন্ন থাকি"**। অংশটুকু পড়তে দিবেন। কয়েকজনের কাছ থেকে পাঠ শুনবেন।
- শিক্ষক আজকের পাঠের বিষয়বস্তু ও সারসংক্ষেপ শিক্ষার্থীদের বলবেন এবং ধন্যবাদ জানিয়ে পাঠ সমাপ্ত করবেন।

# পিরিয়ড - ২৯

## বিষয়বস্তু: জেব্রা ক্রসিং দিয়ে রাস্তা পার হই।

## মিলে মিশে থাকি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে।
- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা নির্দেশক পড়ে অনুসর করতে পারবে।
- সহজ অনুরোধমূলক বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, আলোচনা, প্রশ্ন উত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন-
  - তোমরা কখনো রাস্তা পার হয়েছে কিনা? কীভাবে রাস্তা পার হয়েছে বা হও? শিক্ষার্থীদের উত্তর শুনবেন। উত্তর বলতে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ছবিটি বা একই ধরনের অন্য ছবি প্রজেক্টরে বা পোস্টারে দেখাবেন। এবার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, এটি কী? শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা করে সঠিক উত্তর দিতে সাহায্য করবেন। এবার শিক্ষক নিজেই বলবেন এটি একটি সংকেত।
- শিক্ষক জিজ্ঞাসা করবেন, এই সংকেত দিয়ে কী বুঝানো হচ্ছে? শিক্ষার্থীরা উত্তর দেওয়ার চেষ্টা করবে। কেউ বলতে পারলে তার প্রশংসা করবেন। এবার শিক্ষক পোস্টারে বা প্রজেক্টরে সংকেতের নিচে **জেব্রা ক্রসিং দিয়ে রাস্তা পার হই।** কথাটি লিখে প্রদর্শন করবেন। এবার শিক্ষক আবার শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, এটি কীসের সংকেত? প্রত্যেক শিক্ষার্থীকে সংকেত ও নির্দেশনা একত্র করে সংকেতের উদ্দেশ্য শনাক্ত করতে সহায়তা করবেন।
- এবার শিক্ষক মিলেমিশে থাকি। সংকেতটি এবার শিক্ষক **মিলেমিশে থাকি।** সংকেতটি প্রদর্শন করবেন। শিক্ষার্থীদেরকে সংকেতের উদ্দেশ্য জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতায় উত্তর দিবে। এবার শিক্ষক নিজেই বলবেন, এই সংকেতের অর্থ হলো মিলেমিশে থাকা, ঝগড়া না করা। সবাই সবাইকে সহায়তা করা। ইত্যাদি।

- এবার শিক্ষক শিক্ষার্থীদের **জেব্রা ক্রসিং দিয়ে রাস্তা পার হই।** সংকেতটি দেখিয়ে জিজ্ঞাসা করবেন, আচ্ছা! এই সংকেতটি কেউ কোথাও দেখেছ? শিক্ষার্থীদের কিছু সময় ভাবতে সময় দিয়ে বলতে বলুন। শিক্ষার্থীদের উত্তর শুনুন।
- এবার শিক্ষক, পোস্টারে বা প্রজেক্টরে এই সংকেত সম্বলিত কিছু ছবি প্রদর্শন করবেন। যেমন: শহরের জেব্রা ক্রসিং, স্কুলের সামনে স্পিডব্রেকারের উপর দেওয়া সাদা-কালো দাগ, সড়কের পাশে ঝুলোনো **জেব্রা ক্রসিং** সংবলিত বোর্ড।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের কয়েকজন মিলে একেকটি দল গঠন করে দিবেন। এবার প্রতি দলে শক্ত কাগজ, আঠা, সাদা কাগজ ও মার্কার সরবরাহ করবেন। শিক্ষার্থীদের **জেব্রা ক্রসিং দিয়ে রাস্তা পার হই।** এর একটি করে সংকেত আঁকতে বলবেন। শিক্ষার্থীরা **জেব্রা ক্রসিং দিয়ে রাস্তা পার হই।** সংকেতটি এঁকে স্কুলের সামনের রাস্তার পাশে লাগিয়ে দিবে। এক্ষেত্রে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা করবেন।
- এবার শিক্ষক সংকেত অনুসরণ করে রাস্তা পার হওয়ার অনুশীলন করাবেন। এক্ষেত্রে শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা নির্দিষ্ট জেব্রা ক্রসিং বা নিজেদের ধরে নেওয়া জেব্রা ক্রসিং অনুসরণ করে রাস্তা পার হওয়ার অনুশীলন করবে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের **জেব্রা ক্রসিং দিয়ে রাস্তা পার হই।** অংশটুকু পড়তে দিবেন। কয়েকজনের কাছ থেকে পাঠ শুনবেন।
- শিক্ষক আজকের পাঠের বিষয়বস্তু ও সারসংক্ষেপ শিক্ষার্থীদের বলবেন এবং ধন্যবাদ জানিয়ে পাঠ সমাপ্ত করবেন।

**মূল্যায়ন:**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.১৫.০১ ও ০১.০২.২২.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ৯

# যুক্তবর্ণ শিখি

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.২ প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
৫.১ শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।
৯.১ কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট শুদ্ধ উচ্চারণে পড়ে বুঝতে পারা।
৯.২ বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন-দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
১৩.১ যুক্তবর্ণ, নির্বাচিত ফলা চিহ্নযোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিকভাবে লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা: ০৪**
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | ফাল্গুনে অনেক .. . স্কুল খুলেছে। |
| পিরিয়ড-২ | রাজু ও মিতু........ . পছন্দ করে। |
| পিরিয়ড-৩ | ছুটির ঘণ্টা .......... অনেক গাড়ি। |
| পিরিয়ড-৪ | সবাই মিলে .. . পরিষ্কার করি। |

## পিরিয়ড - ৩০

**বিষয়বস্তু: ফাল্গুনে অনেক-----------স্কুল খুলছে।**

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বলতে পারবে।
- শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।
- পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙে লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যবই, লেখা অনুচ্ছেদ
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- এ পাঠে অনুকূল পরিবেশ তৈরির জন্য শিক্ষক ফাল্গুনের কবিতাটি আবৃত্তি করতে পারেন বা এ জাতীয় কোনো কবিতা আবৃত্তি করতে পারেন।

| | |
|---|---|
| পলাশ শিমুল জোড় বেঁধেছে<br>ফাগুন এলো ধরায়<br>বউ কথা কও গান ধরেছে<br>করছে সুরের বড়ায়। | হলুদ হিমুর বেশ ছেলেদের<br>নীলের রূপা নয়<br>রং বেরঙের বেশ রমণীর<br>ফুলও শোভা পাই। |

- কবিতা আবৃত্তির পর প্রশ্ন করবেন– এখানে কোন সময়কে নিয়ে কথা বলা হয়েছে? শিক্ষার্থীদের নিকট থেকে উত্তর আসার পর শিক্ষক বলবেন 'ফাল্গুন' নিয়ে আজ আমরা পাঠ শুরু করব। এই বলে মুখে মুখে উচ্চারণ করবেন 'ফাল্গুনে অনেক ফুল ফোটে'।
- শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে এ বাক্যটি বলার অনুশীলন করাবেন এবং শিক্ষার্থীদের দ্বারা বলাবেন।
- শিক্ষক বাক্যকার্ডে 'ফাল্গুনে অনেক ফুল ফোটে' বাক্যটি বোর্ডে লাগিয়ে/পাঠ্যবই থেকে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন।
- পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। পড়া চলাকালীন শিক্ষক ফাল্গুন লেখ শব্দ কার্ডটি বোর্ডে স্থাপন করে দিবেন এবং মুখে উচ্চারণ করবেন। শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন।
- এবার 'ল্গ' যুক্ত বর্ণে কোন কোন বর্ণ আছে তা শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন। পারগ শিক্ষার্থীদের হাত তুলতে বলবেন এবং তাদের মধ্য থেকে দুই একজনকে বলতে বলবেন।
- পাঠ্য বইয়ে প্রদত্ত বিন্যাস অনুসরণ করে শিক্ষকের তৈরি বর্ণকার্ড বোর্ডে স্থাপন করবেন এবং 'ল্গ' যুক্তবর্ণটি থেকে 'ল' ও 'গ' শনাক্ত করবেন এবং শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করবেন।
- এবার শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'ল্গ' যুক্তবর্ণ দিয়ে ফাল্গুন ছাড়া আর কোনো শব্দ বলতে পারে কিনা। শিক্ষার্থীদের বলা শব্দ শিক্ষক বোর্ডে লিখবেন। (যেমন- বল্গা)।
- শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করতে বলবেন। শিক্ষার্থীদের বলা বা লেখা বাক্যগুলো বলতে বা পড়তে বলবেন।
- শিক্ষক এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে নিম্নরূপ **ল্গ** যুক্তবর্ণ সম্বলিত শব্দ থাকে।

> আমাদের দেশে বল্গা হরিণ নেই। এরা থাকে বরফ পড়ে এমন জায়গায়। তাই বলে ভল্গা নদীতে বল্গা হরিণ পাওয়া যায় না।

- এই অনুচ্ছেদটি একটি পোস্টার পেপারে লিকে বোর্ডে ঝুলিয়ে দিয়ে সকল শিক্ষার্থীকে নিরবে পড়তে বলবেন এবং এ অনুচ্ছেদে যে সকল যুক্তবর্ণ আছে তা শনাক্ত করে বানান করে পড়তে বলবেন। না পারলে নিজে বা পারগ শিক্ষার্থীদের সহায়তা করবেন।

- শিক্ষক এবার পাঠের দ্বিতীয় বাক্য শুরু করার আগে একটি গানের দুই কলি শুনিয়ে পাঠ শুরু করতে পারেন। যমন- ইস্কুল খুইলাছেরে মাওলায় স্কুল খুলাছে .....। এবার শিক্ষক স্কুল খুলছে এ বাক্যটি মুখে মুখে বলে বাক্য কার্ডবোর্ডে ঝুলিয়ে বা পাঠ্য থেকে শব্দ নির্দেশ করে পড়াবেন বা পারগ শিক্ষার্থী দ্বারা পড়াবেন।
- স্কুল শব্দটির ওপর জোর দিয়ে কয়েকবার অনুশীলন করাবেন এবং পূর্বের প্রক্রিয়া অনুসরণ করে 'স্ক' যুক্তবর্ণটি থেকে বর্ণ দুটি আলাদা করবেন।
- শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'স্ক' যুক্তবর্ণ দিয়ে স্কুল ছাড়া আর কোনো শব্দ বলতে পারবে কিনা। বিষয়টি নিয়ে দলে আলোচনা করতে বলবেন। শব্দগুলি বোর্ডে লিখবেন। প্রয়োজনে (যেমন- বিস্কুট) উদাহরণটি দিবেন।
- শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন ও শিক্ষার্থীদের নিজ খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থীদের বলা বা লেখা বাক্যগুলো বলতে বা পড়তে বলবেন।
- শিক্ষক আগের মতো এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে 'স্ক' যুক্তবর্ণ সম্বলিত শব্দ থাকে। এবার অনুচ্ছেদ বোর্ডে ঝুলিয়ে দিয়ে সকল শিক্ষার্থীকে নিরবে পড়তে বলবেন এবং এ অনুচ্ছেদে যে সকল যুক্তবর্ণ আছে তা শনাক্ত করে বানান করে পড়তে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে যুক্তবর্ণ লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সকলকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

## পিরিয়ড - ৩১

### বিষয়বস্তু: রাজু ও মিতু ... পছন্দ করে।

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ১.২.১ যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- ৫.১.২ যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বলতে পারবে।
- ৯.১.১ শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- ৯.২.১ প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।
- ১৩.১.৩ পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙে লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যবই, লেখা অনুচ্ছেদ।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা একাকী চিন্তা,দলে আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পূর্বের পাঠের জ্ঞান যাচাইয়ের জন্য শিক্ষার্থীদের পাঠ্যবই থেকে পড়তে দিবেন এবং দুই একজনকে লিখতে দিবেন।
- এ পাঠে অনুকূল পরিবেশ তৈরির জন্য শিক্ষক **বন্ধু** শব্দ দিয়ে একটি গান পরিবেশন করতে পারেন বা শিক্ষার্থীদের দিয়ে গাওয়াতে পারেন। যেমনঃ

  সুমন, রাজেন, মোহন  
  বন্ধু আমরা তিনজন  
  ভালবাসার জিঞ্জিরে বাঁধা  
  আমাদের জীবন

- গান পরিবেশনের পর প্রশ্ন করবেন– এখানে কী নিয়ে গান গাওয়া হয়েছে। শিক্ষার্থীদের নিকট থেকে উত্তর আসার পর শিক্ষক বলবেন 'বন্ধু' নিয়ে আজ আমরা পাঠ শুরু করব। এই বলে মুখে মুখে উচ্চারণ করবেন 'রাজু ও মিতু বন্ধু'।
- শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে এ বাক্যটি বলার অনুশীলন করাবেন এবং শিক্ষার্থীদের দ্বারা বলাবেন।
- শিক্ষক বাক্যকার্ডে 'রাজু ও মিতু বন্ধু' বাক্যটি বোর্ডে লাগিয়ে/ পাঠ্যবই থেকে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন।
- পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। পড়া চলাকালীন শিক্ষক বন্ধু লিখে শব্দ কার্ডটি বোর্ডে স্থাপন করে দিবেন এবং মুখে উচ্চারণ করবেন। শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন।
- এবার 'বন্ধু' যুক্তবর্ণে কোন কোন বর্ণ আছে তা শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন। পারগ শিক্ষার্থীদের হাত তুলতে বলবেন এবং তাদের মধ্য থেকে দুই এক জনকে বলতে বলবেন।

- পাঠ্যবইয়ে প্রদত্ত বিন্যাস অনুসরণ করে শিক্ষকের তৈরি বর্ণকার্ড বোর্ডে স্থাপন করবেন এবং 'বন্ধু' যুক্তবর্ণ থেকে 'ন' ও 'ধ' শনাক্ত করবেন এবং শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করাবেন।
- এবার শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'ন্ধ' যুক্তবর্ণ দিয়ে বন্ধু ছাড়া আর কোনো শব্দ বলতে পারে কিনা? বিষয়টি নিয়ে দলে আলোচনা করতে বলবেন। শিক্ষার্থীদের বলা শব্দ বোর্ডে লিখবেন। (যেমন- অন্ধকার, বন্ধন, অন্ধ ইত্যাদি)।
- শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করতে বলবেন। শিক্ষার্থীদের বলা বা লেখা বাক্যগুলো বলতে বা পড়তে বলবেন।
- শিক্ষক এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে (ল্প,স্ক ও ন্ধ) যুক্তবর্ণ সম্বলিত শব্দ থাকে। এবার অনুচ্ছেদ বোর্ডে ঝুলিয়ে দিয়ে সকল শিক্ষার্থীকে নীরবে পড়তে বলবেন এবং এ অনুচ্ছেদে যে সকল যুক্তবর্ণ আছে তা শনাক্ত করে বানান করে পড়তে বলবেন। না পারলে নিজে বা পারগ শিক্ষার্থীদের সহায়তা করবেন।
- শিক্ষক এবার পাঠের দ্বিতীয় বাক্য শুরু করার জন্য বিষয়বস্তু অনুসারে একটি ছবি দেখিয়ে পাঠ শুরু করবেন। (একটি মেয়ে খেলা করছে এমন ছবি)

- শিক্ষক 'তিথি খেলতে পছন্দ করে'– এ বাক্যটি মুখে মুখে বলে বাক্যকার্ড বোর্ডে ঝুলিয়ে শব্দ নির্দেশ করে পড়াবেন বা পারগ শিক্ষার্থী দ্বারা পড়াবেন।
- 'পছন্দ' শব্দটি ওপর জোর দিয়ে কয়েকবার পড়া অনুশীলন করাবেন এবং পূর্বের প্রক্রিয়া অনুসরণ করে **ন্দ** যুক্তবর্ণ থেকে বর্ণ দুটি আলাদা করবেন। এবার শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'ন্দ' যুক্তবর্ণ দিয়ে **পছন্দ** শব্দ ছাড়া আর কোনো শব্দ বলতে পারবে কিনা। (যেমন- আনন্দ,মন্দ, বিন্দু)।
- শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করতে বলবেন। শিক্ষার্থীদের বলা বা লেখা বাক্যগুলো বলতে বা পড়তে বলবেন।
- শিক্ষক এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে **ল্ল, স্ক** ও **ন্দ** যুক্তবর্ণ সম্বলিত শব্দ থাকে। এবার অনুচ্ছেদ বোর্ডে ঝুলিয়ে দিয়ে সকল শিক্ষার্থীকে নীরবে পড়তে বলবেন এবং এ অনুচ্ছেদে যে সকল যুক্তবর্ণ আছে তা শনাক্ত করে বানান করে পড়তে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে যুক্তবর্ণ লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- আজকের পাঠ শিক্ষার্থীরা কতটুকু আয়ত্ত করতে পেরেছে তা পরিমাপের জন্য নিচের রুব্রিক্সভিত্তিক প্রত্যেক শিক্ষার্থীকে পরিমাপ করবেন এবং রেকর্ড সংরক্ষণ করবেন।

## পিরিয়ড - ৩২

### বিষয়বস্তু: ছুটির ঘণ্টা ................ অনেক গাড়ি।

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙ্গে ধ্বনি বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ সহযোগে গঠিত শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড,বাক্যকার্ড, পাঠ্যবই, লেখা অনুচ্ছেদ।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পূর্বজ্ঞান যাচাইয়ের জন্য শিক্ষার্থীদের পাঠ্যবই থেকে পড়তে দিবেন এবং দুই একজনকে লিখতে দিবেন।
- এ পাঠে অনুকূল পরিবেশ তৈরির জন্য শিক্ষক বন্ধু শব্দ দিয়ে একটি গান পরিবেশন করতে পারেন বা শিক্ষার্থীদের দিয়ে গাওয়াতে পারেন। যেমন:

  কখন ছুটি হবে,
  কখন বাড়ি যাব,
  নীল আকাশে সবুজ ঘাসে খুশিতে হারাব

- গান পরিবেশনের পর প্রশ্ন করবেন- এটি একটি সিনেমার গান। তোমরা কি কেউ বলতে পারো এটি কোন সিনেমার গান? শিক্ষার্থীদের দলে আলোচনা করে বলতে বলবেন। শিক্ষার্থীদের নিকট থেকে উত্তর আসার পর শিক্ষক বলবেন হ্যাঁ এটি **ছুটির ঘণ্টা** সিনেমার গান। আজ আমরা ঘণ্টা নিয়ে পাঠ শুরু করব। এই বলে মুখে মুখে উচ্চারণ করবেন 'ছুটির ঘণ্টা বাজল'।
- শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে এ বাক্যটি বলার অনুশীলন করাবেন এবং শিক্ষার্থীদের দ্বারা বলাবেন। শিক্ষক বাক্য কার্ডে 'ছুটির ঘণ্টা বাজল' বাক্যটি বোর্ডে লাগিয়ে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন।
- এবার পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। পড়া চলাকালীন শিক্ষক **ঘণ্টা** লেখা শব্দকার্ডটি বোর্ডে স্থাপন করে দিবেন এবং মুখে উচ্চারণ করবেন। শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন। এবার 'ঘণ্টা' যুক্ত বর্ণে কোন কোন বর্ণ আছে তা শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন। পারগ শিক্ষার্থীদের হাত তুলতে বলবেন এবং তাদের মধ্য থেকে দুই একজনকে বলতে বলবেন।
- পাঠ্যবইয়ে প্রদত্ত বিন্যাস অনুসরণ করে শিক্ষকের তৈরি বর্ণ কার্ড বোর্ডে স্থাপন করবেন এবং 'ঘন্টা' যুক্তবর্ণটি থেকে 'ণ' ও 'ট' শনাক্ত করবেন এবং শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করাবেন। এবার শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'ণ্ট' যুক্তবর্ণ দিয়ে **ঘণ্টা** ছাড়া আর কোনো শব্দ বলতে পারে কিনা। (যেমন- বণ্টন ইত্যাদি)।
- শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করতে বলবেন। শিক্ষার্থীদের বলা বাক্যগুলো শিক্ষক বোর্ডে লিখবেন এবং শিক্ষাথীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে ল্প, স্ক, ন্ধ ও ণ্ট – যুক্তবর্ণ সম্বলিত শব্দ থাকে। এবার অনুচ্ছেদ বোর্ডে ঝুলিয়ে দিয়ে সকল শিক্ষার্থীকে নিরবে পড়তে বলবেন এবং এ অনুচ্ছেদে যে সকল যুক্তবর্ণ আছে তা শনাক্ত করে বানান করে পড়তে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক এবার পাঠের দ্বিতীয় বাক্য শুরু করার আগে পাঠ সংশিষ্ট একটি ছবি দেখিয়ে পাঠ শুরু করতে পারেন।
- এবার শিক্ষক 'রাস্তায় অনেক গাড়ি'। এ বাক্যটি মুখে মুখে বলে বাক্য কার্ড বোর্ডে ঝুলিয়ে শব্দ নির্দেশ করে পড়াবেন বা পারগ শিক্ষার্থী দ্বারা পড়াবেন।
- **রাস্তায়** শব্দটির ওপর জোর দিয়ে কয়েকবার অনুশীলন করাবেন এবং পূর্বের প্রক্রিয়া অনুসরণ করে **স্ত** যুক্তবর্ণটি থেকে বর্ণ দুটি আলাদা করে লিখতে বলবেন। এবার শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'স্ত' যুক্তবর্ণ দিয়ে **রাস্তা** ছাড়া আর কোনো শব্দ বলতে পারে কিনা। (যেমন- আস্তা, সমস্ত, ও মস্তক)।

- শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করতে বলবেন। শিক্ষার্থীদের বলা বা লেখা বাক্যগুলো বলতে বা পড়তে বলবেন।
- শিক্ষক এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে ল্প, স্ক, ন্ধ, ন্ট ও স্ত – যুক্তবর্ণ সম্বলিত শব্দ থাকে। এবার অনুচ্ছেদ বোর্ডে ঝুলিয়ে দিয়ে সকল শিক্ষার্থীকে নিরবে পড়তে বলবেন এবং এ অনুচ্ছেদে যে সকল যুক্তবর্ণ আছে তা শনাক্ত করে বানান করে পড়তে বলবেন। না পারলে পারগ শিক্ষার্থীদের সহায়তা করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে যুক্তবর্ণ লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড - ৩৩

## বিষয়বস্তু: সবাই মিলে ....... পরিষ্কার করি।

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙ্গে ধ্বনি বলতে পারবে।
- শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।
- পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙে লিখতে পারবে।
- পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ সহযোগে গঠিত শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যবই, লেখা অনুচ্ছেদ
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পূর্বজ্ঞান যাচাইয়ের জন্য শিক্ষার্থীদের পাঠ্যবই থেকে যুক্তবর্ণ পড়তে দিবেন এবং দুই একজনকে লিখতে দিবেন।
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট একটি ছবি দেখিয়ে একাকী চিন্তা করে দলে আলোচনা করিয়ে ছবির বিষয়বস্তু বলতে দিবেন। (ছবির বিষয়বস্তু হবে শিক্ষার্থীরা বিদ্যালয় আঙ্গিনায় রান্না করছে এমন)। পাঠ ঘোষণা করে শিক্ষক

মুখে মুখে উচ্চারণ করবেন 'সবাই মিলে রান্না করি'।

- শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে এ বাক্যটি বলার অনুশীলন করাবেন এবং শিক্ষার্থীদের দ্বারা বলাবেন।
- শিক্ষক বাক্য কার্ডে 'সবাই মিলে রান্না করি' বাক্যটি বোর্ডে লাগিয়ে বা পাঠ্যবই থেকে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন। এবার পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। পড়া চলাকালীন শিক্ষক **রান্না** লেখা শব্দকার্ডটি বোর্ডে স্থাপন করে দিবেন এবং মুখে উচ্চারণ করবেন। শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন।
- এবার 'রান্না' যুক্তবর্ণে কোন কোন বর্ণ আছে তা শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন। পারগ শিক্ষার্থীদের হাত তুলতে বলবেন এবং তাদের মধ্য থেকে দুই একজনকে বলতে বলবেন।
- পাঠ্যবইয়ে প্রদত্ত বিন্যাস অনুসরণ করে শিক্ষকের তৈরি বর্ণকার্ড বোর্ডে স্থাপন করবেন এবং 'রান্না' যুক্তবর্ণটি থেকে 'ন' ও 'ন' শনাক্ত করবেন এবং শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করাবেন।
- এবার শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'ন্ন' যুক্তবর্ণ দিয়ে রান্না ছাড়া আর কোনো শব্দ বলতে পারে কিনা। (যেমন- অন্ন,অন্ননা)। শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করতে বলবেন। শিক্ষার্থীদের বলা বা লেখা বাক্যগুলো বলতে বা পড়তে বলবেন।
- শিক্ষক এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে **ল্প, ষ্ক, ন্ধ, ন্ট,** ও **ন্ন** – যুক্তবর্ণ সম্বলিত শব্দ থাকে। এবার অনুচ্ছেদ বোর্ডে ঝুলিয়ে দিয়ে সকল শিক্ষার্থীকে নিরবে পড়তে বলবেন এবং এ অনুচ্ছেদে যে সকল যুক্তবর্ণ আছে তা শনাক্ত করে বানান করে পড়তে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি শিক্ষার্থীদের নিয়ে অনুশীলন করবেন।
- শিক্ষক এবার পাঠের দ্বিতীয় বাক্য শুরু করার আগে পাঠ সংশিষ্ট একটি ছবি দেখিয়ে পাঠ শুরু করতে পারেন। এবার শিক্ষক 'বাগান পরিষ্কার করি'। এ বাক্যটি মুখে মুখে বলে বাক্যকার্ড বোর্ডে ঝুলিয়ে শব্দ নির্দেশ করে পড়াবেন বা পারগ শিক্ষার্থী দ্বারা পড়াবেন।
- পরিষ্কার শব্দটির উপর জোর দিয়ে কয়েকবার অনুশীলন করাবেন এবং পূর্বের প্রক্রিয়া অনুসরণ করে **ষ্ক** যুক্তবর্ণটি থেকে বর্ণ দুটি আলাদা করে লিখতে বলবেন।
- এবার শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'ষ্ক' যুক্তবর্ণ দিয়ে পরিষ্কার ছাড়া আর কোনো শব্দ বলতে পারে কিনা। যেমন- পুষ্প, কষ্ট।
- শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করতে বলুন। শিক্ষার্থীদের বলা বা লেখা বাক্যগুলো বলতে বা পড়তে বলবেন।
- শিক্ষক এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে **ল্প, ষ্ক, ন্ধ ন্ট, স্ত, ন্ন, স্ক** – যুক্তবর্ণ সম্বলিত শব্দ থাকে। এবার অনুচ্ছেদ বোর্ডে ঝুলিয়ে দিয়ে সকল শিক্ষার্থীকে নীরবে পড়তে বলবেন এবং এ অনুচ্ছেদে যে সকল যুক্তবর্ণ আছে তা শনাক্ত করে বানান করে পড়তে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন।
- পাশের পৃষ্ঠার ছকটি বোর্ডে লিখে দিবেন এবং শিক্ষার্থীদের খাতায় তুলে সঠিক যুক্তবর্ণগুলো সঠিক ঘরে লিখতে বলবেন। একটি নিজে করে দেখবেন। এরপর শিক্ষার্থীদের লিখতে বলবেন।

| প্রদত্ত শব্দ | সঠিক ঘরে সঠিক যুক্তবর্ণযুক্ত শব্দ লিখি | |
|---|---|---|
| সমস্ত, অন্ধকার, বন্ধন, পছন্দ, পুরস্কার, অন্ধ, আস্তা, আনন্দ, মস্তক | ন+ধ দিয়ে যুক্ত বর্ণ | |
| | স+ত দিয়ে যুক্ত বর্ণ | |
| | ষ+ক দিয়ে যুক্ত বর্ণ | |
| | ন+দ দিয়ে যুক্ত বর্ণ | |

- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- শিক্ষক মূল্যায়ন নির্দেশকের আলোকে পাঠ যাচাই করে ফলাবর্তন প্রদান করবেন ও পুনরায় মূল্যায়ন করবেন।

**মূল্যায়নঃ**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০২.০১, ০১.০২.০৭.০১, ০১.০২.০৭.০২, ০১.০২.১৩.০১, ০১.০২.১৪.০১ ও ০১.০২.১৯.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ১০

# একুশের গান

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা।
৮.১ চিত্র/ছবি সম্বলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।
১২.১ ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্টস্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।
১২.২ ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।
১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৬
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড – ১ | প্রথম থেকে দুই লাইন। |
| পিরিয়ড – ২ | প্রথম থেকে দুই লাইন। |
| পিরিয়ড – ৩ | প্রথম চার লাইন |
| পিরিয়ড – ৪ | প্রথম চার লাইন |
| পিরিয়ড – ৫ | সম্পূর্ণ কবিতা |
| পিরিয়ড – ৬ | সম্পূর্ণ কবিতা |

## পিরিয়ড – ৩৪

### বিষয়বস্তু: একুশের গান (প্রথম দুই লাইন)

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য প্রস্তুতিমূলক কিছু প্রশ্ন করবেন। যেমন:
  - তোমার হাতে কী বই?
  - আমরা কোন দিন শহিদ মিনারে ফুল দিতে যাই?
  - কেন ঐদিন ফুল দেওয়া হয়?
  - সেদিন আমরা কোন গান গাই? ইত্যাদি।
- তাদের স্বাধীনভাবে বলতে বলবেন। শিক্ষক বলবেন, আজকে আমরা **একুশের গান** নিয়ে একটি কবিতা পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং কয়েকজন শিক্ষার্থীকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষক প্রথমে কবিতার বিষয়বস্তু সংক্ষেপে শিক্ষার্থীদের বলবেন। শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক প্রথমে পুরো কবিতাটি স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। পরে আজকের পাঠের প্রথম দুই লাইন নির্দেশ করে কবিতার অংশটি কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। পাঠের বিশেষ শব্দগুলো (**রাঙানো, রক্তে রাঙানো, একুশে** ইত্যাদি) বোর্ডে লিখে দিবেন, শব্দে অর্থ বলে ও লিখে দিবেন।
- শিক্ষার্থী সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক বোর্ডে পূর্বে লেখা শব্দ (**রাঙানো, রক্তে রাঙানো, একুশে**) লিখবেন। শিক্ষক একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন। অতঃপর শিক্ষক বোর্ডে শিক্ষার্থীকে শব্দগুলো নিম্নরূপভাবে নিজ খাতায় লিখে নিতে বলবেন।

| | | |
|---|---|---|
| ভাইয়ের | – | ১।<br>২। |
| রাঙানো | – | ১।<br>২। |
| ফেব্রুয়ারি | – | ১।<br>২। |
| ভুলিতে | – | ১।<br>২। |

- প্রতি বেঞ্চে বসা শিক্ষার্থীদের নিয়ে একটি করে দল গঠন করবেন। প্রথমে দলগতভাবে এবং পরে এককভাবে পড়ার (প্রয়োজনে বানান করে) অনুশীলন করতে বলবেন।
- এরপর শিক্ষার্থীদের দলে আলোচনা করে প্রত্যেক শব্দ দিয়ে খাতায় দুটি করে বাক্য লিখতে বলবেন। প্রয়োজনে নিজে একটি উদাহরণ লিখে দিবেন।

| | | |
|---|---|---|
| নীল | – | ১। নীল রং আমার খুব ভালো লাগে।<br>২। আমার একটি নীল রঙের জামা আছে। |

- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কি না তা পর্যক্ষেণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।
- শিক্ষক মূল্যায়ন নির্দেশকের আলোকে পাঠ যাচাই করে ফলাবর্তন প্রদান করবেন ও পুনরায় মূল্যায়ন করবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন এবং পুনরায় মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ৩৫

## বিষয়বস্তু: একুশের গান (প্রথম দুই লাইন)

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, ভিপ কার্ড, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য আগের দিনের কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - বাংলা ভাষার জন্য কারা রক্ত দিয়েছিলেন?
  - কেন তারা ভাষার জন্য জীবন দিয়েছিলেন?

- এই দিনকে আমরা ভুলব না কেন?

- শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর বলতে বলবেন। এরপর শিক্ষক বলবেন, আমরা **একুশের গান** কবিতার প্রথম দুই লাইন আজও পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং যারা আগের দিন বলার সুযোগ পায়নি তাদের মধ্য থেকে কয়েকজনকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক কবিতার অংশটুকু স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষার্থীদের সাথে নিয়ে কয়েকবার পড়ার অনুশীলন করাবেন। শিক্ষার্থীদের বানান করে কবিতার চরণ পড়তে বলবেন। এ পর্যায়ে কোনো শব্দ ও বাক্য পড়তে অসুবিধা হলে শিক্ষক সহায়তা করবেন।
- পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক বোর্ডে পূর্বে লেখা শব্দ (ফেব্রুয়ারি, **রাঙানো**, **রক্তে রাঙানো**, **একুশে**, **ভুলিতে**) লিখবেন। শিক্ষক একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- এরপর অপর পৃষ্ঠার ভাষিক কাজটি শিক্ষার্থীদের দিয়ে অনুশীলন করাবেন। শিক্ষক কবিতার আজকের পাঠের অংশে ব্যবহৃত প্রত্যেকটি শব্দকার্ডে (ভিপ কার্ডে) আলাদা আলাদা করে লিখে একটি সেট করবেন। ১০টি শব্দের ১০টি কার্ড শিক্ষার্থীদের দেখাবেন। এবার শিক্ষার্থীদের দিয়ে কার্ডগুলো পরস্পর কবিতার অনুরূপে সাজাতে বলবেন। সাজানোর পর বাক্য/চরণ পড়তে বলবেন।
- শিক্ষার্থীদের কবিতার অংশটুকু দেখে দেখে নিজ খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থীদের সহায়তায় একজনের খাতা অন্যজনকে দেখতে দিয়ে মূল্যায়ন করাবেন।
- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কি না তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।

# পিরিয়ড – ৩৬

## বিষয়বস্তু: একুশের গান (প্রথম চার লাইন)

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- ১৬.১.৩ কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য প্রস্তুতিমূলক কিছু প্রশ্ন করবেন।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবিতে নতুর আর কী দেখা যায় তা আলোচনা করতে বলবেন এবং কয়েকজন শিক্ষার্থীকে এ সম্পর্কে বলতে বলবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক আজকের পাঠের নির্ধারিত চার লাইন নির্দেশ করে কবিতাটি কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- অশ্রু শব্দটি লিখে যুক্তব্যঞ্জন বিশ্লেষণ করে দিবেন। অশ্রু শব্দটি [অশ্রু – শ্রু – শ্র – শ + ্র(র ফলা)] বিশ্লেষণ করে দিবেন এবং শিক্ষার্থীদের দিয়ে উচ্চারণ অনুশীলন করাবেন। এ পর্যায়ে কতিপয় শব্দ (যেমন – শ্রুতি, শ্রাবণ, বিশ্রাম শব্দগুলো সঠিক উচ্চারণে বলার অনুশীলন করাবেন)। এই শব্দের অর্থ জানানোর কোনো প্রয়োজন নেই।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। পাঠের বিশেষ শব্দগুলো **(ছেলেহারা, অশ্রু, গড়া, অশ্রু-গড়া,** ইত্যাদি) বোর্ডে লিখে দিবেন, শব্দে অর্থ বলে ও লিখে দিবেন।
- শিক্ষার্থীদের সাথে কয়েকবার আবৃত্তি করবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দলগতভাবে পড়ার প্রক্রিয়া গ্রহণ করবেন। পরে এককভাবে পড়তে দিয়ে (প্রয়োজনে বানান করে) পড়ার অনুশীলন করতে বলবেন। পড়ার এ পর্যায় শিক্ষার্থীদের শব্দের উচ্চারণ, পড়ার গতি ইত্যাদি অনুসরণ করতে সহায়তা করবেন।
- শিক্ষক পাঠের প্রস্তুতি পর্যায়ে যে সকল প্রশ্ন করেছিলেন তা বোর্ডে লিখে দিবেন। শিক্ষার্থীদের বই থেকে উত্তর খুঁজে খাতায় লিখতে বলবেন। লেখা যাচাই করবেন। প্রয়োজনে ফলাবর্তন প্রদান করে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন এবং পুনর্মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ৩৭

## বিষয়বস্তু: একুশের গান (প্রথম চার লাইন)

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।

- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল :** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন এবং শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য প্রস্তুতিমূলক কিছু প্রশ্ন করবেন। যেমন–
- শিক্ষক বলবেন, আজকে আমরা **একুশের গান** কবিতার শেষ চার লাইন আজও পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং যারা আগের দিন বলার সুযোগ পায়নি তাদের মধ্য থেকে কয়েকজনকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক কবিতার অংশটুকু স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে ধরে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষার্থীদের সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক আজকের পাঠটুকু বানান করে পড়তে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন কোন শিক্ষার্থী ডিকোড করে পড়তে পারছে না। তাদের সহায়তা করবেন।
- শিক্ষক বোর্ডে পূর্বে লেখা শব্দ (**আমরা, শহিদ, সম্মান, মিনারে, স্কুলে, জীবন, শহিদদের, ভাষার**) লিখবেন। নিচের বক্সে শূন্যস্থানযুক্ত টেক্সটটিও বোর্ডে লিখে দিবেন। এখন সঠিক শব্দটি শূন্যস্থানে বসিয়ে অনুচ্ছেদটি সম্পূর্ণ করে প্রত্যেককে নিজ নিজ খাতায় লিখতে বলবেন। লেখা শেষে তা মূল্যায়ন করবেন। কারো ভুল হলে, কেন ভুল হয়েছে, তার কারণ বলে দিবেন।

| |
|---|
| আজ ............ দিবস। আমরা সবাই ............... এসেছি। ................ আজ শহিদ ............... ফুল দিতে যাবো। ............... প্রতি ............... জানাবো। তাঁরা ............... জন্য ............... দিয়েছেন। |

- শিক্ষার্থীদের কবিতার অংশটুকু দেখে দেখে নিজ খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থীদের সহায়তায় একজনের খাতা অন্যজনকে দেখতে দিয়ে মূল্যায়ন করাবেন।
- প্রত্যেক শিক্ষার্থী বাক্য লিখছে কি না তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন।

শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।

- শিক্ষার্থীদের কবিতার চরণ বই দেখে নিজ খাতায় লিখতে বলবেন। নিজে অথবা পারগ শিক্ষার্থীদের সহযে-াগিতায় শিক্ষার্থীদের লেখা মূল্যায়ন করবেন। পিছিয়ে পড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন এবং পুনরায় মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ৩৮

## বিষয়বস্তু: একুশের গান (সম্পূর্ণ কবিতা)

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- পাঠের শব্দ, বাক্য, চরণ বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।
- ছড়া, কবিতা, গল্প আগ্রহের সাথে পড়ে বিষয়বস্তু বলতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর, অভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক কাজের মাধ্যমে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য পূর্বের ক্লাসে আলোচনা করা হয়েছে এমন কিছু প্রশ্ন করবেন। উত্তর বলতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- এরপর শিক্ষক পুরো কবিতাটি কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীদের নিয়ে সহপাঠ ও সমস্বরে পাঠে অংশগ্রহণ করাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে ধরে পড়তে সহায়তা দিবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। এরপর দেখে দেখে কবিতাটি শব্দ ধরে দলগতভাবে ও এককভাবে পড়ার অনুশীলন করাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে কবিতাটি সুরে সুরে বলার প্রস্তুতি গ্রহণ করবেন। এর জন্য প্রথমে গানের একটি অডিও/ভিডিও কয়েকবার শোনাবেন। তারপর গানের সাথে সকলকে সুর মেলাতে বলবেন। এরপর কয়েকটি দল গঠন করবেন। প্রত্যেক দলকে একটা লাইনে দাঁড়ানোর নির্দেশনা দিবেন। গান গাইতে গাইতে শ্রেণির পাশ দিয়ে ঘুরে আসতে হবে– এরূপ নির্দেশনা দিবেন।
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে কাজটি সম্পাদন করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক নিজে অংশগ্রহণ করে কাজ

উপস্থাপনে সহায়তা প্রদান করবেন।

- শিক্ষার্থীদের পুরো কবিতাটি বলতে/আবৃত্তি/গানের সুরে উপস্থাপন করতে বলবেন। কবিতা সংশ্লিষ্ট কতিপয় প্রশ্ন করে মুখে মুখে উত্তর যাচাই করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বই বন্ধ করতে বলবেন এবং খাতা খুলতে বলবেন। শিক্ষক কবিতার একটি অংশবিশেষ পড়বেন ও শিক্ষার্থীদের তা শুনে এবং দাঁড়ি বিরাম চিহ্ন ব্যবহার ঠিক রেখে লিখতে বলবেন (শ্রুতলিপি লেখার অনুশীলন)।
- শিক্ষক শিক্ষার্থীদের কবিতার মূলভাব/সারসংক্ষেপ প্রশ্নোত্তরে আলোচনা করবেন। পরে বোর্ডে নিম্নরূপভাবে প্রশ্ন লিখে দিবেন।
  - গানটি আমরা কাদের স্মরণে গাই?
  - এ গান আমরা কখন গাই?
  - আমরা কেন এই গান গাইব ?
- শিক্ষার্থীদের নিজে নিজে এ বিষয়ে উত্তর লিখতে বলবেন। লেখা শেষে সকলের লেখা যাচাই করবেন। কয়েকজনকে বলতে বলবেন। সকলকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড – ৩৯

## বিষয়বস্তু: একুশের গান (সম্পূর্ণ কবিতা)

**শিখনফল :** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।
- সহজ শব্দ ও বাক্য শুনে লিখতে পারবে।
- দেখে কবিতার চরণ লিখতে পারবে।
- ছড়া, কবিতা ও গল্প শুনে নিজের মতো করে সহজ বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ, পাঠের নির্দেশনা মতো ছক।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর, অভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক কাজের মাধ্যমে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কয়েকজনকে কবিতাটি আবৃত্তি করতে বলবেন। পরে সকলকে দেখে দেখে কবিতাটি পড়তে বলবেন। পড়ার সময় বিরামচিহ্ন (দাঁড়ি) ব্যবহার করার বিষয়টি শিক্ষার্থীদের মনে করিয়ে দিবেন।
- শিক্ষার্থীদের পাঠ্যবই বন্ধ করতে বলবেন। প্রত্যেককে নিজ খাতায় কবিতাটির প্রথম চার লাইন লিখতে

বলবেন। লেখা শেষ হলে খাতা পারস্পরিক পরিবর্তন করে দিয়ে অন্য শিক্ষার্থীর সাহায্যে তা মূল্যায়ন করার ব্যবস্থা করবেন। মূল্যায়ন করার সময় শিক্ষার্থীদের পাঠ্যবই খুলে মিলিয়ে দেখতে বলবেন।

- শিক্ষক বোর্ডে নিম্নরূপ একটি বর্ণজটের পরিকল্পনা করবেন। শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় লিখে নিতে বলবেন। দলে/প্রতি বেঞ্চে বসে থাকা শিক্ষার্থীদের প্রতিযোগিতার আয়োজন করবেন। কোন দল আগে এলোমেলো বর্ণ সাজিয়ে শব্দ তৈরি করতে পারে তা দেখবেন।

| | |
|---|---|
| হি দ শ | শহিদ |
| গা ন বা | |
| রি লু চু কো | |
| না শ মি দ হি র | |
| দে আ শ র দে মা | |

- শিক্ষক প্রয়োজনে আরও শব্দ যুক্ত করতে পারবেন। শিক্ষার্থীদের লেখা যাচাই করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের এই কবিতার অডিও/ভিডিও প্রদর্শন/উপস্থাপন করবেন। গানের সুরে শিক্ষার্থীদের গাইতে বলবেন। কেমন লেগেছে তা বলতে বলবেন। শিক্ষার্থীদের দলগতভাবে গানের সুরে কবিতাটি উপস্থাপন করতে সহায়তা দিবেন।

- এই কবিতা সম্পর্কে শিক্ষার্থীদের কোনো জিজ্ঞাসা আছে কিনা তা জানবেন। প্রশ্নোত্তরে সকলের ধারণা স্পষ্ট করবেন। শিক্ষার্থীদের প্রশংসা করে শ্রেণির কাজ শেষ করবেন।

**মূল্যায়নঃ**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৬.০১, ০১.০২.১২.০১, ০১.০২.১৭.০১, ০১.০২.১৮.০১, ও ০১.০২.২৫.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ১১

# ফলাচিহ্ন শিখি

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি, যুক্তবর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।

৯.১ কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্টস্বরে শুদ্ধ উচ্চারণে পড়ে বুঝতে পারা।

১৩.১ যুক্তবর্ণ, নির্বাচিত ফলাচিহ্ন যোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিকভাবে লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা: ০৮**
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | ব-ফলা |
| পিরিয়ড-২ | ব-ফলা |
| পিরিয়ড-৩ | ম-ফলা |
| পিরিয়ড-৪ | ম-ফলা |
| পিরিয়ড-৫ | য-ফলা |
| পিরিয়ড-৬ | য-ফলা |
| পিরিয়ড-৭ | র-ফলা |
| পিরিয়ড-৮ | র-ফলা |

## পিরিয়ড - ৪০

### বিষয়বস্তু: ব-ফলা

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ ও ধৈর্য্য সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- সঠিক আকৃতিতে ফলাচিহ্ন লিখতে পারবে।
- ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শব্দ কার্ড, বাক্য কার্ড, পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পাঠের অনুকূল পরিবেশ তৈরির জন্য শিক্ষক শামসুর রাহমানের **তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা** কবিতার কয়েকটি লাইন আবৃত্তি করবেন এবং **স্বাধীনতা** কথাটি দিয়ে পাঠ ঘোষণা করবেন।
- শিক্ষক **স্বাধীনতা** ও **স্বাধীন** শব্দ দুটি বোর্ডে লিখবেন এবং বলবেন **স্বাধীনতা** ও **স্বাধীন** শব্দের **স**-এর নিচে এই যে বর্ণটি এর নাম **ব-ফলা**। আজ আমরা **ব-ফলা** যুক্ত কয়েকটি শব্দ পড়ব।
- শিক্ষক এক্ষেত্রে ফলা কী, ফলা কত প্রকার তা সহজ ভাষায় ব্যাখ্যা করবেন। যেমন – ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে ফলা বলে। ফলা যুক্ত হলে বর্ণের আকারের পরিবর্তন সাধিত হয়। ফলা ছয় প্রকার-যথা: ব, ম, য, র, ল ও ন-ফলা)।
- শিক্ষক মুখে মুখে **স্বাধীন** শব্দটি উচ্চারণ করবেন। কয়েকবার বলার পর শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে এ শব্দটি বলার অনুশীলন করাবেন এবং শব্দটি বোর্ডে লিখে শিক্ষার্থীদের দ্বারা পড়াবেন।
- শিক্ষক বাক্যকার্ডে বাক্যটি লিখে বোর্ডে লাগিয়ে বা পাঠ্যবই থেকে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন।
- এবার পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। সকল শিক্ষার্থী প্রমিত উচ্চারণে পড়তে পারে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।
- **স্বাধীন** শব্দটি লেখার প্রক্রিয়া দেখিয়ে শিক্ষার্থীদের অনুশীলন করতে দিবেন এবং ঘুরে ঘুরে সহায়তা করবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি (স্বাধীন - আমরা স্বাধীন দেশের মানুষ।) শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং **স্বাধীন** শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন। যেমন- আজ আমি স্বাধীন। পাখিটি আজ মুক্ত স্বাধীন। স্বাধীনভাবে চলো না। তুমি কী স্বাধীন?
- শিক্ষার্থীদের লেখা বাক্যগুলো পড়ে শোনাতে বলবেন এবং নতুন বাক্য অন্য শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।
- এবার 'দ্বিতীয়' শব্দটি বোর্ডে লিখে বা বাক্য কার্ড দেখিয়ে শিক্ষার্থীদের পড়তে সহায়তা করবেন। পাঠ্যবইয়ে প্রদত্ত দ্বিতীয় শব্দ দিয়ে গঠিত বাক্য শিক্ষার্থীদের শব্দ ধরে ধরে পড়তে সহায়তা করবেন এবং শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন। শিক্ষার্থীরা শব্দ শনাক্ত করে বানান করে পড়তে পারে কিনা তা যাচাই করবেন, প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি (দ্বিতীয়- আমি দ্বিতীয় শ্রেণিতে পড়ি।) শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং দ্বিতীয় শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন। যেমন- দৌড় প্রতিযোগিতায় আমি দ্বিতীয় হয়েছি। দ্বিতীয় শ্রেণিতে অনেক ছাত্রছাত্রী। সে তার বাবার দ্বিতীয় সন্তান। সপ্তাহের দ্বিতীয় দিন কী বার?
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে **ব-ফলা**যুক্ত বর্ণ লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা, তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

# পিরিয়ড - ৪১

## বিষয়বস্তু: ব-ফলা

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ ও ধৈর্য্য সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- সঠিক আকৃতিতে ফলাচিহ্ন লিখতে পারবে।
- ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পাঠের অনুকূল পরিবেশ তৈরি জন্য সংগীত শিল্পী আব্দুল জব্বারের শত্রু তুমি বন্ধু তুমি, তুমি আমার সাধনা ........ পরিবেশন করতে পারেন বা অডিওতে শোনাতে পারেন। গান শুনিয়ে প্রশ্ন করবেন- কাকে নিয়ে গান গাওয়া হয়েছে?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্যে থেকে দুই একজনকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন। শিক্ষার্থীদের নিকট থেকে উত্তর আসার পর শিক্ষক বন্ধুত্ব শব্দটি বোর্ডে লিখবেন এবং মুখে উচ্চারণ করবেন।
- শিক্ষক বন্ধুত্ব শব্দের 'ত্ব' যুক্তবর্ণের ওপর নির্দেশ করে শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন বন্ধুত্ব শব্দের **ত**-এর নিচে যে বর্ণটি এর নাম কী? শিক্ষার্থীদের একাকী চিন্তা ও দলে আলোচনা করে প্রশ্নের উত্তর বলতে বলবেন। না পারলে বলে দিবেন। এর নাম **ব-ফলা**। আজ আমরা **ব-ফলা** নিয়ে কয়েকটি বাক্যটি পড়ব।
- **বন্ধুত্ব** শব্দটি মুখে মুখে উচ্চারণের পর শিক্ষক শিক্ষার্থীদের শব্দটি বলার অনুশীলন করাবেন এবং শব্দটি বোর্ডে লিখে শিক্ষার্থীদের দ্বারা পড়াবেন।
- শিক্ষক কার্ডে বাক্যটি লিখে বোর্ডে লাগিয়ে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন। এ ক্ষেত্রে বানান করে পড়তে বলবেন।
- পারগ শিক্ষার্থীদের দ্বারা অনুকরণ করে পড়াতে বলবেন। সকল শিক্ষার্থী প্রমিত উচ্চারণে পড়তে পারে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

- এবার **বন্ধুত্ব** শব্দটি লেখার প্রক্রিয়া দেখিয়ে শিক্ষার্থীদের অনুশীলন করতে দিবেন এবং ঘুরে ঘুরে দেখবেন । প্রয়োজনে সহায়তা দিবেন। শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি (বন্ধুত্ব- এসো বন্ধুত্ব করি।) শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং বন্ধুত্ব শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন। যেমন- আমি বন্ধুত্ব বজায় রাখব। ভালো মানুষের সাথে বন্ধুত্ব করো।
- শিক্ষার্থীদের লেখা বাক্যগুলো পড়ে শোনাতে বলবেন এবং নতুন বাক্য অন্য শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।
- শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দিবেন এবং নির্দেশনা প্রদান করবেন যে, তোমরা দলে আলোচনা করে ব-ফলা যুক্ত বর্ণ দিয়ে শব্দ গঠন করবে। শিক্ষক দুই একটি উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দিবেন। যেমন- বিশ্ব, অশ্ব, বিশ্বাস, নিঃশ্বাস, দাসত্ব, ত্বক, তত্ত্ব, তন্বী ইত্যাদি।
- শিক্ষার্থীদের দলীয় কাজ শেষ হলে এক এক করে দলীয় কাজ পড়ে শুনাতে বলবেন। অন্য দলগুলো মন দিয়ে শুনবে। প্রয়োজনে খাতায় তুলে নিতে বলবেন। শিক্ষার্থীদের লেখা শব্দ দিয়ে প্রতি দলকে কমপক্ষে একটি বাক্য বলতে বলবেন। প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে ব-ফলাযুক্ত বর্ণ লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

## পিরিয়ড - ৪২

### বিষয়বস্তু: ম-ফলা

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- সঠিক আকৃতিতে ফলাচিহ্ন লিখতে পারবে।
- ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা।

# শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পাঠের অনুকূল পরিবেশ তৈরির জন্য সংগীত শিল্পী আব্দুল জব্বারের গাওয়া এ গানটি (সালাম সালাম হাজার সালাম সকল শহিদ স্মরণে ........) পরিবেশন করতে পারেন বা অডিয়োতে শুনাতে পারেন। গান শুনিয়ে প্রশ্ন করবেন- কী জন্য সালাম জানানো হয়েছে?
- শিক্ষার্থীদের নিকট থেকে উত্তর আসার পর শিক্ষক 'স্মরণ' শব্দটি বোর্ডে লিখবেন এবং মুখে বলবেন। অতঃপর দেখবেন **স্মরণ** শব্দের **স**-এর নিচে এই যে বর্ণটি এর নাম **ম-ফলা** । আজ আমরা **ম-ফলা** নিয়ে কয়েকটি বাক্য পড়ব।
- শিক্ষক মুখে মুখে **স্মরণ** শব্দটি উচ্চারণ করবেন। এভাবে কয়েকবার বলার পর শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে **স্মরণ** শব্দটি বলার অনুশীলন করাবেন এবং শব্দটি বোর্ডে লিখে শিক্ষার্থীদের দ্বারা পড়াবেন। শিক্ষক বাক্য কার্ডে বাক্যটি লিখে বোর্ডে লাগিয়ে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন।
- এবার পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। সকল শিক্ষার্থী প্রমিত উচ্চারণে পড়তে পারে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।
- শিক্ষক এবার পাঠ বহির্ভূত **ম-ফলাযুক্ত** একটি বানান – যেমন-**আত্ম** শব্দটির **ত**-এর নিচে যে বর্ণটি আছে এর নাম কী তা শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন। পারগ শিক্ষার্থীদের হাত তুলতে বলবেন এবং তাদের মধ্য থেকে দুই এক জনকে বলতে বলবেন। প্রয়োজনে বলে দিবেন এর নাম **ম-ফলা**।
- এবার স্মরণ শব্দটি লেখার প্রক্রিয়া দেখিয়ে শিক্ষার্থীদের অনুশীলন করতে দিবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি (স্মরণ- বীর শহিদের স্মরণ করি।) শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং **স্মরণ** শব্দ দিয়ে দলে নতুন বাক্য লিখতে দিবেন। যেমন- আমি তোমাকে স্মরণ করি। তুমি আমাকে স্মরণ করো। সকল শহিদ স্মরণে আমার একথা। কার কথা তোমার বেশি স্মরণ হয়?
- শিক্ষার্থীদের লেখা বাক্যগুলো পড়ে শোনাতে বলবেন এবং নতুন বাক্য অন্যদের খাতায় তুলে নিতে বলবেন।
- এবার 'পদ্মা' শব্দটি বোর্ডে লিখে বা বাক্য কার্ড দেখিয়ে শিক্ষার্থীদের পড়তে সহায়তা করবেন। পাঠ্যবইয়ে প্রদত্ত **পদ্ম** শব্দ দিয়ে গঠিত বাক্য শিক্ষার্থীদের শব্দ ধরে ধরে পড়তে সহায়তা করবেন এবং শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন। শিক্ষার্থীরা শব্দ শনাক্ত করে বানান করে পড়তে পারে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি (পদ্মা সেতু আমাদের গর্ব।) শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং **পদ্মা** শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন। যেমন- পদ্মা বাংলাদেশের একটি বড় নদী। পদ্মা নদীর উপর পদ্মা সেতু। কে কে পদ্মা সেতু দেখেছ?
- শিক্ষার্থীদের লেখা নতুন বাক্যগুলো পড়ে শোনাতে বলবেন। প্রয়োজনে অন্যদের খাতায় তুলে নিতে বলবেন। পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

# পিরিয়ড - ৪৩

## বিষয়বস্তু: ম-ফলা

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- সঠিক আকৃতিতে ফলাচিহ্ন লিখতে পারবে।
- ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা একাকী চিন্তা, দলে আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পাঠের অনুকূল পরিবেশ তৈরি জন্য বন্দে আলী মিয়ার **আমাদের গ্রাম** কবিতা আবৃত্তি করতে পারেন বা অডিয়োতে শোনাতে পারেন। আবৃত্তি শুনিয়ে প্রশ্ন করবেন–
- আম গাছ, জামগাছ, বাঁশঝাড় কীভাবে মিশে আছে?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর জানে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্যে থেকে দুই একজনকে বলতে বলবেন। শিক্ষার্থীদের নিকট থেকে উত্তর আসার পর শিক্ষক **আত্মীয়** শব্দটি বোর্ডে লিখবেন এবং মুখে উচ্চরণ করবেন।
- শিক্ষক **আত্মীয়** শব্দের 'ত্ম' যুক্তবর্ণ নির্দেশ করে প্রশ্ন করবেন **ত**-এর নিচে এই যে বর্ণটি এর নাম কী? শিক্ষার্থী-দের চিন্তা ও দলে আলোচনা করে উত্তর দিতে উৎসাহিত করবেন। না পারলে বলে দিবেন। এটি **ম-ফলা**। আজ আমার গত দিনের ন্যায় **ম-ফলা** নিয়ে পড়ব।
- **আত্মীয়** শব্দটি মুখে মুখে উচ্চারণের পর শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে এ শব্দটি বলার অনুশীলন করাবেন এবং শব্দটি বোর্ডে লিখে শিক্ষার্থীদের দ্বারা বানান করে পড়াবেন এবং অর্থ বলে দিবেন।
- শিক্ষক বাক্যকার্ডে বাক্যটি লিখে বোর্ডে লাগিয়ে বা পাঠ্যবই থেকে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন। এক্ষেত্রে বানান করে পড়তে দিবেন। প্রয়োজনে সহায়তা করেবন।
- এবার পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। সকল শিক্ষার্থী প্রমিত উচ্চারণে পড়তে পারে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।
- এবার আত্মীয় শব্দটি লেখার প্রক্রিয়া দেখিয়ে শিক্ষার্থীদের অনুশীলন করতে দিবেন এবং ঘুরে ঘুরে দেখবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।

- শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি (আত্মীয়- আত্মীয় এসেছে) শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং আত্মীয় শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন। যেমন- সে আমার আত্মীয়, আমার আত্মীয়দের আমি ভালোবাসি। আত্মীয়দের সাথে ভালো সম্পর্ক রেখো।
- শিক্ষার্থীদের লেখা বাক্যগুলো পড়ে শোনাতে বলবেন এবং নতুন বাক্য অন্য শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।
- শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দিবেন এবং নির্দেশনা প্রদান করবেন যে, তোমরা দলে আলোচনা করে **ম**-ফলাযুক্ত বর্ণ দিয়ে শব্দ গঠন করবে। শিক্ষক দুই একটি উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দিবেন। যেমন-স্মৃতি, আত্মা, বিস্ময়, পদ্ম, গ্রীষ্ম, যুগ্ম, উন্মাদ, জন্ম, সম্মান, লক্ষ্মী ইত্যাদি।
- শিক্ষার্থীদের দলীয় কাজ শেষ হলে এক এক করে দলীয় কাজ পড়ে শুনাতে বলবেন। অন্য দলগুলো মন দিয়ে শুনবে। প্রয়োজনে খাতায় তুলে নিতে বলবেন।
- শিক্ষার্থীদের লেখা শব্দ দিয়ে প্রতি দলকে কমপক্ষে একটি বাক্য বলতে/লিখতে বলবেন। প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং বোর্ডে নিম্নের ছকটি দেখিয়ে খাতায় তুলে নির্দেশনা মতো কাজ করতে দিবেন।

| **প্রদত্ত শব্দ** | **ব-ফলাযুক্ত শব্দ এ ঘরে লেখ** | **ম-ফলাযুক্ত শব্দ এ ঘরে লেখ** |
|---|---|---|
| বিশ্ব, গ্রীষ্ম, আত্মা, অশ্ব, যুগ্ম, নিঃশ্বাস দাসত্ব, আত্মীয়, স্মৃতি, বিস্ময়, বিশ্বাস, পদ্ম, উন্মাদ, ত্বক, জন্ম, সম্মান, লক্ষ্মী | বিশ্ব | লক্ষ্মী |

- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

## পিরিয়ড - ৪৪

### বিষয়বস্তু: য-ফলা

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ ও ধৈর্য্য সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- সঠিক আকৃতিতে ফলাচিহ্ন লিখতে পারবে।
- ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যপুস্তক ইত্যাদি।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা একাকী চিন্তা, দলে আলোচনা ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- শিক্ষক ব্যয় শব্দটি বোর্ডে লিখবেন এবং মুখে বলবেন। অতঃপর দেখাবেন ব্যয় শব্দে ব-এর সঙ্গে যে চিহ্ন এর নাম য-ফলা। আজ আমর য-ফলা নিয়ে কয়েকটি বাক্য পড়ব।
- শিক্ষক মুখে মুখে 'ব্যয়' শব্দটি উচ্চারণ করবেন। এভাবে কয়েকবার বলার পর শিক্ষক শিক্ষার্থীদের ব্যয় শব্দটি বলার অনুশীলন করাবেন এবং শব্দটি বোর্ডে লিখে শিক্ষার্থীদের দ্বারা বানান করে পড়াবেন।
- শিক্ষক ব্যয় শব্দ দ্বারা লেখা পাঠ্যবইয়ের বাক্যটি বাক্য কার্ডে লিখে বোর্ডে লাগিয়ে বা পাঠ্যবই থেকে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন। শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলবেন এবং পরে শিক্ষার্থীদের দ্বারা পড়া অনুশীলন করাবেন। পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। সকল শিক্ষার্থী প্রমিত উচ্চারণে পড়তে পারে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।
- শিক্ষক এবার পাঠ বহির্ভূত **য-ফলাযুক্ত** একটি বানান – যেমন-**বিদ্যালয়** শব্দটির **দ**-এর সঙ্গে যে চিহ্নটি আছে এর নাম কী – তা শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন। পারগ শিক্ষার্থীদের হাত তুলতে বলবেন এবং তাদের মধ্য থেকে দুই এক জনকে বলতে বলবেন। প্রয়োজনে বলে দিবেন এর নাম **য-ফলা**।
- এবার 'ব্যয়' শব্দটি লেখার প্রক্রিয়া দেখিয়ে শিক্ষার্থীদের অনুশীলন করতে দিবেন এবং ঘুরে ঘুরে দেখবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি (ব্যয় – আয় বুঝে ব্যয় করো।) শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং ব্যয় শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন। যেমন-আমার ব্যয় কম। ব্যয় কম করো। কোন কোন কাজে ব্যয় করেছ? অযথা ব্যয় করো না।
- শিক্ষার্থীদের লেখা বাক্যগুলো পড়ে শোনাতে বলবেন এবং নতুন বাক্য অন্য শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।
- এবার **'ধন্যবাদ'** শব্দটি বোর্ডে লিখে বা বাক্য কার্ড দেখিয়ে শিক্ষার্থীদের পড়তে সহায়তা করবেন। পাঠ্যবইয়ে প্রদত্ত 'ধন্যবাদ' শব্দ দিয়ে গঠিত বাক্য শিক্ষার্থীদের শব্দ ধরে ধরে পড়তে সহায়তা করবেন এবং শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন। শিক্ষার্থীরা শব্দ শনাক্ত করে বানান করে পড়তে পারে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি (তোমাকে ধন্যবাদ) শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং ধন্যবাদ শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন।
- শিক্ষার্থীদের লেখা শেষ হলে পরস্পরের মধ্যে খাতা বদল করে নিতে বলবেন। অন্যের লেখা বাক্যগুলো পড়ে শুনাতে বলবেন। প্রয়োজনে নিজ খাতায় তুলে নিতে বলবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন। শিক্ষক প্রদত্ত শব্দগুলো বোর্ডে লিখে দিবেন এবং নির্দেশনা অনুসারে শিক্ষার্থীদের খাতায় তুলে কাজ করতে দিবেন।

| য-ফলাযুক্ত শব্দে টিক (✓) চিহ্ন দাও। |
|---|
| আত্মা, ব্যয়, ধন্যবাদ, স্মৃতি, ব্যবহার, ত্বক, বন্ধুত্ব, ব্যাকুল, দ্বিতীয়, সন্ন্যাসী, স্বাস্থ্য, পদ্ম। |

- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

# পিরিয়ড - ৪৫

## বিষয়বস্তু: য-ফলা

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ ও ধৈর্য্য সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- সঠিক আকৃতিতে ফলাচিহ্ন লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যপুস্তক
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পাঠের অনুকূল পরিবেশ তৈরি করার জন্য নিম্নের গানটি গেয়ে শুনাতে পারেন বা অডিপয়োত শুনাতে পারেন।

সত্য কথার মাত্রা বাড়াও
মিথ্যা কথা নয়,
মিথ্যা কথায় থাকে শুধু
ক্ষতি আরও ভয়।

- গান শুনিয়ে প্রশ্ন করবেন–
  - কোন কথায় ক্ষতি থাকে?
  - কোন কথা ভালো?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারবে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্যে থেকে দুই এক জনকে বলতে বলবেন। শিক্ষার্থীদের নিকট থেকে উত্তর আসার পর শিক্ষক 'সত্য' শব্দটি বোর্ডে

লিখবেন এবং মুখে উচ্চারণ করবেন। শিক্ষক **সত্য** শব্দের ‘ত্য’ যুক্তবর্ণ নির্দেশ করে প্রশ্ন করবেন **ত**-এর সঙ্গে এই যে চিহ্নটি এর নাম কী?

- শিক্ষার্থীদের উত্তর দিতে উৎসাহিত করবেন। না পারলে বলে দিবেন। এটি **য-ফলা**। আজ আমরা গত দিনের মতো **য-ফলা** নিয়ে পড়ব।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবই খুলতে বলবেন এবং শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীরা আঙুল দিয়ে শব্দ ধরে ধরে পড়বে। এভাবে শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন। এক্ষেত্রে বানান করে পড়তে দিবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। সকল শিক্ষার্থী প্রমিত উচ্চারণে পড়তে পারে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।
- এবার **সত্য** শব্দটি লেখার প্রক্রিয়া দেখিয়ে শিক্ষার্থীদের অনুশীলন করতে দিবেন এবং ঘুরে ঘুরে দেখবেন। প্রয়োজনে সহায়তা দিবেন। শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং ‘সত্য’ শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন।
- শিক্ষার্থীদের লেখা বাক্যগুলো পড়ে শোনাতে বলবেন এবং নতুন বাক্য অন্য শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।
- শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দিবেন এবং নির্দেশনা প্রদান করবেন শিক্ষার্থীরা দলে আলোচনা করে য-ফলাযুক্ত বর্ণ দিয়ে শব্দ গঠন করবে। শিক্ষক দুই একটি উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দিবেন। যেমন- ব্যথা, ব্যতিত, ব্যক্তি, ব্যতিক্রম, বিদ্যা, গদ্য, পদ্য, বাধ্য ইত্যাদি।
- শিক্ষার্থীদের দলীয় কাজ শেষ হলে এক এক করে দলীয় কাজ পড়ে শুনাতে বলবেন। অন্য দলগুলো মন দিয়ে শুনবে। প্রয়োজনে খাতায় তুলে নিতে বলবেন। শিক্ষার্থীদের লেখা শব্দ দিয়ে প্রতি দলকে কমপক্ষে একটি বাক্য বলতে/লিখতে বলবেন। প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে ফলাযুক্ত বর্ণ লিখতে দেবেন। পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- আজকের পাঠ শিক্ষার্থীরা কতটুকু আয়ত্ত করতে পেরেছে তা পরিমাপের জন্য রুব্রিক্সভিত্তিক প্রত্যেক শিক্ষার্থীকে পরিমাপ করবেন এবং রেকর্ড সংরক্ষণ করবেন। সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

## পিরিয়ড - ৪৬

### বিষয়বস্তুঃ র-ফলা

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।

- প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- সঠিক আকৃতিতে ফলাচিহ্ন লিখতে পারবে।
- ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- শিক্ষক **শ্রম** শব্দটি শব্দটি বোর্ডে লিখবেন এবং মুখে বলবেন। **শ্রম** শব্দের অর্থ ব্যাখ্যা করবেন। শিক্ষার্থীদের দেখাবেন এবং বলবেন **শ্রম** শব্দে **শ**-এর নিচে যে চিহ্ন এর নাম **র-ফলা**। আজ আমরা **র-ফলা** নিয়ে কয়েকটি বাক্য পড়ব।
- শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে 'শ্রম' শব্দটি বলার অনুশীলন করাবেন এবং শব্দটি বোর্ডে লিখে শিক্ষার্থীদের দ্বারা বানান করে পড়াবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবই খুলতে বলবেন এবং **শ্রম** শব্দ দ্বারা লেখা পাঠ্যবইয়ের বাক্যটি পড়ে শোনাবেন। শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলবেন এবং পরে শিক্ষার্থীদের দ্বারা পড়া অনুশীলন করাবেন।
- পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। সকল শিক্ষার্থী প্রমিত উচ্চারণে পড়তে পারে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।
- শিক্ষক এবার পাঠ বহির্ভূত **র-ফলাযুক্ত** একটি বানান – যেমন – প্রথম, প্রাথমিক শব্দের **প**-এর নিচে যে চিহ্নটি আছে এর নাম কী, তা শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন। পারগ শিক্ষার্থীদের হাত তুলতে বলবেন এবং তাদের মধ্য থেকে দুই একজনকে বলতে বলবেন। প্রয়োজনে বলে দিবেন এর নাম র-ফলা।
- এবার 'শ্রম' শব্দটি লেখার প্রক্রিয়া দেখিয়ে শিক্ষার্থীদের অনুশীলন করতে দিবেন এবং ঘুরে ঘুরে দেখবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং শ্রম শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন।
- শিক্ষার্থীদের লেখা বাক্যগুলো পড়ে শোনাতে বলবেন এবং নতুন বাক্য অন্য শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।
- এবার 'নম্র' শব্দটি বোর্ডে লিখে বা বাক্য কার্ড দেখিয়ে শিক্ষার্থীদের পড়তে সহায়তা করবেন। পাঠ্যবইয়ে প্রদত্ত 'নম্র' শব্দ দিয়ে গঠিত বাক্য শিক্ষার্থীদের শব্দ ধরে ধরে পড়তে সহায়তা করবেন এবং শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন। শিক্ষার্থীরা শব্দ শনাক্ত করে বানান করে পড়তে পারে কিনা তা যাচাই করবেন, প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং নম্র শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন।

- শিক্ষার্থীদের লেখা শেষ হলে পরস্পরের মধ্যে খাতা বদল করে নিতে বলবেন। অন্যের লেখা বাক্যগুলো পড়ে শুনাতে বলবেন। প্রয়োজনে নিজ খাতায় তুলে নিতে বলবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে য-ফলাযুক্ত বর্ণ লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

# পিরিয়ড - ৪৭

## বিষয়বস্তু: র-ফলা

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ ও ধৈর্য্য সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- সঠিক আকৃতিতে ফলাচিহ্ন লিখতে পারবে।
- ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পূর্বের পাঠের বিষয়বস্তু শিক্ষার্থীরা কতটুকু মনে রাখতে পেরেছে তা পরিমাপের জন্য র-ফলাযুক্ত শব্দ দিয়ে বাক্য লিখে দুই/এক জনকে পড়তে দিবেন। র-ফলাযুক্ত শব্দ দিয়ে বাক্য বলতে ও লিখতে দিবেন।
- শিক্ষক বোর্ডে **নিদ্রা** শব্দটি লিখে মুখে মুখে উচ্চারণ করবেন এবং শিক্ষার্থীদের নিয়ে অনুশীলন করাবেন। নিদ্রা শব্দের অর্থ শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন।
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারবে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্যে থেকে দুই একজনকে বলতে বলবেন।
- শিক্ষক নিদ্রা শব্দের 'দ্র' যুক্তবর্ণ নির্দেশ করে প্রশ্ন করবেন, **দ**-এর নিচে এই যে চিহ্নটি এর নাম কী?
- শিক্ষার্থীদের উত্তর দিতে উৎসাহিত করবেন। না পারলে বলে দিবেন। বলবেন এটি র-ফলা। আজ আমরা গত দিনের মতো র-ফলা নিয়ে পড়ব।

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবই খুলতে বলবেন এবং শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীরা আঙুল দিয়ে শব্দ ধরে ধরে পড়বে। এভাবে শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন। এ ক্ষেত্রে বানান করে পড়তে দিবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। সকল শিক্ষার্থী প্রমিত উচ্চারণে পড়তে পারে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।
- নিদ্রা শব্দটি লেখার প্রক্রিয়া দেখিয়ে শিক্ষার্থীদের অনুশীলন করতে দিবেন এবং ঘুরে ঘুরে দেখবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ে প্রদত্ত বাক্যটি শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন এবং 'নিদ্রা' শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে দিবেন।
- শিক্ষার্থীদের লেখা বাক্যগুলো পড়ে শোনাতে বলবেন এবং নতুন বাক্য অন্য শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।
- শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দিবেন এবং প্রদত্ত শব্দ দিয়ে দু'টি করে বাক্য লিখতে বলবেন।

| | |
|---|---|
| ছাত্র | ১।<br>২। |
| প্রশ্ন | ১।<br>২। |
| গ্রহ | ১।<br>২। |
| ছাত্রী | ১।<br>২। |
| মাত্র | ১।<br>২। |

- শিক্ষার্থীদের দলীয় কাজ শেষ হলে এক এক করে দলীয় কাজ পড়ে শুনাতে বলবেন। অন্য দলগুলো মন দিয়ে শুনবে। প্রয়োজনে খাতায় তুলে নিতে বলবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

**মূল্যায়ন:**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০১.০১, ০১.০২.০১.০২, ০১.০২.১৩.০১ ও ০১.০২.১৯.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ১২

# রেফ চিনি

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.২ প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
৫.১ শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।
৯.১ কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট শুদ্ধ উচ্চারণে পড়ে বুঝতে পারা।
৯.২ বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন-দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৩
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | মার্চ মাস। |
| পিরিয়ড-২ | বর্ণ লিখি। |
| পিরিয়ড-৩ | সূর্য ওঠে। |

## পিরিয়ড - ৪৮

### বিষয়বস্তু: মার্চ মাস।

**শিখনফল:** এ পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙ্গে ধ্বনি বলতে পারবে।
- শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, মূল্যায়ন টুলস, পাঠ্যবই।
**পদ্ধতি/কৌশল:** জোড়ায় পঠন, নীরব পঠন, ছবি দেখা, আলোচনা, প্রশ্ন-উত্তর।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- শিক্ষক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণের ছবি দেখিয়ে একাকী চিন্তা করতে

দিবেন। দলে আলোচনা করে ছবির বিষয়বস্তু বলতে দিবেন এবং প্রশ্ন করবেন –
- ছবিতে কাকে ভাষণ দিতে দেখা যাচ্ছে?
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কখন এ ভাষণ দিয়েছিলেন?

- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর জানে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্য থেকে দুই একজনকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন।
- শিক্ষার্থীদের নিকট থেকে উত্তর আসার পর শিক্ষক 'মার্চ মাস' বাক্যটি বোর্ডে লিখে দেখাবেন। মার্চ শব্দের **চ**-এর উপর এই যে টানটি এর নাম রেফ। আজ আমরা 'মার্চ মাস' বাক্যটি পড়ব।
- শিক্ষক মুখে মুখে 'মার্চ মাস' বাক্য উচ্চারণ করবেন। এভাবে কয়েকবার বলার পর শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে বাক্যটি বলার অনুশীলন করাবেন এবং শিক্ষার্থীদের দ্বারা বলাবেন।
- শিক্ষক বাক্য কার্ডে 'মার্চ মাস' বাক্যটি বোর্ডে লাগিয়ে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন। শিক্ষার্থীদের বানান করে পড়তে বলবেন।
- এবার পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। পড়া চলাকালে শিক্ষক বোর্ডে স্থাপিত 'মার্চ' লেখা শব্দ কার্ডটি মুখে উচ্চারণ করবেন। শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন।
- এবার 'র্চ' যুক্তবর্ণে কোন কোন বর্ণ আছে তা শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন। পারগ শিক্ষার্থীদের হাত তুলতে বলুন এবং তাদের মধ্য থেকে দুই একজনকে বলতে বলবেন।
- পাঠ্যবইয়ে প্রদত্ত বিন্যাস অনুসরণ করে শিক্ষকের তৈরি বর্ণকার্ড বোর্ডে স্থাপন করবেন এবং র্চ যুক্তবর্ণটি থেকে 'র' ও 'চ' শনাক্ত করবেন এবং শিক্ষার্থীদের দৃষ্ট আকর্ষণ করবেন।
- শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'র্চ' যুক্তবর্ণ দিয়ে মার্চ ছাড়া আর কোনো শব্দ বলতে পারবে কিনা। যেমন– ধর্ম, কর্ম, বর্ণ।
- শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করতে বলুন। শিক্ষার্থীদের বলা বা লেখা বাক্যগুলো বলতে বা পড়তে বলবেন।
- শিক্ষক এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে রেফ সংবলিত শব্দ থাকে। এবার অনুচ্ছেদ বোর্ডে ঝুলিয়ে দিয়ে সকল শিক্ষার্থীকে নীরবে পড়তে বলবেন এবং এ অনুচ্ছেদে যে সকল শব্দে রেফ আছে তা শনাক্ত করে, বানান করে পড়তে বলবেন। না পারলে পারগ শিক্ষার্থীদের সহায়তা করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে রেফ যুক্ত শব্দ লিখতে বলবেন এবং প্রতিটি শব্দ দিয়ে কমপক্ষে একটি করে বাক্য লিখতে বলবেন।
- দলীয় কাজ শেষ হলে প্রতি দলের দলীয় কাজ পড়ে শুনাতে বলবেন। একদল যখন তাদের কাজ উপস্থাপন করবে অন্য দলগুলো মনোযোগ দিয়ে শুনবে মর্মে নির্দেশনা দিবেন। এভাবে সকল দলের কাজ উপস্থাপন করতে বলবেন। সহায়তার প্রয়োজন হলে সহায়তা দিবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে রেফযুক্ত বর্ণ লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান

করবেন।

- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

# পিরিয়ড - ৪৯

## বিষয়বস্তু: বর্ণ লিখি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙ্গে ধ্বনি বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে কারচিহ্নযুক্ত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, মূল্যায়ন টুলস।
**পদ্ধতি/কৌশল:** জোড়ায় পঠন, একক পঠন, ছবি দেখা, আলোচনা, প্রশ্ন উত্তর, মিলকরণ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- (এ ক্ষেত্রে বর্ণমালাবিষয়ক একটি গান পরিবেশন করতে পারেন। যেমন- বর্ণমালার গান শোনাবো, বর্ণমালার গান

  বাংলা আমার মায়ের ভাষা শুনাই সেরা গান
  ক নিয়েছে কাগজ কলম
  খ নিয়েছে খুশি
  গ-এর গলায় মিষ্ট সুর
  ঘ নিয়েছে ঘুঘু

- শিক্ষক এবার প্রশ্ন করবেন–
  - আমরা কীসের ছড়া শুনলাম?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্য থেকে দুই একজনকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন। শিক্ষক বলবেন আমরা বর্ণমালা গান শুনলাম, আজ আমরা বর্ণ লিখি পাঠটি পড়ব।
- শিক্ষক 'বর্ণ লিখি' বাক্যটি বোর্ডে লিখবেন/বাক্য কার্ডবোর্ডে স্থাপন করবেন এবং মুখে উচ্চারণ করবেন ও দেখবেন বর্ণ শব্দের ণ এর উপর এই যে টানটি এর নাম রেফ । আজ আমরা 'বর্ণ লিখি' বাক্যটি পড়ব।
- শিক্ষক মুখে মুখে বর্ণ লিখি বাক্য উচ্চারণ করবেন। এভাবে কয়েকবার বলার পর শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে বাক্যটি বলার অনুশীলন করাবেন এবং শিক্ষার্থীদের দ্বারা বলাবেন।

- শিক্ষক বাক্যকার্ডে 'বর্ণ লিখি' বাক্যটি বোর্ডে লাগিয়ে বা পাঠ্যবই থেকে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন। শিক্ষার্থীদের বানান করে পড়তে বলবেন।
- পারগ শিক্ষার্থীরা শিক্ষককে অনুকরণ করে পড়বে। পড়া চলাকালে শিক্ষক 'বর্ণ' লেখা শব্দ কার্ডটি বোর্ডে স্থাপন করে দিবেন এবং মুখে উচ্চারণ করবেন। শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন।
- র্ণ যুক্ত বর্ণে কোন কোন বর্ণ আছে তা শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন। পারগ শিক্ষার্থীদের হাত তুলতে বলুন এবং তাদের মধ্য থেকে দুই একজনকে বলতে বলবেন।
- পাঠ্যবইয়ে প্রদত্ত বিন্যাস অনুসরণ করে শিক্ষকের তৈরি বর্ণ কার্ড বোর্ডে স্থাপন করবেন এবং র্ণ যুক্তবর্ণটি থেকে 'র' ও 'ণ' শনাক্ত করবেন এবং শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করবেন।
- এবার শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'র্ণ' যুক্তবর্ণ দিয়ে আর কোনো শব্দ বলতে পারবে কিনা। যেমন- কর্তা, মূর্খ।
- শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করতে বলুন। শিক্ষার্থীদের বলা বা লেখা বাক্যগুলো বলতে বা পড়তে বলবেন।
- শিক্ষক এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে রেফ সংবলিত শব্দ থাকে। এবার অনুচ্ছেদ বোর্ডে ঝুলিয়ে দিয়ে সকল শিক্ষার্থীকে নীরবে পড়তে বলবেন। এ অনুচ্ছেদে যে সকল শব্দে রেফ আছে তা শনাক্ত করে বানান করে পড়তে বলবেন। না পারলে পারগ শিক্ষার্থীদের সহায়তা করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে রেফ যুক্ত শব্দ লিখতে বলবেন এবং প্রতিটি শব্দ দিয়ে কমপক্ষে একটি করে বাক্য লিখতে বলবেন। দলীয় কাজ শেষ হলে প্রতি দলের কাজ পড়ে শুনাতে বলবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে রেফযুক্ত বর্ণ লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

## পিরিয়ড - ৫০

### বিষয়বস্তু: সূর্য ওঠে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙ্গে ধ্বনি বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে কারচিহ্নযুক্ত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, মূল্যায়ন টুলস।
**পদ্ধতি/কৌশল:** জোড়ায় পড়া, একক পড়া , সমস্বরে পঠন, ছবি দেখা, ছবি দেখে বাক্য লেখা, আলোচনা, প্রশ্ন-উত্তর ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- শিক্ষক পাঠ সংশ্লিষ্ট একটি ছবি (সূর্য উদিত হচ্ছে এমন একটি ছবি) বোর্ডে ঝুলিয়ে শিক্ষার্থীদের দেখতে দিবেন এবং ছবির বিষয়বস্তু নিয়ে পাশাপাশি বসা শিক্ষার্থীদের মধ্যে আলোচনা করতে বলবেন এবং বলতে বলবেন।
- শিক্ষক এবার প্রশ্ন করবেন–
  - ছবিতে কী দেখা যাচ্ছে?
  - সূর্য দেখে কী মনে হচ্ছে?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্য থেকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন। শিক্ষার্থীদের কথার রেশ ধরে শিক্ষক 'সূর্য ওঠে' বাক্যটি মুখে মুখে উচ্চারণ করবেন। এভাবে কয়েকবার বলার পর শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে বাক্যটি বলার অনুশীলন করাবেন এবং শিক্ষার্থীদের দ্বারা বলাবেন।
- শিক্ষক বাক্য কার্ডে 'সূর্য ওঠে' বাক্যটি বোর্ডে লাগিয়ে শব্দ নির্দেশ করে পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদের পড়া অনুশীলন করতে বলবেন। পারগ শিক্ষার্থীদের দ্বারা শিক্ষককে অনুকরণ করে পড়াতে বলবেন। পড়া চলাকালে শিক্ষক 'সূর্য' লেখা শব্দ কার্ডটি বোর্ডে স্থাপন করে দিবেন এবং মুখে উচ্চারণ করবেন।
- 'র্য' যুক্তবর্ণে কোন কোন বর্ণ আছে তা শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন। পারগ শিক্ষার্থীদের হাত তুলতে বলুন এবং তাদের মধ্য থেকে দুই একজনকে বলতে বলবেন।
- পাঠ্যবই এ প্রদত্ত বিন্যাস অনুসরণ করে শিক্ষকের তৈরি বর্ণ কার্ড বোর্ডে স্থাপন করবেন এবং র্ণ যুক্তবর্ণটি থেকে 'র' ও 'য' শনাক্ত করবেন এবং শিক্ষার্থীদের দৃষ্ট আকর্ষণ করবেন।
- এবার শিক্ষার্থীদের নিকট জানতে চাইবেন তারা 'র্য' যুক্তবর্ণ দিয়ে আর কোনো শব্দ বলতে পারবে কিনা।
- (যেমন- তর্ক, সামর্থ্য)। শিক্ষার্থীদের বলা শব্দ বা উদাহরণে দেওয়া শব্দ দিয়ে বাক্য গঠন করতে বলুন। শিক্ষার্থীদের বলা বা লেখা বাক্যগুলো বলতে বা পড়তে বলবেন।
- শিক্ষক এমন একটি অনুচ্ছেদ তৈরি করবেন যেখানে রেফ সংবলিত শব্দ থাকে। এবার শিক্ষক এ অনুচ্ছেদটি বলবেন এবং শিক্ষার্থীদের শুনতে বলবেন। শিক্ষকের বলায় কতবার রেফযুক্ত শব্দ আসে তা লিখে রাখতে বলবেন। না পারলে পারগ শিক্ষার্থীদের সহায়তা করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে রেফযুক্ত শব্দ লিখতে বলবেন এবং প্রতিটি শব্দ দিয়ে কমপক্ষে একটি করে বাক্য লিখতে বলবেন। দলীয় কাজ শেষ হলে প্রতি দলের কাজ পড়ে শুনাতে বলবেন।
- শিক্ষক ছক করে শব্দগুলো বোর্ডে লিখে দিবেন এবং দাগ টেনে মিল করতে বলবেন।

| | |
|---|---|
| বর্ণ | ওঠে |

| | |
|---|---|
| পড়ি | লিখি |
| সূর্য | মাস |
| মার্চ | ও লিখি |

- দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে রেফযুক্ত বর্ণ লিখতে দেবেন।
- সকল শিক্ষার্থী পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠ শেষ করবেন।

**মূল্যায়নঃ**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০২.০১, ০১.০২.০৭.০১, ০১.০২.০৭.০২, ০১.০২.১৩.০১ ও ০১.০২.১৩.১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ১৩

# নানা রকম লেখা

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি, যুক্তবর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।

১.২ প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।

৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারা ও সংশ্লিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারা।

৫.১ শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।

৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।

৯.১ কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্টস্বরে শুদ্ধ উচ্চারণে পড়ে বুঝতে পারা।

১০.১ পরিচিত পরিবেশে ছাপা, হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, অনুজ্ঞা (আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ) ও পাঠের অন্তর্ভুক্ত সহজ কথোপকথন ও নির্দেশনা পড়ে বুঝতে পারা।

১১.১ চিত্র ও ছক সংবলিত বর্ণনা, তথ্যমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।

১৩.২ বিরাম চিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে স্পষ্টভাবে সঠিক বানানে বাক্য এবং শ্রুতিলিপি লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৪

**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড –১ | রাস্তায় নানা................সুন্দর করে লেখে। |
| পিরিয়ড –২ | ঝিমিত দেখেছে .......... ঘরে বসে শিখি। |
| পিরিয়ড –৩ | স্কুলের পাশের দোকানের ..........তাই না? |
| পিরিয়ড –৪ | পড়ি ও লিখি এবং বলি। |

## পিরিয়ড – ৫১

### বিষয়বস্তু: রাস্তায় নানা................সুন্দর করে লেখে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে ।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বলতে পারবে।
- শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- বিরামচিহ্ন ব্যবহার করে পাঠের বাক্য দেখে লিখতে পারবে।

**উপকরণ:** রাস্তায় লেখা সাইনবোর্ডের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক বোর্ডে লিখবেন (আমি বাংলায় গান গাই, আমি বাংলার গান গাই)। এবার শিক্ষার্থীদের নিজেদের খাতায় বোর্ড থেকে দেখে লিখে নিতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন আমরা আমাদের খাতায় এবং বোর্ডে কীভাবে লিখলাম। শিক্ষার্থীরা তাদের মতো উত্তর দিবে। এবার শিক্ষক বলবেন, আমরা সবাই হাতে লিখলাম। এই লেখাকে বলে হাতের লেখা।
- এবার সবাইকে নিজেদের লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক এবার শিক্ষার্থীদের অন্যের লেখা মনোযোগ সহকারে দেখতে বলবেন। এবার শিক্ষক নিজে বোর্ডে বিভিন্ন আকৃতিতে লিখে দেখাবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের বাংলা বইয়ের পাঠ-১৩ ‘নানা রকম লেখা’ পাঠটি খুলতে বলবেন। শিক্ষক ‘রাস্তার নানা.........সুন্দর করে লেখে’। পর্যন্ত পড়ে শোনাবেন।
- এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পড়তে বলবেন। পঠনের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- পঠন শেষে সবাইকে ‘রাস্তায় নানা.........সুন্দর করে লেখে’ পর্যন্ত অংশ বিরামচিহ্ন অনুসরণ করে খাতায় লিখতে বলবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। সবাই সবার খাতায় বিরামচিহ্ন অনুসারে লেখা হয়েছে কি না তা মূল্যায়ন করবে এবং শিক্ষককে জানাবে। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক পাঠের যুক্তবর্ণটি খুঁজে বের করতে বলবেন। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে রাস্তা শব্দটি নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণটি আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন।
- এবার শিক্ষক পারদর্শিতার সূচকঅনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

# পিরিয়ড – ৫২

## বিষয়বস্তু: ঝিমিত দেখেছে ........... ঘরে বসে শিখি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি মনোযোগ ও ধৈর্য্য সহকারে শুনে শনাক্ত করতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙ্গে ধ্বনি বলতে পারবে।

- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে।
- শুনে শুনে সঠিকভাবে বিরামচিহ্ন ব্যবহার করে সহজ বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** কম্পিউটার, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক মাল্টিমিডিয়ায় রণসংগীতের প্রথম দুই লাইন বড়ো করে লিখে দেখাবেন। শিক্ষার্থীরা কম্পিউটারে লেখা পর্যবেক্ষণ করবে। প্রয়োজনে শিক্ষককে জিজ্ঞাসা করবে বা শিক্ষক নিজেই কম্পিউটারে লেখার পদ্ধতি সম্পর্কে বলবেন।
- এবার শিক্ষক মাল্টিমিডিয়ায় দ্বিতীয় শ্রেণির বাংলা বইয়ের আজকের পাঠ্যাংশ দেখাবেন। সবাইকে স্ক্রিনে দেখে পড়তে বলবেন প্রয়োজনে পড়ার ক্ষেত্রে সহায়তা দিবেন।
- পঠন শেষে শিক্ষক 'ঝিমিত দেখেছে ....... ঘরে বসে শিখি' পর্যন্ত অংশ শুদ্ধ উচ্চারণে পড়বেন। শিক্ষার্থীরা শিক্ষকের পাঠ শুনে বিরামচিহ্ন অনুসরণ করে খাতায় লিখবে। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। সবাই সবার খাতার বিরামচিহ্ন অনুসারে লেখা হয়েছে কি না তা বইয়ের সাথে মিলিয়ে মূল্যায়ন করবে এবং শিক্ষককে জানাবে। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক আজকের পাঠ্যাংশটুকু টাইপ করে কম্পিউটারে বাংলা বিভিন্ন ফন্টের আকৃতি শিক্ষার্থীদের দেখাবেন এবং পড়তে বলবেন।
- এবার শিক্ষক একজন শিক্ষার্থীকে পাঠ্যাংশটি সরবে পড়তে বলবেন। অন্যদেরকে পাঠ শুনে পাঠের যুক্তবর্ণ খুঁজে বের করতে বলবেন। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দ বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে কম্পিউটার ও পর্দা শব্দ দুটি নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণগুলোতে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন।
- এবার শিক্ষক পারদর্শিতার সূচকঅনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

# পিরিয়ড – ৫৩

### বিষয়বস্তু: স্কুলের পাশের দোকানের............ তাই না?

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।

- স্পষ্ট ও শুদ্ধভাবে শব্দ বলতে পারবে।
- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা বর্ণনা পড়ে বিষয়বস্তু উপস্থাপন করতে পারবে।
- বিরামচিহ্ন ব্যবহার করে নিজে নিজে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** কম্পিউটার, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক একটা শক্ত কাগজে দোকানের সাইনবোর্ডের মতো করে মামার দোকান লিখে নিয়ে আসবেন। সবাই দেখতে পারে এমন স্থানে প্রদর্শন করে দুই একজনকে সাইনবোর্ডটি পড়তে বলবেন। শিক্ষার্থীরা হাতের লেখা পড়তে পারছে কি না পর্যবেক্ষণ করবেন। এবার জিজ্ঞাসা করবেন এটি কীসের সাইনবোর্ড? বলার দক্ষতা বাড়ানোর জন্য শিক্ষক জিজ্ঞাসা করবেন, এই দোকানে কী কী পাওয়া যায়?
- লেখা গোল/ বাঁকা – এমন কোনো শ্রেণি আছে কি? বড়োজোর খাড়া বা হেলানো বলা যেতে পারে। – বিষয়টি নিয়ে পুনরায় ভেবে নতুন করে লিখলে ভালো হয়।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের বাংলা বইয়ের পাঠ-১৩ নানা রকম লেখা পাঠটি খুলতে বলবেন। শিক্ষক 'স্কুলের পাশের দোকানের .......... তাই না'? পর্যন্ত অংশ পড়ে শোনাবেন। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পড়তে বলবেন। পঠনের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- পঠন শেষে সবাইকে 'স্কুলের পাশের দোকান ........ তাই না?' পর্যন্ত অংশ বিরামচিহ্ন অনুসরণ করে খাতায় লিখতে বলবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষার্থীরা তাদের খাতায় বিরামচিহ্ন অনুসারে লেখা হয়েছে কি না তা বইয়ের সাথে মিলিয়ে মূল্যায়ন করবে। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক পাঠের যুক্তবর্ণটি খুঁজে বের করতে বলবেন। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে স্কুল শব্দটি খাতায় লিখে যুক্তবর্ণটি আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন। এবার শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

# পিরিয়ড – ৫৪

### বিষয়বস্তু: পড়ি ও লিখি এবং বলি

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- চিত্র বা ছবি সম্বলিত বর্ণনা শুনে নিজের মতো করে বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- ছাপা ও হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে।
- বিরামচিহ্ন ব্যবহার করে নিজে নিজে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** কম্পিউটার, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক **পড়ি ও লিখি** অংশটি খুলতে বলবেন। হাতের লেখার মতো করে লেখা বাক্যগুলো শিক্ষার্থীদের পড়তে বলবেন। শিক্ষার্থীরা একে একে বাক্যগুলো পড়বে। শিক্ষার্থীরা পড়তে গিয়ে কোনো সমস্যা অনুভব করলে শিক্ষক সহায়তা প্রদান করবেন।
- এবার শিক্ষক একই রকমের আরো কিছু লেখা বোর্ডে লিখে বা মাল্টিমিডিয়ায় দেখিয়ে পড়তে দিবেন। শিক্ষার্থীরা দেখে দেখে পড়বে এবং বিষয়বস্তু বলার চেষ্টা করবে।
- এবার শিক্ষক বইয়ের লেখাগুলো বিরামচিহ্নসহ নিজেদের খাতায় লেখার নির্দেশনা দিবেন। লেখা শেষে শিক্ষক দেখবেন এবং প্রয়োজনীয় ফলাবর্তন দিবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের হাতের লেখা সুন্দর করার ক্ষেত্রে কী কী করা যায় তা জিজ্ঞাসা করবেন। এক্ষেত্রে যাদের লেখা সুন্দর তাদের লেখার পদ্ধতি কী তা বলতে দিতে পারেন এবং যাদের লেখা এখনো স্পষ্ট নয় তাদের করণীয় কী হতে পারে তা জিজ্ঞাসা করতে পারেন।
- এবার শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

### মূল্যায়ন:

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০২.০১, ০১.০২.০৫.০১, ০১.০২.০৫.০২, ০১.০২.০৭.০১, ০১.০২.০৭.০২, ০১.০২.০৮.০১, ০১.০২.১৩.০১, ০১.০২.১৫.০১, ০১.০২.১৬.০১, ও ০১.০২.২০.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ১৪

# কাজের আনন্দ

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৪.১ চিত্র /ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা

৮.১ চিত্র/ছবি সম্বলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।

১২.১ ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্টস্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দলাভ করা।

১২.২ ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৬
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড – ১ | মৌমাছি, .............সময় তো নাই। |
| পিরিয়ড – ২ | মৌমাছি, .............সময় তো নাই। |
| পিরিয়ড – ৩ | ছোট পাখি ........... বাসা আগে বুনি। |
| পিরিয়ড – ৪ | ছোট পাখি ........... বাসা আগে বুনি। |
| পিরিয়ড – ৫ | পিপীলিকা, ............. পিলপিল চলি। |
| পিরিয়ড – ৬ | সম্পূর্ণ কবিতা |

## পিরিয়ড – ৫৫

### বিষয়বস্তু: মৌমাছি, .............সময় তো নাই।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** কম্পিউটার ও মাল্টিমিডিয়া প্রজেক্টর, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- পাঠের শুরুতে ২/৩ মিনিটের এই কবিতাসংশ্লিষ্ট একটি ভিডিয়ো ক্লিপ প্রদর্শন করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য প্রস্তুতিমূলক কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - আমরা বাড়িতে কে, কী কাজ করি?
  - কাজ করতে তোমাদের কেমন লাগে? কেন ভালো লাগে?
  - কাজ করে আমাদের লাভ কী?
- শিক্ষার্থীদের স্বাধীনভাবে বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষক শিক্ষার্থীদের উত্তর ধরিয়ে দেওয়ার জন্য পরোক্ষ সহায়তা দিবেন। এরপর শিক্ষক বলবেন, আজকে আমরা কাজ করে যে আনন্দ পাওয়া যায় সে সম্পর্কে একটি কবিতা পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং কয়েকজন শিক্ষার্থীকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
  - ছবিতে কী দেখা যাচ্ছে?
  - ছবিতে কে, কী করছে?
  - আমরা মধু কোথা থেকে পাই?
  - কবিতার নাম কী হতে পারে বলে তুমি মনে করো?
- শিক্ষক প্রথমে কবিতার বিষয়বস্তু সংক্ষেপে শিক্ষার্থীদের বলবেন। শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক প্রথমে পুরো কবিতাটি স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। পরে আজকের পাঠের প্রথম ছয় লাইন নির্দেশ করে ছন্দে ও তালে কবিতাটি কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষার্থীদের পাঠের কতিপয় শব্দের (**মৌমাছি, নাচানাচি, আহরণ**) অর্থ ও উচ্চারণ বলে দিবেন। প্রয়োজনে শব্দগুলো বোর্ডে লিখে দেখাবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে ধরে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না এবং পাঠের বিশেষ শব্দগুলো সঠিকভাবে উচ্চারণ করছে কি না।
- শিক্ষার্থীদের সাথে নিয়ে পাঠের অংশটি কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দলগতভাবে এবং এককভাবে কয়েকবার পড়ার অনুশীলন করাবেন। শিক্ষক খেয়াল করবেন এই পর্যায়ে শিক্ষার্থীরা সঠিকভাবে শব্দ ডিকোড করে পড়তে পারছে কি না।
- শিক্ষক বোর্ডে পূর্বে লেখা শব্দ লিখবেন। শিক্ষক একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন। অতঃপর শিক্ষক বোর্ডে পরের পৃষ্ঠার ছক অনুযায়ী শব্দগুলো নিম্নরূপভাবে নিজ খাতায় লিখে নিতে বলবেন।

| | | |
|---|---|---|
| মৌমাছি | – | ১।<br>২। |
| নাচ | – | ১।<br>২। |
| আহরণ | – | ১।<br>২। |
| সময় | – | ১।<br>২। |

- প্রতি বেঞ্চে বসা শিক্ষার্থীদের নিয়ে একটি করে দল গঠন করবেন। শিক্ষার্থীদের দলে আলোচনা করে প্রত্যেক শব্দ দিয়ে খাতায় দুটি করে বাক্য লিখতে বলবেন। প্রয়োজনে নিজে একটি উদাহরণ লিখে দিবেন।

| | | |
|---|---|---|
| পাখি | – | ১। পাখি উড়ে বেড়ায়।<br>২। দোয়েল আমাদের জাতীয় পাখি। |

- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কিনা তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।
- শিক্ষার্থীদের পাঠের অংশটি পরের দিন লিখে আনতে বলবেন। পিছিয়ে পড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন এবং পুনরায় মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ৫৬

## বিষয়বস্তু: মৌমাছি .............সময় তো নাই।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য আগের দিনের কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - ছবিতে কী দেখা যাচ্ছে?
  - ছবিতে কে, কী করছে?
  - আমরা মধু কোথা থেকে পাই?
  - কবিতার নাম কী হতে পারে বলে তুমি মনে করো?
- শিক্ষার্থীদের বলতে বলবেন। শিক্ষক বলবেন, আমরা **কাজের আনন্দ** কবিতার প্রথম ছয় লাইন আজও পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং যারা আগের দিন বলার সুযোগ পায়নি তাদের মধ্য থেকে কয়েকজনকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক কবিতার অংশটুকু স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে ধরে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষার্থীদের সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক আজকের পাঠটুকু বানান করে পড়তে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন কোন শিক্ষার্থী ডিকোড করে পড়তে পারছে না। তাদের সহায়তা করবেন।
- শিক্ষক বোর্ডে পূর্বে লেখা শব্দ (**মুক্তিসেনা, অস্ত্র, মাতৃভূমি, ধন্য, বাজি, শহিদ, ভিনদেশি, পণ্য**) লিখবেন। শিক্ষক একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।

- শিক্ষার্থীদের কবিতার অংশটুকু দেখে দেখে নিজ খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থীদের সহায়তায় একজনের খাতা অন্যজনকে দেখতে দিয়ে মূল্যায়ন করাবেন।
- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কিনা তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।
- পিছিয়েপড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।

# পিরিয়ড – ৫৭

## বিষয়বস্তু: ছোট পাখি ............ বাসা আগে বুনি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বের পাঠের অভিজ্ঞতা যাচাইয়ের জন্য কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - মৌমাছিকে দাঁড়ানোর জন্য কে বলছে?
  - কার দাঁড়ানোর সময় নেই?
  - কেন মৌমাছি অপেক্ষা করতে চাচ্ছে না?
  - মৌমাছি পিঁপড়েকে কী বলছে?
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন। ছবি সম্পর্কে কৌতূহলোদ্দীপক প্রশ্ন করবেন। কয়েকজন শিক্ষার্থীকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক প্রথমে পুরো কবিতাটি স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। পরে আজকের পাঠের নির্ধারিত অংশ নির্দেশ করে ছন্দে ও তালে কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে ধরে পড়া অনুসরণ করতে বলবেন। সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। পাঠের বিশেষ শব্দগুলো (**কিচিমিচি, কব, তৃণ, তৃণলতা, বুনি**) বোর্ডে লিখে দিবেন, শব্দের অর্থ বলে ও লিখে দিবেন। এভাবে পাঠটি কয়েকবার শিক্ষার্থীদের পড়তে সহায়তা করবেন।
- শিক্ষার্থী সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক পাঠের প্রস্তুতি পর্যায়ে যে সকল প্রশ্ন করেছিলেন তা বোর্ডে লিখে দিবেন। শিক্ষার্থীদের বই থেকে উত্তর খুঁজে খাতায় লিখতে বলবেন। লেখা যাচাই করবেন। প্রয়োজনে ফলাবর্তন প্রদান করে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

## পিরিয়ড – ৫৮

### বিষয়বস্তু: ছোট পাখি ............ বাসা আগে বুনি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন এবং শিক্ষক শিক্ষার্থীদের পূর্বদিনের পাঠের ওপর কিছু প্রশ্ন করবেন।
- শিক্ষক বলবেন, আজকে আমরা কবিতার আগের দিনের অংশ আজও পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং যারা আগের দিন বলার সুযোগ পায়নি তাদের মধ্য থেকে কয়েকজনকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক কবিতার অংশটুকু স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে ধরে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষার্থীদের সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক আজকের পাঠটুকু বানান করে পড়তে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন কোন শিক্ষার্থী ডিকোড করে পড়তে পারছে না। তাদের সহায়তা করবেন।
- শিক্ষক বোর্ডে কয়েকটি শব্দ (**কিচিমিচি, কব, তৃণ, তৃণলতা, বুনি**) লিখবেন। শিক্ষক একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষার্থীদের কবিতার অংশটুকু দেখে দেখে নিজ খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থীদের সহায়তায় একজনের খাতা অন্যজনকে দেখতে দিয়ে মূল্যায়ন করাবেন।
- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কিনা তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।
- শিক্ষার্থীদের কবিতার চরণ বই দেখে নিজ খাতায় লিখতে বলবেন। নিজে অথবা পারগ শিক্ষার্থীদের সহযোগিতায় শিক্ষার্থীদের লেখা মূল্যায়ন করবেন। পিছিয়েপড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।
- ধন্যবাদ জানিয়ে শ্রেণি কার্যক্রম শেষ করবেন।

# পিরিয়ড – ৫৯

### বিষয়বস্তু: পিপীলিকা .............. পিলপিল চলি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- পাঠের শব্দ, বাক্য, চরণ বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।
- ছড়া, কবিতা, গল্প আগ্রহের সাথে পড়ে বিষয়বস্তু বলতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর, অভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক কাজের মাধ্যমে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য পূর্বের ক্লাসে আলোচনা করা হয়েছে এমন কিছু প্রশ্ন করবেন।

উত্তর বলতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে ধরে পড়তে সহায়তা দিবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। এরপর দেখে দেখে কবিতাটি শব্দ ধরে দলগতভাবে ও এককভাবে কয়েকবার পড়ার অনুশীলন করাবেন।
- পড়া শেষ হলে শিক্ষার্থীদের পুরো কবিতাটি প্রথমে দলে, জোড়ায় ও এককভাবে আবৃত্তির অনুশীলন করার সুযোগ দিবেন। কবিতা-সংশ্লিষ্ট কতিপয় প্রশ্ন করে মুখে মুখে উত্তর যাচাই করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বই বন্ধ করতে বলবেন এবং খাতা খুলতে বলবেন। শিক্ষক কবিতার একটি অংশবিশেষ পড়বেন ও শিক্ষার্থীদের তা শুনে এবং দাঁড়ি বিরামচিহ্ন ব্যবহার ঠিক রেখে লিখতে বলবেন (শ্রুতলিপি লেখার অনুশীলন)।
- শিক্ষক শিক্ষার্থীদের কবিতার মূলভাব/সারসংক্ষেপ প্রশ্নোত্তরে আলোচনা করবেন। শিক্ষার্থীদের নিজে নিজেদের খাতায় কবিতা সম্পর্কে তিনটি বাক্য লিখতে বলবেন। লেখা শেষে সকলের লেখা যাচাই করবেন। কয়েকজনকে বলতে বলবেন।
- সবাইকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

## পিরিয়ড – ৬০

### বিষয়বস্তু: সম্পূর্ণ কবিতা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।
- সহজ শব্দ ও বাক্য শুনে লিখতে পারবে।
- দেখে কবিতার চরণ লিখতে পারবে।
- ছড়া, কবিতা ও গল্প শুনে নিজের মতো করে সহজ বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর, অভিনয়।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক কাজের মাধ্যমে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কয়েকজনকে কবিতাটি আবৃত্তি করতে বলবেন। পরে সকলকে দেখে দেখে কবিতাটি পড়তে বলবেন। পড়ার সময় বিরামচিহ্ন (দাঁড়ি) ব্যবহার করার বিষয়টি শিক্ষার্থীদের মনে করিয়ে দিবেন।
- শিক্ষার্থীদের পাঠ্যবই বন্ধ করতে বলবেন। প্রত্যেককে নিজ খাতায় কবিতাটি দেখে দেখে লিখতে বলবেন।

লেখা শেষ হলে খাতা পারস্পরিক পরিবর্তন করে দিয়ে অন্য শিক্ষার্থীর সাহায্যে তা মূল্যায়ন করার ব্যবস্থা করবেন। মূল্যায়ন করার সময় শিক্ষার্থীদের পাঠ্যবই খুলে মিলিয়ে দেখতে বলবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের শিক্ষণীয় শিশুতোষ বিষয়ক একটি ভিডিও প্রদর্শন/উপস্থাপন করবেন। শিক্ষার্থীদের ভিডিওটি দেখে কী দেখতে পেয়েছে সে সম্পর্কে বলতে বলবেন।
- এই কবিতা সম্পর্কে শিক্ষার্থীদের কোনো জিজ্ঞাসা আছে কিনা তা জানবেন। প্রশ্নোত্তরে সকলের ধারণা স্পষ্ট করবেন। শিক্ষার্থীদের প্রশংসা করে শ্রেণির কাজ শেষ করবেন।

**মূল্যায়নঃ**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৬.০১, ০১.০২.০৬.০২, ০১.০২.১২.০১, ০১.০২.১৭.০১, ০১.০২.১৮.০১ ও ০১.০২.২৫.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ১৫

# বাক্য লিখি

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.২ প্রমিত উচ্চারণে বলা পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে বুঝতে পারা।
২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা।
৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণ বা যুক্তবর্ণহীন) বাক্য স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।
৬.১ পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।
১৪.১ বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দশনা, কথোপকথন বুঝে সহজ বাক্যে প্রমিত বাংলায় লিখতে পারা।
১৪.২ সম্বোধন ও অনুরোধবাচক শব্দ ও বাক্য লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যাঃ ০৩**
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | দাও মা, ভাত.........দিন। |
| পিরিয়ড-২ | কী তোমার নাম কী? .........কখন। |
| পিরিয়ড-৩ | পুনরালোচনা |

## পিরিয়ড - ৬১

### বিষয়বস্তুঃ দাও মা, ভাত.........দিন।

**শিখনফলঃ** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- অনুরোধ জ্ঞাপক বাক্য শুনে সাড়া দিতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- স্পষ্ট স্বরে অনুরাধ জানাতে পারবে।
- সম্বোধনবাচক শব্দ ও বাক্য লিখতেপারবে।
- সহজ অনুরোধ মূলক বাক্য লিখতে পারবে।

**উপকরণঃ** শব্দকার্ড, বাক্যকার্ড, পাঠ্যবই।
**পদ্ধতি/কৌশলঃ** প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- এ পিরিয়ডটি যেহেতু অনুরোধমূলক ও সম্বোধনবাচক শব্দ ও বাক্য অনুশীলনের জন্য প্রণীত, সেজন্য শিক্ষক প্রথমে 'দাও' শব্দ কার্ড বোর্ডে লাগিয়ে বা মাল্টিমিডিয়ায় প্রদর্শন করবেন এবং প্রমিত উচ্চারণে পড়ে দিবেন।
- শিক্ষার্থীদের সাথে শ্রবণযোগ্য স্বরে বলবেন এবং অনুশীলন করাবেন।
- এবার 'মা, ভাত দাও।' বাক্যটি বোর্ডে লিখে দিয়ে প্রমিত উচ্চারণে পড়তে বলবেন বা নিজে পড়ে দিবেন । শিক্ষার্থীদের নিয়ে কয়েকবার অনুশীলন করাবেন।
- এবার 'খাও' শব্দ কার্ড বোর্ডে লাগিয়ে বা মাল্টিমিডিয়ায় প্রদর্শন করবেন এবং প্রমিত উচ্চারণে পড়ে দিবেন ।
- অতঃপর 'বাবা, দুধ খাও।' বাক্যটি বোর্ডে লিখে দিয়ে প্রমিত উচ্চারণে পড়তে বলবেন বা নিজে পড়ে দিবেন। কয়েকবার অনুশীলন করাবেন।
- অনুরূপভাবে 'দিন' শব্দ ও 'আমাকে বই দিন' বাক্য কয়েকবার পড়ার অনুশীলন করাবেন। পড়ার যোগ্যতা অর্জন নিশ্চিত হয়েছে কিনা তা যাচাইয়ের জন্য দুই চারজনকে পড়তে দিবেন। দাও ও দিন শব্দের প্রয়োগ কোথায় কোথায় তা ব্যাখ্যা করে দিবেন।
- শিক্ষক 'দাও' শব্দটি বোর্ড লিখবেন এবং এর সামনে 'আমাকে বই দাও।' বাক্যটি বোর্ডে লিখবেন এবং শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক এবার 'খাও' শব্দটি বোর্ডে লিখে এর চারদিকে বৃত্ত এঁকে শিক্ষার্থীদের 'খাও' শব্দ দিয়ে প্রত্যেককে একটি বাক্য মনে করতে বলতে বলবেন ।
- শিক্ষক শিক্ষার্থীর বলা বাক্য বৃত্তের পাশে লিখবেন এবং পড়ে দিবেন। শিক্ষার্থীদের খাতায় বাক্যগুলো তুলে নিতে বলবেন।
- চার/পাঁচজন করে শিক্ষার্থী নিয়ে দল গঠন করে শিক্ষক 'দিন' শব্দ দিয়ে অনুরোধমূলক বাক্য লিখতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন। শিক্ষার্থীদের লেখা ব্যাখ্যা পড়ে শুনাতে বলবেন এবং অন্য শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।

| **দিন শব্দ দিয়ে বাক্য লেখ** |
|---|
| - আমাকে একটি বই দিন<br>-<br>-<br>- |

- শিক্ষক বোর্ডে একটি বাক্য কার্ড লাগিয়ে বা ছোট একটি অনুচ্ছেদ দিয়ে তা থেকে শিক্ষক নির্দিষ্ট কয়েকটি শব্দ বলবেন শিক্ষার্থীরা সে সকল শব্দ শনাক্ত করবে। প্রয়োজনে শিক্ষক সহায়তা দিবেন।

- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে তাদের লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড - ৬২

## বিষয়বস্তু: কী তোমার নাম কী? .........কখন।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- স্পষ্ট স্বরে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলতে পারবে।
- সহজ বাক্যে প্রমিত বাংলায় প্রশ্নের উত্তর লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড, মাল্টিমিডিয়া প্রজেক্টর, পাঠ্যবই।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা একাকী চিন্তা, দলে আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পূর্বের পাঠের জ্ঞান যাচাইয়ের জন্য শিক্ষার্থীদের পাঠ্য বই থেকে পড়তে দিবেন এবং দুই একজনকে লিখতে দিবেন।
- এ পিরিয়ডটি যেহেতু প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলার অনুশীলনের জন্য পরিকল্পিত এজন্য শিক্ষক প্রথমে "কী" শব্দ কার্ড বোর্ডে লাগিয়ে বা মাল্টিমিডিয়ায় প্রদর্শন করবেন এবং প্রমিত উচ্চারণে পড়ে দিবেন ।
- শিক্ষার্থীদের সাথে সমস্বরে উচ্চারণ করবেন এবং শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন।
- এবার 'তোমার নাম কী?' বাক্যটি বোর্ডে লিখে দিয়ে প্রমিত উচ্চারণে পড়তে বলবেন বা নিজে পড়ে দিবেন । কয়েকবার অনুশীলন করাবেন।
- 'কে' শব্দকার্ড বোর্ডে লাগিয়ে বা মাল্টিমিডিয়ায় প্রদর্শন করবেন এবং প্রমিত উচ্চারণে পড়ে দিবেন এবং শিক্ষার্থীদের দ্বারা অনুশীলন করাবেন।
- অতঃপর 'তিনি কে?' বাক্যটি বোর্ডে লিখে দিয়ে প্রমিত উচ্চারণে পড়তে বলবেন বা নিজে পড়ে দিবেন। কয়েকবার অনুশীলন করাবেন।
- অনুরূপভাবে 'কখন' শব্দ ও 'কখন যাবে?' বাক্য কয়েকবার পড়ার অনুশীলন করাবেন। পড়ার যোগ্যতা অর্জন নিশ্চিত হয়েছে কিনা তা যাচাইয়ের জন্য দুই চারজনকে পড়তে দিবেন।

- শিক্ষক "কী" শব্দটি বোর্ড লিখবেন এবং এর সামনে 'তোমার নাম কী।' বাক্যটি লিখবেন এবং শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক এবার 'কে?' শব্দটি বোর্ডে লিখে এর চারদিকে বৃত্ত এঁকে শিক্ষার্থীদের 'কে' শব্দ দিয়ে প্রত্যেককে একটি বাক্য মনে করতে বলতে বলবেন এবং বলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীর বলা বাক্য বৃত্তের পাশে লিখবেন এবং পড়ে দিবেন।
- চার/পাঁচজন করে শিক্ষার্থী নিয়ে দল গঠন করে শিক্ষক 'কখন' শব্দ দিয়ে প্রশ্নবোধক বাক্য লিখতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক বোর্ডে ছোটো একটি অনুচ্ছেদ লিখে দিয়ে তা থেকে নির্দিষ্ট কয়েকটি শব্দ বলবেন শিক্ষার্থীরা সে সকল শব্দ শনাক্ত করবে। প্রয়োজনে শিক্ষক সহায়তা দিবেন।
- শিক্ষক নিচের ছকটি বোর্ডে লিখে দিয়ে শিক্ষার্থীদের খাতায় তুলে বাম ও ডান অংশ মিলিয়ে পূর্ণ বাক্য লিখতে বলবেন।

| **ডান পাশের শব্দের সাথে বাম পাশের শব্দ মিলিয়ে বাক্য লিখ** | |
|---|---|
| **তোমার বাবার** | কলম দিন |
| **আমাকে একটি** | ভাত খবে? |
| **তুমি আর** | নাম কী? |
| **তুমি কী** | কী খাবে? |

- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে তাদের লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড - ৬৩

## বিষয়বস্তু: পুনরালোচনা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- অনুরোধ জ্ঞাপক বাক্য শুনে সাড়া দিতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- স্পষ্ট স্বরে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলতে পারবে।
- স্পষ্ট স্বরে অনুরোধ জানাতে পারবে।
- সম্বোধনবাচক শব্দ ও বাক্য লিখতেপারবে।
- সহজ অনুরোধ মূলক বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** শব্দকার্ড, বাক্যকার্ড
**পদ্ধতি/কৌশল:** প্রশ্ন-উত্তর, আলোচনা একাকী চিন্তা, দলে আলোচনা

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পূর্বের পাঠের জ্ঞান যাচাইয়ের জন্য শিক্ষার্থীদের পাঠ্যবই থেকে পড়তে দিবেন এবং দুই একজনকে লিখতে দিবেন।
- পরিচিত পরিবেশে বিভিন্ন সহায়তা গ্রহণের জন্য বিনয়ের সাথে অনুরোধ জানানোর প্রক্রিয়া প্রর্দশন করবেন এবং শিক্ষার্থীর দ্বারা এর অনুশীলন করাবেন। অনুরোধজ্ঞাপক শব্দ দিয়ে বাক্য লিখতে বলবেন। যাও-মাঠে যাও, সমাবেশে যাও, বাগানে যাও। বাক্যগুলো শিক্ষার্থীর খাতায় তুলে নিতে বলবেন।
- শিক্ষক বোর্ডে কতগুলো বাক্য লিখবেন যেখানে সাধারণ বাক্য, অনুরোধজ্ঞাপক বাক্য ও প্রশ্ন জিজ্ঞাসামূলক বাক্য ও সম্বোধনমূলক বাক্য থাকবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন কোন বাক্যে অনুরোধ করা হয়েছে, কোন বাক্যে প্রশ্ন করা হয়েছ, কোন বাক্যে সম্বোধন করা হয়েছে?
- শিক্ষক বিশ্লেষণ করে দিবেন যে, বয়সে যারা বড়ো বা সম্মানীয় তাদের ক্ষেত্রে কীভাবে অনুরোধ করা হয়। সহপাঠীদের কীভাবে সম্বোধন করা হয়, বড়োদের কীভাবে সম্বোধন করা হয়?
- এবার শিক্ষক শিক্ষার্থীদের বলা বাক্যগুলো তাদের খাতায় লিখতে বলবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।
- বইয়ে প্রদত্ত প্রশ্নবাচক শব্দ দিয়ে শিক্ষার্থীদের তিনটি করে বাক্য লিখতে দিবেন। প্রয়োজনে সহায়তা দিবেন। শিক্ষার্থীদের লেখা শেষ হলে পরস্পরের মধ্যে খাতা বদল করে নিতে বলবেন এবং একজনের খাতা অন্য জন পড়ে শুনাবে এভাবে নির্দেশনা দিবেন।
- এবার পাঠ্যবইয়ের বাইরে আরো শব্দ দিন যা দিয়ে শিক্ষার্থীরা বাক্য গঠন করে খাতায় লিখবে এবং উপরে উলেখিত প্রক্রিয়ায় মূল্যায়ন করবেন।
- পাঠ মূল্যায়নের জন্য দৈবচয়নে কয়েকজন শিক্ষার্থীকে পড়তে বলবেন এবং কয়েকজনকে বোর্ডে এনে তাদের লিখতে দেবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- আজকের পাঠ শিক্ষার্থীরা কতটুকু আয়ত্ত করতে পেরেছে তা পরিমাপের জন্য রুব্রিক্সভিত্তিক প্রত্যেক শিক্ষার্থীকে পরিমাপ করবেন এবং রেকর্ড সংরক্ষণ করবেন।

**মূল্যায়ন:**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০২.০১, ০১.০২.০৩.০১, ০১.০২.০৮.০১, ০১.০২.০৯.০১, ০১.০২.২১.০১ ও ০১.০২.২২.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ১৬

# রাজুর আঁকা ছবি

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৩.১ ছবি, চিত্র বা ছবি দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারা ও সংশ্লিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারা।

৭.১ ছবি, চিত্র বা ছবি দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বুঝে বলতে পারা।

**পিরিয়ড সংখ্যা: ০৩**
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা |
| পিরিয়ড-২ | ছবি দেখে বাক্য লেখা |
| পিরিয়ড-৩ | নিকট পরিবেশ পর্যবেক্ষণ করা ও বাক্য লেখা |

## পিরিয়ড - ৬৪

### বিষয়বস্তু: ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছবি বা চিত্র দেখে/ বর্ণনা শুনে বিষয় সংশষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- ছবি বা চিত্র দেখে স্পষ্ট ভাবে বর্ণনা করতে পারবে।
- নিকট পরিবেশ সম্পর্কে বাক্য লিখতে পারবে।
- নির্দেশনা অনুসারে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি ও কৌশল:** প্রদর্শন, প্রশ্ন-উত্তর, আলোচনা, দলে আলোচনা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করে পাঠের অনুকূল পরিবেশ তৈরি করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে কিছু প্রশ্ন করবেন।
  - আমাদের স্কুলের চারপাশে কী আছে?
  - কোন কোন গাছ আছে?
  - গাছ ছাড়া আর কী আছে?
  - ছবি আঁকতে তোমাদের কেমন লাগে?
  - কোন দৃশ্য আঁকতে ভাল লাগে?
- আগে থেকে আর্ট পেপার বড়ো করে আঁকা বা মাল্টিমিডিয়ায় সংশ্লিষ্ট ছবিটি প্রদর্শন করে সকল শিক্ষার্থীকে মনোযোগ

দিয়ে দেখতে বলবেন। পাশে বসা সহপাঠীর সাথে আলাপ করে ছবির বিষয়বস্তু সম্পর্কে আলোচনা করতে বলবেন।

- এরপর ছবির বিষয়বস্তু নিয়ে নিম্নরূপ প্রশ্ন করবেন।
  - ছবিতে কী কী দেখা যাচ্ছে?
  - ছবিতে কে কী করছে?
  - ছবির মানুষগুলো কী করছে?
  - আকাশে কী উড়ছে?
  - কয়টি পাখি আছে?
  - ছবিতে কী কী গাছ আছে?
  - নদীতে কী আছে?
  - মানুষগুলো কী নিয়ে হেঁটে যাচ্ছে?
- শিক্ষার্থীর জীবনের সঙ্গে মিলিয়ে অভিজ্ঞতা জানতে চাইবেন। শিক্ষক এ পর্যায়ে ছবির একটি সংক্ষিপ্ত বিবরণ অথবা সারমর্ম তুলে ধরবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুমান করতে বলবেন যে পাঠের নাম কী হতে পারে? সংক্ষেপে ছবির একটি শিরোনাম দিবেন এবং বোর্ডে পাঠের শিরোনাম লিখে দিবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক ছবির বিষয়বস্তু নিয়ে একটি গল্প বলবেন। প্রয়োজনে মাঝে মাঝে প্রশ্ন করে শিক্ষার্থীদের থেকেও গল্পের বিষয়/প্রেক্ষাপট পরিবর্তন করতে পারেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে ছবির পাঠটি দলে গল্পের মতো করে বলতে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং প্রয়োজনে সহায়তা দিবেন।

## পিরিয়ড - ৬৫

### বিষয়বস্তু: ছবি দেখে বাক্য লেখা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছবি বা চিত্র দেখে/ বর্ণনা শুনে বিষয় সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- ছবি বা চিত্র দেখে স্পষ্ট ভাবে বর্ণনা করতে পারবে।
- নিকট পরিবেশ সম্পর্কে বাক্য লিখতে পারবে।
- নির্দেশনা অনুসারে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি ও কৌশল:** প্রদর্শন, প্রশ্ন-উত্তর, আলোচনা, দলে আলোচনা।

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করে পাঠের অনুকূল পরিবেশ তৈরি করবেন। শিক্ষক শিক্ষার্থীদের

পূর্বজ্ঞান যাচাইয়ের জন্য কয়েকজনকে ছবির ওপর ভিত্তি করে কয়েকটি প্রশ্ন করব।

- কয়টি নৌকা আছে?
- নৌকায় কী আছে ? নৌকা দিয়ে কী করা হচ্ছে?
- নৌকায় কী কোথায় নিয়ে যাচ্ছে?
- মাছ কীভাবে ধরা হচ্ছে?

- শিক্ষার্থীর আগের ক্লাসে গঠন করা দলে বসতে বলবেন। আগের দিনে গঠন করা দলে পুনরায় বসতে বলবেন। বইয়ের ছবি নিয়ে এমনভাবে গল্প বলার অনুশীলন করাবেন যেন প্রত্যেকে বলার সুযোগ পায়। এরপর প্রত্যেক দল থেকে কয়েকজনকে বলতে বলবেন। বলার সময় শিক্ষার্থীরা সঠিক উচ্চারণে বলতে পারছে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কয়েকটি দলে ছবির ওপর পাঁচটি বাক্য লিখতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের বাক্যগুলো (শব্দ, বাক্য কাঠামো, যোগ্যতা ইত্যাদি) যাচাই করে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন এবং পুনর্মূল্যায়ন করবেন।
- শিক্ষার্থীদের পরের দিনের বাংলা ক্লাসে ছবি আঁকতে হবে বিধায় আঁকার সরঞ্জাম আনতে বলবেন।

# পিরিয়ড - ৬৬

## বিষয়বস্তু: ছবি দেখা ও বাক্য লেখা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছবি বা চিত্র দেখে/ বর্ণনা শুনে বিষয় সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- ছবি বা চিত্র দেখে স্পষ্ট ভাবে বর্ণনা করতে পারবে।
- নিকট পরিবেশ সম্পর্কে বাক্য লিখতে পারবে।
- নির্দেশনা অনুসারে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** নিকট/বাস্তব পরিবেশের ছবি।
**পদ্ধতি ও কৌশল:** প্রদর্শন, প্রশ্ন-উত্তর, আলোচনা, একাকী চিন্তা, দলে আলোচনা ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করে পাঠের অনুকূল পরিবেশ তৈরি করবেন। পাঠে অনুকূল পরিবেশ তৈরির জন্য শিক্ষক বা কোন শিক্ষার্থীকে গল্প পরিবেশন করতে বলবেন বা নিজে করবেন।
- শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে কিছু প্রশ্ন করবেন।
- গত ক্লাসে আমরা কী কী বিষয় নিয়ে আলোচনা করেছিলাম?
- আগে থেকে আর্ট পেপার বড়ো করে আঁকা বা মাল্টিমিডিয়ায় নতুন একটি ছবি প্রদর্শন করে সকল শিক্ষার্থীকে মনোযোগ দিয়ে দেখতে বলবেন। পাশে বসা সহপাঠীর সাথে আলাপ করে ছবির বিষয়বস্তু সম্পর্কে আলোচনা করতে বলবেন।

- এরপর ছবির বিষয়বস্তু নিয়ে আগের মতো প্রশ্নোত্তরে আলোচনা করবেন। আলোচনার সময় ছবির প্রেক্ষাপট, বিষয়বস্তু, ঘটনা, পারিপার্শ্বিকতা ইত্যাদি বিবেচনায় রাখবেন। শিক্ষক এ পর্যায়ে ছবির একটি সংক্ষিপ্ত বিবরণ অথবা সারমর্ম তুলে ধরবেন।
- ছবি নিয়ে কয়েকজনকে বলতে বলবেন। বলার সময় শিক্ষার্থীরা সঠিক উচ্চারণে বলতে পারছে কিনা তা যাচাই করবেন। প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কয়েকটি দলে ছবির ওপর পাঁচটি বাক্য লিখতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের বাক্যগুলো (শব্দ, বাক্য কাঠামো, যোগ্যতা ইত্যাদি) যাচাই করে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন এবং পুনর্মূল্যায়ন করবেন।
- এখন শিক্ষার্থীদের ইচ্ছেমতো ছবি আঁকার প্রস্তুতি নিতে বলুন। সকলকে বলুন, এখন আমরা একা একা কাজ করভ। শিক্ষার্থীদের নিজেদের মতো করে একটি ছবি আঁকতে বলুন। প্রয়োজনীয় সময় দিন। এরপর নিজের আঁকা ছবির নিচের অংশে ছবির ওপর ভিত্তি করে কয়েকটি বাক্য লিখতে বলবেন।
- এরপর শিক্ষক ছবিগুলো নিয়ে শ্রেণিকক্ষে প্রদর্শনির ব্যবস্থা করবেন। ছবি নিয়ে কার বাক্য লেখা কেমন হয়েছে তা নিয়ে আলোচনা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলা বাক্যগুলো বোর্ডে লিখবেন এবং সকল শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।

**মূল্যায়নঃ**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৫.০১, ০১.০২.০৫.০২ ও ০১.০২.১১.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ১৭

# গ্রাম ও শহর

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.২ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।

৪.১ চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা।

৫.১ শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।

৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।

৮.১ চিত্র/ছবি সম্বলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।

১৪.১ বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্যে প্রমিত বাংলায় লিখতে পারা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা: ০৬**
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | আমিন...... গ্রামে..................................পরিবার থাকে। |
| পিরিয়ড-২ | আমিনের ফুফাতো বোন ................... অনেক ভালো লাগল। |
| পিরিয়ড-৩ | এর কয়েক মাস পর ........................ তিথির আনন্দ হয়। |
| পিরিয়ড-৪ | তিথির মামাতো বোন .......................দারুণ ভালো লাগে। |
| পিরিয়ড-৫ | আমিন গ্রামে .................................শহর আরেক রকম। |
| পিরিয়ড-৬ | পুনরালোচনা। |

## পিরিয়ড – ৬৭

**বিষয়বস্তু: আমিন গ্রামে ..............................পরিবার থাকে।**

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- ছড়া, কবিতা, গল্প ও রূপকথা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।

- স্পষ্ট ও শুদ্ধভাবে শব্দ বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- সহজ বাক্যে প্রমিত বাংলায় প্রশ্নের উত্তর লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক, ছবি।
**পদ্ধতি/কৌশল:** আলোচনা, প্রশ্নোত্তর, দলীয় কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষার্থীদের কেউ গ্রামে/শহরে বেড়াতে গিয়েছে কি না, কোথায় গিয়েছে, কী দেখেছে ইত্যাদি বিষয় নিয়ে অভিজ্ঞতাভিত্তিক প্রশ্ন করে এ সম্পর্কিত ধারণা প্রদান করার চেষ্টা করবেন। অতঃপর আজকের পাঠটি কী নিয়ে হতে পারে সে সম্পর্কে অনুমান করতে দিবেন।
- পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট পৃষ্ঠা খুলতে সহায়তা দিয়ে পাঠের ছবি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং কয়েকজন শিক্ষার্থীকে বলতে দিয়ে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন। প্রাসঙ্গিক আলোচনার মাধ্যমে পাঠের শিরোনাম বলবেন এবং বোর্ডে লিখে দেবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক প্রথমে পাঠের বিষয়বস্তু সংক্ষেপে বলে দিবেন। এরপর পাঠের অংশটুকু স্পষ্ট উচ্চারণে পড়বেন। পড়ার সময় বিশেষ শব্দগুলোর (অবাক, দালান ইত্যাদি) অর্থ ও প্রয়োগ বলে দিবেন।
- শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে অংশটুকু ২/৩ বার পড়ে শোনাবেন। পরে শিক্ষক সকল শিক্ষার্থীকে শিক্ষকের পড়া অনুসরণ করে সাথে নিয়ে পড়ার অনুশীলন করাবেন। পড়ার সময়ে ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে পাঠে অগ্রসর হবেন। যে সকল শিক্ষার্থীর পাঠের শব্দের উচ্চারণে সমস্যা রয়েছে তা তাদের পড়ার সময়েই সংশোধন করে দিবেন।
- শিক্ষক দলগত পঠনের জন্য এমন ব্যবস্থা গ্রহণ করবেন যেন প্রত্যেক শিক্ষার্থী কমপক্ষে একবার করে পড়ার সুযোগ পায় এবং একাধিকবার শোনার সুযোগ পায়। শিক্ষার্থীর পঠনকালে কোনো শিক্ষার্থীর পঠনে অসুবিধা (উচ্চারণে অসুবিধা, শব্দ শনাক্ত করতে সমস্যা ইত্যাদি) হচ্ছে তা শনাক্ত করে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- শিক্ষক বোর্ডে কতিপয় শব্দ লিখে দিবেন। শিক্ষার্থীদের পাঠ থেকে শব্দ খুঁজে বের করতে বলবেন। প্রয়োজনে পেনসিল দিয়ে শব্দের নিচে দাগ দিতে বলবেন। কোন কোন শব্দ তারা শনাক্ত করেছে তা বলতে বলবেন।
- সকল শিক্ষার্থীর পড়া শেষ হলে শিক্ষার্থীদের সাধারণ ভুলগুলো সংশোধন করে দিবেন এবং এককভাবে পড়তে দিয়ে পঠনের মূল্যায়ন করবেন।
- নিম্নরূপ কয়েকটি প্রশ্ন বোর্ডে লিখে দিবেন। শিক্ষার্থীদের বলবেন যে, এই প্রশ্নের উত্তর আজকের পাঠেই আছে। পাঠ থেকে উত্তর খুঁজে বের করে তা খাতায় লিখতে বলবেন।
  - আমিন কোথায় বাস করে?
  - আমিন শহরে এসে অবাক হলো কেন?

- সে কার বাড়িতে বেড়াতে এসেছে?
- ফুফুর দালানে আর কারা থাকে?

- শিক্ষার্থীদের উত্তর লেখার পর কয়েকজন অগ্রবর্তী শিক্ষার্থীর উত্তর যাচাই করে তাদের দিয়ে অপরাপর শিক্ষার্থীর খাতা যাচাই করবেন। শিক্ষক নিজে ও পারগ শিক্ষার্থীর দ্বারা শিক্ষার্থীর সাধারণ ভুলগুলো শনাক্ত করে তার ওপর ফলাবর্তন প্রদান করবেন ও নিরাময়মূলক ব্যবস্থার মাধ্যমে পুনরায় মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ৬৮

## বিষয়বস্তু: আমিন গ্রামে................ অনেক ভালো লাগল।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে শব্দ বলতে পারবে।
- সহজ বাক্যে প্রমিত বাংলায় প্রশ্নের উত্তর লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক, ছবি, অনুচ্ছেদ লেখা চার্ট।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, প্রশ্নোত্তর, অনুচ্ছেদ পড়া, আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দময় শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- গত ক্লাসে শিক্ষার্থীরা কী নতুন শব্দ শিখেছিল তা বলতে বলবেন। বলার সময় তারা যথাযথ উচ্চারণ করতে পারছে কি না তা শুনে প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট পৃষ্ঠা খুলতে সহায়তা করবেন। পাঠের ছবিটি পুনরায় ভালোভাবে দেখতে বলবেন। ছবির বিষয়বস্তু নিয়ে পাশের শিক্ষার্থীদের সাথে আলোচনা করতে বলবেন।
- আগের দিনের অনুরূপে শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে আগের দিনে পড়া অংশসহ আজকের পাঠ্যাংশটি ২/৩ বার পড়ে শোনাবেন। পড়ার সময় বিশেষ কিছু শব্দ (চিড়িয়াখানা, জিরাফ, শিশুপার্ক) ও এর অর্থ উচ্চারণসহ বলে দিবেন। পরে শিক্ষক সকল শিক্ষার্থীকে শিক্ষকের পড়া অনুসরণ করে পড়ার অনুশীলন করাবেন।
- **পার্ক** শব্দটি বোর্ডে লিখে বিশ্লেষণ করে দেখাবেন। এরপর এই শব্দের সাথে মিল করে কতিপয় রেফযুক্ত ( ´ ) শব্দ বলার অনুশীলন করাবেন। যেমন– শার্ট, আর্ট, বার্ড ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের দল গঠন করে, জোড়ায় ও এককভাবে পড়ার অনুশীলন করাবেন। এরপর বোর্ডে নিম্নরূপ প্রশ্ন লিখে দিবেন। এই প্রশ্নের উত্তর আজকের পাঠের মধ্যে আছে তা শিক্ষার্থীদের বলে দিবেন। দলগতভাবে

প্রশ্নের উত্তর খুঁজে বের করে উত্তরগুলো প্রত্যেকের খাতায় লিখতে বলবেন।

প্রশ্ন :

- আমিন শহরে গিয়ে অবাক হয়ে কী দেখল?
- সে চিড়িয়াখানায় গিয়ে কোন কোন প্রাণী দেখতে পেল?
- শিশুপার্কে আমিনের ঘুরতে কেন ভালো লাগল?

- নিচের অনুচ্ছেদটি পড়তে দিয়ে রেফযুক্ত শব্দ সঠিকভাবে উচ্চারণ হচ্ছে কিনা তা মূল্যায়ন করবেন।

| |
|---|
| বাবা আমাকে একটি চার্ট দেখালেন। কী কী লেখা আছে তা বলতে বললেন। আমি দেখলাম ওখানে লেখা আছে, অর্কর শার্ট নীল বার্ডের মতো। |

- শিক্ষার্থীদের মধ্যে খাতা পরস্পর পরিবর্তন করে পাঠ দেখে শিক্ষার্থীদের অন্যের লেখা যাচাই করতে সহায়তা করবেন। শিখন ঘাটতি আছে এমন শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।

# পিরিয়ড – ৬৯

## বিষয়বস্তু: এর কয়েকমাস পর .............. তিথির আনন্দ হয়।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বলতে পারবে।
- সহজ বাক্যে প্রমিত বাংলায় প্রশ্নের উত্তর লিখতে পারবে।
- গল্পের বাক্য দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক, শব্দকার্ড।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, প্রশ্নোত্তর, আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দময় শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- গত ক্লাসে শিক্ষার্থীরা কী নতুন শব্দ শিখেছিল তা বলতে বলবেন। বলার সময় তারা যথাযথভাবে উচ্চারণ করতে পারছে কি না তা শুনে প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট পৃষ্ঠা খুলতে সহায়তা করবেন। পাঠের ছবিটি পুনরায় ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন।

- আগের দিনের অনুরূপে শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে আগের দিনে পড়া অংশসহ আজকের পাঠ্যাংশটি ২/৩ বার পড়ে শোনাবেন। পড়ার সময় য-ফলা, র-ফলা ও রেফযুক্ত শব্দগুলোর উচ্চারণ অনুশীলন করাবেন এবং অর্থ বলে দিবেন যাতে পড়ার সময় শিক্ষার্থীরা বুঝতে পারে। পরে শিক্ষক সকল শিক্ষার্থীকে শিক্ষকের পড়া অনুসরণ করে পড়ার অনুশীলন করাবেন।
- পড়ার অনুশীলনে দলে, জোড়ায় ও এককভাবে অনুশীলন করতে সাহায়তা করবেন। পড়ার অনুশীলনের সময় কোন কোন শব্দ সঠিক ও স্পষ্ট ভাবে উচ্চারণে সমস্যা রয়েছে। সেগুলো শনাক্ত করে প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক বোর্ডে নিম্নরূপ প্রশ্ন লিখে দিবেন। এই প্রশ্নের উত্তর আজকের পাঠের মধ্যে আছে তা শিক্ষার্থীদের বলে দিবেন। দলগতভাবে প্রশ্নের উত্তর খুঁজে বের করে উত্তরগুলো প্রত্যেকের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষার্থীদের মধ্যে খাতা পরস্পর পরিবর্তন করে পাঠ দেখে শিক্ষার্থীদের অন্যের লেখা যাচাই করতে সহায়তা করবেন। শিখন ঘাটতি আছে এমন শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।
- শিক্ষক বোর্ডে **অবাক, হরিণ, শিশুপার্ক, গ্রাম, আনন্দ** শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন। পরে উক্ত শব্দ দিয়ে বাক্য বলার অনুশীলন করাবেন। পাঠ থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করে তা খাতায় লিখতে বলবেন।
- পরিকল্পিত কাজ হিসেবে শিক্ষার্থীদের পাঠের অংশটি দেখে দেখে পরবর্তী দিনে খাতায় লিখে নিয়ে আসতে বলবেন।

# পিরিয়ড – ৭০

## বিষয়বস্তু: তিথির মামাতো বোন ................ দারুণ ভালো লাগে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- সহজ বাক্যে প্রমিত বাংলায় প্রশ্নের উত্তর লিখতে পারবে।
- গল্পের বাক্য দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠের ছবি।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, প্রশ্নোত্তর, আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দময় শিখন পরিবেশ সৃষ্টি করবেন। শিক্ষার্থীদের হাতের লেখা যাচাইয়ের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।
- গত ক্লাসে শিক্ষার্থীরা কী নতুন শব্দ শিখেছিল তা বলতে বলবেন। বলার সময় তারা যথাযথ উচ্চারণ করতে

পারছে কি না তা শুনে প্রয়োজনীয় সহায়তা দিবেন।

- পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট পৃষ্ঠা খুলতে সহায়তা দিয়ে পাঠে প্রদত্ত গ্রামের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন।
- আগের দিনের অনুরূপে শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে আগের দিনে পড়া অংশসহ আজকের পাঠ্যাংশটি ২/৩ বার পড়ে শোনাবেন। পড়ার সময় **গ্রাম, রাস্তা, খেত, চাষি, চাষ** শব্দগুলো বোর্ডে লিখে দিবেন। শব্দগুলোর উচ্চারণ অনুশীলন, অর্থ, যুক্তবর্ণ বিশ্লেষণ করে দেখাবেন। পরে শিক্ষক সকল শিক্ষার্থীকে শিক্ষকের পড়া অনুসরণ করে সাথে নিয়ে পড়ার অনুশীলন (দলগত, জোড়ায় ও এককভাবে) করাবেন।
- শিক্ষক বোর্ডে নিম্নরূপ একটি অনুচ্ছেদ লিখবেন। বোর্ড লেখা **গ্রাম, রাস্তা, খেত, চাষি, চাষ** শব্দ দিয়ে অনুচ্ছেদটি পূরণ করতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।

আমি হাশিমপুরে থাকি। এটাই আমাদের ................ । গ্রামের পশ্চিম পাশে ফসলের ............. । করিম চাচা। তিনি একজন ................... । .................. করেন নিজের খেতে। গ্রামের পূর্ব পাশ দিয়ে বয়ে গেছে নদী। আমাদের বাড়ি থেকে সোজা চলে গেছে একটা ................ । নদীর ঘাটে মিশেছে রাস্তাটি।

- শিক্ষক পাঠসংশ্লিষ্ট কয়েকটি প্রশ্ন লিখে দিবেন। এই প্রশ্নের উত্তর আজকের পাঠের মধ্যে আছে তা শিক্ষার্থীদের বলে দিবেন। দলগতভাবে প্রশ্নের উত্তর খুঁজে বের করে উত্তরগুলো প্রত্যেকের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষার্থীদের মধ্যে খাতা পরস্পর পরিবর্তন করে পাঠ দেখে শিক্ষার্থীদের অন্যের লেখা যাচাই করতে সহায়তা দিবেন। শিখন ঘাটতি আছে এমন শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।

## পিরিয়ড – ৭১

### বিষয়বস্তু: আমিন গ্রামে ..................................শহর আরেক রকম।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- ছড়া, কবিতা, গল্প ও রূপকথা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে শব্দ বলতে পারবে।
- গল্পের বাক্য দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, প্রশ্নোত্তর, আলোচনা।

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দময় শিখন পরিবেশ সৃষ্টি করে গত ক্লাসে শিক্ষার্থীরা কী নতুন শব্দ শিখেছিল তা বলতে বলবেন। বলার সময় তারা যথাযথ উচ্চারণ করতে পারছে কি না তা শুনে প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট পৃষ্ঠা খুলতে সহায়তা দিয়ে পাঠের ছবিটি পুনরায় ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন।
- আগের দিনের অনুরূপে শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে আগের দিনে পড়া অংশসহ আজকের পাঠ্যাংশটি ২/৩ বার পড়ে শোনাবেন। পড়ার সময় **কুমোর, হাঁড়ি, চেষ্টা** শব্দগুলোর সঠিক উচ্চারণ অনুশী-লন, অর্থ বলে দিবেন। পরে শিক্ষক সকল শিক্ষার্থীকে শিক্ষকের পড়া অনুসরণ করে দলগতভাবে, জোড়ায় ও এককভাবে পড়ার অনুশীলন করাবেন।
- শিক্ষক বোর্ডে অপর পৃষ্ঠায় বর্ণিত প্রশ্ন লিখে দিবেন। এই প্রশ্নের উত্তর আজকের পাঠের মধ্যে আছে তা শিক্ষার্থীদের বলে দিবেন। দলগতভাবে প্রশ্নের উত্তর খুঁজে বের করে উত্তরগুলো প্রত্যেকের খাতায় লিখতে বলবেন।
    - আমিন শহরে কী দেখে অবাক হয়েছে?
    - তিথি গ্রামে কী কী দেখল?
    - তিথির কেন গ্রাম ভালো লাগে?
    - তোমার শহর নাকি গ্রাম ভালো লাগে? কেন?
- শিক্ষার্থীদের মধ্যে খাতা পরস্পর পরিবর্তন করে পাঠ দেখে শিক্ষার্থীদের অন্যের লেখা যাচাই করতে সহায়তা দিবেন। শিখন ঘাটতি আছে এমন শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।

# পিরিয়ড – ৭২

## বিষয়বস্তু: পুনরালোচনা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- গল্প শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- ছড়া, কবিতা, গল্প ও রূপকথা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে বাচনভঙ্গি ঠিক রেখে গল্প ও রূপকথা বলতে পারবে।
- গল্পের বাক্য দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্নোত্তর, আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দময় শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক পুরো গল্পটি ধারাবাহিকভাবে বলবেন। এরপর শিক্ষার্থীদের সাথে ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে গল্পটি প্রথম থেকে শেষ পর্যন্ত বলার অনুশীলন করাবেন।
- এরপর শিক্ষার্থীদের কয়েকটি ছোট দলে ভাগ করে গল্পটি শিক্ষার্থীদের দিয়ে বলার অনুশীলন করাবেন এবং শেষে কয়েকজনকে বলতে দিবেন।

**শিক্ষার্থীদের শহর, দালান, পুকুর, কুমোর,** চেষ্টা শব্দ দিয়ে ২টি করে বাক্য লিখতে দিবেন। এরপর নিচের ভাষিক কাজটি শিক্ষার্থীদের দিয়ে অনুশীলন করাবেন। শিক্ষক বলবেন, ডান পাশের থেকে শব্দ নিয়ে খালি জায়গা পূরণ করব।

| | |
|---|---|
| আমিন শহরে এসে ............. হয়ে গেল। | পুতুল |
| হাঁস .................... করে ডাকে। | পরিবার |
| তিথি মাটি দিয়ে ....................... বানায়। | অবাক |
| ফুফুদের দালানে অনেক ...................... থাকে। | প্যাঁক প্যাঁক |

- শিক্ষক আমাদের গ্রাম/আমাদের শহর নিয়ে শিক্ষার্থীদের তিনটি বাক্য লিখতে বলবেন। শিক্ষার্থীদের লেখা বাক্যগুলো বেঞ্চের উপর রাখতে বলবেন। শ্রেণির সকলকে অন্যের লেখা ঘুরে ঘুরে দেখতে বলবেন। কে, কেমন বাক্য লিখেছে তা দেখতে বলবেন।
- শিক্ষার্থীদের পাঠের একটি অংশ নিয়ে শ্রুতিলিখনের কাজ করাবেন। শিক্ষার্থীদের লেখা শেষ হলে পাঠের যে অংশটি পড়ে শুনিয়েছেন তা বইতে সকলকে দেখতে বলবেন। শিক্ষার্থীদের পাশের জনের সাথে খাতা পরিবর্তন করতে বলবেন। এরপর বই দেখে পাশের জনের লেখা অংশ যাচাই করতে বলবেন। যাচাইকৃত খাতা ফেরত দিতে বলবেন। কার, কী ধরনের ভুল হয়েছে তা দেখে সঠিক করে পুনরায় লিখতে বলবেন।

### মূল্যায়নঃ

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০২.০১, ০১.০২.০৬.০১, ০১.০২.০৬.০২, ০১.০২.০৭.০১, ০১.০২.০৭.০২, ০১.০২.০৮.০১, ০১.০২.১২.০১, ০১.০২.২১.০১ ও ০১.০২.২৫.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ১৮

# প্রজাপতি

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৪.১ চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা।

৮.১ চিত্র/ছবি সম্বলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।

১২.১ ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্টস্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দলাভ করা।

১২.২ ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৬
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড – ১ | প্রথম থেকে চার লাইন। |
| পিরিয়ড – ২ | প্রথম থেকে চার লাইন। |
| পিরিয়ড – ৩ | শেষের চার লাইন |
| পিরিয়ড – ৪ | শেষের চার লাইন |
| পিরিয়ড – ৫ | সম্পূর্ণ কবিতা |
| পিরিয়ড – ৬ | সম্পূর্ণ কবিতা |

## পিরিয়ড – ৭৩

### বিষয়বস্তু: প্রজাপতি প্রজাপতি..........রঙিন পাখা (প্রথম চার লাইন)

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দঘন শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য প্রস্তুতিমূলক কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - কে কে প্রজাপতি দেখেছ?
  - প্রজাপতি দেখতে কেমন?
  - প্রজাপতির কোন জিনিসটি দেখতে সুন্দর? ইত্যাদি।
- তাদের স্বাধীনভাবে বলতে বলবেন। শিক্ষক বলবেন, আজকে আমরা **প্রজাপতি** সম্পর্কে একটি কবিতা পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং কয়েকজন শিক্ষার্থীকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষক প্রথমে কবিতার বিষয়বস্তু সংক্ষেপে শিক্ষার্থীদের বলবেন। শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক প্রথমে পুরো কবিতাটি স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। পরে আজকের পাঠের প্রথম চার লাইন নির্দেশ করে ছন্দে ছন্দে তালে তালে কবিতাটি কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। পাঠের বিশেষ শব্দগুলো (**প্রজাপতি, রঙিন, টুকটুকে লাল, ঝিলিমিলি, আঁকাবাঁকা** ইত্যাদি) বোর্ডে লিখে দিবেন, শব্দে অর্থ বলে ও লিখে দিবেন।
- শিক্ষার্থী সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- প্রতি বেঞ্চে বসা শিক্ষার্থীদের নিয়ে একটি করে দল গঠন করবেন। প্রথমে দলগতভাবে এবং পরে এককভাবে পড়ার (প্রয়োজনে বানান করে) অনুশীলন করতে বলবেন।
- শিক্ষক বোর্ডে পূর্বে লেখা শব্দ (**প্রজাপতি, রঙিন, টুকটুকে লাল, আঁকাবাঁকা**) লিখবেন। শিক্ষক একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন। অতঃপর শিক্ষক শিক্ষার্থীদেরকে শব্দগুলো নিম্নরূপভাবে নিজ খাতায় লিখে নিতে বলবেন।

| | | |
|---|---|---|
| প্রজাপতি | – | ১।<br>২। |
| রঙিন | – | ১।<br>২। |
| টুকটুকে লাল | – | ১।<br>২। |

| | | |
|---|---|---|
| আঁকাবাঁকা | – | ১।<br>২। |

- এরপর শিক্ষার্থীদের দলে আলোচনা করে প্রত্যেক শব্দ দিয়ে খাতায় দুটি করে বাক্য লিখতে বলবেন। প্রয়োজনে নিজে একটি উদাহরণ লিখে দিবেন।

| | | |
|---|---|---|
| নীল | – | ১। নীল রং আমার খুব ভালো লাগে।<br>২। আমার একটি নীল রঙের জামা আছে। |

- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কি না তা পর্যক্ষেণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।
- পিছিয়েপড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন এবং পুনরায় মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ৭৪

## বিষয়বস্তু: প্রজাপতি প্রজাপতি..........রঙিন পাখা (প্রথম চার লাইন)

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য আগের দিনের কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - কে কে প্রজাপতি দেখেছ?
  - প্রজাপতি দেখতে কেমন?
  - প্রজাপতির কোন জিনিসটি দেখতে সুন্দর?

- প্রজাপতি কী কী রঙের হয়? ইত্যাদি।

- শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর বলতে বলবেন। এরপর শিক্ষক বলবেন, আমরা **প্রজাপতি** কবিতার প্রথম চার লাইন আজও পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং যারা আগের দিন বলার সুযোগ পায়নি তাদের মধ্য থেকে কয়েকজনকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক কবিতার অংশটুকু স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষার্থীদের সাথে নিয়ে কয়েকবার পড়ার অনুশীলন করাবেন। শিক্ষার্থীদের বানান করে কবিতার চরণ পড়তে বলবেন। এ পর্যায়ে কোনো শব্দ ও বাক্য পড়তে অসুবিধা হলে শিক্ষক সহায়তা করবেন।
- পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক আজকের পাঠটুকু বানান করে পড়তে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন কোন শিক্ষার্থী ডিকোড করে পড়তে পারছে না। তাদের সহায়তা করবেন।
- শিক্ষক বোর্ডে পূর্বে লেখা শব্দ (**প্রজাপতি, রঙিন, টুকটুকে লাল, আঁকাবাঁকা**) লিখবেন। শিক্ষক একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- এরপর নিচের ভাষিক কাজটি শিক্ষার্থীদের দিয়ে অনুশীলন করাবেন। শিক্ষক বলবেন দাগ টেনে মিল করার কাজটি করাবেন।

| | |
|---|---|
| রঙিন | মিলি |
| টুকটুকে | পাখা |
| ঝিলি | বাঁকা |
| আঁকা | লাল-নীল |

- শিক্ষার্থীদের কবিতার অংশটুকু দেখে দেখে নিজ খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থীদের সহায়তায় একজনের খাতা অন্যজনকে দেখতে দিয়ে মূল্যায়ন করাবেন।
- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কি না তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।
- পিছিয়েপড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন এবং পুনরায় মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ৭৫

## বিষয়বস্তু: তুমি টুলটুলে ..................রঙিন পাখা (শেষ চার লাইন)

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য প্রস্তুতিমূলক কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - কে মধু খায়?
  - প্রজাপতি কোথায় মধু খায়?
  - প্রজাপতি আমাদের কী হয়?
  - প্রজাপতির নিকট তুমি কী চাও? ইত্যাদি।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং কয়েকজন শিক্ষার্থীকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক প্রথমে পুরো কবিতাটি স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। পরে আজকের পাঠের নির্ধারিত চার লাইন নির্দেশ করে ছন্দে ছন্দে তালে তালে কবিতাটি কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। পাঠের বিশেষ শব্দগুলো (**বনফুল, বন্ধু, সোনালি, রুপালি, পরাগ** ইত্যাদি) বোর্ডে লিখে দিবেন, শব্দের অর্থ বলে ও লিখে দিবেন।
- শিক্ষার্থী সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দলগতভাবে পড়ার প্রক্রিয়া গ্রহণ করবেন। পরে এককভাবে পড়তে দিয়ে (প্রয়োজনে বানান করে) পড়ার অনুশীলন করতে বলবেন। পড়ার এ পর্যায়ে শিক্ষার্থীদের শব্দের উচ্চারণ, পড়ার গতি ইত্যাদি অনুসরণ করতে সহায়তা করবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের অনুশীলনী থেকে '**জোড় শব্দ পড়ি। ছন্দ মিলাই ও লিখি।**' কাজটি করতে বলবেন। এক্ষেত্রে শিক্ষক প্রথমেই একটি শব্দ যেমন – **কল কল – ছল ছল** উদাহরণ দিবেন। এরপর শিক্ষার্থীদের দলগতভাবে অনুশীলন করতে বলবেন।
- শিক্ষক পাঠের প্রস্তুতি পর্যায়ে যে সকল প্রশ্ন করেছিলেন তা বোর্ডে লিখে দিবেন। শিক্ষার্থীদের বই থেকে উত্তর খুঁজে খাতায় লিখতে বলবেন। লেখা যাচাই করবেন। প্রয়োজনে ফলাবর্তন প্রদান করে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন এবং পুনর্মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ৭৬

## বিষয়বস্তু: তুমি টুলটুলে .................রঙিন পাখা (শেষ চার লাইন)

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য আগের দিনের পাঠ থেকে প্রস্তুতিমূলক কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - প্রজাপতি কি খায়?
  - প্রজাপতি কোথায় মধু পায়?
  - প্রজাপতি কেমন পাখা চেয়েছে?
  - প্রজাপতির পাখা কেমন?
- শিক্ষক বলবেন, আমরা **প্রজাপতি** কবিতার শেষ চার লাইন আজও পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং যারা আগের দিন বলার সুযোগ পায়নি তাদের মধ্য থেকে কয়েকজনকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক কবিতার অংশটুকু স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে ধরে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষার্থীদের সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক আজকের পাঠটুকু বানান করে পড়তে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন কোন শিক্ষার্থী ডিকোড করে পড়তে পারছে না। তাদের সহায়তা করবেন।
- শিক্ষক বোর্ডে পূর্বে লেখা শব্দ (**বনফুল, বন্ধু, সোনালি, রুপালি, পরাগ** ইত্যাদি) লিখবেন। শিক্ষক একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- এরপর নিচের ভাষিক কাজটি শিক্ষার্থীদের দিয়ে অনুশীলন করাবেন। শিক্ষক পরের চরণটি দেখে লিখতে বলবেন।

| | |
|---|---|
| তুমি টুলটুলে বন- | এমন রঙিন পাখা॥ |
| দাও পাখা দাও সোনালী- | মধু দাও, মধু দাও, |
| মোর বন্ধু হয়ে সেই | ফুলে মধু খাও |
| কোথায় পেলে ভাই | রুপালি পরাগ-মাখা |

- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কি না তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।
- শিক্ষার্থীদের কবিতার চরণ বই দেখে নিজ খাতায় লিখতে বলবেন। নিজে অথবা পারগ শিক্ষার্থীদের সহযে-াগিতায় শিক্ষার্থীদের লেখা মূল্যায়ন করবেন। পিছিয়ে পড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন এবং পুনরায় মূল্যায়ন করবেন।

# পিরিয়ড – ৭৭

## বিষয়বস্তু: সম্পূর্ণ কবিতা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- পাঠের শব্দ, বাক্য, চরণ বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।
- ছড়া, কবিতা, গল্প আগ্রহের সাথে পড়ে বিষয়বস্তু বলতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ,
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর, অভিনয়

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক কাজের মাধ্যমে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য পূর্বের ক্লাসে আলোচনা করা হয়েছে এমন কিছু প্রশ্ন করবেন। উত্তর বলতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে কবিতাটি সুরে সুরে বলার প্রস্তুতি গ্রহণ করবেন। এর জন্য প্রথমে কয়েকটি দল গঠন করবেন। প্রত্যেক দলকে একটা লাইনে দাঁড়ানোর নির্দেশনা দিবেন। অঙ্গভঙ্গি করে কবিতাটি সকলকে আবৃত্তি করতে বলবেন। সুযোগ থাকলে আবৃত্তি করতে করতে শ্রেণির পাশ দিয়ে ঘুরে আসতে হবে– এরূপ নির্দেশনা দিবেন।
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে কাজটি সম্পাদন করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক নিজে অংশগ্রহণ করে কাজ উপস্থাপনে সহায়তা প্রদান করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে পড়তে সহায়তা দিবেন। শিক্ষক খেয়াল রাখবেন– সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। এরপর দেখে দেখে কবিতাটি শব্দ ধরে দলগতভাবে ও এককভাবে পড়ার অনুশীলন করাবেন।
- পড়া শেষ হলে শিক্ষার্থীদের পুরো কবিতাটি বলতে/আবৃত্তি করতে বলবেন। কবিতার সংশ্লিষ্ট কতিপয় প্রশ্ন করে মুখে মুখে উত্তর যাচাই করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বই বন্ধ করতে বলবেন এবং খাতা খুলতে বলবেন। শিক্ষক কবিতার একটি অংশবিশেষ পড়বেন ও শিক্ষার্থীদের তা শুনে এবং দাঁড়ি বিরাম চিহ্ন ব্যবহার ঠিক রেখে লিখতে বলবেন (শ্রুতলিপি লেখার অনুশীলন)।
- শিক্ষক শিক্ষার্থীদের কবিতার মূলভাব/সারসংক্ষেপ প্রশ্নোত্তরে আলোচনা করবেন। পরে বোর্ডে নিম্নরূপভাবে একটি প্রশ্ন লিখে দিবেন।

আমি প্রজাপতির কাছে কী কী চাই?

১।.......................................................................।

২। .......................................................................।

৩। .......................................................................।

শিক্ষার্থীদের নিজে নিজে এ বিষয়ে তিনটি বাক্য সকলকে লিখতে বলবেন। লেখা শেষে সকলের লেখা যাচাই করবেন। কয়েকজনকে বলতে বলবেন।

- সকলকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড – ৭৮

## বিষয়বস্তু: সম্পূর্ণ কবিতা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- পাঠের শব্দ, বাক্য, চরণ বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।
- ছড়া, কবিতা, গল্প আগ্রহের সাথে পড়ে বিষয়বস্তু বলতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ, পাঠের নির্দেশনা মতো ছক।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর, অভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক কাজের মাধ্যমে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কয়েকজনকে কবিতাটি আবৃত্তি করতে বলবেন। পরে সকলকে দেখে দেখে কবিতাটি পড়তে বলবেন। পড়ার সময় বিরাম চিহ্ন (দাঁড়ি) ব্যবহার করার বিষয়টি শিক্ষার্থীদের মনে করিয়ে দিবেন।
- শিক্ষার্থীদের পাঠ্যবই বন্ধ করতে বলবেন। প্রত্যেককে নিজ খাতায় কবিতাটির প্রথম চার লাইন লিখতে বলবেন। লেখা শেষ হলে খাতা পারস্পরিক পরিবর্তন করে দিয়ে অন্য শিক্ষার্থীর সাহায্যে তা মূল্যায়ন করার ব্যবস্থা করবেন। মূল্যায়ন করার সময় শিক্ষার্থীদের পাঠ্যবই খুলে মিলিয়ে দেখতে বলবেন।
- শিক্ষক বোর্ডে পরের পৃষ্ঠায় বর্ণিত শূন্যস্থানযুক্ত বাক্য লিখবেন। শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় লিখে নিতে বলবেন। উপযুক্ত শব্দটি বসিয়ে শূন্যস্থান পূরণ করে বাক্যটি খাতায় লিখতে বলবেন। লেখা শেষে সকলের লেখা যাচাই করবেন।

| | |
|---|---|
| খালি জায়গায় শব্দ লিখি<br>১। রুমি ........................... লাল জামা পরেছে।<br>২। ফুলে ফুলে ................................. উড়ছে।<br>৩। ...........................কত রঙের ফুল ফুটেছে। | বনে<br>প্রজাপতি<br>টুকটুকে |

- শিক্ষক শিক্ষার্থীদের এই কবিতার অডিয়ো/ভিডিয়ো প্রদর্শন/উপস্থাপন করবেন। গানের সুরে/নাচের সাথে শিক্ষার্থীদের তাল মিলিয়ে গাইতে বলবেন। কেমন লেগেছে তা বলতে বলবেন। শিক্ষার্থীদের দলগতভাবে গানের সুরে কবিতাটি উপস্থাপন করতে সহায়তা করবেন।
- এই কবিতা সম্পর্কে শিক্ষার্থীদের কোনো জিজ্ঞাসা আছে কি না তা জানবেন। প্রশ্নোত্তরে সকলের ধারণা স্পষ্ট

করবেন। শিক্ষার্থীদের প্রশংসা করে শ্রেণির কাজ শেষ করবেন।

## মূল্যায়নঃ

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৬.০১, ০১.০২.০৬.০২, ০১.০২.১২.০১, ০১.০২.১৭.০১, ০১.০২.১৮.০১ ও ০১.০২.২৫.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ১৯

# বিড়াল ছানা

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৪.১ চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয়বস্তু বুঝতে পারা এবং আনন্দ লাভ করতে পারা।

৫.১ শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।

৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।

৬.১ পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।

৮.১ চিত্র/ছবি সম্বলিত বা চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।

৯.১ কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্টস্বরে শুদ্ধ উচ্চারণে পড়ে বুঝতে পারা।

১৩.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে স্পষ্টভাবে সঠিক বানানে বাক্য এবং শ্রুতিলিপি লিখতে পারা।

১৪.১ বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্যে প্রমিত বাংলায় লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৬

**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড –১ | ঝিলি ও মিলি .............মজা করে খাও। |
| পিরিয়ড –২ | একদিন হঠাৎ ............ বিড়ালটি। |
| পিরিয়ড –৩ | দুই দিন পর .............. ওষুধ লাগিয়ে দিচ্ছি। |
| পিরিয়ড –৪ | কয়েকদিন পর ........... তাই রে না না না পর্যন্ত |
| পিরিয়ড –৫ | জেনে রাখি এবং টিকচিহ্ন দিই |
| পিরিয়ড –৬ | সম্পূর্ণ গল্পটি সাবলীল পঠন এবং সাজিয়ে লিখি |

## পিরিয়ড – ৭৯

### বিষয়বস্তু: ঝিলি ও মিলি .............মজা করে খাও।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- গল্প শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে ।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বলতে পারবে।
- পারিপার্শ্বিক বিষয়ের বিভিন্ন ঘটনা স্পষ্ট স্বরে বলতে পারবে।
- বিরামচিহ্ন ব্যবহার করে পাঠের বাক্য দেখে লিখতে পারবে।

**উপকরণ:** শিক্ষার্থীদের রোল নম্বরসহ নামের তালিকা, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক একটি বিড়ালের ছবি দেখিয়ে শিক্ষার্থীদেরকে বিড়াল সম্পর্কে তাদের জীবনের কোনো ঘটনা বলতে দিবেন। শিক্ষার্থীরা নিজেদের অভিজ্ঞতার গল্প বলবে। শিক্ষক শিক্ষার্থীদের বলার দক্ষতা বৃদ্ধিতে সচেতন থাকবেন এবং প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক পুরো গল্পটি শিক্ষার্থীদের সামনে সহজ ভাষায় বলবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। শিক্ষক এবার শিক্ষার্থীদেরকে নিজের মতো করে বলতে দিবেন। শিক্ষার্থীরা গল্পটি নিজের মতো করে বলবে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-১৯ **বিড়াল ছানা** গল্পটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক ঝিলি ও মিলি থেকে মজা করে খাও পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্বে চলে আসে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে আজকের পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে বন্ধুত্ব, দুষ্টুমি শব্দ দুটি নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বিরামচিহ্নসহ দেখে দেখে লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। সবাই সবার খাতার বিরামচিহ্ন অনুসারে লেখা হয়েছে কি না তা বইয়ের সাথে মিলিয়ে  মূল্যায়ন করবে এবং শিক্ষককে জানাবে। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. গল্পের দুই বোনের নাম কী? ২. গল্পে কার বিড়ালের রং কী ছিল?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নিরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- এবার শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

# পিরিয়ড – ৮০

## বিষয়বস্তু: একদিন হঠাৎ .............. বিড়ালটি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- গল্প ও রূপকথার গল্প শুনে ধারাবাহিকতা রক্ষা করে গল্পের ঘটনা বলতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙ্গে ধ্বনি বলতে পারবে।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।
- শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারবে।
- শুনে শুনে সঠিকভাবে বিরামচিহ্ন ব্যবহার করে সহজ বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন,পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক তার জানা একটি রূপকথার গল্প শিক্ষার্থীদের সামনে সহজ ভাষায় বলবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। শিক্ষক এবার শিক্ষার্থীদেরকে নিজের মতো করে গল্পটি বলতে দিবেন। শিক্ষার্থীরা গল্পটি নিজের মতো করে বলবে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-১৯ **বিড়াল ছানা** গল্পটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক একদিন হঠাৎ থেকে বিড়ালটি পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্তে চলে আসে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে আজকের পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে শব্দটি নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বিরামচিহ্নসহ দেখে দেখে লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। সবাই সবার খাতার বিরামচিহ্ন অনুসারে লেখা হয়েছে কি না তা বইয়ের

সাথে মিলিয়ে মূল্যায়ন করবে এবং শিক্ষককে জানাবে। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।

- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. কোন বিড়ালটি হারিয়ে যায়? ২. ঝিলিমিলির মন খারাপ হয়েছিল কেন?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নীরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- এবার শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।
- মূল্যায়ন শেষে প্রয়োজনে ফলাবর্তন দিবেন ও ধন্যবাদের মাধ্যমে পাঠ শেষ করবেন।

# পিরিয়ড – ৮১

## বিষয়বস্তু: দুই দিন পর ............... ওষুধ লাগিয়ে দিচ্ছি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- গল্প শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- ছড়া, কবিতা, গল্প ও রূপকথা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে শব্দ বলতে পারবে।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক কোনো শিক্ষার্থীকে তার জানা একটি গল্প বলতে বলবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। শিক্ষক এবার শিক্ষার্থীদেরকে নিজের মতো করে ধারাবাহিকতা বজায় রেখে গল্পটি বলতে দিবেন। শিক্ষার্থীরা গল্পটি নিজের মতো করে বলবে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-১৯ **বিড়াল ছানা** গল্পটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক দুই দিন পর থেকে ওষুধ লাগিয়ে দিচ্ছি পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন।

- এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে আজকের পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। কয়েকজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে **সন্ধ্যা, বারান্দা, ক্ষত, চিন্তা, দিচ্ছি** শব্দগুলো নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এইসব যুক্তবর্ণে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বিরামচিহ্ন অনুসরণ করে পড়তে দিবেন। প্রত্যেককে তার পড়া পাশের জনকে শোনাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. কে খুশিতে লাফিয়ে উঠল? ২. কালো বিড়ালের কী হয়েছিল?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নীরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- এবার শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

## পিরিয়ড – ৮২

### বিষয়বস্তু: কয়েকদিন পর .............তাই রে না না না।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- গল্প শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারবে।
- সহজ বাক্যে প্রমিত বাংলায় প্রশ্নের উত্তর লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীদের সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক কোনো শিক্ষার্থীকে তার জানা একটি গল্প বলতে বলবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। শিক্ষক এবার শিক্ষার্থীদেরকে নিজের মতো করে ধারাবাহিকতা বজায় রেখে গল্পটি বলতে দিবেন। শিক্ষার্থীরা গল্পটি নিজের মতো করে বলবে।

- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-১৯ **বিড়াল ছানা** গল্পটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক **কয়েকদিন পর থেকে তাই রে না না না** পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্তে চলে আসে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে আজকের পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে মিষ্টি শব্দটি নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বিরামচিহ্ন অনুসরণ করে পড়তে দিবেন। প্রত্যেককে তার পড়া পাশের জনকে শোনাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. বিড়ালের পা কীভাবে ঠিক হলো? ২. কে বিড়ালের পায়ে ওষুধ লাগিয়ে দিলো?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নীরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- এবার শিক্ষক পারদর্শিতার সূচকঅনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

# পিরিয়ড – ৮৩

## বিষয়বস্তু: জেনে রাখি এবং টিকচিহ্ন দিই

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- শুনে শুনে সঠিকভাবে বিরামচিহ্ন ব্যবহার করে সহজ বাক্য লিখতে পারবে।
- সহজ বাক্যে প্রমিত বাংলায় প্রশ্নের উত্তর লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায়

আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, তোমাদের কার বাড়িতে কী কী পশু পাখি আছে। সবার উত্তর নিয়ে বোর্ডে একটি তালিকা তৈরি করবেন।
- শিক্ষক বলবেন, আমাদের বাড়িতে যেসকল পশুপাখি থাকে সেগুলোকে আমরা গৃহপালিত প্রাণী বলি। এগুলো আমাদের অনেক উপকারে লাগে। এবার সবাইকে বোর্ডে তালিকা করা পশুপাখিগুলো কী কী কাজে লাগে তা পাশের জনের সাথে আলোচনা করে লিখতে বলবেন।
- শিক্ষার্থীদের তাদের কাজ নিজ নিজ স্থান থেকে উপস্থাপন করতে দিবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের বিড়াল ছানা গল্পের কয়েক লাইন পড়ে শোনাবেন। শিক্ষার্থীরা শিক্ষকের পড়া শুনে বিরামচিহ্ন অনুসরণ করে তা লিখবে। একজনের লেখা অন্য জনের কাছে দিয়ে বিরামচিহ্ন ঠিক আছে কিনা তা মূল্যায়ন করতে বলবেন।
- এবার শিক্ষক মাল্টিমিডিয়ায় বা পোস্টারে বন্য ও গৃহপালিত দুই ধরনের প্রাণীর কয়েকটি ছবি দেখাবেন। বইয়ের ছবিগুলোও দেখানো যেতে পারে। ছবি দেখিয়ে শিক্ষার্থীদেরকে গৃহপালিত প্রাণী শনাক্ত করতে বলবেন।
- এবার শিক্ষক বইয়ের ছকটি পড়তে বলবেন। ছকের সবগুলো প্রাণী তারা চিনে কি না জিজ্ঞাসা করবেন। এবার যে প্রাণীগুলো বাড়িতে পালন করা হয় সেগুলোর সামনে টিকচিহ্ন দেওয়ার নির্দেশনা দিবেন। শিক্ষার্থীদের কাজ দেখবেন এবং প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- এবার শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

## পিরিয়ড – ৮৪

### বিষয়বস্তু: সম্পূর্ণ গল্পটি সাবলীল পঠন এবং সাজিয়ে লিখি

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছড়া, কবিতা, গল্প ও রূপকথা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে, বাচনভঙ্গি ঠিক রেখে গল্প ও রূপকথা বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।
- সহজ বাক্যে প্রমিতবাংলায় প্রশ্নের উত্তর লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক সকল শিক্ষার্থীকে তাদের বাংলা বইয়ের **বিড়াল ছানা** গল্পটি খুলতে বলবেন। সবাইকে সরব পাঠের জন্য প্রস্তুতি নিতে বলবেন। এবার শিক্ষক একজন একজন করে সবাইকে গল্পটির অংশ অংশ করে সরবে পাঠ করতে বলবেন। শিক্ষার্থীরা সরবে পাঠ করবে। শিক্ষক শুনবেন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- এবার শিক্ষক গল্পের যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত কোনো বাক্য পড়তে দিবেন। শিক্ষার্থীরা বাক্যটি স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারছে কি না খেয়াল করবেন। প্রয়োজনে সহায়তা দিবেন। একই সাথে শিক্ষার্থীকে পঠিত বাক্যের বিষয়বস্তু জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থী বিষয়বস্তু না বুঝলে প্রয়োজনে অন্যের সহায়তা নিতে বলবেন বা নিজের বুঝিয়ে দিবেন।
- শিক্ষক দুই একজনকে বিড়াল ছানা গল্পটি নিজের মতো বলতে দিবেন। শিক্ষার্থীরা নিজের মতো করে গল্প বলবে।
- এবার শিক্ষক বলবেন এখন আমরা গল্প শুনব এবং শুনে কিছু প্রশ্নের উত্তর দিবো। শিক্ষক একজনকে স্পষ্ট উচ্চারণে পড়তে বলবেন বাকিরা মনোযোগের সাথে শুনবে। শুনার পর শিক্ষক কিছু প্রশ্ন করবেন শিক্ষার্থীরা তার উত্তর দিবে। শিক্ষার্থীদের উত্তরের পরিপ্রেক্ষিতে প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- এবার শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

### মূল্যায়নঃ

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৬.০১, ০১.০২.০৬.০২, ০১.০২.০৭.০১, ০১.০২.০৭.০২, ০১.০২.০৮.০১, ০১.০২.০৯.০১, ০১.০২.১২.০১, ০১.০২.১৩.০১, ০১.০২.২০.০১ ও ০১.০২.২১.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ২০

# ছয় ঋতু

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.২ প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।

৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারা ও সংশ্লিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারা।

৫.১ শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।

৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।

৬.১ পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।

৭.১ ছবি বা চিত্র দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বুঝে বলতে পারা।

৯.২ বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন -দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।

১১.১ চিত্র ও ছক সম্বলিত বর্ণনা, তথ্যমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।

১৩.১ যুক্তবর্ণ, নির্বাচিত ফলাচিহ্ন যোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিকভাবে লিখতে পারা।

১৩.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে স্পষ্টভাবে সঠিক বানানে বাক্য এবং শ্রুতিলিপি লিখতে পারা।

১৫.১ বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার বিষয়বস্তু সম্পর্কে লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা: ০৮**

**পরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড –১ | বাংলাদেশ ছয় ঋতুর দেশ ............ কাঁঠাল পাকে। |
| পিরিয়ড –২ | আষাঢ় ও শ্রাবণ................কদম, দোলনচাঁপা। |
| পিরিয়ড –৩ | ভাদ্র ও আশ্বিন ................কাশফুল ফোটে। |
| পিরিয়ড –৪ | কার্তিক ও অগ্রহায়ণ...........পিঠা পায়েস। |
| পিরিয়ড –৫ | পৌষ ও মাঘ...................পাতা ঝরে। |
| পিরিয়ড –৬ | বছরের শেষের.................ঋতুর রাজা। |
| পিরিয়ড –৭ | মাস ও ঋতুর নাম লিখি এবং প্রিয় ঋতু নিয়ে বাক্য রচনা |
| পিরিয়ড –৮ | সকল ঋতুর মৌখিক আলোচনা ও ঋতুর সাথে মিলিয়ে পিঠা ও সবজির তালিকা করা |

# পিরিয়ড – ৮৫

## বিষয়বস্তু: বাংলাদেশ ছয় ঋতুর দেশ ............ কাঁঠাল পাকে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে ।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।
- পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙে লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২০ **ছয় ঋতু** পাঠটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক বাংলাদেশ ছয় ঋতুর দেশ থেকে কাঁঠাল পাকে পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্বে চলে আসে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে আজকের পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে জ্যৈষ্ঠ, গ্রীষ্ম শব্দ দুটি নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বিরামচিহ্ন অনুসরণ করে পড়তে দিবেন। প্রত্যেককে তার পড়া পাশের জনকে শোনাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. কোন ঋতুতে কালবৈশাখি ঝড় হয়? ২. বাংলা বছরের প্রথম দুই মাসের নাম কী?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থী-দের নিরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে

বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।

- এবার শিক্ষক শিক্ষার্থীদের ৪৬ পৃষ্ঠার ঋতুর ছবিগুলো দেখে ছবিগুলো থেকে গ্রীষ্মের ছবি কোনটি তা শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা গ্রীষ্মের ছবিটি শনাক্ত করে ছবির নিচে গ্রীষ্ম ঋতু লিখবে। শিক্ষক কাজটি জোড়ায় বসে করতে দিতে পারে।

# পিরিয়ড – ৮৬

**বিষয়বস্তু: আষাঢ় ও শ্রাবণ................কদম, দোলনচাঁপা।**

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- ছবি বা চিত্র দেখে স্পষ্টভাবে বর্ণনা করতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- বিরামচিহ্ন ব্যবহার করে পাঠের বাক্য দেখে লিখতে পারবে।

**উপকরণ:** শিক্ষার্থীদের রোল নম্বরসহ নামের তালিকা, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীদের সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২০ **ছয় ঋতু** পাঠটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক বর্ষা থেকে দোলনচাঁপা পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করতে বলবেন যেন শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্তে চলে আসে।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশ পড়ে শোনাবেন। শিক্ষার্থীদেরকে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে বর্ষা, বৃষ্টি শব্দ দুটি নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বিরামচিহ্ন অনুসরণ করে লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা

পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।

- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. আষাঢ় ও শ্রাবণ মিলে কোন ঋতু? ২. বর্ষায় কী কী ফুল ফোটে?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নীরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।

- এবার শিক্ষক শিক্ষার্থীদের ৪৬ পৃষ্ঠার ঋতুর ছবিগুলো দেখে ছবিগুলো থেকে বর্ষার ছবি কোনটি তা শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা বর্ষা ঋতুর ছবিটি শনাক্ত করে ছবির নিচে বর্ষা ঋতু লিখবে। শিক্ষক কাজটি জোড়ায় বসে করতে দিতে পারেন।

# পিরিয়ড – ৮৭

## বিষয়বস্তু: ভাদ্র ও আশ্বিন .................কাশফুল ফোটে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- চিত্র বা ছবি সম্বলিত বর্ণনা শুনে নিজের মতো করে বলতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বলতে পারবে।
- প্রমিতউচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।
- পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ সহযোগে গঠিত শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২০ **ছয় ঋতু** পাঠটি খুলতে বলবেন। বই খুলে এর ৪৪ পৃষ্ঠা শিক্ষক শরৎ থেকে কাশফুল ফোটে পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্বে চলে আসে।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশ পড়ে শোনাবেন। শিক্ষার্থীদেরকে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে

বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।

- এবার সবাইকে ভাদ্র, আশ্বিন শব্দ দুটি নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বিরামচিহ্ন অনুসরণ করে লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. কোন কোন মাস মিলে শরৎ ঋতু? ২. কোন ঋতুতে কাশফুল ফুল ফোটে?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নীরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের ৪৬ পৃষ্ঠার ঋতুর ছবিগুলো দেখে ছবিগুলো থেকে শরতের ছবি কোনটি তা শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা শরৎ ঋতুর ছবিটি শনাক্ত করে ছবির নিচে শরৎ ঋতু লিখবে। শিক্ষক কাজটি জোড়ায় বসে করতে দিতে পারে।

## পিরিয়ড – ৮৮

### বিষয়বস্তু: কার্তিক ও অগ্রহায়ণ............পিঠা পায়েস।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বর্ণনামূলক রচনা শুনে নিজের মতো করে বলতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙ্গে ধ্বনি বলতে পারবে।
- চিত্র/ছবি সম্বলিত বর্ণনা পড়ে বিষয়বস্তু বলতে পারবে।
- শুনে শুনে সঠিকভাবে বিরামচিহ্ন ব্যবহার করে সহজ বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২০ **ছয় ঋতু** পাঠটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক হেমন্ত থেকে পিঠা পায়েস পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে

পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।

- পড়ার পর কয়েকজনকে পাঠের বিষয়বস্তু জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের উত্তরের পর শিক্ষক নিজেই বিষয়বস্তুর ব্যাখ্যা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্তে চলে আসে।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশ পড়ে শোনাবেন। শিক্ষার্থীদেরকে শিক্ষকের পাঠ শুনে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে **কার্তিক, অগ্রহায়ণ, হেমন্ত, নবান্ন** শব্দগুলো নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণগুলোতে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণ ব্যবহার করে শব্দ তৈরি করবে এবং তৈরিকৃত শব্দ দিয়ে বাক্য তৈরি করতে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ পড়ে শোনাবেন। শিক্ষার্থীদেরকে শিক্ষকের পাঠ শুনে বিরামচিহ্ন অনুসরণ করে লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. কোন কোন মাস মিলে হেমন্ত ঋতু? ২. হেমন্ত ঋতুতে কী উৎসব হয়?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নীরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের ৪৬ পৃষ্ঠার ঋতুর ছবিগুলো দেখে ছবিগুলো থেকে হেমন্ত ঋতুর ছবি কোনটি তা শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা হেমন্ত ঋতুর ছবিটি শনাক্ত করে ছবির নিচে হেমন্ত ঋতু লিখবে। শিক্ষক কাজটি জোড়ায় বসে করতে দিতে পারে।

## পিরিয়ড – ৮৯

### বিষয়বস্তু: পৌষ ও মাঘ....................পাতা ঝরে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বর্ণনামূলক রচনা শুনে ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- তথ্যমূলক রচনা পড়ে প্রাসঙ্গিক তথ্য বলতে পারবে।
- বিরামচিহ্ন ব্যবহার করে নিজে নিজে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২০ **ছয় ঋতু** পাঠটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক শীত থেকে পাতা ঝরে পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- পড়ার পর কয়েকজনকে পাঠের বিষয়বস্তু জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীরা ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারছে কিনা লক্ষ করবেন। শিক্ষার্থীদের উত্তরের পর শিক্ষক নিজেই বিষয়বস্তুর ব্যাখ্যা দিবেন। যারা ধারাবাহিকতা রক্ষা করতে পারেনি তাদেরকে প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্ত্বে চলে আসে।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ নিজের মতো করে বিরামচিহ্ন অনুসরণ করে লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. কোন কোন মাস মিলে শীত ঋতু? ২. কোন ঋতুতে গাছের পাতা ঝরে যায়?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নিরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে বলতে দিবেন এবং খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের মাল্টিমিডিয়ায় বা কোনো ঋতুর ছবিগুলো দেখে শীত ঋতুর ছবি কোনটি তা শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা শীতের ছবিটি শনাক্ত করে ছবির নিচে শীত ঋতু লিখবে। শিক্ষক কাজটি জোড়ায় বসে করতে দিতে পারে।

# পিরিয়ড – ৯০

## বিষয়বস্তু: বছরের শেষের............... ঋতুর রাজা।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছবি বা চিত্র দেখে/বর্ণনা শুনে বিষয়-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- স্পষ্ট স্বরে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলতে পারবে।
- তথ্যমূলক রচনা পড়ে প্রাসঙ্গিক তথ্য বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে বিষয়বস্তু সম্পর্কিত বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২০ **ছয় ঋতু** পাঠটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক বসন্ত থেকে ঋতুর রাজা পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- পড়ার পর কয়েকজনকে পাঠের বিষয়বস্তু জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের উত্তরের পর শিক্ষক নিজেই বিষয়বস্তুর ব্যাখ্যা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্তে চলে আসে।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশ পড়ে শোনাবেন। শিক্ষার্থীদেরকে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে ফাল্গুন, বসন্ত শব্দগুলো নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণগুলোতে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণ ব্যবহার করে শব্দ তৈরি করবে এবং তৈরিকৃত শব্দ দিয়ে বাক্য তৈরি করতে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশের বিরামচিহ্ন অনুসরণ করে নিজের মতো করে লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. কোন কোন মাস মিলে বসন্ত ঋতু? ২. কোন ঋতুকে ঋতুর রাজা বলা হয়?)

লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নিরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।

- এবার শিক্ষক শিক্ষার্থীদের ৪৬ পৃষ্ঠার ঋতুর ছবিগুলো দেখে ছবিগুলো থেকে বসন্ত ঋতুর ছবি কোনটি তা শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা বসন্তের ছবিটি শনাক্ত করে ছবির নিচে বসন্ত ঋতু লিখবে। শিক্ষক কাজটি জোড়ায় বসে করতে দিতে পারে।

# পিরিয়ড – ৯১

## বিষয়বস্তু: মাস ও ঋতুর নাম লিখি এবং প্রিয় ঋতু নিয়ে বাক্য রচনা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছবি বা চিত্র দেখে/ তথ্যমূলক রচনা শুনে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- তথ্যমূলক রচনা পড়ে প্রাসঙ্গিক তথ্য বলতে পারবে।
- শুনে শুনে সঠিকভাবে বিরামচিহ্ন ব্যবহার করে সহজ বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** ছবি, মাল্টিমিডিয়া ও ভিডিও; শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২০ **ছয় ঋতু** পাঠটি খুলতে বলবেন। এবার শিক্ষার্থীদের ৪৬ পৃষ্ঠার মাস ও ঋতুর নাম লিখি অংশটি খাতার তুলতে বলবেন। খাতায় তোলা হলে শিক্ষক শিক্ষার্থীদের পুরো ছয় ঋতু পাঠটি নীরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন। শিক্ষার্থীরা নীরবে পড়ে খালি স্থানগুলোতে মাস ও ঋতুর নাম লিখবে। শিক্ষক সকলের লেখা পাশের জনের কাছে দেওয়ার নির্দেশনা দিবেন। এবার শিক্ষক সঠিক উত্তর বলবেন এবং শিক্ষার্থীরা তার সহপাঠীদের খাতা মূল্যায়ন করে শিক্ষককে ফলাফল জানাবে। শিক্ষক প্রয়োজনে ফলাবর্তন প্রদান করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে ৪৬ পৃষ্ঠার প্রিয় ঋতু নিয়ে লেখার কাজটি করার নির্দেশনা দিবেন। শিক্ষার্থী-দেরকে তাদের প্রিয় ঋতু নিয়ে ৩টি বাক্য লিখতে বলবেন। লেখার ক্ষেত্রে বিরামচিহ্ন অনুসরণের নির্দেশনা দিবেন। শিক্ষার্থীদের লেখা শেষে নিজের লেখা নিজে উপস্থাপন করতে বলবেন। শিক্ষার্থীদের লেখা শুনে এবং দেখে শিক্ষক প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

# পিরিয়ড – ৯২

## বিষয়বস্তু: সকল ঋতুর মৌখিক আলোচনা ও ঋতুর সাথে মিলিয়ে পিঠা ও সবজির তালিকা করা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বর্ণনামূলক রচনা শুনে ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে শব্দ বলতে পারবে।
- তথ্যমূলক রচনা পড়ে জ্ঞাত তথ্য লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক একজন শিক্ষার্থীকে **ছয় ঋতু** পাঠের প্রথম থেকে শরৎ ঋতু অংশ পর্যন্ত পড়তে দিবেন। বাকি সবাইকে মনোযোগের সাথে শুনতে বলবেন। পড়া শেষে কয়েকজনকে পঠিত অংশ ধারাবাহিকতা রক্ষা করে বলতে বলবেন। একইভাবে অন্য একজনকে হেমন্ত ঋতু থেকে বসন্ত ঋতু অংশ পর্যন্ত পড়তে দিবেন এবং অন্যদের মনোযোগ সহকারে শুনে ধারাবাহিকভাবে বর্ণনা করতে দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে সকল ঋতুর নাম লিখে দিবেন। শিক্ষার্থীরাও সবাই তাদের খাতায় ঋতুগুলোর নাম লিখে নিবে। এবার শিক্ষক এক একজনকে একেক ঋতু সম্পর্কে স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে বলতে বলবেন।
- শিক্ষক বোর্ডে পাঠ সম্পর্কিত কয়েকটি প্রশ্ন লিখে দিবেন। এবার শিক্ষার্থীদেরকে পাঠটি নীরবে পাঠ করতে বলবেন। শিক্ষার্থীদের পাঠ শেষে প্রশ্নগুলোর উত্তর বলতে এবং খাতায় লিখতে নির্দেশনা দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে আগের দিন বলে দিবেন তারা যেন বছরের বিভিন্ন সময়ের পিঠা ও ফসল সম্পর্কে তাদের মায়ের সাথে বা বাবার সাথে আলোচনা করে আসে। এবার শিক্ষক ৪৭ পৃষ্ঠার তালিকা করি অংশটি বোর্ডে এঁকে দিবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীদেরকে দলে বসে তালিকাটি পূরণ করতে বলবেন। শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখবেন এবং প্রয়োজনীয় সহায়তা দিবেন।

**মূল্যায়ন:**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০২.০১, ০১.০২.০৫.০১, ০১.০২.০৫.০২, ০১.০২.০৭.০১, ০১.০২.০৭.০২, ০১.০২.০৯.০১, ০১.০২.১১.০১, ০১.০২.১৪.০১, ০১.০২.১৬.০১, ০১.০২.১৯.০১, ০১.০২.২০.০১, ও ০১.০২.২৪.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ২১

# পয়লা বৈশাখ

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.২ প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।

৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারা ও সংশ্লিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারা।

৫.১ শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।

৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।

৬.১ পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।

৭.১ ছবি বা চিত্র দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বুঝে বলতে পারা।

৯.২ বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন -দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।

১১.১ চিত্র ও ছক সম্বলিত বর্ণনা, তথ্যমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।

১৩.১ যুক্তবর্ণ, নির্বাচিত ফলাচিহ্ন যোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিকভাবে লিখতে পারা।

১৩.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে স্পষ্টভাবে সঠিক বানানে বাক্য এবং শ্রুতলিপি লিখতে পারা।

১৫.১ বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার বিষয়বস্তু সম্পর্কে লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৬

**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড –১ | আজ পয়লা বৈশাখ ......... গান হচ্ছে। |
| পিরিয়ড –২ | একটু পরে শোভাযাত্রা ........... কাঠ দিয়ে বানানো। |
| পিরিয়ড –৩ | খোলা মাঠে .......... বাতাসা। |
| পিরিয়ড –৪ | রিনা ........ খবর। |
| পিরিয়ড –৫ | সরবে অনুচ্ছেদ পাঠ ও বর্ণনা সম্পর্কিত প্রশ্নোত্তর বলি ও লিখি। |
| পিরিয়ড –৬ | সম্পূর্ণ রচনাটি পড়ে তথ্য শনাক্ত করে উত্তর প্রদান। |

# পিরিয়ড – ৯৩

## বিষয়বস্তু: আজ পয়লা বৈশাখ ......... গান হচ্ছে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে ।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।
- পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, বাংলা সংস্কৃতির জিনিস যেমন: মুখোশ, ঢাক, ঢোল, বাঁশি ইত্যাদি; শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।

**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (যেমন- এসো হে বৈশাখের যেকোনোম গান গাওয়া যেতে পারে), কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক প্রথমেই কয়েকজনকে পয়লা বৈশাখ নিয়ে নিজেদের অভিজ্ঞতা জিজ্ঞাসা করবেন।
- শিক্ষক প্রথমে পুরো পাঠের বিষয়বস্তু সংক্ষেপে বলবেন। শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক পাঠের নির্ধারিত অংশটুকু পড়ে শোনাবেন।
- এরপর শিক্ষার্থীদের পাঠ-২১ **পয়লা বৈশাখ** পাঠটি খুলতে বলবেন। আঙ্গুল দিয়ে পাঠের শব্দ অনুসরণ করে শিক্ষার্থীদের সমস্বরে পড়তে সহায়তা করবেন। পড়ার সময় পাঠের বিশেষ শব্দের উচ্চারণ অনুশীলন, অর্থ বলে দেওয়া, যুক্তবর্ণ ভেঙে দেখাবেন।
- শিক্ষক আজকের পাঠ্যাংশ আরও ১/২ বার পড়ে শোনাবেন। শিক্ষার্থীদেরকে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের দলগতভাবে পড়ার সুযোগ দিয়ে এককভাবে পড়ার অনুশীলন করাবেন।
- এবার সবাইকে **সংগ্রহ, হচ্ছে** শব্দগুলো নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণগুলোতে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন। শিক্ষার্থীদের যুক্তবর্ণ ব্যবহার করে শব্দ তৈরি করতে এবং তৈরিকৃত শব্দ দিয়ে বাক্য তৈরি করতে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বিরামচিহ্ন অনুসরণ করে দেখে দেখে লিখতে দিবেন। প্রত্যেককে তার

লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।

# পিরিয়ড – ৯৪

## বিষয়বস্তু: একটু পরে শোভাযাত্রা ............. কাঠ দিয়ে বানানো।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- ছবি বা চিত্র দেখে স্পষ্টভাবে বর্ণনা করতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- বিরামচিহ্ন ব্যবহার করে পাঠের বাক্য দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, বাংলা সংস্কৃতির জিনিস যেমন: মুখোশ, ঢাক, ঢোল, বাঁশি ইত্যাদি; শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।

**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২১ **পয়লা বৈশাখ** পাঠটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক একটু পরে শোভাযাত্রা থেকে কাঠ দিয়ে বানানো পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- পড়ার পর কয়েকজনকে পাঠের বিষয়বস্তু জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের উত্তরের পর শিক্ষক নিজেই বিষয়বস্তুর ব্যাখ্যা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশ পড়ে শোনাবেন। শিক্ষকের পাঠ শুনে পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্বে চলে আসে। শিক্ষার্থীরা নতুন শব্দ ব্যবহার করে বাক্য তৈরি করতে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বিরামচিহ্ন অনুসরণ করে নিজের মতো করে লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. শোভাযাত্রা কবে বের হয়? ২. লোকেরা মুখে কী পরে এসেছে?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নীরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা

বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।

- এবার শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

# পিরিয়ড – ৯৫

## বিষয়বস্তু: খোলা মাঠে ................ বাতাসা।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- চিত্র বা ছবি সম্বলিত বর্ণনা শুনে নিজের মতো করে বলতে পারবে।
- তথ্যমূলক রচনা শুনে প্রাসঙ্গিক তথ্য বলতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বলতে পারবে।
- পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ সহযোগে গঠিত শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পয়লা বৈশাখের একটি ছবি প্রদর্শন করবেন বা মাল্টিমিডিয়াতে দেখাবেন । ছবি দেখিয়ে পয়লা বৈশাখের বর্ণনা দিবেন এবং শিক্ষকের বর্ণনার প্রেক্ষিতে কয়েকজনকে পয়লা বৈশাখ নিয়ে নিজেদের অভিজ্ঞতা বলতে বলবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২১ **পয়লা বৈশাখ** পাঠটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক খোলা মাঠে থেকে বাতাসা পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্বে চলে আসে।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশ পড়ে শোনাবেন। শিক্ষার্থীদেরকে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।

- এবার সবাইকে বিক্রি, হচ্ছে শব্দগুলো নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণগুলোতে  কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণ ব্যবহার করে শব্দ তৈরি করবে এবং তৈরিকৃত শব্দ দিয়ে বাক্য তৈরি করতে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বিরামচিহ্ন অনুসরণ করে নিজের মতো লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. কে মেলায় ঢুকল? ২. মেলায় কী কী বিক্রি হচ্ছে?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নীরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে মুখে মুখে বলতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।

# পিরিয়ড – ৯৬

## বিষয়বস্তু: রিনা ............. খবর।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বর্ণনামূলক রচনা শুনে নিজের মতো করে বলতে পারবে।
- ছবি বা চিত্র দেখে/ তথ্যমূলক রচনা শুনে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙ্গে ধ্বনি বলতে পারবে।
- চিত্র/ছবি সম্বলিত বর্ণনা পড়ে বিষয়বস্তু বলতে পারবে।
- শুনে শুনে সঠিকভাবে বিরামচিহ্ন ব্যবহার করে সহজ বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পয়লা বৈশাখের একটি ছবি প্রদর্শন করবেন বা মাল্টিমিডিয়াতে দেখাবেন। ছবি দেখিয়ে পয়লা বৈশাখের বর্ণনা দিবেন এবং শিক্ষকের বর্ণনার পরিপ্রেক্ষিতে কয়েকজনকে পয়লা বৈশাখ নিয়ে প্রশ্নের উত্তর জিজ্ঞাসা করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২১ **পয়লা বৈশাখ** পাঠটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক রিনা থেকে খবর পর্যন্ত অংশ আদর্শ পাঠ দিবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে সরবে পাঠ করতে দিবেন। শিক্ষার্থীদের পাঠের ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা দিবেন।

- শিক্ষকের পাঠ শুনে শিক্ষার্থীদেরকে নিজেদের মতো করে বলতে বলবেন। শিক্ষার্থীদের বলার দক্ষতা খেয়াল করবেন এবং প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষার্থীদেরকে আজকের পাঠ্যাংশ পড়তে বলবেন। পড়ার পর কয়েকজনকে পাঠের বিষয়বস্তু জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের উত্তরের পর শিক্ষক নিজেই বিষয়বস্তুর ব্যাখ্যা দিবেন।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশের নতুন শব্দ খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীদের বের করা নতুন শব্দের অর্থ বোর্ডে লিখে দিবেন। শব্দ দিয়ে বাক্য তৈরি করাবেন যাতে শব্দটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আয়ত্তে চলে আসে।
- এবার শিক্ষক আজকের পাঠ্যাংশ পড়ে শোনাবেন। শিক্ষার্থীদেরকে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে বলবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করবে। দুই একজনকে যুক্তবর্ণযুক্ত শব্দটি বলতে বলবেন। প্রয়োজনে শুদ্ধ উচ্চারণ করতে সহায়তা করবেন।
- এবার সবাইকে পত্রিকা শব্দ নিজেদের খাতায় লিখে যুক্তবর্ণ আলাদা করে লিখতে বলবেন। শিক্ষক জিজ্ঞাসা করবেন এই যুক্তবর্ণে কোন কোন বর্ণ যুক্ত হয়েছে। শিক্ষার্থীরা বলবে এবং লিখে দেখাবে। প্রয়োজনে শিক্ষক বোর্ডে বা মাল্টিমিডিয়ায় যুক্তবর্ণের বিভাজন করে দেখাবেন। শিক্ষার্থীরা যুক্তবর্ণ ব্যবহার করে শব্দ তৈরি করবে এবং তৈরিকৃত শব্দ দিয়ে বাক্য তৈরি করতে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের সামনে আজকের পাঠ্যাংশ পড়ে শোনাবেন। শিক্ষার্থীদেরকে শিক্ষকের পাঠ শুনে বিরামচিহ্ন অনুসরণ করে নিজের মতো লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।

# পিরিয়ড – ৯৭

## বিষয়বস্তু: সরবে অনুচ্ছেদ পাঠ ও বর্ণনা সম্পর্কিত প্রশ্নোত্তর বলি ও লিখি

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বর্ণনামূলক রচনা শুনে ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- তথ্যমূলক রচনা পড়ে  প্রাসঙ্গিক তথ্য বলতে পারবে।
- বিরামচিহ্ন ব্যবহার করে নিজে নিজে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (বৈশাখের কবিতা, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।

- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২১ **পয়লা বৈশাখ** পাঠটি খুলতে বলবেন। বই খুলে শিক্ষক পয়লা বৈশাখ পাঠটির একেক অনুচ্ছেদ একেকজনকে পড়তে বলবেন। শিক্ষার্থীদের পাঠ শুনবেন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- শিক্ষার্থীরা অন্যদের পাঠ মনোযোগ সহকারে শুনবে। এবার শিক্ষার্থীদের কয়েকজনকে পাঠের বিষয়বস্তু ধারাবাহিকতা রক্ষা করে বলতে বলবেন। বিষয়বস্তু বলার সময় বাক্য চয়ন ও বাক্যের শুদ্ধতা খেয়াল করবেন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠটির নির্ধারিত অংশ বিরামচিহ্ন অনুসরণ করে নিজের মতো লিখতে দিবেন। প্রত্যেককে তার লেখা পাশের জনকে দেখাতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে দুটি প্রশ্ন (১. কে সংবাদ সংগ্রহ করতে এসেছে? ২. মেলায় বাঁশের তৈরি কী পাওয়া যায়?) লিখবেন বা মাল্টিমিডিয়ায় দেখাবেন। শিক্ষার্থীরা প্রশ্ন দুটি খাতায় লিখে নিবে। এবার শিক্ষক শিক্ষার্থীদের নীরবে আজকের পাঠ্যাংশ পড়ে প্রশ্ন দুটির উত্তর বের করে খাতায় লিখতে বলবেন। এবার শিক্ষক পাশের জনের সাথে খাতা বদল করতে বলবেন। খাতা বদলের পর সঠিক উত্তর বলবেন এবং খাতা মূল্যায়ন করতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।

# পিরিয়ড – ৯৮

## বিষয়বস্তু: সম্পূর্ণ রচনাটি পড়ে তথ্য শনাক্ত করে উত্তর প্রদান

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছবি বা চিত্র দেখে/বর্ণনা শুনে বিষয়-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- স্পষ্ট স্বরে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলতে পারবে।
- তথ্যমূলক রচনা পড়ে প্রাসঙ্গিক তথ্য বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে বিষয়বস্তু সম্পর্কিত বাক্য লিখতে পারবে।
- তথ্যমূলক রচনা পড়ে জ্ঞাত তথ্য লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-২১ **পয়লা বৈশাখ** পাঠটি খুলতে বলবেন। শিক্ষার্থীদেরকে জোড়ায় জোড়ায় পাঠটি পড়তে দিবেন।
- জোড়ায় পাঠ শেষে শিক্ষক দলে বসে পাঠের বিষয়বস্তু বের করতে বলবেন।

- শিক্ষক কয়েকজনের সরব পাঠ শুনবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।
- এবার শিক্ষক পুরো পাঠ থেকে কয়েকটি প্রশ্ন বোর্ডে লিখে দিবেন। যেমন: বাংলা বছরের প্রথম দিন কী? কে রমনায় মেলা দেখতে এসেছে? ইত্যাদি। শিক্ষার্থীরা প্রশ্নগুলো খাতায় লিখে নিবে। এবার শিক্ষক সবাইকে এককভাবে পূর্ণ পাঠটি নীরবে পড়তে দিবেন। শিক্ষার্থীরা নীরবে পড়ে প্রশ্নের উত্তরগুলো খাতায় লিখবে। এবার শিক্ষক সবার উত্তর মুখে মুখে বলতে বলবেন। শিক্ষক সবার উত্তর শুনবেন।
- এবার খাতাগুলো পাশের জনের কাছে দিতে বলবেন। সবাই তার পাশের জনের খাতা শিক্ষক প্রদত্ত সঠিক উত্তরের বিবেচনায় মূল্যায়ন করবে এবং শিক্ষককে জানাবে।

**মূল্যায়ন:**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০২.০১, ০১.০২.০৫.০১, ০১.০২.০৫.০২, ০১.০২.০৭.০১, ০১.০২.০৭.০২, ০১.০২.০৮.০১, ০১.০২.০৯.০১, ০১.০২.১১.০১, ০১.০২.১৪.০১, ০১.০২.১৬.০১, ০১.০২.১৯.০১, ০১.০২.২০.০১ ও ০১.০২.২৪.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ২২

# আমাদের ছোট নদী

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৪.১ চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা।

৮.১ চিত্র/ছবি সম্বলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।

১২.১ ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্টস্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।

১২.২ ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৪
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড – ১ | আমাদের ছোট নদী .......তার পাড়ি। |
| পিরিয়ড – ২ | আমাদের ছোট নদী .......তার পাড়ি। |
| পিরিয়ড – ৩ | চিক চিক করে বালি....... শেয়ালের হাঁক। |
| পিরিয়ড – ৪ | আমাদের ছোট নদী........ শেয়ালের হাঁক। |

## পিরিয়ড – ৯৯

### বিষয়বস্তু: আমাদের ছোট নদী .......তার পাড়ি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতা পড়ে বিষয়বস্তু বুঝে বলতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- পাঠের ছবিটি বড় করে এঁকে শ্রেণির এমন স্থানে প্রদর্শন করবেন যেন সকলে তা দেখতে পায়। শিক্ষার্থীদের ভালোভাবে ছবিটি দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং কয়েকজন শিক্ষার্থীকে ছবি সম্পর্কে বলতে নিম্নরূপ প্রশ্ন করতে পারেন।
    - ছবিতে কী দেখা যাচ্ছে?
    - এ রকম নদী তুমি কি দেখেছ?
    - ছবিতে নদীতে কে কী করছে?
    - নদীর পাড়ে কী কী আছে?
    - তুমি/তোমরা নদীতে/পুকুরে সাঁতার কেটেছ কি না?
    - কবিতার নাম কী হতে পারে? ইত্যাদি।
- শিক্ষক উল্লিখিত প্রশ্নোত্তরে কবিতার বিষয়বস্তু সংক্ষেপে শিক্ষার্থীদের বলবেন এবং পাঠ শিরোনাম/ কবিতা ও কবির নাম বোর্ডে লিখবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক প্রথমে পুরো কবিতাটি স্পষ্ট উচ্চারণে আবৃত্তি করবেন। পরে আজকের পাঠ প্রথম চার লাইন নির্দেশ করে কবিতাটি স্পষ্ট উচ্চারণে কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- আবৃত্তির সময় কতিপয় বিশেষ শব্দের (বাঁকে বাঁকে, বৈশাখ, হাঁটুজল, ঢালু) সঠিক উচ্চারণ করে দেখাবেন। শিক্ষার্থীদেরও উচ্চারণ অনুশীলন করতে বলবেন। প্রয়োজনে শব্দগুলোর অর্থ বলে দিবেন ও বোর্ডে লিখে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের সাথে ২/৩ বার সমস্বরে (প্রথমে শিক্ষক বলবেন এবং পরে শিক্ষার্থীরা বলবে) পাঠে অংশগ্রহণ করাবেন। এসময় শিক্ষার্থীরা শব্দ সঠিক উচ্চারণে বলতে পারছে কিনা তা দেখবেন এবং প্রয়োজনে সংশোধন করে দিবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে বানান করে পড়তে সহায়তা দিবেন। শিক্ষক খেয়াল রাখবেন সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। এরপর শিক্ষার্থীদের দলগতভাবে ও এক-কভাবে পড়ার (প্রয়োজনে বানান করে পড়ার) অনুশীলন করাবেন।
- শিক্ষার্থীদের সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে, দলে, জোড়ায় ও এক-কভাবে কবিতাটি আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- এবার শিক্ষক বোর্ডে লেখা শব্দ **(বাঁকে বাঁকে, বৈশাখ, হাঁটুজল, ঢালু, পাড়ি)** একটি করে বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- প্রতি বেঞ্চে বসা শিক্ষার্থীদের নিয়ে একটি করে দল গঠন করবেন। শিক্ষার্থীদের দলে আলোচনা করে শব্দ দিয়ে বাক্য বলতে বলবেন ।

| | | |
|---|---|---|
| রোদ | – | ১। শীতকালে রোদ পোহাতে ভালো লাগে।<br>২। গরমকালে রোদে ঘোরাঘুরি করা ভালো না। |

- অতঃপর শিক্ষক বোর্ডে পাঠের কিছু শব্দ শিক্ষার্থীকে নিম্নরূপভাবে নিজ খাতায় লিখে নিতে বলবেন।

| | | |
|---|---|---|
| বাঁকে বাঁকে | – | ১। <br> ২। |
| বৈশাখ | – | ১। <br> ২। |
| হাঁটুজল | – | ১। <br> ২। |
| ঢালু | – | ১। <br> ২। |
| পাড়ি | – | ১। <br> ২। |

- শিক্ষার্থীদের উত্তর নিয়ে ছকে লেখা শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করে বোর্ডে লিখবেন।
- শিক্ষার্থীদের কবিতাটির অংশটুকু আবৃত্তি করতে বলবেন। পাঠ সংশ্লিষ্ট নিম্নরূপ কতিপয় প্রশ্ন করে মুখে মুখে উত্তর যাচাই করবেন। সকল শিক্ষার্থী যেন উত্তর প্রদানে সচেষ্ট হয় তার ব্যবস্থা করবেন।
  - ছোট নদীটি কিভাবে চলে?
  - কোন মাসে নদীতে পানি/জল কমে যায়?
  - বৈশাখ মাসে কেন নদীতে পানি/জল কমে যায়?
  - নদীর দুই ধার কেমন?
  - পানি/জল কমে গেলে নদীর ভিতর দিয়ে কী চলাচল করে? ইত্যাদি।

উত্তরগুলো শিক্ষার্থীদের নিজ খাতায় লিখতে বলবেন। খাতায় লেখা বাক্যগুলো নিজে অথবা পারগ শিক্ষার্থীদের সহায়তায় যাচাই করবেন।

- পিছিয়েপড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।

## পিরিয়ড – ১০০

### বিষয়বস্তু: আমাদের ছোট নদী .......তার পাড়ি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক কাজের মাধ্যমে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য পূর্বের ক্লাসে আলোচনা করা হয়েছে এমন কিছু প্রশ্ন করবেন। উত্তর বলতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের বলবেন যে, আজও আমরা গতদিনের পাঠের অংশটি অর্থাৎ প্রথম চার লাইন নিয়ে পড়ালেখা করব।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়তে সহায়তা দিবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না।
- শিক্ষার্থীদের আগের ক্লাসের মত প্রথমে সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে, দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে কারো উচ্চারণে সমস্যা থাকলে তাকে সহায়তা দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বই দেখে কবিতার প্রথম চার লাইন নিজ খাতায় লিখে নিতে বলবেন।
- এবার কয়েকটি শব্দ নিয়ে উচ্চারণের খেলা উপস্থাপন করবেন। শব্দগুলো হলো **বাঁক, চাঁদ, দাঁত, হাঁটু**। শিক্ষক শিক্ষার্থীদর মনোযাগ আকর্ষণ করে প্রথমে **বাঁক** শব্দটি নিজে উচ্চারণ করে শোনাবেন। এরপর শিক্ষার্থীদের শব্দটি বলতে বলবেন। তারপর **চাঁদ** শব্দটি শিক্ষার্থীদের সাথে নিয়ে উচ্চারণ অনুশীলন করাবেন। শেষে **দাঁত, হাঁটু** শব্দগুলো শিক্ষার্থীদের সঠিক উচ্চারণে বলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে নিচের শব্দগুলোর সাথে অন্তঃমিল আছে এমন শব্দ বলতে বলবেন। প্রয়োজনে একটি উদাহরণ দিবেন।

| | | |
|---|---|---|
| বাঁকে | – | থাকে, আঁকে, ঝাঁকে, পাকে, নাকে, ........................................... |
| জল | – | |
| গাড়ি | – | |
| গরু | – | |

- উত্তরগুলো শিক্ষার্থীদের নিজ খাতায় লিখে নিতে বলবেন। খাতায় লেখা বাক্যগুলো যাচাই করবেন।
- পিছিয়েপড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।

# পিরিয়ড – ১০১

## বিষয়বস্তু: চিক চিক করে বালি.......শেয়ালের হাঁক।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতা পড়ে বিষয়বস্তু বুঝে বলতে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।
- কবিতার একটি বা দুটি চরণ না দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দময় শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য পূর্বের ক্লাসে আলোচনা করা হয়েছে এমন কিছু প্রশ্ন করবেন। উত্তর বলতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের বলবেন যে, আজ আমরা কবিতাটির পরের চার লাইন নিয়ে পড়ালেখা করব।
- শিক্ষক শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে পরের চার লাইন নির্দেশ করে কবিতাটি স্পষ্ট উচ্চারণে কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- আবৃত্তির সময় কতিপয় বিশেষ শব্দের (**চিকচিক, কাশবন, ঝাঁক, হাঁক**) সঠিক উচ্চারণ করে দেখাবেন। শিক্ষার্থীদেরও উচ্চারণ অনুশীলন করতে বলবেন। প্রয়োজনে শব্দগুলোর অর্থ বলে দিবেন ও বোর্ডে লিখে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের সাথে ২/৩ বার সমস্বরে (প্রথমে শিক্ষক বলবেন এবং পরে শিক্ষার্থীরা বলবে) পাঠে অংশগ্রহণ করাবেন। শিক্ষার্থীরা শব্দ উচ্চারণ করতে পারছে কিনা তা দেখবেন এবং প্রয়োজনে সংশোধন করে দিবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে বানান করে পড়তে সহায়তা দিবেন। শিক্ষক খেয়াল রাখবেন সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। এরপর শিক্ষক শিক্ষার্থীদের কয়েকবার দলগতভাবে এবং পরে এককভাবে পড়ার অনুশীলন করাবেন। এ পর্যায়ে শিক্ষক খেয়াল করবেন যে, শিক্ষার্থীরা সঠিকভাবে ডিকোড করতে পারছে কি না।
- শিক্ষার্থীদের সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে, দলে, জোড়ায় ও

এককভাবে কবিতাটি আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।

- এবার শিক্ষক বোর্ডে লেখা শব্দ (**চিকচিক, কাশবন, ঝাঁক, হাঁক**) একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- প্রতি বেঞ্চে বসা শিক্ষার্থীদের নিয়ে একটি করে দল গঠন করবেন। শিক্ষার্থীদের দলে আলোচনা করে শব্দ দিয়ে বাক্য বলতে বলবেন

| | | |
|---|---|---|
| **পাখি** | – | ১। আমাদের জাতীয় পাখি দোয়েল<br>২। ..................................... |

- অতঃপর শিক্ষক বোর্ডে পাঠের কিছু শব্দ শিক্ষার্থীকে নিম্নরূপভাবে নিজ খাতায় লিখে নিতে বলবেন।

| | | |
|---|---|---|
| **চিকচিক** | – | ১।<br>২। |
| **কাশবন** | – | ১।<br>২। |
| **ঝাঁক** | – | ১।<br>২। |
| **হাঁক** | – | ১।<br>২। |

- প্রত্যেক শিক্ষার্থীর বাক্য লিখছে কি না তা পর্যক্ষেণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের সম্পূর্ণ কবিতাটি আবৃত্তি করতে বলবেন। পাঠ সংশ্লিষ্ট নিম্নরূপ কতিপয় প্রশ্ন করে মুখে মুখে উত্তর যাচাই করবেন। সকল শিক্ষার্থী যেন উত্তর প্রদানে সচেষ্ট হয় তার ব্যবস্থা করবেন।
  - কখন নদীতে কাদা থাকে না?
  - কাশবন কোথায়?
  - শালিকের ঝাঁক কী করে?
  - কখন শেয়ালের ডাক শোনা যায়?

- উত্তরগুলো শিক্ষার্থীদের নিজ খাতায় লিখে নিতে বলবেন। খাতায় লেখা বাক্যগুলো নিজে অথবা পারগ শিক্ষার্থীদের সহায়তায় যাচাই করবেন।
- পিছিয়েপড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।


২০২৪

# পিরিয়ড – ১০২

## বিষয়বস্তু: আমাদের ছোট নদী........ শেয়ালের হাঁক।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতা পড়ে বিষয়বস্তু বুঝে বলতে পারবে।
- কবিতার একটি বা দুটি চরণ না দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর, অভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক কাজের মাধ্যমে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য পূর্বের ক্লাসে আলোচনা করা হয়েছে এমন কিছু প্রশ্ন করবেন। উত্তর বলতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে ছড়াটি অভিনয়/অঙ্গভঙ্গি করে অনুশীলন করানোর প্রস্তুতি গ্রহণ করবেন। এর জন্য প্রথমে কয়েকটি দল গঠন করবেন। প্রত্যেক দলকে একটা লাইনে দাঁড়ানোর নির্দেশনা দিবেন। অঙ্গভঙ্গি করে কবিতাটি সকলকে আবৃত্তি করতে বলবেন। সুযোগ থাকলে আবৃত্তি করতে করতে শ্রেণির পাশ দিয়ে ঘুরে আসতে হবে– এরূপ নির্দেশনা দিবেন।
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে কাজটি করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক নিজে অংশগ্রহণ করে কাজ উপস্থাপনে সহায়তা প্রদান করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়তে সহায়তা দিবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। এরপর দেখে দেখে কবিতাটি শব্দ ধরে দলগতভাবে ও এককভাবে পড়ার অনুশীলন করাবেন।
- পড়া শেষ হলে শিক্ষার্থীদের পুরো কবিতাটি আবৃত্তি করতে বলবেন। কবিতা-সংশ্লিষ্ট কতিপয় প্রশ্ন করে মুখে মুখে উত্তর যাচাই করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বই বন্ধ করতে বলবেন এবং খাতা খুলতে বলবেন। শিক্ষক কবিতার ২টি চরণ না দেখে লিখতে বলবেন।
- এবার কবিতার অংশবিশেষ পড়বেন ও শিক্ষার্থীদের তা শুনে এবং দাড়ি বিরাম চিহ্ন ব্যবহার ঠিক রেখে লিখতে

বলবেন (শ্রুতিলিপি লেখার অনুশীলন) ।

- শিক্ষক শিক্ষার্থীদের কবিতার মূলভাব/সার-সংক্ষেপ প্রশ্নোত্তরে আলোচনা করবেন।
- শিক্ষক বোর্ডে নিম্নরূপ শূন্যস্থানযুক্ত বাক্য লিখবেন। শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় লিখে নিতে বলবেন। উপযুক্ত শব্দটি বসিয়ে শূন্যস্থান পূরণ করে বাক্যটি খাতায় লিখতে বলবেন। লেখা শেষে সকলের লেখা যাচাই করবেন।

| | |
|---|---|
| খালি জায়গায় শব্দ লিখি | |
| ১। পথটি ............... হয়ে চলে গেছে। | শেয়াল |
| ২। রোদ পড়ে বালি .................... করছে। | শালিক |
| ৩। ............... পাখিগুলো কিচিমিচি করছে। | আঁকা বাঁকা |
| ৪। হুক্কাহুয়া করে .......... ডাকছে। | চিকচিক |

- শিক্ষক বোর্ডে আরেকটি ছক লিখে দিবেন। আগের কাজের মতো শিক্ষার্থীদের চরণ মিলিয়ে লিখতে বলবেন।

| |
|---|
| ............................................ <br> দুই ধার উঁচু তার, ঢালু তার পাড়ি। |
| ............................................ <br> এক ধারে কাশবন ফুলে ফুলে সাদা । |
| কিচিমিচি করে সেথা শালিকের ঝাঁক, <br> ..........................................। |

লেখা শেষে সকলের লেখা যাচাই করবেন। কয়েকজনকে বলতে বলবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের এই কবিতার অডিয়ো/ভিডিয়ো প্রদর্শন/উপস্থাপন করবেন।
- এই কবিতা সম্পর্কে শিক্ষার্থীদের কোনো জিজ্ঞাসা আছে কি না তা জানবেন। প্রশ্নোত্তরে সকলের ধারণা স্পষ্ট করবেন। শিক্ষার্থীদের প্রশংসা করে শ্রেণির কাজ শেষ করবেন।

**মূল্যায়ন:**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৬.০১, ০১.০২.০৬.০২, ০১.০২.১২.০১, ০১.০২.১৭.০১, ০১.০২.১৮.০১ ও ০১.০২.২৫.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ২৩

# নিজের মতো লিখি

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

১.২ প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা ।
৪.১ চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয়বস্তু বুঝতে পারা এবং আনন্দ লাভ করতে পারা।
৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।
৮.১ চিত্র/ছবি সম্বলিত বা চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।
১২.১ ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্টস্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।
১২.২ ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।
১৩.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে স্পষ্টভাবে সঠিক বানানে বাক্য এবং শ্রুতলিপি লিখতে পারা।
১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।
১৪.১ বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্যে প্রমিত বাংলায় লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৫
**পরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড –১ | নীল ঘুড়ি ............ পাখা সে। |
| পিরিয়ড –২ | ছন্দ মিলিয়ে শব্দ বসাই। |
| পিরিয়ড –৩ | পাখি ....... পারতাম! |
| পিরিয়ড –৪ | নিজের মতো শব্দ বসিয়ে লিখি। |
| পিরিয়ড –৫ | নিজের ভালো লাগার কথা লিখি। |

## পিরিয়ড – ১০৩

### বিষয়বস্তু: নীল ঘুড়ি ............ পাখা সে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছড়া শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- স্পষ্ট ও প্রমিত উচ্চারণে ছড়া বলতে পারবে।
- সঠিকভাবে বানান করে ছড়ার চরণ পড়তে পারবে।

- ছড়া পড়ে শব্দ লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ, অভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প, খেলা ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের একটি ঘুড়ি বা ঘুড়ির ছবি দেখাবেন। শিক্ষার্থীরা ঘুড়ি চিনে কিনা জানতে চাইবেন। কারো ঘুড়ি ওড়ানোর অভিজ্ঞতা থাকলে বলতে বলবেন।
- শিক্ষক নিজে ঘুড়ি বানানো এবং ওড়ানো সম্পর্কে বলবেন ।
- এবার শিক্ষক পাঠ-২৩ **নিজের মতো লিখি** পাঠটি খুলতে বলবেন। **পাঠের নীল ঘুড়ি থেকে পাখা সে পর্যন্ত** শিক্ষক নিজে আবৃত্তি করে শোনাবেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে।
- এবার শিক্ষক অভিনয় করে আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা প্রথমে শিক্ষকের সাথে এবং পরে এককভাবে অভিনয় করে আবৃত্তি করবে।
- এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে পাঠ্যাংশটি আবৃত্তি করতে বলবেন। একে একে শিক্ষার্থীরা আবৃত্তি করবে।
- আবৃত্তি শেষে শিক্ষক আজকের পাঠ্যাংশের বিষয়বস্তু জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীরা নিজের মতো করে বিষয়বস্তু বলবে।
- শিক্ষক শিক্ষার্থীদের খাতা খুলে পাঠ্যাংশটি লিখতে বলবেন। শিক্ষার্থীরা দেখে দেখে বিরামচিহ্ন ঠিক রেখে পাঠ্যাংশটি লিখবে।
- যে সকল শিক্ষার্থীর পড়তে সমস্যা হয় তাদেরকে বানান করে পড়তে দিবেন। শিক্ষক শিক্ষার্থীদের পড়া শুনবেন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড – ১০৪

## বিষয়বস্তু: ছন্দ মিলিয়ে শব্দ বসাই

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- ছড়া পড়ে বিষয়বস্তু বুঝে বলতে পারবে।
- নিকট পরিবেশ সম্পর্কে বাক্য লিখতে পারবে।
- দেখে দেখে ছড়ার চরণ লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প, শব্দ বা বর্ণ খেলা ইত্যাদি) করবেন।
- শিক্ষক বোর্ডে লিখবেন **হয়**। এবার শিক্ষক বলবেন আমরা হয় এর সাথে মিল করে শব্দ বলবো। শিক্ষার্থীরা বলবে পারে - ভয়, লয়, কয়, নয়, ছয় ইত্যাদি। একইভাবে অন্য আরো কয়েকটি শব্দ দিয়ে এই অনুশীলন করবেন।
- এবার শিক্ষক **ঘুড়ি, উড়ে, দূরে, পাখা** এই চারটি শব্দ বোর্ডে লিখবেন। এবার শিক্ষক শিক্ষার্থীদের বলবেন আমি একটি ছড়া বলবো; তোমরা আমার বলা ছড়ায় বোর্ডে লেখা ৪টি শব্দের কোনো শব্দ শনাক্ত করতে পারলে হাত তুলবে। শিক্ষক গতকালের পড়ানো ছড়াটি বলবেন এবং শিক্ষার্থীরা বোর্ডে লেখা শব্দ মনোযোগ সহকারে শনাক্ত করবে। একে একে সবগুলো শব্দ শনাক্ত করার অনুশীলন করবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদেরকে পাঠ ২৩ এর **শব্দ বসাই** অংশটি পড়তে বলবেন। পড়ার পর **শব্দ বসাই** অংশটি খাতায় তুলে নিতে বলবেন।
- এবার শিক্ষক নিজে প্রথম লাইনটি বলবেন, নীল ঘুড়ি উড়ে যায় শিক্ষার্থীরা (যায়/খায়) থেকে শব্দ মিলিয়ে পরের লাইন বলবে উড়ে উড়ে দূরে ------ যায় বা খায় বলবে। শিক্ষার্থীরা ঠিক বললে দুই একবার অনুশীলন করাবেন আর ভুল করলে ভিন্নভাবে সহায়তা করবেন যেন শিক্ষার্থীদের মাধ্যমে সঠিক শব্দটি বের করা যায়। একইভাবে

  প্রজাপতির রঙিন পাখা,
  নানা রঙের ছবি---- (ডাকা/আঁকা)
  নদীর বুকে নৌকা ভাসে
  আকাশ জুড়ে সূর্য------(আসে/হাসে) । এই দুই লাইন নিয়েও কাজ করবেন।

- শিক্ষার্থীরা তাদের খাতায় এবার সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করে লিখবে।
- এবার শিক্ষক ক্লাসের শিক্ষার্থীদের ৩ ভাগে ভাগ করবেন। তিন দলকে যথাক্রমে ঘুড়ি, প্রজাপতি ও নদী নিয়ে বাক্য লিখতে দিবেন। সকলের লেখা দেখে শিক্ষক পরামর্শ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

# পিরিয়ড – ১০৫

## বিষয়বস্তু: পাখি দেখতে........ উড়তে পারতাম!

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- শিক্ষকের নির্দেশনা শুনে পালন করতে পারবে।

- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।
- নির্দেশনা অনুসারে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষক শিক্ষার্থীদের নিচের প্রশ্নগুলো করবেন –
  - গতকালের পাঠ থেকে কয়েকটি শব্দ বলো
  - ঘুড়ি কোথায় উড়ানো হয়?
  - পাখি কোথায় ওড়ে?
  - তুমি কি পাখির মতো উড়তে চাও?
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ্যাংশ বই দেখে পড়তে বলবেন। পড়ার ক্ষেত্রে বিরামচিহ্ন অনুসরণ করতে বলবেন। শিক্ষক সকলের পড়া শুনবেন।
- পড়ার পর শিক্ষক পাঠ্যাংশের মূল বিষয়বস্তু স্পষ্ট ও শুদ্ধভাবে নিজের মতো বলতে বলবেন।
- এবার শিক্ষক পাঠ্যাংশের বিষয়বস্তু বিরামচিহ্ন ব্যবহার করে লিখতে বলবেন। শিক্ষার্থীরা খাতায় বিষয়বস্তু লিখবে এবং পাশের জনকে দিবে। একজন অন্যজনের লেখা পড়ে শোনাবে এবং শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করে শিক্ষার্থীর লিখন দক্ষতা অর্জন করাবেন।
- শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

# পিরিয়ড – ১০৬

### বিষয়বস্তু: নিজের মতো শব্দ বসিয়ে লিখি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।
- নির্দেশনা অনুসারে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** শিক্ষার্থীদের রোল নম্বরসহ নামের তালিকা, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।
**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষার্থীরা কোনো মজার বই পড়েছে কিনা সে সম্পর্কে বলতে দিবেন।
- এবার শিক্ষক **নিজের মতো শব্দ লিখি** অংশটি শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন। জোড়ায় বসে খালি স্থানগুলো পূরণ করতে বলবেন। শিক্ষার্থীরা তাদের জোড়ায় বসে পূরণ করা পূর্ণ বাক্যগুলো সবার সামনে বিরামচিহ্ন অনুসরণে পড়বে।
- শিক্ষক শিক্ষার্থীদের পঠন মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন দিবেন।
- শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

# পিরিয়ড – ১০৭

**বিষয়বস্তু: নিজের ভালো লাগার কথা লিখি।**

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- শিক্ষকের নির্দেশনা শুনে পালন করতে পারবে।
- নির্দেশনা অনুসারে বাক্য লিখতে পারবে।
- বিরামচিহ্ন ব্যবহার করে নিজে নিজে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** শিক্ষার্থীদের রোল নম্বরসহ নামের তালিকা, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, পরিচয় উপস্থাপন, দলগত কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীর সহায়তায় আনন্দদায়ক কোনো কাজ (ছড়াগান, কৌতুক, গল্প ইত্যাদি) করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে তাদের পছন্দের কোনো বিষয়ে বলতে বলবেন। সবার কাছ থেকে যথাক্রমে শুনবেন। শিক্ষার্থীদের বলার ক্ষেত্রে তাদের ঘুছিয়ে বলতে পারা, উচ্চারণের শুদ্ধতা ইত্যাদি বিষয় বিবেচনায় নিবেন। শিক্ষার্থীদের বলা শুনে প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- এবার শিক্ষক বলবেন আমরা সবাই আমাদের পছন্দের বিষয়ে বাক্য লিখব। বাক্য লেখার ক্ষেত্রে বিরামচিহ্ন ব্যবহার করব। শিক্ষার্থীরা বিরামচিহ্ন ব্যবহার করে তাদের পছন্দের বিষয়ে লিখবে। শিক্ষক সকলের লেখা দেখবেন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- যেসব শিক্ষার্থীর লেখা হয়ে যাবে তাদের মধ্য থেকে একটি করে বাক্য বোর্ডে লিখতে বলবেন। যারা লিখতে

পারেনি বা নতুন বাক্য অন্যরা তুলে নেবে।

- শিক্ষক পারদর্শিতার সূচক অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন ও রেকর্ড রাখবেন।

**মূল্যায়নঃ**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০২.০১, ০১.০২.০৩.০১, ০১.০২.০৬.০১, ০১.০২.০৬.০২, ০১.০২.০৮.০১, ০১.০২.১২.০১, ০১.০২.১৭.০১, ০১.০২.১৮.০১, ০১.০২.২০.০১ ও ০১.০২.২১.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ২৪

# সবাই মিলে কাজ করি

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.২ প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারা ও সংশ্লিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারা।
৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারা।
৭.১ ছবি বা চিত্র দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বুঝে বলতে পারা।
৯.১ কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট শুদ্ধ উচ্চারণে পড়ে বুঝতে পারা।
৯.২ বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন-দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
১১.১ চিত্র ও ছক সম্বলিত বর্ণনা, তথ্যমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।
১৩.১ যুক্তবর্ণ, নির্বাচিত ফলা চিহ্নযোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিকভাবে লিখতে পারা।
১৩.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে স্পষ্টভাবে সঠিক বানানে বাক্য এবং শ্রুতিলিপি লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৫
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | বহু দিন আগের ........... পরিখা খুঁড়তে হবে। |
| পিরিয়ড-২ | অনেকেই বলল.........................কঠিন নয়। |
| পিরিয়ড-৩ | দশ জন ...................... ঝুড়ি তুলে দাও। |
| পিরিয়ড-৪ | সবাই বলল .................... কাজ সহজ হয়। |
| পিরিয়ড-৫ | পুনরালোচনা |

## পিরিয়ড – ১০৮

### বিষয়বস্তু: বহু দিন আগের ........... পরিখা খুঁড়তে হবে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- ছবি বা চিত্র দেখে/বর্ণনা শুনে বিষয়-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারবে।

- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙেলিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, মূল্যায়ন টুলস, পাঠ্য বই, মাল্টিমিডিয়া ইত্যাদি
**পদ্ধতি/কৌশল:** জোড়ায় পঠন, একক পঠন, ছবি বিশ্লেষণ, আলোচনা, প্রশ্ন উত্তর ইত্যাদি

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশলবিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- এ ক্ষেত্রে নিচের গানটি শিক্ষার্থীদের নিয়ে করাতে পারেন।

  নিজের হাতে কাজ কর
  কাজতো ঘৃণার নয়,
  কাজের মাঝে হয় মানুষের
  সত্য পরিচয়॥

- এরপর শিক্ষক প্রশ্ন করবেন- কে নিজের হাতে কাজ করতেন?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্য থেকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন।
- শিক্ষক আজকের পাঠের ছবি বোর্ডে টানিয়ে বা মালটিমিডিয়ায় প্রর্দশন করে শিক্ষার্থীদের দেখতে বলবেন এবং অন্য শিক্ষার্থীর সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলাপ করতে বলবেন।
- ছবি সম্পর্কে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন–

  ছবিতে কী কী দেখা যায়?
  ছবিটি কোথায়/কোন এলাকার?

- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্য থেকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন।
- পাঠের শিরোনাম ঘোষণা করে শিক্ষক শিরোনামটি বোর্ডে লিখে দিবেন এবং গল্পের মূল বিষয় আকর্ষণীয়ভাবে শিক্ষার্থীদের সামনে তুলে ধরবেন যাতে শিক্ষার্থীরা গল্প শুনতে আগ্রহ বোধ করে।
- তারপর শিক্ষক পাঠ্যবই থেকে আজকের পাঠ শিক্ষার্থীদের বের করতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, আমি তোমাদের আজকের পাঠের অংশটুকু পড়ে শোনাব তোমরা আমার সাথে শব্দ মিলিয়ে অনুসরণ করবে। এরপর শিক্ষক পাঠটুকু ধীরে ধীরে পড়ে শোনাবেন। এভাবে কয়েকবার পড়বেন।
- তারপর শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে সমস্বরে পড়বেন। শিশুরা বই দেখে শব্দ ধরে শিক্ষকের সাথে সমস্বরে পড়বে। শিক্ষক এভাবে দুই তিন বার পড়া অনুশীলন করাবেন। পাঠের বিশেষ শব্দ **(মহানবি, হামলা, পরিখা)** বোর্ডে লিখে অর্থ ও প্রয়োগ ব্যাখ্য করে দিবেন।
- পাঠের যুক্তবর্ণটি ভেঙে বোর্ডে লিখে দেখাবেন। যুক্তবর্ণ দিয়ে বাক্য গঠন করে দিবেন এবং খাতায় তুলে নিতে বলবেন

- এরপর শিক্ষক জোড়া গঠন করে (পাশাপাশি দুজন) শিক্ষার্থীদের পড়তে বলবেন। জোড়ার একজন পড়বে অন্যজন শুনবে এবং প্রয়োজনে সহায়তা করবে। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষার্থীর জোড়ায় পড়া শেষ হলে একজনকে সামনে এনে পড়তে বলবেন। অন্য সকল শিশুদের মনোযোগ দিয়ে পড়া ধরে শুনতে বলবেন কোথায় কোনো ভুল হলে অন্যদের সহায়তা করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠে যে যুক্তবর্ণ আছে এই যুক্তবর্ণ দিয়ে অনুরূপ টেক্সট তৈরি করে বোর্ডে ঝুলিয়ে দিয়ে শিক্ষার্থীদের এ থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ শনাক্ত করতে দিবেন এবং কোনো নির্দিষ্ট শব্দ বলে তা শিক্ষার্থীদের দেখতে বলবেন।
- নিম্নের প্রশ্নগুলো বোর্ডে লিখে শিক্ষার্থীদের পুনরায় আজকের পাঠ্যাংশটুকু পড়তে দিবেন এবং বলে দিবেন যে এ প্রশ্নগুলোর উত্তর বই পড়ে খুজে বের করো। উত্তরগুলো মুখে মুখে বা লিখিতভাবে পরিমাপ করবেন।

  মহানবি তখন কোথায় থাকতেন?
  মহানবির কাছে কী খবর এসেছিল?
  পরিখা কী?

- শিক্ষক আজকের পাঠ থেকে কিছু অংশ পড়ে শুনাবেন। পড়ার আগে শিক্ষার্থীদের এ পাঠের কোনো একটি বা দুটি শব্দ বলবেন। পড়া শুনে শিক্ষার্থীরা নির্ণয় করবে ঐ শব্দ এই পাঠে কত বার এসেছে।
- পিছিয়েপড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ (পড়ার ও লেখার ক্ষেত্রে) করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

## পিরিয়ড - ১০৯

### বিষয়বস্তু: অনেকেই বলল ... কঠিন নয়।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছবি বা চিত্র দেখে/বর্ণনা শুনে বিষয় সংশিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- ছবি বা চিত্র দেখে/তথ্যমূলক রচনা শুনে সংশিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধউচ্চারণে পড়তে পারবে।
- বিরাম চিহ্ন ব্যবহার করে পাঠের বাক্য দেখে লিখতে পারবে।
- শুনে শুনে সঠিকভাবে বিরামচিহ্ন ব্যবহার করে সহজ বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, মূল্যায়ন টুলস, পাঠ্য বই, মাল্টিমিডিয়া ইত্যাদি।
**পদ্ধতি/কৌশল:** জোড়ায় পঠন, একক পঠন, ছবি বিশ্লেষণ, আলোচনা, প্রশ্ন উত্তর ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- এ ক্ষেত্রে একটি নাত এ রাসুল পরিবেশন করতে পারেন।

  নবি মোর পরশ মণি
  নবি মোর সোনার খনি
  নবি নাম জপে যে জন
  সেই তো দোজাহানের ধ্বনি

- এরপর শিক্ষক প্রশ্ন করবেন–
  - কাকে নিয়ে এ নাত গাওয়া হয়েছে?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্য থেকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন।
- তারপর শিক্ষক পাঠ্যবই থেকে আজকের পাঠ শিক্ষার্থীদের বের করতে বলবেন। শিশুরা বের করতে না পারলে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, আমি তোমাদের আজকের পাঠের অংশটুকু পড়ে শোনাব। তোমরা আমার সাথে শব্দ ধরে নীরবে পড়বে। এরপর শিক্ষক পাঠটুকু ধীরে ধীরে পড়ে শোনাবেন। এভাবে কয়েকবার পড়বেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন শিক্ষার্থীরা ঠিকভাবে শব্দ ধরতে পারছে কিনা। না পারলে ঠিকভাবে ধরিয়ে দিবেন।
- তারপর শিক্ষক শিশুদের নিয়ে সমস্বরে পড়বেন। শিশুরা বই দেখে শব্দ ধরে শিক্ষকের সাথে সমস্বরে পড়বে। শিক্ষক এভাবে দুই তিন বার পড়া অনুশীলন করাবেন। পাঠের বিশেষ শব্দ (মিলে, (স), কঠিন) বোর্ডে লিখে অর্থ ও প্রয়োগ ব্যাখ্যা করে দিবেন এবং শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।
- এরপর শিক্ষক জোড়া গঠন করে (পাশাপাশি দুজন) শিক্ষার্থীদের পড়তে বলবেন। জোড়ার একজন পড়বে অন্যজন শুনবে এবং প্রয়োজনে সহায়তা করবে। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষার্থীর জুটিতে পড়া শেষ হলে একজনকে সামনে এনে পড়তে বলবেন। অন্য সকল শিশুর মনোযোগ দিয়ে পড়া ধরে শুনতে বলবেন কোথায় কোনো ভুল হলে অন্যদের সহায়তা করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ থেকে কোনো নির্দিষ্ট শব্দ বলবেন এবং তা শিক্ষার্থীদের দেখতে বলবেন।
- পাঠ সংশ্লিষ্ট অন্য একটি ছবি শিক্ষার্থীদের দেখিয়ে ছবির বিষয়বস্তু দিয়ে বাক্য লিখতে বলবেন এবং তা পড়ে শুনাতে বলবেন।
- নিম্নের প্রশ্নগুলো বোর্ডে লিখে শিক্ষার্থীদের পুনরায় আজকের পাঠ্যাংশটুকু পড়তে দিবেন এবং বলে দিবেন যে এ প্রশ্নগুলোর উত্তর বই পড়ে খুঁজে বের করো। উত্তরগুলো মুখে মুখে বা লিখিতভাবে পরিমাপ করবেন।
  - মহানবি কী বলেছিলেন?
  - মহানবির সাথীরা কী বলেছিলেন?
  - সবাই মিলে কাজ করলে কাজ কেন সহজ হয়?
- শিক্ষক শিক্ষার্থীদের সহজ কিছু বাক্য বলবেন এবং সে বাক্যগুলো খাতায় লিখতে বলবেন। লেখার ক্ষেত্রে যথাযথ বিরামচিহ্নের ব্যবহার করতে বলবেন।


২০২৪

- শিক্ষার্থীদের লেখা শেষ হলে পরস্পরের মধ্যে খাতা বদল করে দেওয়ার ব্যবস্থা করবেন, যেন একজন অন্যজনের লেখা পড়তে পারে ও মূল্যায়ন করতে পারে।
- পিছিয়েপড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ (পড়ার ও লেখার ক্ষেত্র)করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজ-নীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড – ১১০

## বিষয়বস্তু: দশ জন ........ ঝুড়ি তুলে দাও।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- ছবি বা চিত্র দেখে/বর্ণনা শুনে বিষয়সংশিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধউচ্চারণে পড়তে পারবে।
- বিরাম চিহ্ন ব্যবহার করে পাঠের বাক্য দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, মূল্যায়ন টুলস, পাঠ্যবই, মাল্টিমিডিয়া
**পদ্ধতি/কৌশল:** জোড়ায় পড়া, একক পড়া, সমস্বরে পঠন, ছবি দেখা, ছবি দেখে বাক্য লেখা, আলোচনা, প্রশ্নউত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশলবিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- এ ক্ষেত্রে একটি নাত এ রাসুল পরিবেশন করবেন।

  তোরা দেখে যা, আমিনা মায়ের কোলে
  মধু পূর্ণিমারই সেথা চাঁদ দোলে
  যেন ঊষার কোলে রাঙা রবি দোলে

- এরপর শিক্ষক প্রশ্ন করবেন-
  - কাকে নিয়ে এ নাত গাওয়া হয়েছে?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্য থেকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন।
- তারপর শিক্ষক পাঠ্যবই থেকে আজকের পাঠ শিক্ষার্থীদের বের করতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, আমি তোমাদের আজকের পাঠের অংশটুকু পড়ে শোনাব তোমরা আমার সাথে শব্দ ধরে নীরবে পড়বে। এরপর শিক্ষক পাঠটুকু ধীরে ধীরে পড়ে শোনাবেন। এভাবে কয়েকবার পড়বেন। শিক্ষক ঘুরে ঘুওে দেখবেন শিক্ষার্থীরা ঠিকভাবে শব্দ ধরতে পারছে কিনা। না পারলে ঠিকভাবে ধরিয়ে দিবেন।

- তারপর শিক্ষক শিশুদের নিয়ে সমস্বরে পড়বেন। শিশুরা বই দেখে শব্দ ধরে শিক্ষকের সাথে সমস্বরে পড়বে। শিক্ষক এভাবে দুই তিন বার পড়া অনুশীলন করাবেন। পাঠের বিশেষ শব্দ **(গড়া, ঝুড়ি)** বোর্ডে লিখে অর্থ ও প্রয়োগ ব্যাখ্য করে দিবেন এবং তা শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।
- শিক্ষক জোড়া গঠন করে (পাশাপাশি দুজন) শিক্ষার্থীদের পড়তে বলবেন। জোড়ার একজন পড়বে অন্যজন শুনবে। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।

- শিক্ষার্থীর জুটিতে পড়া শেষ হলে একজনকে সামনে এনে পড়তে বলবেন। অন্য সকল শিশুদের মনোযোগ দিয়ে পড়া ধরে শুনতে বলবেন কোথায় কোনো ভুল হলে অন্যদের সহায়তা করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের আজকের পাঠ থেকে কোনো নির্দিষ্ট শব্দ বলবেন এবং তা শিক্ষার্থীদের পাঠ্যবই থেকে খুঁজে বের করে দেখতে বলবেন।
- পাঠ সংশ্লিষ্ট অন্য একটি ছবি দেখিয়ে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন বা তারা যা দেখছে তা বাক্য আকারে লিখবে এবং তা পড়ে শুনাতে বলবেন।
- নিম্নের প্রশ্নগুলো বোর্ডে লিখে শিক্ষার্থীদের পুনরায় আজকের পাঠ্যাংশটুকু পড়তে দিবেন এবং বলে দিবেন যে এ প্রশ্নগুলোর উত্তর বই পড়ে খুঁজে বের কর। উত্তরগুলো মুখে মুখে বা লিখিতভাবে পরিমাপ করবেন।
  - কতজন করে দল গঠন করা হয়েছিল?
  - মহানবি কোন দলে কাজ করেছিলেন?
- শিক্ষক শিক্ষার্থীদের বই দেখে আজকের পাঠ্যাংশ নিজ নিজ খাতায় বিরাম চিহ্নের যথাযথ ব্যবহার করে বাক্য লিখতে দিবেন।
- শিক্ষার্থীদের লেখা শেষ হলে পরস্পরের মধ্যে খাতা বদল করে দেওয়ার ব্যবস্থা করবেন। যাতে একজন অন্য জনের লেখা পড়তে পারে ও মূল্যায়ন করতে পারে।
- শিক্ষক গল্পের যে অংশ পড়ানো হয়েছে তা বর্ণনাকারে শিক্ষার্থীদের সামনে তুলে ধরবেন এবং এ থেকে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন এবং উত্তর বলতে বলবেন।
- আজকের পাঠ শিক্ষার্থীরা কতটুকু আয়ত্ত করতে পেরেছে তা পরিমাপের জন্য নিচের রুব্রিক্সভিত্তিক প্রত্যেক শিক্ষার্থীকে পরিমাপ করবেন এবং রেকর্ড সংরক্ষণ করবেন।

# পিরিয়ড – ১১১

## বিষয়বস্তু: সবাই বলল........ কাজ সহজ হয়।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বর্ণনামূলক রচনা শুনে ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারবে।
- ছবি বা চিত্র দেখে/তথ্যমূলক রচনা শুনে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।

- স্পষ্ট স্বরে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলতে পারবে।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধউচ্চারণে পড়তে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- বিরাম চিহ্ন ব্যবহার করে নিজে নিজে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, মূল্যায়ন টুলস, পাঠ্যবই, মাল্টিমিডিয়া।
**পদ্ধতি/কৌশল:** জোড়ায় পড়া, একক পড়া, সমস্বরে পঠন, ছবি দেখা, ছবি দেখে বাক্য লেখা, আলোচনা, প্রশ্ন উত্তর ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- এ ক্ষেত্রে শিক্ষক শিক্ষার্থীদের দ্বারা যে কোনো গান/ছড়া/কবিতা পরিবেশন করাতে পারেন।
- তারপর শিক্ষক পাঠ্যবই থেকে আজকের পাঠ শিক্ষার্থীদের বের করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, আমি তোমাদের আজকের পাঠের অংশটুকু পড়ে শোনাব তোমরা আমার সাথে শব্দ ধরে নীরবে পড়বে। এরপর শিক্ষক পাঠটুকু ধীরে ধীরে পড়ে শোনাবেন। এভাবে কয়েকবার পড়বেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন শিক্ষার্থীরা ঠিকভাবে শব্দ ধরতে পারছে কীনা। না পারলে ঠিকভাবে ধরিয়ে দিবেন।
- তারপর শিক্ষক শিশুদের নিয়ে সমস্বরে পড়বেন। শিশুরা বই দেখে শব্দ ধরে শিক্ষকের সাথে সমস্বরে পড়বে। শিক্ষক এভাবে দুই তিন বার পড়া অনুশীলন করাবেন। পাঠের বিশেষ শব্দ বোর্ডে লিখে অর্থ ও প্রয়োগ ব্যাখ্য করে দিবেন এবং তা শিক্ষার্থীদের খাতায় তুলে নিতে বলবেন।
- এরপর শিক্ষক জোড়া গঠন করে (পাশাপাশি দুজন) শিক্ষার্থীদের পড়তে বলবেন। জোড়ার একজন পড়বে অন্যজন শুনবে এবং প্রয়োজনে সহায়তা করবে। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং প্রয়োজনে সহায়তা করবে।
- শিক্ষার্থীদের জুটিতে পড়া শেষ হলে একজনকে সামনে এনে পড়তে বলবেন। অন্য সকল শিশুদের মনোযোগ দিয়ে পড়া ধরে শুনতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক শ্রেণি উপযোগী অনুরূপ একটি বিষয়বস্তু শিক্ষার্থীদের দিবেন এবং তা থেকে কোনো নির্দিষ্ট শব্দ বা বাক্য শিক্ষার্থীদের শনাক্ত করতে বলবেন।
- পাঠ সংশ্লিষ্ট অন্য একটি ছবি দেখিয়ে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন বা তারা যা দেখছে তা বাক্য আকারে লিখবে এবং তা পড়ে শুনাতে বলবেন।
- নিম্নের প্রশ্নগুলো বোর্ডে লিখে শিক্ষার্থীদের পুনরায় আজকের পাঠ্যাংশটুকু পড়তে দিবেন এবং বলে দিবেন যে এ প্রশ্নগুলোর উত্তর বই পড়ে খুঁজে বের করো। উত্তরগুলো মুখে মুখে বা লিখিতভাবে পরিমাপ করবেন।
  - কে নিজের মাথায় ঝুড়ি তুলে নিয়েছিলেন?
  - সবাই কি বুঝল?
- শিক্ষক আজকের পাঠ থেকে কিছু অংশ পড়ে শুনাবেন এবং শিক্ষার্থীদের বলবেন তারা যেন শিক্ষকের কথা

শুনে তাদের নিজ নিজ খাতায় লিখে এবং লিখার সময় যেন বিরামচিহ্নের যথাযথ ব্যবহার করে।

- শিক্ষার্থীদের লেখা শেষ হলে পরস্পরের মধ্যে খাতা বদল করে দেওয়ার ব্যবস্থা করবেন। যাতে একজন অন্য জনের লেখা পড়তে পারে ও মূল্যায়ন করতে পারে। এবার শিক্ষার্থীদের (দাঁড়ি ও কমা) বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে বলবেন।
- শিক্ষক গল্পের যে অংশ পড়ানো হয়েছে তা বর্ণনাকারে শিক্ষার্থীদের সামনে তুলে ধরবেন এবং এ থেকে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন এবং উত্তর বলতে বলবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ (পড়ার ও লেখার ক্ষেত্র) করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড – ১১২

## পুনরালোচনা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- ছবি বা চিত্র দেখে/তথ্যমূলক রচনা শুনে সংশিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে।
- স্পষ্ট স্বরে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলতে পারবে।
- ছবি বা চিত্র দেখে স্পষ্টভাবে বর্ণনা করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধউচ্চারণে পড়তে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- বিরাম চিহ্ন ব্যবহার করে নিজে নিজে বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি, মূল্যায়ন টুলস, পাঠ্যবই, মালটিমিডিয়া।
**পদ্ধতি/কৌশল:** একক পড়া, ছবি দেখে বাক্য লেখা, আলোচনা, প্রশ্ন উত্তর, মিলকরণ, শুন্যস্থান পূরণ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- শিক্ষক শ্রেণি উপযোগী অনুরূপ একটি বিষয়বস্তু তৈরি করে শিক্ষার্থীদের দিবেন যেখানে যুক্তবর্ণ থাকবে। তা থেকে কোনো নির্দিষ্ট শব্দ বা বাক্য শিক্ষার্থীদের শনাক্ত করতে বলবেন এবং তা ভেঙে দেখাতে বলবেন।
- পাঠ সংশ্লিষ্ট অন্য একটি ছবি দেখতে দিয়ে ছবি নিয়ে বাক্য লিখতে দিবেন এবং তা পড়ে শুনাতে বলবেন।
- নিম্নের শুন্যস্থান যুক্ত বাক্যগুলো বোর্ডে লিখে শিক্ষার্থীদের তা খাতায় তুলে শুন্যস্থান পূরণ করতে দিবেন।

শত্রুরা মদিনায় ..........করবে।
মাথায় মাটির..............তুলে নিলেন।
একসাথে করলে ...........সহজ হয়।

- গল্পটি পড়তে দিবেন এবং বলে দিবেন যে এ প্রশ্নগুলোর উত্তর বই পড়ে খুঁজে বের করো। উত্তরগুলো মুখে মুখে বা লিখিতভাবে পরিমাপ করবেন।
  - কতজন করে দল গঠন করা হয়েছিল?
  - মহানবির কোন দলে কাজ করেছিলেন?
  - সবাই কি বুঝল?
- শিক্ষক গল্প থেকে কিছু অংশ পড়ে শুনাবেন এবং শিক্ষার্থীদের বলবেন তারা যেন শিক্ষকের কথা শুনে তাদের নিজ নিজ খাতায় লিখে এবং লিখার সময় যেন বিরাম চিহ্নের যথাযথ ব্যবহার করে।
- শিক্ষার্থীদের লেখা শেষ হলে পরস্পরের মধ্যে খাতা বদল করে দেওয়ার ব্যবস্থা করবেন। যাতে একজন অন্য জনের লেখা পড়তে পারে ও মূল্যায়ন করতে পারে।
- শিক্ষক বোর্ডে বিরাম চিহ্ন ছাড়া কয়েকটি বাক্য লিখবেন এবং শিক্ষার্থীদের এ বাক্যে বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে বলবেন।
- নবিজি (স) বললেন তোমরা কাজ করবে আর আমি বসে থাকব?
- শিক্ষক গল্প থেকে শিক্ষার্থীদের ছোটো ছোটো প্রশ্ন করবেন এবং উত্তর দিতে উৎসাহিত করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের এই মর্মে নির্দেশনা দিবেন যে, আমরা আগামীকাল বা যে কেনো দিন সবাই মিলে আমাদের শ্রেণিকক্ষ সাজাব বা পরিষ্কার করব।
- শিক্ষক নিম্নের মিলকরণের নমুনাটি বোর্ডে তুলে দিবেন এবং শিক্ষার্থীদের বলবেন তারা যেন এটি খাতায় তুলে বাম পাশের অংশের সাথ ডান পাশের অংশ মিল করে লিখো।

| বাম | ডান |
|---|---|
| আমার মাথায় মাটির | তোমাদের সাথে কাজ করব। |
| তিনি বললেন, আমিও | শত্রুরা মদিনায় হামলা করবে। |
| খবর পেলেন, | ঝুড়ি তুলে দাও। |
| | কঠিন করা হলো। |

- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

## মূল্যায়ন:

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০২.০১, ০১.০২.০৫.০১, ০১.০২.০৫.০২, ০১.০২.০৮.০১, ০১.০২.১১.০১, ০১.০২.১৩.০১, ০১.০২.১৪.০১, ০১.০২.১৬.০১, ০১.০২.১৯.০১ ও ০১.০২.২০.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ২৫

# মুক্তিসেনা

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৪.১ চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা।

৮.১ চিত্র/ছবি সম্বলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।

১২.১ ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্টস্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দলাভ করা।

১২.২ ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা:** ০৬

**পরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড – ১ | ধন্য সবাই ধন্য.........ভিনদেশিদের পণ্য |
| পিরিয়ড – ২ | ধন্য সবাই ধন্য.........ভিনদেশিদের পণ্য |
| পিরিয়ড – ৩ | দেশের তরে............ধন্য ওরাই ধন্য |
| পিরিয়ড – ৪ | দেশের তরে............ধন্য ওরাই ধন্য |
| পিরিয়ড – ৫ | ধন্য সবাই ধন্য....... ধন্য ওরাই ধন্য |
| পিরিয়ড – ৬ | ধন্য সবাই ধন্য....... ধন্য ওরাই ধন্য |

## পিরিয়ড – ১১৩

### বিষয়বস্তু: ধন্য সবাই ধন্য.........ভিনদেশিদের পণ্য।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ

**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- পাঠের শুরুতে ২/৩ মিনিটের মুক্তিযুদ্ধের একটি ভিডিও ক্লিপ প্রদর্শন করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য প্রস্তুতিমূলক কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - আমাদের স্বাধীনতা দিবস কোন মাসে?
  - কারা এই দেশকে স্বাধীন করেছিলেন?
- শিক্ষার্থীদের স্বাধীনভাবে উত্তর বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষক শিক্ষার্থীদের উত্তর ধরিয়ে দেওয়ার জন্য পরোক্ষ সহায়তা দিবেন। এরপর শিক্ষক বলবেন, আজকে আমরা **মুক্তিসেনা** সম্পর্কে একটি কবিতা পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং কয়েকজন শিক্ষার্থীকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষক প্রথমে কবিতার বিষয়বস্তু সংক্ষেপে শিক্ষার্থীদের বলবেন। শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক প্রথমে পুরো কবিতাটি স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। পরে আজকের পাঠের প্রথম সাত লাইন নির্দেশ করে ছন্দে ও তালে কবিতাটি কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষার্থীদের পাঠের কতিপয় শব্দের (**মুক্তিসেনা, অস্ত্র, মাতৃভূমি, ধন্য, শহিদ, ভিনদেশি, পণ্য**) অর্থ ও উচ্চারণ বলে দিবেন। প্রয়োজনে শব্দগুলো বোর্ডে লিখে যুক্তব্যঞ্জন ভেঙে দেখাবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না এবং পাঠের বিশেষ শব্দগুলো (মুক্তিসেনা, অস্ত্র, মাতৃভূমি) সঠিভাবে উচ্চারণ করছে কি না।
- শিক্ষার্থীদের সাথে নিয়ে পাঠের অংশটি কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দলগতভাবে এবং এককভাবে কয়েকবার পড়ার অনুশীলন করাবেন। শিক্ষক খেয়াল করবেন এই পর্যায়ে শিক্ষার্থীরা সঠিকভাবে শব্দ ডিকোড করে পড়তে পারছে কি না।
- শিক্ষক বোর্ডে পূর্বে লেখা শব্দ (**মুক্তিসেনা, অস্ত্র, মাতৃভূমি, ধন্য, বাজি, শহিদ, ভিনদেশি, পণ্য**) লিখবেন। শিক্ষক একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন। অতঃপর শিক্ষক শিক্ষার্থীদের কয়েকটি শব্দ নিম্নরূপভাবে নিজ খাতায় লিখে নিতে বলবেন।

| | | |
|---|---|---|
| মুক্তিসেনা | – | ১। মুক্তিসেনারা দেশকে স্বাধীন করেছিল<br>২। |
| অস্ত্র | – | ১। মুক্তিসেনারা অস্ত্র নিয়ে যুদ্ধ করেছিল<br>২। |
| মাতৃভূমি | – | ১।<br>২। |
| ধন্য | – | ১।<br>২। |

- প্রতি বেঞ্চে বসা শিক্ষার্থীদের নিয়ে একটি করে দল গঠন করবেন। শিক্ষার্থীদের দলে আলোচনা করে প্রত্যেক শব্দ দিয়ে খাতায় দুটি করে বাক্য লিখতে বলবেন। প্রয়োজনে নিজে একটি বা দুটি উদাহরণ লিখে দিবেন।

| | | |
|---|---|---|
| পাখি | – | ১। পাখি উড়ে বেড়ায়।<br>২। দোয়েল আমাদের জাতীয় পাখি। |

- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কি না তা পর্যক্ষেণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।
- শিক্ষার্থীদের পাঠের অংশটি পরের দিন লিখে আনতে বলবেন। পিছিয়েপড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।

## পিরিয়ড – ১১৪

### বিষয়বস্তু: ধন্য সবাই ধন্য.........ভিনদেশিদের পণ্য।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য আগের দিনের কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - আমরা মুক্তিসেনাদের নিয়ে গর্ব করি কেন?
  - কারা অস্ত্র হাতে যুদ্ধ করেছিল?
  - ভিনদেশি কারা?
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, আমরা **মুক্তিসেনা** কবিতার প্রথম সাত লাইন আজও পড়ব।
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং যারা আগের দিন বলার সুযোগ পায়নি তাদের মধ্য থেকে কয়েকজনকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক কবিতার অংশটুকু স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষার্থীদের সাথে নিয়ে কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক আজকের পাঠটুকু বানান করে পড়তে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন কোন শিক্ষার্থী ডিকোড করে পড়তে পারছে না। তাদের সহায়তা করবেন।
- শিক্ষক বোর্ডে পূর্বে লেখা শব্দ (**মুক্তিসেনা, অস্ত্র, মাতৃভূমি, ধন্য, বাজি, শহিদ, ভিনদেশি, পণ্য**) লিখবেন। শিক্ষক একটি করে শব্দ বলবেন এবং শব্দটি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- এরপর নিচের ভাষিক কাজটি শিক্ষার্থীদের দাগ টেনে মিল করার কাজটি করতে দিবেন।

| | |
|---|---|
| দেশের জন্য যুদ্ধ করে যারা জীবন দিয়েছেন। | বাজি |
| কেনা যায় এমন জিনিস | শহিদ |
| জীবনের মায়া না করা | ভিনদেশি |
| অন্য দেশের | পণ্য |

- শিক্ষার্থীদের কবিতার অংশটুকু দেখে দেখে নিজ খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থীদের সহায়তায় একজনের খাতা অন্যজনকে দেখতে দিয়ে মূল্যায়ন করাবেন।
- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কি না তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন।

শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।

- মিল করার পর উক্ত শব্দগুলো দিয়ে ২টি করে বাক্য লেখার অনুশীলন করাবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন এবং পুনরায় মূল্যায়ন করবেন।
- 'একাত্তরের মা জননী কোথায় তোমার মুক্তি সেনার দল'– গানটি দিয়ে পাঠ শেষ করবেন।

# পিরিয়ড – ১১৫

## বিষয়বস্তু: দেশের তরে...........ধন্য ওরাই ধন্য

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পুর্বের পাঠের অভিজ্ঞতা যাচাইয়ের জন্য কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - অস্ত্র ধরে যুদ্ধ করল কারা?
  - কারা শহিদ, গাজি হলেন? ইত্যাদি।
  - ভিনদেশি অর্থ কী?
- পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন। ছবি সম্পর্কে কৌতূহলোদ্দীপক প্রশ্ন করবেন। কয়েকজন শিক্ষার্থীকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক প্রথমে পুরো কবিতাটি স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। পরে আজকের পাঠের নির্ধারিত শেষ চার লাইন ছন্দে ও তালে কয়েকবার আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ আঙুল দিয়ে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষক খেয়াল রাখবেন– সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। পাঠের বিশেষ শব্দগুলো (**তরে, ঘায়েল, হানাদার, ধন্য** ইত্যাদি) বোর্ডে লিখে দিবেন, শব্দে অর্থ বলে ও লিখে দিবেন। পাঠটি কয়েকবার শিক্ষার্থীদের পড়তে সহায়তা

করবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে নিয়ে পাঠ্যাংশটি কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক পাঠের প্রস্তুতি পর্যায়ে যে সকল প্রশ্ন করেছিলেন তা বোর্ডে লিখে দিবেন। শিক্ষার্থীদের বই থেকে উত্তর খুঁজে খাতায় লিখতে বলবেন। লেখা যাচাই করবেন। প্রয়োজনে ফলাবর্তন প্রদান করে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

# পিরিয়ড – ১১৬

## বিষয়বস্তু: দেশের তরে...........ধন্য ওরাই ধন্য।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারবে।
- বানান করে কবিতার চরণ পড়তে পারবে।
- স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারবে।
- কবিতার চরণ দেখে দেখে লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন
- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব দিনের পাঠের ওপর কিছু প্রশ্ন করবেন। যেমন–
  - হানাদার শব্দের অর্থ কী?
  - ধন্য কারা?
- শিক্ষক বলবেন, আজকেও আমরা **মুক্তিসেনা** কবিতার শেষ চার লাইন পড়ব।
- পাঠের দ্বিতীয় ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং যারা আগের দিন বলার সুযোগ পায়নি তাদের মধ্য থেকে কয়েকজনকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক কবিতার অংশটুকু স্পষ্ট উচ্চারণে বলবেন/আবৃত্তি করবেন। শিক্ষার্থীরা সবাই আনন্দের সাথে কবিতাটি শুনছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়া অনুসরণ করতে বলবেন। শিক্ষার্থীদের সাথে নিয়ে

কয়েকবার আবৃত্তি করাবেন। পরে শিক্ষার্থীদের সমবেতভাবে দলে, জোড়ায় ও এককভাবে কবিতাটি বলার ও আবৃত্তির অনুশীলন করাবেন। অনুশীলনের বিভিন্ন পর্যায়ে শব্দের উচ্চারণ ও স্পষ্টতা বিষয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা দিবেন।

- শিক্ষক আজকের পাঠটুকু বানান করে পড়তে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন কোন শিক্ষার্থী ডিকোড করে পড়তে পারছে না। তাদের সহায়তা করবেন।
- শিক্ষক বোর্ডে কয়েকটি শব্দ (**তরে, ঝাঁপিয়ে, ঘায়েল, হানাদার, ধন্য** ইত্যাদি) লিখবেন। এরপর নিচের ভাষিক কাজটি শিক্ষার্থীদের দিয়ে অনুশীলন করাবেন। শিক্ষক বলবেন দাগ টেনে মিল করার কাজটি করাবেন।

| | |
|---|---|
| ঘায়েল করা | সৌভাগ্যশালী |
| হানাদার | জন্য |
| ধন্য | পরাজিত করা |
| তরে | পাকিস্তানি বাহিনী |

- শিক্ষার্থীদের কবিতার অংশটুকু দেখে দেখে নিজ খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থীদের সহায়তায় একজনের খাতা অন্যজনকে দেখতে দিয়ে মূল্যায়ন করাবেন।
- প্রত্যেক শিক্ষার্থীরা বাক্য লিখছে কি না তা পর্যবেক্ষণ করবেন। প্রয়োজনে পরোক্ষভাবে সহায়তা করবেন। শিক্ষার্থীদের বাক্যগুলো বলতে বলবেন। বাক্য গঠনে সমস্যা রয়েছে এমন বাক্যগুলো সঠিকভাবে বলে/লিখে দিবেন।
- শিক্ষার্থীদের কবিতার চরণ বই দেখে নিজ খাতায় লিখতে বলবেন। নিজে অথবা পারগ শিক্ষার্থীদের সহযোগিতায় প্রদর্শিত ছবি দেখে শিক্ষার্থীদেও আঁকতে উৎসাহিত করবেন।

# পিরিয়ড – ১১৭

## বিষয়বস্তু: ধন্য সবাই ধন্য............ধন্য ওরাই ধন্য।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারবে।
- পাঠের শব্দ, বাক্য, চরণ বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।
- ছড়া, কবিতা, গল্প আগ্রহের সাথে পড়ে বিষয়বস্তু বলতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর, অভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক কাজের মাধ্যমে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে মনোনিবেশের জন্য পূর্বের ক্লাসে আলোচনা করা হয়েছে এমন কিছু প্রশ্ন করবেন। উত্তর বলতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের শব্দ ধরে আঙুল দিয়ে পড়তে সহায়তা দিবেন। শিক্ষক খেয়াল রাখবেন - সকল শিক্ষার্থী আঙুল দিয়ে পাঠটি অনুসরণ করছে কি না। এরপর দেখে দেখে কবিতাটি শব্দ ধরে দলগতভাবে ও এককভাবে কয়েকবার পড়ার অনুশীলন করাবেন।
- পড়া শেষ হলে শিক্ষার্থীদের পুরো কবিতাটি প্রথমে দলে, জোড়ায় ও এককভাবে আবৃত্তির অনুশীলন করার সুযোগ দিবেন। কবিতা সংশ্লিষ্ট কতিপয় প্রশ্ন করে মুখে মুখে উত্তর যাচাই করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বই বন্ধ করতে বলবেন এবং খাতা খুলতে বলবেন। শিক্ষক কবিতার একটি অংশবিশেষ পড়বেন ও শিক্ষার্থীদের তা শুনে এবং দাঁড়ি বিরাম চিহ্ন ব্যবহার ঠিক রেখে লিখতে বলবেন (শ্রুতিলিপি লেখার অনুশীলন)।
- কবিতার বিষয়বস্তুর সাথে মিল রেখে শিক্ষার্থীদের দিয়ে মুক্তিযুদ্ধের অভিনয় করাবেন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড – ১১৮

### বিষয়বস্তু: ধন্য সবাই ধন্য...........ধন্য ওরাই ধন্য।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।
- সহজ শব্দ ও বাক্য শুনে লিখতে পারবে।
- দেখে কবিতার চরণ লিখতে পারবে।
- ছড়া, কবিতা ও গল্প শুনে নিজের মতো করে সহজ বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠের ছবি, শ্রেণিকক্ষের সাধারণ উপকরণ, পাঠের নির্দেশনা মতো ছক।
**পদ্ধতি/কৌশল:** অভিজ্ঞতা বিনিময়, দলগত আলোচনা, শব্দ অন্বেষণ, প্রশ্নোত্তর, অভিনয়।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং আনন্দদায়ক কাজের মাধ্যমে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কয়েকজনকে কবিতাটি আবৃত্তি করতে বলবেন। পরে সকলকে দেখে দেখে কবিতাটি পড়তে বলবেন। পড়ার সময় বিরাম চিহ্ন (দাঁড়ি) ব্যবহার করার বিষয়টি শিক্ষার্থীদের মনে করিয়ে দিবেন।
- শিক্ষক বোর্ডে নিম্নরূপ শূন্যস্থানযুক্ত বাক্য লিখবেন। শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় লিখে নিতে বলবেন।

ডানদিকে সঠিক শব্দটি বসিয়ে শূন্যস্থান পূরণ করে বাক্যটি খাতায় লিখতে বলবেন। লেখা শেষে সকলের লেখা যাচাই করবেন।

| | |
|---|---|
| খালি জায়গায় শব্দ লিখি<br>১। ..................হাতে মুক্তিসেনারা যুদ্ধ করেছিলেন।<br>২। মুক্তিসেনারা ................. জন্য যুদ্ধ করেছিলেন।<br>৩। মুক্তিসেনাদের কোনো ................... ছিলো না।<br>৪। দেশকে আমরা .......................................। | মাতৃভূমির ভালোবাসবো অস্ত্র<br>লোভ |

- শিক্ষক শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের একটি ভিডিয়ো প্রদর্শন/উপস্থাপন করবেন। শিক্ষার্থীদের ভিডিয়োটি দেখে কী দেখতে পেয়েছে সে সম্পর্কে বলতে বলবেন।
- এই কবিতা সম্পর্কে শিক্ষার্থীদের কোনো জিজ্ঞাসা আছে কি না তা জানবেন। প্রশ্নোত্তরে সকলের ধারণা স্পষ্ট করবেন। শিক্ষার্থীদের প্রশংসা করে শ্রেণির কাজ শেষ করবেন।

**মূল্যায়নঃ**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৬.০১, ০১.০২.১২.০২, ০১.০২.১৭.০১, ০১.০২.১৮.০১, ও ০১.০২.২৫.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ – ২৬

# সোনার ছেলে

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.২ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারবে।

৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারা ও সংশ্লিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারবে।

৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্টস্বরে শুদ্ধভাবে বলতে পারবে।

৯.২ বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরাম চিহ্ন-দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারবে।

১১.১ চিত্র বা ছক সম্বলিত বর্ণনা, তথ্যমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারবে।

১৫.১ বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার বিষয়বস্তু সম্পর্কে লিখতে পারবে।

**পিরিয়ড সংখ্যা: ০৮**
**পিরিয়ড বিভাজন:**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | ভোরের জানালায় ................................ খোকার ভালো লাগে। |
| পিরিয়ড-২ | একদিন খোকা....................................ভিজে স্কুলে আসে। |
| পিরিয়ড-৩ | ভোরের জানালায় ................................ ভিজে স্কুলে আসে। |
| পিরিয়ড-৪ | আরেক দিনের ঘটনা ............................ বড় মানুষ হবে। |
| পিরিয়ড-৫ | সোনার ছেলে .....................................নাম ছিল বঙ্গবন্ধু। |
| পিরিয়ড-৬ | আরেক দিনের ঘটনা..............................নাম ছিল বঙ্গবন্ধু। |
| পিরিয়ড-৭ | ভোরের জানালায়.................................. নাম ছিল বঙ্গবন্ধু। |
| পিরিয়ড-৮ | ভোরের জানালায়.................................. নাম ছিল বঙ্গবন্ধু। |

## পিরিয়ড – ১১৯

**বিষয়বস্তু: ভোরের জানালায় ........................................খোকার ভালো লাগে।**

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে নিজের মতো করে বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক, ছবি।
**পদ্ধতি/কৌশল:** আলোচনা, প্রশ্নোত্তর, দলীয় কাজ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন। শিক্ষার্থীদের প্রথম শ্রেণির **মুক্তিযুদ্ধ ও বিজয়** পাঠের ওপর ভিত্তি করে কিছু প্রশ্ন করবেন। বলবেন, 'যিনি বাংলাদেশের জাতির পিতা তার ছোটবেলা নিয়ে একটি গল্প আমরা পড়ব।'
- পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট পৃষ্ঠা খুলতে সহায়তা দিয়ে পাঠের ছবি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন এবং কয়েকজন শিক্ষার্থীকে ছবি সম্পর্কে বলতে বলবেন। প্রয়োজনে প্রশ্নোত্তরে ছবি সম্পর্কে ধারণা প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন। প্রাসঙ্গিক আলোচনার মাধ্যমে পাঠের শিরোনাম বলবেন এবং বোর্ডে লিখে দেবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক প্রথমে পাঠের বিষয়বস্তু খুব সংক্ষেপে বলে দিবেন। এরপর পাঠের অংশটুকু স্পষ্ট উচ্চারণে পড়বেন। পড়ার সময় বিশেষ শব্দগুলো **(শিস, ভোর, ময়না ইত্যাদি)** বোর্ডে লিখবেন এবং শব্দ বিশ্লেষণ করে দেখাবেন ও অর্থ বলে দিবেন।
- শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে অংশটুকু ২/৩ বার পড়ে শোনাবেন। পরে শিক্ষক শিক্ষার্থীদের সাথে নিয়ে পড়ার অনুশীলন করাবেন। পড়ার সময়ে ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে পাঠে অগ্রসর হবেন। যে সকল শিক্ষার্থীর পাঠের শব্দ উচ্চারণে সমস্যা রয়েছে তা তাদের পড়ার সময়েই সংশোধন করে দিবেন।
- শিক্ষক দলগত পঠনের জন্য এমন ব্যবস্থা গ্রহণ করবেন যেন প্রত্যেক শিক্ষার্থী কমপক্ষে একবার করে পড়ার সুযোগ পায় এবং একাধিকবার শোনার সুযোগ পায়। শিক্ষার্থীর পঠনকালে কোনো শিক্ষার্থীর পঠনে অসুবিধা (উচ্চারণে অসুবিধা, শব্দ শনাক্ত করতে সমস্যা ইত্যাদি) হচ্ছে তা শনাক্ত করে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সকল শিক্ষার্থীর পড়া শেষ হলে শিক্ষার্থীদের সাধারণ ভুলগুলো সংশোধন করে দিবেন এবং এককভাবে পড়তে দিয়ে পঠনের মূল্যায়ন করবেন।
- নিম্নরূপ কয়েকটি প্রশ্ন বোর্ডে লিখে দিবেন। শিক্ষার্থীদের বলবেন যে, এই প্রশ্নের উত্তর আজকের পাঠেই আছে। পাঠ থেকে উত্তর খুঁজে বের করে তা খাতায় লিখতে বলবেন।
    - ভোরে জানালার পাশে এসে কোন পাখি শিস দেয়?
    - কেন পাখির ডাকে খোকার ঘুম ভাঙে?
    - খোকার ঘুম ভাঙে কেন?
    - কে ময়না পাখিকে কথা বলা শিখিয়েছে?
    - কার পাখি ভালো লাগে?
- শিক্ষার্থীদের উত্তর লেখার পর কয়েকজন অগ্রবর্তী শিক্ষার্থীর উত্তর যাচাই করে তাদের দিয়ে অপরাপর শিক্ষার্থীর খাতা যাচাই করতে বলবেন। শিক্ষক নিজে ও পারগ শিক্ষার্থীর দ্বারা শিক্ষার্থীর সাধারণ ভুলগুলো শনাক্ত করে তার ওপর ফলাবর্তন প্রদান করবেন।

# পিরিয়ড – ১২০

## বিষয়বস্তু: একদিন খোকা.....................................ভিজে স্কুলে আসে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে নিজের মতো করে বলতে পারবে।
- প্রশ্নবোধক বাক্য বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক, ছবি, অনুচ্ছেদ লেখা চার্ট।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, প্রশ্নোত্তর, অনুচ্ছেদ পড়া, আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- গত ক্লাসে শিক্ষার্থীরা কী নতুন শব্দ শিখেছিল তা বলতে বলবেন। বলার সময় তারা যথাযথ উচ্চারণ করতে পারছে কি না তা শুনে প্রয়োজনীয় সহায়তা দিবেন। শিক্ষার্থীদের পড়ার সময় **শিস, বন্ধু, বৃষ্টি, স্কুল, ছাতা** শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন। প্রয়োজনে শব্দগুলোর নিচে পেনসিল দিয়ে দাগ দিতে বলতে পারেন।
- আগের দিনের অনুরূপে শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে পাঠ্যাংশটি ২/৩ বার পড়ে শোনাবেন। পড়ার সময় বর্ণিত শব্দগুলোর অর্থ উচ্চারণসহ বলে দিবেন। পরে শিক্ষক সকল শিক্ষার্থীকে শিক্ষকের পড়া অনুসরণ করে অনুশীলন করাবেন।
- আজকের পাঠের মধ্যে কোনগুলি প্রশ্নবোধক বাক্য তা শনাক্ত করতে বলবেন। প্রশ্নবোধক বাক্যগুলো বাছাই করে খাতায় লিখতে বলবেন। নিজে এবং কয়েকজন পারগ শিক্ষার্থীকে দিয়ে লেখা বাক্যগুলো মূল্যায়ন করবেন।
- এরপর বোর্ডে নিম্নরূপ ছক এঁকে দিবেন এবং শিক্ষার্থীদের অনুরূপ ছক তাদের নিজ খাতায় তুলে নিয়ে শব্দ দিয়ে ২টি করে বাক্য লিখতে বলবেন।

| | |
|---|---|
| ছাতা | |
| | |
| বন্ধু | |
| | |
| বৃষ্টি | |
| | |
| স্কুল | |
| | |

- নিচের অনুচ্ছেদটি (প্রয়োজনে বানান করে) পড়তে দিয়ে যুক্তব্যঞ্জন শব্দ সঠিকভাবে উচ্চারণ হচ্ছে কিনা তা মূল্যায়ন করবেন।

| |
|---|
| আমার বোনের নাম তুষ্টি। সে বিস্কুট খেতে ভালোবাসে। সে ঠোঁট দিয়ে পাখির মতো শিস দেয়। আমাদের উঠানেই শিউলি গাছ। সারা বাড়িতে ফুলের গন্ধ। |

- শিক্ষার্থীদের পড়ার সময় খেয়াল করবেন কোন কোন শিক্ষার্থীর পড়ায় সমস্যা রয়েছে। শিখন চাহিদা আছে এমন শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।

# পিরিয়ড – ১২১

## বিষয়বস্তু: ভোরের জানালায় ........................................ ভিজে স্কুলে আসে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে নিজের মতো করে বলতে পারবে।
- প্রশ্নবোধক বাক্য বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, প্রশ্নোত্তর, আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- গত ক্লাসে শিক্ষার্থীরা কী নতুন শব্দ শিখেছিল তা বলতে বলবেন। বলার সময় তারা যথাযথ উচ্চারণ করতে পারছে কি না তা শুনে প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট পৃষ্ঠা খুলতে সহায়তা দিয়ে পাঠের ছবিটি পুনরায় ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন।
- আগের দিনের অনুরূপে শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে আগের দুইদিনে পড়া সম্পূর্ণ অংশ ২/৩ বার পড়ে শোনাবেন। পড়ার সময় বিশেষ শব্দে/বাক্যাংশ **(শিষ, বৃষ্টি, দোয়েল, ছাতা, ময়না)** উচ্চারণ অনুশীলন করাবেন এবং অর্থ বলে দিবেন যাতে পড়ার সময় শিক্ষার্থীরা বুঝতে পারে। পরে শিক্ষক সকল শিক্ষার্থীকে শিক্ষকের পড়া অনুসরণ করে সাথে নিয়ে পড়ার অনুশীলন করাবেন।

- পড়ার অনুশীলনে দলে, জোড়ায় ও এককভাবে অনুশীলন করতে সাহায়তা করবেন। পড়ার অনুশীলনের সময় কোন কোন শব্দ সঠিক ও স্পষ্টভাবে উচ্চারণে সমস্যা রয়েছে। সেগুলো শনাক্ত করে প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- শিক্ষক বোর্ডে নিম্নরূপ প্রশ্ন লিখে দিবেন। এই প্রশ্নের উত্তর আজকের পাঠের মধ্যে আছে তা শিক্ষার্থীদের বলে দিবেন। দলগতভাবে প্রশ্নের উত্তর খুঁজে বের করে উত্তরগুলো প্রত্যেকের খাতায় লিখতে বলবেন।
    - কোন পাখি খোকার জানার পাশে শিস দিত?
    - মায়ের ডাক খোকার ভালো লাগত কেন?
    - কে বৃষ্টিতে ভিজে স্কুলে আসত?
    - খোকা খালি গায়ে বাড়িতে আসল কেন?
- শিক্ষার্থীদের মধ্যে খাতা পরস্পর পরিবর্তন করে পাঠ দেখে শিক্ষার্থীদের অন্যের লেখা যাচাই করতে সহায়তা দিবেন। শিখন ঘাটতি আছে এমন শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।
- শিক্ষার্থীদের দিয়ে দল গঠন করে দলে প্রশ্নবোধক বাক্য তৈরির খেলায় অংশগ্রহণ করাবেন। প্রথমে শিক্ষক একটি বাক্য বলবেন। যেমন – **আমি বই পড়ি**। এরপর বলবেন, 'এই বাক্য থেকে আমি প্রশ্ন-বাক্য তৈরি করব। যেমন– আমি কী পড়ি ?/আমি কি বই পড়ি ?' এরপর শিক্ষক একটি বাক্য বলবেন। শিক্ষার্থীদের সাথে আলোচনায় এর থেকে কী কী প্রশ্ন-বাক্য হতে পারে তা কয়েকজনকে বলতে বলবেন। তারপর শিক্ষক নিম্নরূপ ২টি বাক্য বোর্ডে লিখে দিবেন এবং এর ওপর ভিত্তি করে প্রশ্ন-বাক্য শিক্ষার্থীদের নিজ খাতায় লিখতে বলবেন। শিক্ষার্থীরা সঠিক বিরাম চিহ্ন বসিয়েছে কিনা তা যাচাই করবেন।
    - আমি ছবি আঁকি।
    - আমি সকালে ঘুম থেকে উঠি।
- পরিকল্পিত কাজ হিসেবে শিক্ষার্থীদের পাঠের অংশটি দেখে দেখে পরবর্তী দিনে খাতায় লিখে নিয়ে আসতে বলবেন।

# পিরিয়ড – ১২২

## বিষয়বস্তু: আরেক দিনের ঘটনা .................................. বড় মানুষ হবে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- ছবি বা চিত্র দেখে/বর্ণনা শুনে বিষয়-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারবে।
- চিত্র/ছবি সম্বলিত বর্ণনা পড়ে বিষয়বস্তু বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে বিষয়বস্তু সম্পর্কিত বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠের ছবি।
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, প্রশ্নোত্তর, আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন। শিক্ষার্থীদের হাতের লেখা যাচাইয়ের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।
- গত ক্লাসে শিক্ষার্থীরা কী নতুন শব্দ শিখেছিল তা বলতে বলবেন। বলার সময় তারা যথাযথ উচ্চারণ করতে পারছে কি না তা শুনে প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট পৃষ্ঠা খুলতে সহায়তা দিয়ে পাঠে প্রদত্ত ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন।
- আগের দিনের অনুরূপে শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে আগের দিনে পড়া অংশসহ আজকের পাঠ্যাংশটি ২/৩ বার পড়ে শোনাবেন। পড়ার সময় **আরেক, ঘটনা, গোলাঘর** শব্দগুলো বোর্ডে লিখে দিবেন। শব্দগুলোর উচ্চারণ অনুশীলন, অর্থ বলবেন। পরে শিক্ষক সকল শিক্ষার্থীকে শিক্ষকের পড়া অনুসরণ করে সাথে নিয়ে পড়ার অনুশীলন (দলগত, জোড়ায় ও এককভাবে) করাবেন।
- শিক্ষক বোর্ডে নিম্নরূপ একটি অনুচ্ছেদ লিখবেন। বোর্ডে লেখা উপরের শব্দ (**আরেক, ঘটনা, গোলাঘর**) দিয়ে অনুচ্ছেদটি পূরণ করতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।

  - যে ঘরে ধান, গম ইত্যাদি রেখে দেওয়া হয় তাকে ......................... বলে।
  - ..................দিন এই গল্পটা বলব।
  - এমন .................. যেন আর না ঘটে।

- নিম্নরূপ কয়েকটি প্রশ্ন লিখে দিবেন। এই প্রশ্নের উত্তর আজকের পাঠের মধ্যে আছে তা শিক্ষার্থীদের বলে দিবেন। দলগতভাবে প্রশ্নের উত্তর খুঁজে বের করে উত্তরগুলো প্রত্যেকের খাতায় লিখতে বলবেন।
  - খোকা কাকে জামা দিয়েছিল?
  - খোকা কেন গরিব ছেলেটাকে নিজের জামা দিয়েছিল?
  - খোকা কেন গোলাঘর থেকে ধান দিতে বলেছিল?
  - গোলাঘর কী?
  - কে ভাবলেন খোকা বড়ো মানুষ হবে?
- শিক্ষার্থীদের মধ্যে খাতা পরস্পর পরিবর্তন করে পাঠ দেখে শিক্ষার্থীদের অন্যের লেখা যাচাই করতে সহায়তা দিবেন। শিখন চাহিদা আছে এমন শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।


২০২৪

# পিরিয়ড – ১২৩

## বিষয়বস্তু: সোনার ছেলে একদিন ................নাম ছিল বঙ্গবন্ধু।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বালত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।
- চিত্র/ছবি সম্বলিত বর্ণনা পড়ে বিষয়বস্তু বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে বিষয়বস্তু সম্পর্কিত বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল :** প্রদর্শন, প্রশ্নোত্তর, আলোচনা

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- 'আমি বাংলায় গান গাই/ একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি'–শিক্ষার্থীদের নিয়ে গান গেয়ে পাঠ্যাংশ সম্পর্কে শিক্ষার্থীদের মানসিকভাবে প্রস্তুত করবেন।
- পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট পৃষ্ঠা খুলতে সহায়তা দিয়ে পাঠের দ্বিতীয় ছবিটি পুনরায় ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থীদের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন।
- আগের দিনের অনুরূপে শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে আগের দিনে পড়া অংশসহ আজকের পাঠ্যাংশটি ২/৩ বার পড়ে শোনাবেন। পড়ার সময় শব্দগুলোর **(শাসন, পাকিস্তানী, বাঙ্গালি, বিরুদ্ধ, অন্দোলন, মুক্তি, দায়িত্ব, বঙ্গবন্ধু)** সঠিক উচ্চারণ অনুশীলন, অর্থ বলে দিবেন। পরে শিক্ষক সকল শিক্ষার্থীকে শিক্ষকের পড়া অনুসরণ করে দলগতভাবে, জোড়ায় ও এককভাবে পড়ার অনুশীলন করাবেন।
- শিক্ষক একটি সমমানের পাঠ বাছাই করবেন যাতে দাড়ি, কমা ও প্রশ্নবোধক বিরামচিহ্ন থাকে। শিক্ষার্থীদের সকলকে বলবেন দেখে দেখে তা পড়তে। শিক্ষার্থীদের বানান করেও পড়তে বলতে পারেন।
- এবার কয়েকজন শিক্ষার্থীকে এককভাবে পড়তে দিবেন। পড়ার পর সমমানের পাঠ সংশ্লিষ্ট কয়েকটি প্রশ্ন করবেন। এবং উত্তর প্রদানে পরোক্ষ সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের নিয়ে মিছিলের মতো 'রাষ্ট্রভাষা বাংলা চাই'/'বীর বাঙালী অস্ত্র ধরো বাংলাদেশ স্বাধীন করো'–শ্লোগান দিয়ে বঙ্গবন্ধুর ভূমিকা বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে গরীবদের কীভাবে সাহায্য করা যায় তা অভিনয় করে দেখাতে সহযোগিতা করবেন।

# পিরিয়ড – ১২৪

## বিষয়বস্তু: আরেক দিনের ঘটনা ................................... নাম ছিল বঙ্গবন্ধু।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- যুক্তবর্ণ যোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারবে।
- প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সম্বলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে বিষয়বস্তু সম্পর্কিত বাক্য লিখতে পারবে।
- তথ্যমূলক রচনা পড়ে জ্ঞাত তথ্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক
**পদ্ধতি/কৌশল:** প্রদর্শন, প্রশ্নোত্তর, আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করে গত ক্লাসে শিক্ষার্থীরা কী নতুন শব্দ শিখেছিল তা বলতে বলবেন। বলার সময় তারা যথাযথ উচ্চারণ করতে পারছে কি না তা শুনে প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট পৃষ্ঠা খুলতে সহায়তা দিয়ে পাঠের ছবি দুটি ভালোভাবে দেখতে বলবেন। পাশের শিক্ষার্থী-দের সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন।
- আগের দিনের অনুরূপে শিক্ষার্থীদের আঙুল দিয়ে পাঠের শব্দ ধরে ধরে আগের দিনে পড়া অংশসহ আজকের পাঠ্যাংশটি ২/৩ বার পড়ে শোনাবেন। পড়ার সময় **গোলাঘর, সোনার টুকরো ছেলে** শব্দগুলোর সঠিক উচ্চারণ অনুশীলন, অর্থ বলে দিবেন।
- শিক্ষক বোর্ডে নিম্নরূপ প্রশ্ন লিখে দিবেন। এই প্রশ্নের উত্তর আজকের পাঠের মধ্যে আছে তা শিক্ষার্থীদের বলে দিবেন। দলগতভাবে প্রশ্নের উত্তর খুঁজে বের করে উত্তরগুলো প্রত্যেকের খাতায় লিখতে বলবেন।
  - খোকা কাকে জামা দিয়েছিলেন?
  - খোকা গোলাঘর থেকে কী দিতে চেয়েছিলেন?
  - খোকার ছোটবেলায় কারা এ দেশকে শাসন করত?
  - পাকিস্তানিরা কিসের বিরুদ্ধে ছিল?
  - খোকা কেন ভাষা আন্দোলনে যোগ দিলেন?
  - খোকাকে সবাই বঙ্গবন্ধু বলে কেন?
  - দেশ গড়ার দায়িত্ব পেলেন কে?
- শিক্ষার্থীদের মধ্যে খাতা পরস্পর পরিবর্তন করে পাঠ দেখে শিক্ষার্থীদের অন্যের লেখা যাচাই করতে সহায়তা দিবেন। শিখন ঘাটতি আছে এমন শিক্ষার্থীদের বিশেষ সহায়তা দিবেন।

# পিরিয়ড – ১২৫

## বিষয়বস্তু: পুনরালোচনা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে নিজের মতো করে বলতে পারবে।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বালত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।
- তথ্যমূলক রচনা পড়ে প্রাসঙ্গিক তথ্য বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে বিষয়বস্তু সম্পর্কিত বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক।
**পদ্ধতি/কৌশল:** প্রশ্নোত্তর, আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক পুরো গল্পটি ধারাবাহিকভাবে বলবেন। এরপর শিক্ষার্থীদের সাথে ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে গল্পটি প্রথম থেকে শেষ পর্যন্ত বলার অনুশীলন করাবেন।
- এরপর শিক্ষার্থীদের কয়েকটি ছোট দলে ভাগ করে গল্পটি শিক্ষার্থীদের দিয়ে বলার অনুশীলন করাবেন এবং শেষে কয়েকজনকে বলতে দিবেন।
- শিক্ষার্থীদের **শহর, দালান, পুকুর, কুমোর,** চেষ্টা শব্দ দিয়ে ২টি করে বাক্য লিখতে দিবেন। এরপর নিচের ভাষিক কাজটি শিক্ষার্থীদের দিয়ে অনুশীলন করাবেন। শিক্ষক বলবেন, ডান পাশের থেকে শব্দ নিয়ে খালি জায়গা পূরণ করব।

| | |
|---|---|
| ছোটবেলার খোকাই হলেন আমাদের ................................ । | শাসন |
| মা-বাবা কখনও কখনও আমাদের ..................... করেন। | বাঙালি |
| ...................... করেই তিনি আমাদের স্বাধীনতা এনে দিয়েছেন। | বিরুদ্ধে |
| তার ...................... আমি কোনো কথা বলতে পারব না। | আন্দোলন |
| আমরা সবাই ........................ । | বঙ্গবন্ধু |

- ভিডিয়োতে/ছবিতে একটি মুক্তিযুদ্ধভিত্তিক তথ্য উপস্থাপন করে শিক্ষার্থীদের এ বিষয়ে ৪টি বাক্য লিখতে বলবেন। শিক্ষার্থীদের খাতা পরস্পর বদল করে একজনের লেখা অন্যজনকে দেখতে বলবেন।
- শিক্ষার্থীদের পাঠের একটি অংশ নিয়ে শ্রুতিলিখনের কাজ করাবেন। শিক্ষার্থীদের লেখা শেষ হলে পাঠের যে অংশটি পড়ে শুনিয়েছেন তা বইতে সকলকে দেখতে বলবেন। শিক্ষার্থীদের পাশের জনের সাথে খাতা

পরিবর্তন করতে বলবেন। এরপর বই দেখে সহপাঠীদের লেখা অংশ যাচাই করতে বলবেন। যাচাইকৃত খাতা ফেরত দিতে বলবেন। কার, কী ধরনের ভুল হয়েছে তা দেখে সঠিক করে পুনরায় লিখতে বলবেন।

# পিরিয়ড – ১২৬

## বিষয়বস্তু: পুনরালোচনা

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে নিজের মতো করে বলতে পারবে।
- বিরামচিহ্ন মেনে বিভিন্ন ধরনের বাক্য সম্বলিত অনুচ্ছেদ স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।
- তথ্যমূলক রচনা পড়ে প্রাসঙ্গিক তথ্য বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা পড়ে বিষয়বস্তু সম্পর্কিত বাক্য লিখতে পারবে।

**উপকরণ:** পাঠ্যপুস্তক
**পদ্ধতি/কৌশল:** প্রশ্নোত্তর, আলোচনা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।
- শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করে শিক্ষক পুরো গল্পটি ধারাবাহিকভাবে বলবেন। এরপর শিক্ষার্থীদের সাথে ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে গল্পটি প্রথম থেকে শেষ পর্যন্ত বলার অনুশীলন করাবেন।
- এরপর শিক্ষার্থীদের কয়েকটি ছোট দলে ভাগ করে গল্পটি শিক্ষার্থীদের দিয়ে বলার অনুশীলন করাবেন এবং শেষে কয়েকজনকে বলতে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের খোকার ৫টি ভালো কাজের তালিকা তৈরি করতে বলবেন। প্রয়োজনে নিম্নরূপ একটি উদাহরণ বোর্ডে লিখে দিবেন। একটি করে দিবেন। অন্যগুলো ভেবে লিখতে বলবেন।
    - খোকা তার বন্ধুকে ছাতা দিয়ে দিল।
    - গরিব লোককে নিজের জামা দিয়ে দিল।
    - নিজেদের গোলাঘর থেকে ধান দিয়ে দিল।
    - ভাষা-আন্দোলনে যোগ দিল।
    - দেশ গড়ার কাজে যোগ দিল।
- ভালো কাজের তালিকা তৈরি করার পর কেন খোকা এই কাজগুলো করত তার কারণ বলতে বলবেন।
- শিক্ষক বোর্ডে কয়েকটি শব্দজট নিম্নরূপভাবে লিখে দিবেন। প্রথমে বর্ণ সাজিয়ে শব্দ তৈরি করতে বলবেন। এরপর শব্দগুলো সাজিয়ে একটি বাক্য লিখতে সহায়তা দিবেন।

| | | | |
|---|---|---|---|
| র দে আ মা শ | লে ছে | সো র না | নি তি |

- শিক্ষার্থীদের তার জায়গা থেকে কীভাবে অন্যকে সাহায্য করতে পারে বা সাহায্য করছে তা শিক্ষার্থীদের একে একে বলতে বলবেন।

## মূল্যায়নঃ

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০২.০১, ০১.০২.০৫.০১, ০১.০২.০৫.০২, ০১.০২.০৮.০১, ০১.০২.১৪.০১, ০১.০২.১৬.০১ ও ০১.০২.২৪.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ২৭

# স্কুলের মাঠে

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা।

৩.১ ছবি, চিত্র বা ছবি দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারা ও সংশিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারা।

৭.১ ছবি, চিত্র বা ছবি দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বুঝে বলতে পারা।

১১.১ চিত্র ও ছক সম্বলিত বর্ণনা তথ্যমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।

১৪.১ বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা কথোপোকথন বুঝে সহজ বাক্য প্রমিত বাংলায় লিখতে পারা।

**পিরিয়ড সংখ্যা: ০৪**
**পিরিয়ড বিভাজন:**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | প্রথম ও দ্বিতীয় ছবি (দড়ি লাফ)। |
| পিরিয়ড-২ | তৃতীয় ও চতুর্থ ছবি। |
| পিরিয়ড-৩ | পঞ্চম ও ষষ্ঠ ছবি। |
| পিরিয়ড-৪ | ক্রীড়া প্রতিযোগিতার ছক। |

## পিরিয়ড - ১২৭

### স্কুলে খেলাধুলার ------ প্রথম ও দ্বিতীয় ছবি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- শিক্ষকের নির্দেশনা শুনে পালন করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- সহজ ছক পূরণ করতে পাবে।

**উপকরণ:** পাঠ্য বই ও পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি ও কৌশল:** প্রশ্ন উত্তর, দলে আলোচনা, প্রদর্শন ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি:

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শুভেচ্ছা বিনিময় করবেন। প্রয়োজনে শ্রেণিবিন্যাস করবেন। শিক্ষক পাঠের অনুকূল পরিবেশ তৈরির জন্য একট গান পরিবেশন করবেন।

- পাঠের সাথে সঙ্গতি রেখে নিম্নরূপ প্রশ্ন করবেন-
  - আমরা বাড়িতে কী কী খেলা করি?
  - কোথায় খেলি?
  - কাদের সাথে খেলাধুলা করি?
  - কোনো খেলা কীভাবে খেলি?
- শিক্ষক পাঠের প্রথম ছবিটি বোর্ডে ঝুলিয়ে দিয়ে শিক্ষার্থীদের দেখতে বলবেন একাকী চিন্তা করে দলে আলোচনা করে বলবেন। বলার ক্ষেত্রে নিম্নরূপ প্রশ্ন করে ধারণা দিতে বলবেন।
  - ছবিতে কে কী করছে?
  - খেলায় কয়জন অংশগ্রহণ করছে?
  - কয়জন মেয়ে কয়জন ছেলে আছে?
  - খেলাটি কোথায় হচ্ছে?
  - খেলাটির নাম কী হতে পারে?
  - কখন এই প্রতিযোগিতা করা হয়?
- শিক্ষক দৌড় প্রতিযোগিতার নিয়ম, এর সুবিধা, সতর্কতা ইত্যাদি নিয়ে শিক্ষার্থীদের সাথে প্রশ্নোত্তরে আলোচনা করবেন। এরপর দ্বিতীয় ছবিটি নিয়েও একই প্রক্রিয়া অনুসরণ করে ধারণা প্রদান করবেন।
- বলবেন, আজ আমরা দুটা খেলা শিখবো এবং তা হলো– দৌড় ও দড়ির লাফ। খেলা দুটির নাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক আজকের পাঠের অংশটুকু শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে পড়বেন এবং শিক্ষার্থীদের পাঠ্যবই ধরতে বলবেন শব্দ শনাক্ত করে পড়তে বলবেন। শিক্ষার্থীদের দল গঠন করে দিবেন। শিক্ষার্থীরা দলে একটি বই নিয়ে একজন পড়বে অন্যরা মনোযোগ দিয়ে শুনবে। এভাবে পর্যায়ক্রমে সকলে পড়বে।
- শিক্ষক শিক্ষার্থীদের অবসর সময়ে বিভিন্ন ধরনের খেলায় অংশগ্রহণের জন্য অনুশীলন করতে বলবেন। খেলাধুলার প্রয়োজনীয়তা কী তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে উৎসাহ দিবেন।

# পিরিয়ড - ১২৮

## বিষয়বস্তু: স্কুল খেলাধুলা থেকে ৩য় ও ৪র্থ ছবি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- শিক্ষকের নির্দেশনা শুনে পালন করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- সহজ ছক পূরণ করতে পাবে।

**উপকরণ:** পাঠ্য বই ও পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি ও কৌশল:** প্রশ্ন উত্তর, দলে আলোচনা, প্রদর্শন ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি:

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শুভেচ্ছা বিনিময় করবেন। প্রয়োজনে শ্রেণি বিন্যাস করবেন। শিক্ষক পাঠের অনুকূল পরিবেশ তৈরির জন্য একট গান পরিবেশন করবেন।
- পাঠের সাথে সঙ্গতি রেখে আগের ক্লাসের মতো প্রশ্ন করবেন।
- শিক্ষক পাঠের দ্বিতীয় ও তৃতীয় ছবিটি বোর্ডে ঝুলিয়ে দিয়ে শিক্ষার্থীদের দেখতে বলবেন একাকী চিন্তা করে দলে আলোচনা করে বলবেন। বলার ক্ষেত্রে পূর্বের মতো প্রশ্ন করে ধারণা দিতে বলবেন।
- শিক্ষক সংশ্লিষ্ট প্রতিযোগিতার নিয়ম, এর সুবিধা, সতর্কতা ইত্যাদি নিয়ে শিক্ষার্থীদের সাথে প্রশ্নোত্তরে আে-লাচনা করবেন। এরপর দ্বিতীয় ছবিটি নিয়েও একই প্রক্রিয়া অনুসরণ করে ধারণা প্রদান করবেন।
- শিক্ষক আজকের পাঠের অংশটুকু শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে পড়বেন এবং শিক্ষার্থীদের পাঠ্যবই ধরতে বলবেন শব্দ শনাক্ত করে পড়তে বলবেন। শিক্ষার্থীদের দল গঠন করে দিবেন। শিক্ষার্থীরা দলে একটি বই নিয়ে একজন পড়বে অন্যরা মনোযোগ দিয়ে শুনবে। এভাবে পর্যায়ক্রমে সকলে পড়বে।
- শিক্ষক শিক্ষার্থীদের অবসর সময়ে বিভিন্ন ধরনের খেলায় অংশগ্রহণের জন্য অনুশীলন করতে বলবেন। খেলাধুলার প্রয়োজনীয়তা কী তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে উৎসাহ দিবেন।

# পিরিয়ড – ১২৯

### বিষয়বস্তু: স্কুলে খেলাধুলার -----৫ম ও ৬ ষষ্ঠ ছবি।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- শিক্ষকের নির্দেশনা শুনে পালন করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- সহজ ছক পূরণ করতে পাবে।

**উপকরণ:** পাঠ্যবই ও পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি ও কৌশল:** প্রশ্ন উত্তর, দলে আলোচনা প্রদর্শন ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি:

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শুভেচ্ছা বিনিময় করবেন। প্রয়োজনে শ্রেণিবিন্যাস করবেন। শিক্ষক পাঠের অনুকূল পরিবেশ তৈরির জন্য একট গান পরিবেশন করবেন।
- পাঠের সাথে সঙ্গতি রেখে আগের ক্লাসের মতো প্রশ্ন করবেন।
- শিক্ষক পাঠের পঞ্চম ও ষষ্ঠ ছবিটি বোর্ডে ঝুলিয়ে দিয়ে শিক্ষার্থীদের দেখতে বলবেন একাকী চিন্তা করে দলে

আলোচনা করে বলবেন। বলার ক্ষেত্রে পূর্বের মতো প্রশ্ন করে ধারণা দিতে বলবেন।

- শিক্ষক সংশ্লিষ্ট প্রতিযোগিতার নিয়ম, এর সুবিধা, সতর্কতা ইত্যাদি নিয়ে শিক্ষার্থীদের সাথে প্রশ্নোত্তরে আলোচনা করবেন। এরপর দ্বিতীয় ছবিটি নিয়েও একই প্রক্রিয়া অনুসরণ করে ধারণা প্রদান করবেন।
- শিক্ষক আজকের পাঠের অংশটুকু শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে পড়বেন এবং শিক্ষার্থীদের পাঠ্যবই ধরতে বলবেন শব্দ শনাক্ত করে পড়তে বলবেন। শিক্ষার্থীদের দল গঠন করে দিবেন। শিক্ষার্থীরা দলে একটি বই নিয়ে একজন পড়বে অন্যরা মনোযোগ দিয়ে শুনবে। এভাবে পর্যায়ক্রমে সকলে পড়বে।
- শিক্ষক শিক্ষার্থীদের অবসর সময়ে বিভিন্ন ধরনের খেলায় অংশগ্রহণের জন্য অনুশীলন করতে বলবেন। খেলাধুলার প্রয়োজনীয়তা কী তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে উৎসাহ দিবেন।

# পিরিয়ড - ১৩০

## বিষয়বস্তু: শিক্ষক বললেন-------- ক্রীড়া প্রতিযোগিতার ছক।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- শিক্ষকের নির্দেশনা শুনে পালন করতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারবে।
- বর্ণনামূলক রচনা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারবে।
- সহজ ছক পূরণ করতে পাবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি ও কৌশল:** প্রশ্ন উত্তর, দলে আলোচনা প্রদর্শন ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- শিক্ষার্থীদের গত অধিবেশন গুলোতে যে খেলাধুলা নিয়ে আলোচনা করা হয়েছে সেগুলোর নাম বলতে বলবেন।
- এবার শিক্ষক শিক্ষার্থীদের ৬১ পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষার্থীদের বইতে দেয়া ক্রীড়া প্রতিযোগিতার ছকটি দেখতে এবং পড়তে বলবেন। তারপর প্রদত্ত ছকটি শিক্ষার্থীদের কীভাবে পূরণ করতে হবে তা ব্যাখ্যা করবেন।
- শিক্ষক ছকটি বোর্ডে লিখে ছক পূরণের নিয়মাবলি বুঝিয়ে দিবেন। শিক্ষার্থীদের ছকটি খাতায় তুলে পূরণ করতে বলবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।

**মূল্যায়ন:**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৯.০১, ০১.০২.২৩.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পাঠ - ২৮

# বাক্যের খেলা

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**
২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা।
২.২ প্রমিত বাংলায় বলা কথোপকথন আলোচনা শুনে বুঝতে পারা।
৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণ যুক্ত বা যুক্তবর্ণহীন) বাক্য শুদ্ধভাবে বলতে পারা।
৬.২ বিষয়বুঝে কথোপকথনে অংশগ্রহণ করতে পারা।

**পিরিয়ড সংখ্যা: ০৪**
**পিরিয়ড বিভাজন**

| | |
|---|---|
| পিরিয়ড-১ | নদী শব্দটি দিয়ে------- একটি বাক্য বলো। |
| পিরিয়ড-২ | মিলি বলল --------- বলতে বলল। |
| পিরিয়ড-৩ | রাফি বলল -------- চালিয়ে যেতে পারে। |
| পিরিয়ড-৪ | পুনরালোচনা। |

## পিরিয়ড - ১৩১

### নদী শব্দটি দিয়ে ------ একটি বাক্য বলো।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- অনুরোধজ্ঞাপক বাক্যশুনে সাড়া দিতে পারবে
- পরিচিত পরিচিত পরিবেশ কথোপকথন শুনে বিষয়বস্তু বলতেপারবে
- সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে।
- সহপাঠীদের সাথে কথোপকথন করতে হবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে
- পরিচিত বিষয় সম্পর্কিত কথোপকথনের বিষয় বুঝে অংশগ্রহণ করতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি ও কৌশল:** প্রশ্ন উত্তর, দলে আলোচনা প্রদর্শন।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শুভেচ্ছা বিনিময় করবেন। শিক্ষক পাঠের অনুকূল পরিবেশ তৈরির জন্য একটা

গান পরিবেশন করবেন। যেমন- 'ও আমার দেশের মাটি তোমার পরে ঠেকাই মাথা'

- শিক্ষক পাঠের ছবিটি বোর্ডে ঝুলিয়ে দিয়ে শিক্ষার্থীদের দেখতে বলবেন। একাকী চিন্তা করে দলে আলোচনা করে ছবির বিষয়বস্তু বলতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের আজকের পাঠের অংশটুকু খুলতে বলবেন এবং বোর্ডে ছবির সাথে মিলিয়ে নিতে বলবেন। বোর্ডে শিরোনাম লিখে দেবেন।
- শিক্ষক আজকের পাঠের অংশটুকু শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে পড়বেন এবং শিক্ষার্থীদের পাঠ্য বই ধরতে বলবেন শব্দ শনাক্ত করে পড়তে বলবেন।
- শিক্ষার্থীদের দল গঠন করে দিবেন। শিক্ষার্থীরা দলে একটি বই নিয়ে একজন পড়বে অন্যরা মনোযোগ দিয়ে শুনবে। এভাবে পর্যায়ক্রমে সকলে পড়বে।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে জোড়া গঠন করে দিবেন এবং অনুরোধজ্ঞাপক শব্দ/বাক্য দিয়ে অনুশীলন করতে দিবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক প্রতি তিনজন শিক্ষার্থী নিয়ে দল গঠন করে দিবেন। তাদের মধ্যে দুজন পরিচিত বিষয় নিয়ে কথা বলবে অন্যজন শুনবে এবং তাদের কথোপোকথন বিষয় বলতে বলবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।
- শিক্ষক একটি খেলার আয়োজন করবেন যেখানে শিক্ষার্থীরা গোল হয়ে বসে কোনো শিক্ষার্থী নদী দিয়ে একটি বাক্য বলবে। তার পরের শিক্ষার্থী ঐ বাক্যের যে কোনো শব্দ দিয়ে আর একটি বাক্য বলবে। এভাবে খেলাটি পর্যায়ক্রমে চলতে থাকবে।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড - ১৩২

## বিষয়বস্তু: মিলি বলল -- বলতে বলল।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- অনুরোধজ্ঞাপক বাক্যশুনে সাড়া দিতে পারবে
- পরিচিত পরিচিত পরিবেশ কথোপকথন শুনে বিষয়বস্তু বলতেপারবে
- সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে।
- সহপাঠীদের সাথে কথোপকথন করতে হবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে
- পরিচিত বিষয় সম্পর্কিত কথোপকথনের বিষয় বুঝে অংশগ্রহণ করতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।

**পদ্ধতি ও কৌশল:** প্রশ্ন উত্তর, দলে আলোচনা প্রদর্শন ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- (এ ক্ষেত্রে এ কবিতাটি পরিবেশন করতে পারেন বা শিক্ষার্থীর দ্বারা করাতে পারেন যেমন-

  নদীর জলে
  নৌকা ভেসে
  মাঝি বসে হেসে।
  পালের বাতাস
  বইছে জোরে
  নৌকা গেছে ভেসে।

- এরপর শিক্ষক প্রশ্ন করবেন-
  - নদীর জলে কী ভাসে?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্য থেকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন।
- শিক্ষক আজকের পাঠের ছবি বোর্ডে টানিয়ে বা মাল্টিমিডিয়ায় প্রর্দশন করে শিক্ষার্থীদের দেখতে বলবেন এবং অন্য শিক্ষার্থীর সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলাপ করতে বলবেন।
- ছবি সম্পর্কে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন-
  - ছবিতে কী কী দেখা যায়?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্য থেকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন।
- পাঠের শিরোনাম ঘোষণা করে শিক্ষক শিরোনামটি বোর্ডে লিখে দিবেন।
- তারপর শিক্ষক পাঠ্যবই থেকে আজকের পাঠ শিক্ষার্থীদের বের করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, আমি তোমাদের আজকের পাঠের অংশটুকু পড়ে শোনাব তোমরা আমাকে অনুসরণ করে পড়বে। এরপর শিক্ষক পাঠটুকু ধীরে ধীরে পড়ে শোনাবেন। এভাবে কয়েকবার পড়বেন।
- তারপর শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে সমস্বরে পড়বেন। শিশুরা বই দেখে শব্দ ধরে শিক্ষকের সাথে সমস্বরে পড়বে। শিক্ষক এভাবে দুই তিনবার পড়া অনুশীলন করাবেন।
- এরপর শিক্ষক জোড়া গঠন করে (পাশাপাশি দুজন) শিক্ষার্থীদের পড়তে বলবেন। জোড়ার একজন পড়বে অন্যজন শুনবে এবং প্রয়োজনে সহায়তা করবে। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং প্রয়োজনে সহায়তা করবে।
- শিক্ষার্থীর জুটিতে পড়া শেষ হলে একজনকে সামনে এনে পড়তে বলবেন। অন্য সকল শিশুদের মনোযোগ দিয়ে পড়া শুনতে বলবেন। কোথাও কোনো ভুল হলে অন্যদের সহায়তা করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক একটি খেলার আয়োজন করবেন যেখানে শিক্ষার্থীরা গোল হয়ে বসে কোনো শিক্ষার্থী বাড়ি দিয়ে একটি বাক্য বলবে। তারপরে শিক্ষার্থী ঐ বাক্যের যে কোনো শব্দ দিয়ে আর একটি বাক্য বলবে। এভাবে খেলাটি পর্যায়ক্রমে চলতে থাকবে।

- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

# পিরিয়ড - ১৩৩

## বিষয়বস্তু: রাফি বলল -------- চালিয়ে যেতে পারে।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- অনুরোধজ্ঞাপক বাক্যশুনে সাড়া দিতে পারবে
- পরিচিত পরিচিত পরিবেশ কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে
- সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে।
- সহপাঠীদের সাথে কথোপকথন করতে হবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে
- পরিচিত বিষয় সম্পর্কিত কথোপকথনের বিষয় বুঝে অংশগ্রহণ করতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি ও কৌশল:** প্রশ্ন উত্তর, দলে আলোচনা প্রদর্শন ইত্যাদি।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- শিক্ষক আজকের পাঠের ছবি বোর্ডে টানিয়ে বা মাল্টিমিডিয়ায় প্রর্দশন করে শিক্ষার্থীদের দেখতে বলবেন এবং অন্য শিক্ষার্থীর সাথে ছবির বিষয়বস্তু নিয়ে আলাপ করতে বলবেন।
- ছবি সম্পর্কে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন-
    - ছবিতে কে কী করছে যায়?
- যে সকল শিক্ষার্থী এ প্রশ্নের উত্তর দিতে পারে তাদের হাত তুলতে বলবেন। যারা হাত তুলবে তাদের মধ্য থেকে বলতে বলবেন। না পারলে শিক্ষক বলে দেবেন।
- পাঠের শিরোনাম ঘোষণা করে শিক্ষক শিরোনামটি বোর্ডে লিখে দিবেন।
- তারপর শিক্ষক পাঠ্যবই থেকে আজকের পাঠ শিক্ষার্থীদের বের করতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন আমি তোমাদের আজকের পাঠের অংশটুকু পড়ে শোনাব তোমরা আমাকে অনুসরণ করে পড়বে। এরপর শিক্ষক পাঠটুকু ধীরে ধীরে পড়ে শোনাবেন। এভাবে কয়েকবার পড়বেন।
- তারপর শিক্ষক শিশুদের নিয়ে সমস্বরে পড়বেন। শিশুরা বই দেখে শব্দ ধরে শিক্ষকের সাথে সমস্বরে পড়বে। শিক্ষক এভাবে দুই তিন বার পড়া অনুশীলন করাবেন।
- এরপর শিক্ষক জোড়া গঠন করে (পাশাপাশি দুজন) শিক্ষার্থীদের পড়তে বলবেন। জোড়ার একজন পড়বে

অন্যজন শুনবে এবং প্রয়োজনে সহায়তা করবে। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং প্রয়োজনে সহায়তা করবে।

- শিক্ষার্থীরা জুটিতে পড়া শেষ হলে একজনকে সামনে এনে পড়তে বলবেন। অন্য সকল শিশুদের মনোযোগ দিয়ে পড়া ধরে শুনতে বলবেন কোথায় কোনো ভুল হলে অন্যদের সহায়তা করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক একটি খেলার আয়োজন করবেন যেখানে শিক্ষার্থীরা গোল হয়ে বসে কোনো শিক্ষার্থী নৌকা দিয়ে একটি বাক্য বলবে। তার পরের শিক্ষার্থী ঐ বাক্যের যে কোনো শব্দ দিয়ে আর একটি বাক্য বলবে। এভাবে খেলাটি পর্যায়ক্রমে চলতে থাকবে।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

## পিরিয়ড - ১৩৪

### বিষয়বস্তুঃ পুনারালোচনা।

**শিখনফল:** এই পিরিয়ড শেষে শিক্ষার্থীরা-

- অনুরোধজ্ঞাপক বাক্যশুনে সাড়া দিতে পারবে
- পরিচিত পরিচিত পরিবেশ কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে
- সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারবে।
- সহপাঠীদের সাথে কথোপকথন করতে হবে।
- স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারবে
- পরিচিত বিষয় সম্পর্কিত কথোপকথনের বিষয় বুঝে অংশগ্রহণ করতে পারবে।

**উপকরণ:** পাঠ সংশ্লিষ্ট ছবি।
**পদ্ধতি ও কৌশল:** প্রশ্ন উত্তর, দলে আলোচনা প্রদর্শন ইত্যাদি।

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিখন শেখানোর অনুকূল পরিবেশ তৈরি করবেন।
- পাঠের অনুকূল পরিবেশ তৈরির জন্য পাঠ সংশ্লিষ্ট যে কোনো একটি খেলা পরিবেশন করবেন।
- পাঠের শিরোনাম ঘোষণা করে শিক্ষক শিরোনামটি বোর্ডে লিখে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন আমি তোমাদের আজকে এ পাঠের সম্পূর্ণ অংশ পড়ে শোনাব তোমরা আমাকে অনুসরণ করে পড়বে। এরপর শিক্ষক পাঠটুকু ধীরে ধীরে পড়ে শোনাবেন। এভাবে কয়েকবার পড়বেন।

- তারপর শিক্ষক শিশুদের নিয়ে সমস্বরে পড়বেন। শিশুরা বই দেখে শব্দ করে শিক্ষকের সাথে সমস্বরে পড়বে। শিক্ষক এভাবে দুই তিন বার পড়া অনুশীলন করাবেন।
- এরপর শিক্ষক জোড়া গঠন করে (পাশাপাশি দুজন) শিক্ষার্থীদের পড়তে বলবেন। জোড়ার একজন পড়বে অন্যজন শুনবে এবং প্রয়োজনে সহায়তা করবে। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং প্রয়োজনে সহায়তা করবে।
- শিক্ষার্থীর জুটিতে পড়া শেষ হলে একজনকে সামনে এনে পড়তে বলবেন। অন্য সকল শিশুদের মনোযোগ দিয়ে বই মিলিয়ে পড়া শুনতে বলবেন। কোথায় কোনো ভুল হলে অন্যদের সহায়তা করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক একটি খেলার আয়োজন করবেন যেখানে শিক্ষক শিক্ষার্থীদের সাথে গোল হয়ে বসবেন এবং খেলার নিয়ম বলে দিবেন। শিক্ষক প্রথমে একটি বাক্য বলবেন এবং এ বাক্যে থেকে যে কোনো একটি শব্দ বলবেন। এস শব্দ দিয়ে শিক্ষার্থীদের অন্য একটি বাক্য বলতে বলবেন। এভাবে খেলাটি পর্যায়ক্রমে চলতে থাকবে।
- শিক্ষার্থীদের বলা বাক্য থেকে দুই তিনটি বাক্য শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন এবং তা দেখে মূল্যায়ন কারবেন।
- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পাঠে যথাযথ অংশগ্রহণ করছে কিনা তা দেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

**মূল্যায়নঃ**

পারদর্শিতার নির্দেশক নং- ০১.০২.০৩.০১, ০১.০২.০৪.০১, ০১.০২.০৮.০১ ও ০১.০২.১০.০১ অনুসরণ করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

# পারদর্শিতার সূচক ও মাত্রা

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ভালো | খুব ভালো | উত্তম |
| ১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি, যুক্তবর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা। | ০১.০২.০১.০১<br>প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি শুনে শনাক্ত করতে পারছে। | প্রমিত উচ্চারণে বলা পাঠ্যপুস্তকের বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি শুনে শনাক্ত করতে সচেষ্ট হয়েছে। | প্রমিত উচ্চারণে বলা পাঠ্যপুস্তকের বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি শুনে শনাক্ত করতে পেরেছে। | পাঠ্যপুস্তক বহির্ভূত শ্রেণি কার্যক্রমে প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি শুনে শনাক্ত করতে পেরেছে। |
| | ০১.০২.০১.০২<br>প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি শুনে শনাক্ত করতে পারছে। | প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি শুনে শনাক্ত করতে সচেষ্ট হয়েছে। | প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি শুনে শনাক্ত করতে পেরেছে। | পাঠ্যপুস্তক বহির্ভূত শ্রেণি কার্যক্রমে প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি শুনে শনাক্ত করতে পেরেছে। |
| ১.২ প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা। | ০১.০২.০২.০১<br>প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে বলতে পারছে। | যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে বলতে চেষ্টা করেছে। | প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে বলতে পেরেছে। | প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে প্রমিত উচ্চারণে বলতে পেরেছে। |

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ভালো | খুব ভালো | উত্তম |
| ২.১ প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা। | ০১.০২.০৩.০১<br><br>প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে অনুসরণ করে কথোপকথনে অংশগ্রহণ করতে পারছে। | প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে অনুসরণ করে প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করেছে। | প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে অনুসরণ করে কথোপকথনে অংশগ্রহণ করতে পেরেছে। | প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে অনুসরণ করে প্রমিত উচ্চারণে কথা বলতে পেরেছে। |
| ২.২ প্রমিত বাংলায় বলা কথোপকথন, আলোচনা শুনে বুঝতে পারা। | ০১.০২.০৪.০১<br><br>প্রমিত বাংলায় কথোপকথন ও আলোচনা শুনে বিষয়বস্তু বলতে পারছে। | প্রমিত বাংলায় কথোপকথন ও আলোচনা শুনে বিষয়বস্তু বলতে চেষ্টা করেছে। | প্রমিত বাংলায় কথোপকথন ও আলোচনা শুনে বিষয়বস্তু বলতে পেরেছে। | প্রমিত বাংলায় কথোপকথন ও আলোচনা শুনে বিষয়বস্তু শুদ্ধ উচ্চারণে বলতে পেরেছে। |
| ৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারা ও সংশ্লিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারা। | ০১.০২.০৫.০১<br><br>ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বলতে পারছে। | ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝে বলতে াষ্টচে ।ছরেকে | ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বলতে পেরেছে। | ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝে নিজের মতো বলতে পেরেছে। |
| | ০১.০২.০৫.০২<br><br>ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনা শুনে সংশ্লিষ্ট সহজ প্রশ্নের উত্তর দিতে পারছে। | ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনা শুনে সংশ্লিষ্ট সহজ প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করেছে। | ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনা শুনে সংশ্লিষ্ট সহজ প্রশ্নের উত্তর দিতে পেরেছে। | ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝে সংশ্লিষ্ট সহজ প্রশ্নের উত্তর দিতে পেরেছে। |

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৪.১ চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয়বস্তু বুঝতে পারা এবং আনন্দ লাভ করতে পারা। | ০১.০২.০৬.০১<br>চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা ও গল্প শুনে বিষয় বুঝে আনন্দ লাভ করতে পারছে। | চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা ও গল্প শুনে বলতে চেষ্টা করেছে। | চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা ও গল্প শুনে বলতে পেরেছে। | চিত্র বা ছবিসহ সহজ ভাষায় লেখা ছড়া, কবিতা ও গল্প শুনে বিষয় বুঝে আনন্দের সাথে বলতে পেরেছে। |
| | ০১.০২.০৬.০২<br>চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা ও গল্প শুনে বিষয় বুঝে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারছে। | চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা ও গল্প শুনে বিষয় বুঝে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করেছে। | চিত্র/ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা ও গল্প শুনে বিষয় বুঝে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর বলতে পেরেছে। | চিত্র বা ছবিসহ সহজ ভাষায় লেখা ছড়া, কবিতা ও গল্প শুনে বিষয় বুঝে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর প্রমিত উচ্চারণে বলতে পেরেছে। |
| ৫.১ শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা। | ০১.০২.০৭.০১<br>বাংলা বর্ণমালার ধ্বনি স্পষ্ট উচ্চারণে বলতে পারছে। | শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি উচ্চারণ করতে সচেষ্ট হয়েছে। | শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি উচ্চারণ করতে পেরেছে। | শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালার ধ্বনি শুদ্ধভাবে উচ্চারণ করতে পেরেছে। |
| | ০১.০২.০৭.০২<br>যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট উচ্চারণে বলতে পারছে। | শব্দে ব্যবহৃত নির্বাচিত যুক্তবর্ণের ধ্বনি উচ্চারণ করতে সচেষ্ট হয়েছে। | শব্দে ব্যবহৃত নির্বাচিত যুক্তবর্ণের ধ্বনি উচ্চারণ করতে পেরেছে। | শব্দে ব্যবহৃত নির্বাচিত যুক্তবর্ণের ধ্বনি শুদ্ধভাবে উচ্চারণ করতে পেরেছে। |
| ৫.২ পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা। | ০১.০২.০৮.০১<br>শব্দ ও বাক্য স্পষ্ট উচ্চারণে শুদ্ধভাবে বলতে পারছে। | পরিচিত শব্দ ও বাক্য স্পষ্ট উচ্চারণে শুদ্ধভাবে বলতে চেষ্টা করেছে। | পরিচিত শব্দ ও বাক্য স্পষ্ট উচ্চারণে বলতে পেরেছে। | পরিচিত শব্দ ও বাক্য স্পষ্ট ও প্রমিত উচ্চারণে বলতে পেরেছে। |

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৬.১ পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা। | ০১.০২.০৯.০১ পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারছে। | পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে সচেষ্ট হয়েছে। | পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পেরেছে। | পরিচিত পরিবেশে প্রমিত বাংলায় প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পেরেছে। |
| ৬.২ বিষয় বুঝে কথোপকথনে অংশগ্রহণ করতে পারা। | ০১.০২.১০.০১ কথোপকথনে অংশগ্রহণ করতে পারছে। | সহজ কথোপকথনে অংশগ্রহণ করতে চেষ্টা পেরেছে। | বিষয় বুঝে সহজ কথোপকথনে অংশগ্রহণ করেছে। | বিষয় বুঝে সাবলীলভাবে সহজ কথোপকথনে অংশগ্রহণ করেছে। |
| ৭.১ ছবি বা চিত্র দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বুঝে বলতে পারা। | ০১.০২.১১.০১ ছবি বা চিত্র দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বলতে পারছে। | ছবি বা চিত্র দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বলতে চেষ্টা করেছে। | ছবি বা চিত্র দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বলতে পেরেছে। | ছবি বা চিত্র দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় নিজের মতো করে বলতে পেরেছে। |
| ৮.১ চিত্র/ছবি সম্বলিত বা চিত্র/ছবি বিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা। | ০১.০২.১২.০১ কবিতা ও গল্প শুনে বা পড়ে শব্দ, বাক্য, চরণ বলতে পারছে। | কবিতা ও গল্প শুনে বা পড়ে শব্দ, বাক্য ও চরণ বলতে চেষ্টা করেছে। | কবিতা ও গল্প শুনে বা পড়ে শব্দ, বাক্য ও চরণ বুঝে বলতে পেরেছে। | কবিতা ও গল্প শুনে বা পড়ে শব্দ, বাক্য ও চরণ বুঝে প্রমিত উচ্চারণে বলতে পেরেছে। |
| ৯.১ কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ উচ্চারণে পড়ে বুঝতে পারা। | ০১.০২.১৩.০১ কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট উচ্চারণে পড়তে পারছে। | কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট উচ্চারণে পড়তে চেষ্টা করেছে। | কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট উচ্চারণে পড়তে পেরেছে। | কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট উচ্চারণে শুদ্ধভাবে পড়তে পেরেছে। |

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৯.২ বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন -দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা। | ০১.০২.১৪.০১<br>বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন -দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়তে পারছে। | বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন -দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়তে চেষ্টা করেছে। | বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন -দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) পড়তে পেরেছে। | বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন -দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়তে পড়তে পেরেছে। |
| ১০.১ পরিচিত পরিবেশে ছাপা, হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, অনুজ্ঞা (আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ), ও পাঠের অন্তর্ভুক্ত সহজ কথোপকথন ও নির্দেশনা পড়ে বুঝতে পারা। | ০১.০২.১৫.০১<br>পরিচিত পরিবেশে ছাপা, হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, অনুজ্ঞা (আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ) ও পাঠের সহজ নির্দেশনা পড়তে পারছে। | ছাপা, হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, অনুজ্ঞা (আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ) ও পাঠের সহজ নির্দেশনা পড়তে চেষ্টা করেছে। | ছাপা, হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, অনুজ্ঞা (আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ) ও পাঠের সহজ নির্দেশনা পড়তে পেরেছে। | ছাপা, হাতের লেখা বা ডিজিটাল ডিভাইসে উপস্থাপিত প্রশ্ন, অনুজ্ঞা (আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ) ও পাঠের সহজ নির্দেশনা প্রমিত উচ্চারণে পড়তে পেরেছে। |
| ১১.১ চিত্র ও ছক সম্বলিত বর্ণনা, তথ্যমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা। | ০১.০২.১৬.০১<br>চিত্র ও ছক সংবলিত সহজ বর্ণনা ড়পে ছোট ছোট তথ্যভিত্তিক শব্দ, বাক্য বুঝে পড়তে পারছে। | চিত্র ও ছক সংবলিত সহজ বর্ণনা ড়পে ছোট ছোট তথ্যভিত্তিক শব্দ, বাক্য পড়ার চেষ্টা করেছে। | চিত্র ও ছক সংবলিত সহজ বর্ণনা ড়পে ছোট ছোট তথ্যভিত্তিক শব্দ, বাক্য পড়তে পেরেছে। | চিত্র ও ছক সংবলিত সহজ বর্ণনা ড়পে ছোট ছোট তথ্যভিত্তিক শব্দ, বাক্য বুঝে পড়তে পেরেছে। |

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ভালো | খুব ভালো | উত্তম |
| ১২.১ ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্ট স্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দ লাভ করা। | ০১.০২.১৭.০১<br>আনন্দের সাথে ছড়া, কবিতা, রূপকথা ও গল্প পড়ে বিষয় বুঝে বলতে পারছে। | আনন্দের সাথে ছড়া, কবিতা, গল্প ও রূপকথা পড়ে বিষয় বুঝে বলতে চেষ্টা করেছে। | আনন্দের সাথে ছড়া, কবিতা, রূপকথা ও গল্প পড়ে বিষয় বুঝে বলতে পেরেছে। | আনন্দের সাথে ছড়া, কবিতা, রূপকথা ও গল্প পড়ে বিষয় বুঝে প্রমিত উচ্চারণে বলতে পেরেছে। |
| ১২.২ ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা। | ০১.০২.১৮.০১<br>ছড়া, কবিতা ও গল্প পড়ে বিষয় বুঝে বলতে পারছে। | ছড়া, কবিতা ও গল্প পড়ে বিষয় বলতে চেষ্টা করেছে। | ছড়া, কবিতা ও গল্প পড়ে বিষয় বুঝে বলতে পেরেছে। | ছড়া, কবিতা ও গল্প পড়ে বিষয় বুঝে প্রমিত উচ্চারণে বলতে পেরেছে। |
| ১৩.১ যুক্তবর্ণ, নির্বাচিত ফলা চিহ্ন যোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিকভাবে লিখতে পারা। | ০১.০২.১৯.০১<br>যুক্তবর্ণ, নির্বাচিত ফলা চিহ্ন যোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিক আকৃতিতে লিখতে পারছে। | যুক্তবর্ণ, নির্বাচিত ফলা চিহ্ন যোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিক আকৃতিতে লিখতে চেষ্টা করেছে। | যুক্তবর্ণ, নির্বাচিত ফলা চিহ্ন যোগে গঠিত শব্দ স্পষ্ট আকৃতিতে লিখতে পেরেছে। | যুক্তবর্ণ, নির্বাচিত ফলা চিহ্ন যোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিক আকৃতিতে লিখতে পেরেছে। |
| ১৩.২বিরাম চিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে স্পষ্টভাবে সঠিক বানানে বাক্য এবং শ্রুতিলিপি লিখতে পারা। | ০১.০২.২০.০১<br>বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে পাঠের সহজ বাক্য সঠিক বানানে লিখতে পারছে। | বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে পাঠের সহজ বাক্য লিখতে চেষ্টা করেছে। | বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে পাঠের সহজ বাক্য দেখে লিখতে পেরেছে। | পাঠের সহজ বাক্য শুনে বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে শুদ্ধভাবে লিখতে পেরেছে। |

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ভালো | খুব ভালো | উত্তম |
| ১৪.১ বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্যে প্রমিত বাংলায় লিখতে পারা। | ০১.০২.২১.০১ বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্য প্রমিত বাংলায় লিখতে পারছে। | বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্য লিখতে চেষ্টা করেছে। | বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্য লিখতে পেরেছে। | বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে শুদ্ধভাবে সহজ বাক্য লিখতে পেরেছে। |
| ১৪.২ সম্বোধন ও অনুরোধবাচক শব্দ ও বাক্য লিখতে পারা। | ০১.০২.২২.০১ সম্বোধন, অনুরোধবাচক শব্দ ও বাক্য লিখতে পারছে। | সম্বোধন, অনুরোধবাচক শব্দ ও বাক্য লিখতে চেষ্টা করেছে। | সম্বোধন, অনুরোধবাচক শব্দ ও বাক্য লিখতে পেরেছে। | সম্বোধন, অনুরোধবাচক শব্দ ও বাক্য বুঝে নিজের মতো লিখতে পেরেছে। |
| ১৪.৩ বিদ্যালয় পর্যায়ের সহজ ছক, ফরম পূরণ করতে পারা। | ০১.০২.২৩.০১ সহজ ছক ও ফরম যথাযথভাবে পূরণ করতে পারছে। | সহজ ছক ও ফরম যথাযথভাবে পূরণ করতে চেষ্টা করেছে। | সহজ ছক ও ফরম পূরণ করতে পেরেছে। | সহজ ছক ও ফরম যথাযথভাবে পূরণ করতে পেরেছে। |
| ১৫.১ বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার বিষয়বস্তু সম্পর্কে লিখতে পারা। | ০১.০২.২৪.০১ বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার বিষয়বস্তু লিখতে পারছে। | বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার বিষয়বস্তু লিখতে চেষ্টা করেছে । | বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার বিষয়বস্তু লিখতে পেরেছে। | বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার বিষয়বস্তু বুঝে নিজের মতো লিখতে পেরেছে। |
| ১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা । | ০১.০২.২৫.০১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ এবং বাক্য লিখতে পারছে। | পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ এবং বাক্য লিখতে চেষ্টা করেছে। | পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ এবং বাক্য লিখতে পেরেছে। | পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ এবং বাক্য বুঝে বাভেথযাথয লিখতে পেরেছে। |

## সমাপ্ত

# শিক্ষক সহায়িকা

## ২০২৪ শিক্ষাবর্ষের জন্য, ২য় - বাংলা



বড়োদের সম্মান করো

তথ্য, সেবা ও সামাজিক সমস্যা প্রতিকারের জন্য ৩৩৩ কলসেন্টারে ফোন করুন

নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেন্টারে ১০৯ নম্বর-এ ফোন করুন (টোল ফ্রি, ২৪ ঘন্টা সার্ভিস)

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য